Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীমদ্ভগবদ্গীতা

PRESENTED

রায় হরেন্দ্রনাথ চৌধুরী
সম্পাদিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
SHREE SHREE MA ANANDAMAYEE ASHRAM
BHADAINI, VARANASI-1

No. 2/136

Book should be returned by date (last) noted below or re-issue arranged. Otherwise a fine of 10 Paise daily shall have to be paid.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No. 2136
Sri ... Ashram
BANARAS

শ্রীউমাশঙ্কর সরকার
PRESENTED

LIBRARY
No............
S... ...ayee Ashram
BANARAS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীমদ্ভগবদ্গীতা

প্রথম খণ্ড

(প্রথম হইতে নবম অধ্যায়)

রায় হরেন্দ্রনাথ চৌধুরী
সম্পাদিত

মহেশ লাইব্রেরী
পুস্তক বিক্রেতা।
২।১, শ্যামাচরণ দে ষ্ট্রীট,
(কলেজ স্কোয়ার), কলিকাতা ১২

মুন্সী হাউস
বরাহনগর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকাশক
শ্রীউপেন্দ্রনাথ রায়
মুন্সী হাউস, বরাহনগর

মূল্য ছয় টাকা
জ্যৈষ্ঠ, ১৩৬৯

জেনারেল প্রিণ্টার্স য়্যাণ্ড পাব্লিশার্স লিমিটেডের
মুদ্রণ বিভাগে [অবিনাশ প্রেস—১১৯, ধর্মতলা স্ট্রীট,
কলিকাতা] শ্রীসুরেশচন্দ্র দাস, এম-এ কর্তৃক মুদ্রিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No. 2/136
Sri Sri Anandamayee Ashram
BANARAS
PRESENTED

উৎসর্গ

আমার মুখে গীতাপাঠ শুনিতে যিনি অত্যন্ত ভালবাসিতেন আমার সেই পরমারাধ্যা মাতৃদেবীর পরলোকগত আত্মার পরিতৃপ্তির উদ্দেশ্যে এই গ্রন্থ উৎসর্গ করিলাম। ইতি

প্রণত সেবক
হরেন্দ্র

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No. 2/136
Sh... ...ie Ashram
BANARAS

ভূমিকা

জীবনের এক মহা দুর্দ্দিনে শ্রীমদ্ভগবদ্‌গীতা প্রত্যহ পাঠ করিতে আরম্ভ করি। এই ভরসায় যে—

—"অশ্রুপূর্ণাকুলেক্ষণম্।
বিষীদন্তমিদং বাক্যমুবাচ মধুসূদনঃ॥

আর, এই আশায় যে—

"সারথ্যমর্জ্জুনস্যাদৌ কুর্ব্বন্ গীতামৃতং দদৌ।
লোকত্রয়োপকারায়"—

আমি ত ত্রিলোকনাথের সৃষ্টিছাড়া নই, তবে আমারই বা উপকারে আসিবে না কেন?

পড়িতে ত আরম্ভ করিলাম কিন্তু কতদিন যে কত স্থানে—

—"অক্ষর পড়িছে নেত্রে।
বুঝিতে পারি না অর্থ থাক তবে আজ"

বলিয়া মনের আক্ষেপে পাঠ বন্ধ না করিলেও পাঠের গতিভঙ্গ হইয়াছে তাহার ইয়ত্তা নাই।

অন্ধের অনেক অবলম্বন, অক্ষমের অনেক আশ্রয় প্রয়োজন। কাজেই এ-ভাষ্য, সে-ভাষ্য, এ-টীকা, সে-টীকার সাহায্য লইয়া পাঠে অগ্রসর হইতে থাকি। আর, অল্পায়াসে পুনরালোচনার জন্য শব্দার্থ ও তাৎপর্য্যার্থ সঙ্কলন করিয়া যাই। তাহার ফলে এই সংস্করণের ভিত্তিস্থাপনা হয়। কিন্তু নানা টীকাভাষ্য আলোচনা করিতে গিয়া যেমন অর্থ ও তাৎপর্য্য গ্রহণের সুবিধা হয় তেমনি বিচার-বিতর্কে বিভ্রান্ত হইতে হয়। কোন্ সাম্প্রদায়িক ভাষ্য শিরোধারণ করি? এই সমস্যায় অতীত ও বর্ত্তমান কালের বিভিন্ন টীকাভাষ্যে ও সমালোচনায় প্রদত্ত অর্থ সংক্ষিপ্ত আকারে সঙ্কলন অর্থাৎ চয়ন করা ভিন্ন ভগবদ্‌বাক্যই সর্ব্বাপেক্ষা আশ্রয়ণীয় মনে করিয়া গীতার পূর্ব্বাপর উপদেশ মিলাইয়া পড়িবার চেষ্টা করি, এবং উপদেশের ক্রম ও দার্শনিক তত্ত্ব উপলব্ধির জন্য প্রতি অধ্যায়ের পূর্ব্বে তাহার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust Funding by MoE-IKS

বিষয়াভাস এবং অধ্যায়ান্তে একটি পরিশিষ্ট সংযোগ করিয়া গীতা উপনিষদ্ বলিয়া অভিহিত এবং যোগশাস্ত্র বলিয়া বর্ণিত হয়। সে কারণ একদিকে বিভিন্ন উপনিষদের সহিত তাহার অন্তরঙ্গ যোগ এবং পক্ষান্তরে যোগদর্শনের সহিত গীতার তত্ত্বতঃ ঐক্য কতদূর আছে তাহা দেখাইবারও কিছু চেষ্টা করিয়াছি। যাহা শাশ্বতী বাণী আধুনিক পাশ্চাত্য তত্ত্বচিন্তায় তাহার প্রতিধ্বনি বা প্রতি-পোষকতা যে কতদূর পাওয়া যায় কোন কোন স্থলে তাহাও প্রদর্শনের প্রয়াস পাইয়াছি। তাহাতে এই গ্রন্থ গড়িয়া উঠিয়াছে। আমারই মত গীতাশাস্ত্রে প্রবেশার্থীদের কিছুটা সাহায্য হইতে পারে মনে করিয়া ইহা প্রকাশ করিলাম। ইহাতে ভ্রম প্রমাদ যাহা কিছু প্রকাশ পায় সুধীগণ তাহা উপেক্ষা করিলে বা তৎসম্বন্ধে আমার দৃষ্টি আকর্ষণ করিলে বাধিত হইব।

এই গ্রন্থ মুদ্রণ প্রসঙ্গে ইহা বিশেষ উল্লেখযোগ্য মনে করি যে বরাহনগর নিবাসী পণ্ডিত শ্রীযুক্ত উপেন্দ্রচন্দ্র তর্কাচার্য্য মহাশয় সাগ্রহে সমস্ত প্রুফ দেখিয়া দিয়া যথেষ্ট সহায়তা করিয়াছেন, তেমনই আমার মধ্যম জামাতা শ্রীমান্ শোভেন্দ্রমাধব বসুর নিকটেও উল্লেখযোগ্য সাহায্য পাইয়াছি। ইতি

শ্রী রায় হরেন্দ্রনাথ চৌধুরী

"মুন্সী হাউস"
বরাহনগর,
কলিকাতা-৩৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

PRESENTED. LIBRARY No. 2/136 ... Ashram ... BANARAS

মহাভারতে শ্রীমদ্ভগবদ্‌গীতার স্থান

শ্রীমদ্ভগবদ্‌গীতা মহাভারতে ভীষ্মপর্ব্বের অন্তর্গত তেইশ হইতে চল্লিশ অধ্যায়ব্যাপী শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদ। অর্জ্জুনের শোকমোহ ও তজ্জনিত যুদ্ধে অপ্রবৃত্তি দূর করিবার জন্য ভগবান্ শ্রীকৃষ্ণের উপদেশ। ধর্ম্মগ্রন্থহিসাবে, দার্শনিকতত্ত্বগৌরবে, মুক্তকর্ম্মতত্ত্বপ্রতিপাদনে ইহার যত মাহাত্ম্যই প্রাচ্য এমন কি পাশ্চাত্ত্য মনীষিগণের স্বীকৃত (১) হোক, ইহা মূল মহাভারতের অংশ কিনা সে সম্বন্ধে কেহ কেহ সংশয় প্রকাশ করেন, কেহ বা স্পষ্টই প্রক্ষিপ্ত বলেন। কিন্তু মহাভারতের প্রধান বর্ণনীয় বিষয় যদি ভারতযুদ্ধ হয়, আর ভীষ্মের উক্তি (২) অনুসারে শ্রীকৃষ্ণ যদি হন প্রধান চরিত্র, "তেজোবল পরাক্রমৈঃ" সর্ব্বশ্রেষ্ঠ, অর্ঘ্যদানের যোগ্যতম পাত্র এবং তাঁহার চরিতমাহাত্ম্য, অধর্ম্মের অভ্যুত্থানদমনে ও ভূভারহরণে তাঁহার যাবতীয় কৃতকর্ম্ম, ব্যাসের মুখ্য বর্ণনীয় বিষয় হয়, তাহা হইলে ভগবান্ শ্রীকৃষ্ণের শ্রেষ্ঠভাষণ—ভগবদ্‌গীতা—মহাভারতের হৃৎপিণ্ডব্যতীত বহিরঙ্গ বা প্রক্ষিপ্তাংশ বলা যায় না। আর যদি কেহ বলেন

---

(১) যথা Aldous Huxleyর সাম্প্রতিক উক্তি "This 'focus of Indian religion' is also one of the clearest and most comprehensive summaries of the Perennial Philosophy ever to have been made." (Introduction to Swami Prabhavananda's and Mr. Christopher Isherwood's translation of the Bhagavad Gita.)

(২) ততো ভীষ্মোঽব্রবীদ্রাজন্। ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্।
ক্রিয়তামর্হণাং রাজ্ঞাং যথার্হমিতি ভারত॥ ২২

*　　*　　*　　*

যুধিষ্ঠির উবাচ

কস্মৈ ভবান্ মন্যতেঽর্ঘমেকস্মৈ কুরুনন্দন।
উপনীয়মানং যুক্তং চ তস্মৈ ব্রূহি পিতামহ॥ ২৬

ভীষ্ম উবাচ

এষ হ্যেষাঞ্চ সমস্তানাং তেজোবলপরাক্রমৈঃ।
মধ্যে তপন্নিবাভাতি জ্যোতিষামিব ভাস্করঃ॥ ২৮
অসূর্য্যমিব সূর্য্যেণ নির্ব্বাতামিব বায়ুনা।
ভাষিতং হ্লাদিতঞ্চৈব কৃষ্ণেনেদং সদো হি নঃ॥ ২৯
(মহাভারত সভাপর্ব্ব পঞ্চত্রিংশ অধ্যায়)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কুরুক্ষেত্রের মহাযুদ্ধের উপক্রমে অষ্টাদশ অধ্যায়ব্যাপী বিচারবিতর্ক অসম্ভব হইতে পারে না, তদুত্তরে ইহা সহজেই জিজ্ঞাসা করা যাইতে পারে—সংস্কৃত যে দিন 'শিষ্টে'র মধ্যেও প্রচলিত বা কথ্য ভাষা নহে, সংস্কৃতাভিজ্ঞ সমাজেও অ-কথিত ভাষা, সেদিনও ঐরূপ কেহ যদি কয়েকদণ্ডে অষ্টাদশ অধ্যায় পাঠ করিতে সমর্থ হন তাহা হইলে যে দিন সংস্কৃত 'শিষ্ট' সমাজের কথ্য ভাষা ছিল (৩) তেমন দিনে আসন্নযুদ্ধের উপক্রমেই বা এরূপ বিচারবিতর্ক উত্থাপিত ও নিষ্পন্ন হওয়া অস্বাভাবিক হইবে কেন, বিশেষতঃ যখন রণকোলাহলের মধ্যে নহে পরন্তু যুদ্ধ আরম্ভ হইবার পূর্ব্বে ভগবদ্‌গীতা উদ্‌গীত? যুদ্ধের তখন নিয়মবন্ধন হইয়াছে, ব্যূহরচনাও সম্পন্ন হইয়াছে, কিন্তু যুদ্ধ আসন্ন হইলেও আরম্ভ হয় নাই। এমন সময়ে ব্যূহবদ্ধ যোদ্ধৃবর্গকে দেখিতে গিয়া এবং তাহার পুরোভাগে পিতামহ, পিতৃব্য, আচার্য্য, পুত্র, শশুর, শ্যালক, সুহৃদ্‌ স্বজনদিগকে প্রত্যক্ষ করিয়া তাঁহাদের হত্যা করিতে অথবা মৃত্যুর কারণ হইতে হইবে আশঙ্কায় করুণাবিহ্বল অর্জ্জুনের প্রশ্ন উত্থাপনের এবং শ্রীকৃষ্ণের উপদেশে তাহার সমাধানের ফলে অর্জ্জুনের রণবিমুখতা দূরীভূত এবং ভগবন্নির্দ্দেশে তাঁহারই "নিমিত্তমাত্র" হইয়া মহাযুদ্ধে প্রবৃত্ত হইবার কোন বাধা দেখা যায় না। পরন্তু পাণ্ডবদিগের পূর্ব্ববর্ণিত চরিত্রবৈশিষ্ট্য অনুসারে অর্জ্জুনের "কৃপাবিষ্ট" হওয়া যেরূপ স্বভাবসঙ্গত (৪), আগামী ঘটনার প্রতিঘাত (অর্থাৎ অভিমন্যুবধ ইত্যাদি) সহ্য করিবার প্রস্তুতির জন্য, আর শ্রীভগবানের অভীষ্টপূরণের যোগ্য পাত্র গড়িয়া তুলিবার জন্য, ভগবদ্‌গীতার উপদেশপরম্পরার তেমনই প্রয়োজন দেখা যায়।

---

(৩) "There is conclusive evidence that *Panini* knew a *Mahabharata* or at least a *Bharatan* epic"

"*Panini* has rules which are meaningless for anything but a vernacular apart from the fact that the term *Bhasa* which he applies to the speech he teaches has the natural sense of a spoken language"

(A Short History of Sanaskrit Literature by A. Berriedale Keith pp 12 and 9)

(৪) ভগবদ্‌যানপর্ব্বাধ্যায়ে দেখা যায় যুধিষ্ঠির অর্জ্জুন দূরের কথা ভীমের উক্তি শান্তিস্থাপনের অনুকূল। তিনি হীনতা স্বীকার করিয়াও ভরতবংশ রক্ষা করিতে চাহেন। আর, ভীমের মতে অর্জ্জুন অত্যন্ত দয়ালু, তিনিও যুদ্ধার্থী নহেন :

"অর্জ্জুনো নৈব যুদ্ধার্থী ভূয়সীহি দয়ার্জ্জুনে"॥

(উদ্যোগ পর্ব্বে ভগবদ্‌যানপর্ব্বাধ্যায় ২৩ শ্লোক)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No. ......
... Ashram
BANARAS

মহাভারতে শ্রীমদ্ভগবদ্গীতার স্থান

দুর্য্যোধনের প্রতি শ্রীকৃষ্ণের প্রবোধবাক্য, ভীষ্ম ও বিদুর, ধৃতরাষ্ট্র ও গান্ধারীর উপদেশ, যখন ব্যর্থ হইয়া গেল, তখন হইতে মহাভারতের আখ্যায়িকা, কুরুপাণ্ডবের যুদ্ধপর্য্যায়ের উর্দ্ধে উঠিয়া—

> "পরিত্রাণায় সাধুনাং বিনাশায় চ দুষ্কৃতাম্
> ধর্ম্মসংস্থাপনার্থায়"—

শ্রীকৃষ্ণাবতারের পরম প্রয়োজনে পর্য্যবসিত হইল। অর্থাৎ তখন হইতে মহাভারত শুধু আর পাণ্ডবদিগের পিতৃরাজ্য উদ্ধারের বিড়ম্বনার কাহিনী হইতে চলিল না, পরন্তু শ্রীকৃষ্ণাবতারে ভূভারহরণের সার্থক মহাকাব্য হইয়া দাঁড়াইল এবং মহাভারত গীতার উপদেশমাহাত্ম্যে পঞ্চমবেদের গৌরবলাভের যোগ্য হইয়া উঠিল। তখন হইতে ইহা আর heroic age এর আদর্শসম্মত epic মাত্র নহে, ইহা ভগবৎলীলাবর্ণনার মহাকাব্যও হইয়া উঠিয়াছে। মহাভারতে ভীষ্মপর্ব্ব যে সর্ব্বাপেক্ষা শ্রদ্ধা আকর্ষণ করিয়াছে, যাহার ফলে ইহাতে ন্যূনতমসংখ্যক পাঠান্তর এবং অসংলগ্ন অংশ দেখা যায়, তাহার কারণ ঐতিহাসিক দৃষ্টিতেও ভগবদ্গীতাপর্ব্বাধ্যায় ইহার বক্ষে কৌস্তুভের ন্যায় সমুজ্জ্বল (৫)। ইহাতে কথিত উপদেশ ও বাণী স্বমতের অনুকূলে ব্যাখ্যা করিবার আগ্রহ যুগে যুগে বিভিন্ন সম্প্রদায়প্রবর্ত্তকগণকে এবং দার্শনিক মতবাদের প্রতিষ্ঠাতৃ আচার্য্যগণকে (যথা শ্রীমচ্ছঙ্করাচার্য্য, রামানুজাচার্য্য, মধ্বাচার্য্য প্রভৃতিকে) টীকা ভাষ্য রচনায় প্রবৃত্ত করিয়াছে ; আর যেখানে সম্প্রদায় প্রবর্ত্তকগণের টীকা ভাষ্য নাই, সেখানেও তাঁহাদের মতানুগামী শিষ্য সেবকগণও সে প্রচেষ্টা করিয়াছেন (যথা বল্লভাচার্য্য সম্প্রদায়ের তত্ত্বদীপিকাকার, গৌড়ীয় বৈষ্ণবসম্প্রদায়পক্ষে বলদেব বিদ্যাভূষণ, নিম্বার্কসম্প্রদায়ের কেশব কাশ্মিরী প্রভৃতি)। এতদ্ব্যতীত বিভিন্ন যুগে বহু প্রখ্যাত মনীষী (যথা শ্রীমৎ আনন্দ গিরি, শ্রীধর স্বামী, মধুসূদন সরস্বতী প্রভৃতি)

---

(৫) "It is evident that the Bhisma (Parva) has suffered least at the hands of provincial interpolators. The proximity of Bhagavadgita, which was read and adopted as a philosophical text book-througout India, probably acted as a wholesome check upon the latter day Vyasaids, so that the text of the parvan (with the two or three exceptions)" "assumed a more or less stereotyped form" (Introduction to Bhismaparvan of the Mahabharata, published by Bhandarkar Oriental Research Institute, by Dr. S. K. Belvalkar P. cxxvi.)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীতামৃত সহজলভ্য করিবার যথেষ্ট প্রয়াস পাইয়াছেন। মহাভারতে গীতা পরবর্ত্তীকালে প্রক্ষিপ্ত অংশ হইলে অপরাপর অংশ অপেক্ষা মহত্ত্বর মর্য্যাদা লাভ করিত না। আর আধুনিক ভারতীয় গবেষণায় ইহাই যদি প্রতিপন্ন হইয়া থাকে যে ভগবদ্গীতার পদাবলী মহাভারতের বহুস্থলে প্রযুক্ত দেখা যায় (৬) তাহা হইলে ব্যাসের যে ভাষণ হইতে ভারত মহাকাব্যের বা 'ইতিহাসে'র উৎপত্তি, ভগবদ্গীতা তদপেক্ষা পরবর্ত্তীকালীন কথোপকথন বা রচনা হইতে পারে না, এবং মূল মহাভারতে ভগবদ্গীতাপর্ব্বাধ্যায় যে প্রক্ষিপ্ত এই মতবাদ নিতান্ত ভিত্তিহীন মনে করিতে হয়।

---

(৬) "Parallel references from the rest of the epic to the B-G" (Bhagavad gita) "Stanzas, half stanzas and quarters" *** "are numerous enough to show the dominating influence of the B-G" (Bhagavadgita) "phrases and sentiments over the rest of the epic."

(Dr. S. K. Belvalkar's Introduction to The Bhismaparvan of the Mahabharata translated and published by the Bhandarkar Oriental Research Institute p. cxxviii)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীতা সুগীতা কর্ত্তব্যা কিমন্যৈঃ শাস্ত্রবিস্তরৈঃ ।
যা স্বয়ং পদ্মনাভস্য মুখপদ্মবিনিঃসৃতা ॥১
সর্ব্বশাস্ত্রময়ী গীতা সর্ব্বদেবময়ো হরিঃ ।
সর্ব্বতীর্থময়ী গঙ্গা সর্ব্বদেবময়ো মনুঃ ॥২

মহাভারত, ভীষ্মপর্ব, ৪৩অঃ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই গ্রন্থের টীকায় যে সকল টীকা ভাষ্যকারের নাম একাক্ষরে বা অল্পাক্ষরে উল্লিখিত হইয়াছে তাঁহাদের সম্পূর্ণ নাম নিম্নে প্রদত্ত হইল :—

শ=শ্রীমৎ শঙ্করাচার্য্য।

রা=শ্রীমদ্রামানুজাচার্য্য।

মা=শ্রীমন্মধ্বাচার্য্য।

শ্রী=শ্রীমৎ শ্রীধর স্বামী।

আ=শ্রীমদানন্দ গিরি।

ম=শ্রীমন্মধুসূদন সরস্বতী।

নী=শ্রীমন্নীলকণ্ঠ সূরি।

হ=পৈশাচ ভাষ্যকার শ্রীমৎ হনুমান্।

বভ=তত্ত্বদীপিকানামকটীকাকার শ্রীমৎ শ্রীবল্লভ।

ক=শ্রীমৎ কেশব কাশ্মিরী।

ব=শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ।

বি=শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী।

বঙ্কিম=ঋষি বঙ্কিমচন্দ্র।

তি=লোকমান্য বালগঙ্গাধর তিলক।

A বা A.G=Sri Aurobindo Ghose.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

8/88 2/136

শ্রীমদ্ভগবদ্গীতার ধ্যানমন্ত্র

ওঁ পার্থায় প্রতিবোধিতাং ভগবতা নারায়ণেন স্বয়ং
ব্যাসেন গ্রথিতাং পুরাণমুনিনা মধ্যেমহাভারতম্ ।
অদ্বৈতামৃতবর্ষিণীং ভগবতীমষ্টাদশাধ্যায়িনী-
মম্ব ত্বামনুসন্দধামি ভগবদ্গীতে ভবদ্বেষিণীম্ ॥ ১
নমোঽস্তু তে ব্যাস বিশালবুদ্ধে ফুল্লারবিন্দায়তপত্রনেত্র !
যেন ত্বয়া ভারততৈলপূর্ণঃ প্রজ্বালিতো জ্ঞানময়ঃ প্রদীপঃ ॥ ২
প্রপন্নপারিজাতায় তোত্রবেত্রৈকপাণয়ে ।
জ্ঞানমুদ্রায় কৃষ্ণায় গীতামৃতদুহে নমঃ ॥ ৩
সর্ব্বোপনিষদো গাবো দোগ্ধা গোপালনন্দনঃ ।
পার্থো বৎসঃ সুধীর্ভোক্তা দুগ্ধং গীতামৃতং মহৎ ॥ ৪
বসুদেবসুতং দেবং কংসচানূরমর্দ্দনম্ ।
দেবকীপরমানন্দং কৃষ্ণং বন্দে জগদ্গুরুম্ ॥ ৫

ওঁ। স্বয়ং ভগবান্ নারায়ণের দ্বারা অর্জ্জুনের জ্ঞানোৎপাদিনী, প্রাচীন মুনি ব্যাসের দ্বারা মহাভারতমধ্যে গ্রথিত, অদ্বৈততত্ত্বরূপ অমৃতনিঃস্যন্দিনী, অষ্টাদশ-অধ্যায়ব্যাপিনী, সংসারনাশিনী (মুক্তিদায়িনী), ষড়ৈশ্বর্য্যশালিনী হে ভগবদ্গীতা-জননি ! তোমাকে অনুধ্যান করি ।১

যাঁহার দ্বারা মহাভারতরূপ-তৈলপূর্ণ জ্ঞানময় প্রদীপ প্রজ্বালিত, হে বিশালবুদ্ধি, প্রস্ফুটিতকমলদলসদৃশ আয়তলোচন ব্যাস ! তোমাকে নমস্কার করি ।২

আর, শরণাগতের পারিজাতবৃক্ষসদৃশ অশ্বরজ্জুধর বেত্রপাণি (সারথি), তত্ত্বজ্ঞানস্বরূপ গীতামৃতদোহনকারী শ্রীকৃষ্ণকে নমস্কার করি ।৩

সর্ব্ব উপনিষৎ বিবিধ গাভী, গোপালনন্দন (শ্রীকৃষ্ণ) দোহনকারী, অর্জ্জুন বৎস, সুধীগণ ভোক্তা, অমৃতময়ী গীতা সেই উত্তম দুগ্ধ ।৪

বসুদেবপুত্র, দেবকীর পরমানন্দদায়ক, কংসচানূরধ্বংসকারী, জগদ্গুরু শ্রীকৃষ্ণকে নমস্কার করি ।৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভীষ্মদ্রোণতটা জয়দ্রথজলা গান্ধার-নীলোৎপলা,
শল্যগ্রাহবতী কৃপেণ বহনী কর্ণেন বেলাকুলা।
অশ্বত্থামবিকর্ণঘোরমকরা দুর্য্যোধনাবর্ত্তিনী,
সোত্তীর্ণা খলু পাণ্ডবৈ রণনদী কৈবর্ত্তকঃ কেশবঃ॥ ৬
পারাশর্য্যবচঃসরোজমমলং গীতার্থগন্ধোৎকটম্,
নানাখ্যানককেশরং হরিকথাসংবোধনাবোধিতম্।
লোকে সজ্জনষট্‌পদৈরহরহঃ পেপীয়মানং মুদা,
ভূয়াদ্ভারতপঙ্কজং কলিমলপ্রধ্বংসি নঃ শ্রেয়সে॥ ৭
মূকং করোতি বাচালং পঙ্গুং লঙ্ঘয়তে গিরিম্।
যৎকৃপা তমহং বন্দে পরমানন্দমাধবম্॥ ৮
যং ব্রহ্মা বরুণেন্দ্ররুদ্রমরুত স্তুন্বন্তি দিব্যৈঃ স্তবৈ-
র্বেদৈঃ সাঙ্গপদক্রমোপনিষদৈর্গায়ন্তি যং সামগাঃ!
ধ্যানাবস্থিততদ্‌গতেন মনসা পশ্যন্তি যং যোগিনো,
যস্যান্তং ন বিদুঃ সুরাসুরগণা দেবায় তস্মৈ নমঃ॥ ৯

যাহার ভীষ্ম দ্রোণ উভয় তট, গান্ধার দেশীয় নীলপদ্ম, জয়দ্রথ জলধারা, শল্য কুম্ভীর, কৃপাচার্য্য প্রধান প্রবাহ, কর্ণের দ্বারা বিক্ষুব্ধ বেলাভূমি, অশ্বত্থামাবিকর্ণ হিংস্র মকরদ্বয় (আর) দুর্য্যোধন আবর্ত্ত সেই (মহা) রণনদী পাণ্ডবগণ অতিক্রম করিয়াছিলেন—কর্ণধার কেশবের (কৃপায়)।৬

নানা আখ্যানরূপ কেশরশোভিত, শ্রীহরির উপদেশ (বর্ষণে) প্রস্ফুটিত, গীতার তীব্রসুবাসযুক্ত, পরাশরপুত্র ব্যাসের ভাষণরূপ সরসীজাত জগতে কলিকলুষবিনাশি মহাভারতরূপ নির্ম্মল পঙ্কজ, সজ্জনভ্রমরগণ নিয়ত যাহার মধু পুনঃপুনঃ আনন্দে পান করিয়া থাকেন, তাহা আমাদের শ্রেয়স্কর হোক।৭

যাঁহার কৃপা মূককে বাগ্মী, পঙ্গুকে গিরিলঙ্ঘনে সমর্থ করে সেই পরমানন্দঘন মাধবকে নমস্কার করি।৮

ব্রহ্মা বরুণ ইন্দ্র রুদ্র বায়ু স্বর্গীয় স্তবের দ্বারা যাঁহার স্তুতি করেন বেদ এবং সাঙ্গপদক্রম উপনিষদ্‌গুলির দ্বারা সামগায়কগণ যাঁহার (স্তুতি) গান করেন, ধ্যানাবস্থিত তদ্‌গতচিত্ত যোগীগণ যাঁহার সাক্ষাৎ প্রাপ্ত হন, এবং (অনন্তস্বরূপ) যাঁহার অন্ত সুরাসুরগণ (ও) জানেন না সেই পরমদেবতাকে প্রণাম করি।৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

2/136

শ্রীমদ্ভগবদ্গীতা

প্রথম অধ্যায়

(সৈন্যদর্শন বা অর্জ্জুনবিষাদযোগ)

পূর্ব্বাভাস

ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমবেত কুরুপাণ্ডবগণ কি করিলেন? সঞ্জয়ের প্রতি অন্ধ কুরুরাজ ধৃতরাষ্ট্রের এই প্রশ্নে ভগবদ্গীতার সূচনা। কথক সঞ্জয় উত্তর করিলেন—রাজা দুর্য্যোধন আচার্য্যদ্রোণ সমীপে উপস্থিত হইয়া উভয়পক্ষের ব্যূহবদ্ধ বাহিনীর প্রতি তাঁহার দৃষ্টি আকর্ষণ করিলেন ও নায়কগণের পরিচয় দিলেন। তাহার পরে উভয়পক্ষের রণোন্মুখ নেতৃবৃন্দের শঙ্খধ্বনি ও ভেরিবাদনে যুদ্ধের প্রস্তুতি-ঘোষণা। শস্ত্রপাতের পূর্বে পাণ্ডব সেনাপতি অর্জ্জুন সারথী শ্রীকৃষ্ণকে উভয়সেনার মধ্যে রথস্থাপন করিতে বলিলেন—সারথী ভগবানও তাহাই করিয়া সমবেত সকলকে দেখিতে বলিলেন। অর্জ্জুন দেখিলেন—পিতামহ, পিতৃব্য, আচার্য্য, মাতুল, শ্বশুর, শ্যালক, পুত্রপৌত্র, ভ্রাতা ও সখা—সকলেই উপস্থিত। এই সকলকে মারিতে বা মৃত্যুমুখে অগ্রসর করিয়া দিতে হইবে। অর্জ্জুন বিষণ্ণ অধীর হইয়া পড়িলেন। তাঁহার নিজের মুখেই তাঁহার অবস্থা বর্ণিত—অবসন্নদেহ, শুষ্কমুখ,—কম্পিতকলেবর, শিথিলহস্তে পতনোন্মুখ গাণ্ডীব, ত্বকে জ্বালা, মন যেন আঘূর্ণিত। গুরুস্বজন হত্যার মহাপাপ, কুলক্ষয়ের নানাদোষ, কুলধর্মনাশের বিবিধ কুফল, জাতিধর্মের বিলয়াশঙ্কা, নরকে নিয়তবাসের সম্ভাবনা—সমস্তই তাঁহার চিত্তে উদিত হইয়া এই সিদ্ধান্তে পৌঁছিয়া দিল যে

অহোবত মহৎ পাপং কর্ত্তুং ব্যবসিতা বয়ম্।
যদ্ রাজ্যসুখলোভেন হন্তুং স্বজনমুদ্যতাঃ ॥ (৪৫)
যদি মামপ্রতীকারমশস্ত্রং শস্ত্রপাণয়ঃ।
ধার্ত্তরাষ্ট্রা রণে হন্যুস্তন্মে ক্ষেমতরং ভবেৎ ॥ (৪৬)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আর,

এবমুক্ত্বার্জ্জুনঃ সংখ্যে রথোপস্থ উপাবিশৎ।
বিসৃজ্য সশরং চাপং শোকসংবিগ্নমানসঃ ॥ (৪৭)

হায়! কি মহাপাপই আমরা করিতে যাইতেছি। রাজ্যসুখলোভে গুরুস্বজন হত্যার মহাপাতকে লিপ্ত হওয়া অপেক্ষা ধৃতরাষ্ট্রের পুত্রগণের হস্তে যদি বা মৃত্যু ঘটে তাহাও মঙ্গলজনক। এই সিদ্ধান্তে উপনীত অতিমাত্র বিষণ্ণ অর্জ্জুন ধনুর্ব্বাণ ত্যাগ করিয়া রথের উপর উপবিষ্ট হইলেন।

ইহাই গীতার প্রথম অধ্যায়ের বর্ণনা—শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদের প্রস্তাবনা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

PRESENTED
No.
Shri Shri
BANARAS

শ্রীমদ্ভগবদ্গীতা

প্রথমোঽধ্যায়ঃ।

অর্জ্জুনবিষাদযোগঃ।

ধৃতরাষ্ট্র উবাচ *

ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমবেতা যুযুৎসবঃ।
মামকাঃ পাণ্ডবাশ্চৈব কিমকুর্ব্বত সঞ্জয় ! ॥১

[* "ধৃতরাষ্ট্র স্বয়ং যুদ্ধক্ষেত্রে উপস্থিত নহেন—তিনি হস্তিনাপুরে আপনার রাজভবনে আছেন। তাহার কারণ তিনি জন্মান্ধ, যুদ্ধক্ষেত্রে উপস্থিত থাকিয়া যুদ্ধ-দর্শনে বঞ্চিত। কিন্তু যুদ্ধে কি হয় জানিবার জন্য বিশেষ ব্যগ্র। যুদ্ধের পূর্ব্বে ভগবান ব্যাসদেব তাঁহার সম্ভাষণে আসিয়াছিলেন, তিনি অনুগ্রহ করিয়া ধৃতরাষ্ট্রকে দিব্যচক্ষু প্রদান করিতে ইচ্ছা করিলেন, কিন্তু ধৃতরাষ্ট্র তাহাতে অস্বীকৃত হইলেন, বলিলেন যে আমি জ্ঞাতিবধ সন্দর্শন করিতে অভিলাষ করি না। আপনার তেজঃপ্রভাবে আদ্যোপান্ত এই যুদ্ধবৃত্তান্ত শ্রবণ করিব। তখন ব্যাসদেব ধৃতরাষ্ট্রের মন্ত্রী সঞ্জয়কে বরদান করিলেন, বরপ্রভাবে সঞ্জয় হস্তিনাপুরে থাকিয়া কুরুক্ষেত্রের যুদ্ধবৃত্তান্ত সকল দিব্যচক্ষে দেখিতে পাইলেন, দেখিয়া ধৃতরাষ্ট্রকে শুনাইতে লাগিলেন। ধৃতরাষ্ট্র মধ্যে মধ্যে প্রশ্ন করিতেছেন, সঞ্জয় উত্তর দিতেছেন। মহাভারতের যুদ্ধপর্ব্বগুলি এই প্রণালীতে লিখিত, সকলই সঞ্জয়োক্তি। এক্ষণে উভয়পক্ষীয় সেনা যুদ্ধার্থ পরস্পর সম্মুখীন হইয়াছে শুনিয়া ধৃতরাষ্ট্র জিজ্ঞাসা করিতেছেন উভয়পক্ষ কি করিলেন। গীতার এইরূপ আরম্ভ।" (বঙ্কিম)]

ধৃতরাষ্ট্রঃ উবাচ

(১)

অন্বয়। [হে] সঞ্জয়! ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমবেতাঃ যুযুৎসবঃ মামকাঃ পাণ্ডবাশ্চৈব কিম্ অকুর্ব্বত ?

ধৃতরাষ্ট্র কহিলেন

অনুবাদ। [হে] সঞ্জয়! ধর্ম্মক্ষেত্র কুরুক্ষেত্রে সমবেত যুদ্ধাভিলাষী আমার পুত্রগণ ও পাণ্ডবগণ কি করিলেন ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

টীকা। ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে—ধর্ম্মক্ষেত্রে ধর্ম্মোৎপত্তিভূমৌ 'কুরুক্ষেত্রং বৈ দেবযজনম্' ইতি শ্রুতেঃ (ক)। ভীমার্জ্জুনাদিবীরপুরুষনিমিত্তং দৃষ্টভয়ং যুযুৎসানিবৃত্তিকারণং প্রসিদ্ধমেব, অদৃষ্টভয়মপি দর্শয়িতুমাহ ধর্ম্মক্ষেত্র ইতি। ধর্ম্মস্য পূর্ব্বমবিদ্যমানস্যোৎপত্তের্বিদ্যমানস্য চ বৃদ্ধের্নিমিত্তং শস্যস্যেব ক্ষেত্রং যৎ কুরুক্ষেত্রং সর্ব্বশ্রুতিস্মৃতিপ্রসিদ্ধম্। বৃহস্পতিরুবাচ যাজ্ঞবল্ক্যং—"যদনু কুরুক্ষেত্রং দেবানাং দেবযজনং সর্ব্বেষাং ভূতানাং ব্রহ্মসদনং" ইতি জাবালশ্রুতেঃ, "কুরুক্ষেত্রং বৈ দেবযজনং" ইতি শত পঞ্চশ্রুতেশ্চ (ম)। "যখন ইন্দ্র কুরুকে এই বর প্রদান করিলেন যে এই ক্ষেত্রে যে ব্যক্তি তপস্যা করিতে করিতে বা যুদ্ধে প্রাণত্যাগ করিবে তাহার স্বর্গপ্রাপ্তি হইবে, তখন তিনি (কুরু) এই ক্ষেত্রে হলচালনা পরিত্যাগ করিলেন। (সভা, শল্য—৫৩)। ইন্দ্রের বরদানের কারণেই এই ক্ষেত্র ধর্ম্মক্ষেত্র বলিয়া পরিচিত।" (তি)।

যুযুৎসবঃ—যোদ্ধুমিচ্ছবঃ (ব)।

মামকাঃ—মৎপুত্রাঃ (শ্রী)।

পাণ্ডবাশ্চ—পাণ্ডবাশ্চেতি পৃথক্‌নির্দ্দিশন্ পাণ্ডবেষু মামকত্বাভাবপ্রদর্শনেন দ্রোহম্ অভিব্যনক্তি (ম)।

সঞ্জয় উবাচ।

দৃষ্ট্বাতু পাণ্ডবানীকং ব্যূঢ়ং দুর্য্যোধনস্তদা।
আচার্য্যমুপসঙ্গম্য রাজা বচনমব্রবীৎ ॥২

(২)

অন্বয়। তদা রাজা দুর্য্যোধনঃ পাণ্ডবানীকং ব্যূঢ়ং দৃষ্ট্বা তু আচার্য্যম্ উপসঙ্গম্য (ইদং) বচনম্ অব্রবীৎ।

সঞ্জয় কহিলেন।

অনুবাদ। রাজা দুর্য্যোধন তখন পাণ্ডব সৈন্য ব্যুহবদ্ধ দেখিয়াই দ্রোণাচার্য্য সমীপে গিয়া (এই) কথা বলিলেন।

টীকা। অনীকং—সৈন্যম্ (ব)।

ব্যূঢ়ং—ব্যূহরচনয়া অবস্থিতম্ (ব) ব্যূহবদ্ধম্।

আচার্য্যমুপসঙ্গম্য—দ্রোণাচার্য্যসমীপং গত্বা (শ্রী)। স্বয়মেবতৎসমীপং গত্বা নতু স্বসমীপে তম্ আহূয়। এতেন পাণ্ডবসৈন্যদর্শনজনিতং ভয়ং চস্যতে (ম)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পশ্যৈতাং পাণ্ডুপুত্রাণামাচার্য্য ! মহতীং চমূম্।
ব্যূঢ়াং দ্রুপদপুত্রেণ তব শিষ্যেণ ধীমতা॥৩
অত্র শূরা মহেষ্বাসা ভীমার্জ্জুনসমা যুধি।
যুযুধানো বিরাটশ্চ দ্রুপদশ্চ মহারথঃ ॥৪
ধৃষ্টকেতুশ্চেকিতানঃ কাশীরাজশ্চ বীর্য্যবান্।
পুরুজিৎ কুন্তিভোজশ্চ শৈব্যশ্চ নরপুঙ্গবঃ ॥৫*
যুধামন্যুশ্চ বিক্রান্ত উত্তমৌজাশ্চ বীর্য্যবান্।
সৌভদ্রো দ্রৌপদেয়াশ্চ সর্ব্ব এব মহারথাঃ ॥৬

(৩)

অন্বয়। আচার্য্য ! তব ধীমতা শিষ্যেণ দ্রুপদপুত্রেণ ব্যূঢ়াং পাণ্ডুপুত্রাণাম্ এতাং মহতীং চমূম্ পশ্য।

অনুবাদ। আচার্য্য ! আপনার ধীমান্ শিষ্য দ্রুপদপুত্রের দ্বারা ব্যূহাকারে বিন্যস্ত পাণ্ডুপুত্রগণের এই বিপুল সৈন্যবাহিনী দর্শন করুন।

টীকা। তদেব বচনমাহ পশ্যৈতামিত্যাদি নবভিঃ শ্লোকৈঃ (শ্রী)।

মহতীম্—অনেকাক্ষৌহিণীসহিতাম্ (আ)। বিততাম্ (শ্রী)।

চমূম্—সেনাম্ (শ্রী)। **ব্যূঢ়াং**—ব্যূহরচনয়া স্থাপিতাম্ (ব)।

দ্রুপদপুত্রেণ—ধৃষ্টদ্যুম্নেন। দ্রুপদপুত্রেণেতিকথনং দ্রুপদপূর্ব্ববৈরসূচনেন ক্রোধোদ্দীপনার্থম্ (ম)।

(৪—৬)

অন্বয়। অত্র যুধি ভীমার্জ্জুনসমাঃ মহেষ্বাসাঃ শূরাঃ, বীর্য্যবান্ যুযুধানঃ বিরাটঃ চ মহারথঃ দ্রুপদঃ চ (তথা) ধৃষ্টকেতুঃ চেকিতানঃ কাশীরাজশ্চ নরপুঙ্গবঃ

---

* (কোন আধুনিক সংস্করণে ৫ম শ্লোকের নিম্নলিখিত পাঠান্তর দৃষ্ট হয় :—

পুরুজিচ্চেকিতানশ্চ কাশীরাজশ্চ বীর্য্যবান্।
কুন্তিভোজশ্চ শৈব্যশ্চ ধৃষ্টকেতু নৃপুঙ্গবঃ ॥

ইহা সুপ্রচলিত পাঠ নহে, শ্রীধর স্বামী "কিঞ্চ ধৃষ্টকেতুরিতি" বলিয়া পঞ্চম শ্লোকের সূচনা নির্দ্দেশ করিয়াছেন, এবং শ্রীমন্মধুসূদনসরস্বতী 'ধৃষ্টকেতুচেকিতানকাশীরাজানাং বিশেষণং বীর্য্যবান্ ইতি' বলিয়া ব্যাখ্যা করিয়াছেন।)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অস্মাকন্তু বিশিষ্টা যে তান্নিবোধ দ্বিজোত্তম !
নায়কা মম সৈন্যস্য সংজ্ঞার্থং তান্ ব্রবীমি তে ॥৭

(৪—৬ শ্লোক)

পুরুজিৎ কুন্তিভোজঃ চ শৈব্যঃ চ বিক্রান্তঃ যুধামন্যুঃ চ বীর্য্যবান্ উত্তমৌজাঃ চ সৌভদ্রঃ দ্রৌপদেয়াশ্চ (এতে) সর্ব্ব এব মহারথাঃ।

অনুবাদ। এখানে (এই পাণ্ডবসেনার মধ্যে) যুদ্ধে ভীম ও অর্জ্জুনের ন্যায় মহাধনুর্দ্ধর বীরগণ, বীর্য্যবান্ যুযুধান (সাত্যকি), বিরাট ও দ্রুপদ এবং ধৃষ্টকেতু, চেকিতান, কাশীরাজ, নরশ্রেষ্ঠ পুরুজিৎ, কুন্তিভোজ, শৈব্য, বিক্রমশালী যুধামন্যু, বীর্য্যবান্ উত্তমৌজা, সুভদ্রাতনয় ও দ্রৌপদীনন্দনগণ (ইঁহারা) সকলেই মহারথ।

টীকা। মহেষ্বাসাঃ—ইষবঃ বাণা অস্যন্তে ক্ষিপ্যন্তে এভিরিতি ইষ্বাসা ধনূংষি, মহান্ত ইষ্বাসা যেষাং তে (শ্রী)।

যুযুধানঃ—সাত্যকিঃ (শ্রী)। বিরাটঃ—মৎস্যদেশাধিপঃ।

দ্রুপদঃ—পাঞ্চালরাজঃ নরপুঙ্গবঃ—নরশ্রেষ্ঠঃ (শ্রী)।

ধৃষ্টকেতুঃ—শিশুপালপুত্রশ্চেদিরাজঃ। চেকিতানঃ—যাদবযোদ্ধবিশেষঃ।

পুরুজিৎ—পাণ্ডবানাং মাতুলঃ। (মহাভারত সভাপর্ব্ব ১৪।১৭)।

কুন্তিভোজঃ—বাসুদেবপিতুঃ শূরস্য পিতৃস্বসৃপুত্রঃ কুন্ত্যাঃ পালকপিতা।

যুধামন্যুঃ—পাঞ্চালবীরবিশেষঃ।

উত্তমৌজাঃ—অন্যতমঃ পাঞ্চালবীরঃ। সৌভদ্রঃ—অভিমন্যুঃ।

দ্রৌপদেয়াঃ—দ্রৌপদ্যাং যুধিষ্ঠিরাদিভ্যঃ পঞ্চভ্যো জাতাঃ পুত্রাঃ প্রতিবিন্ধ্যাদয়ঃ (শ্রী)।

মহারথাঃ—মহারথাদীনাং লক্ষণং "একো দশসহস্রাণি যোধয়েদ্ যস্তু ধন্বিনাম্ শস্ত্রশাস্ত্রপ্রবীণশ্চ মহারথ ইতি স্মৃতঃ।" (শ্রী)।

---

(৭)

অন্বয়। দ্বিজোত্তম! অস্মাকন্তু যে বিশিষ্টাঃ মম সৈন্যস্য নায়কাঃ তান্ নিবোধ, তে সংজ্ঞার্থং তান্ ব্রবীমি।

অনুবাদ। দ্বিজোত্তম! আমাদের মধ্যে যে বিশিষ্ট ব্যক্তিগণ আমার সেনার নায়কবৃন্দ তাঁহাদিগকে ভাল করিয়া জানুন, আপনার জ্ঞাতার্থে তাঁহাদিগের নাম বলিতেছি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভবান্ ভীষ্মশ্চ কর্ণশ্চ কৃপশ্চ সমিতিঞ্জয়ঃ।
অশ্বত্থামা বিকর্ণশ্চ সৌমদত্তির্জয়দ্রথঃ ॥৮

অন্যেচ বহবঃ শূরা মদর্থে ত্যক্তজীবিতাঃ।
নানাশস্ত্রপ্রহরণাঃ সর্ব্বে যুদ্ধবিশারদাঃ ॥৯

(৭)

টীকা। **তু**—তুশব্দেনান্তরুৎপন্নমপি ভয়ং তিরোদধানো ধৃষ্টতামাত্মনো দ্যোতয়তি (ম), (আ)।

নিবোধ—নিশ্চয়েন মদ্বচনাৎ অবধারয় ইত্যর্থঃ (আ)।

সংজ্ঞার্থং—সম্যক্ জ্ঞাপনার্থম্ (শ্রী)।

---

(৮)

অন্বয়। ভবান্ ভীষ্মঃ চ কর্ণঃ চ, সমিতিঞ্জয়ঃ কৃপঃ চ অশ্বত্থামা বিকর্ণঃ চ সৌমদত্তিঃ জয়দ্রথঃ চ।

অনুবাদ। আপনি ও ভীষ্ম ও কর্ণ এবং সমরবিজয়ী কৃপাচার্য্য, অশ্বত্থামা ও বিকর্ণ, সোমদত্তপুত্র (ভুরিশ্রবা) ও জয়দ্রথ।

টীকা। **সমিতিঞ্জয়ঃ**—সমরবিজয়ী (ব)। **বিকর্ণঃ**—মদ্ভ্রাতা কনিষ্ঠঃ (ব)।

সোমদত্তিঃ—ভুরিশ্রবাঃ (ব) (সিন্ধুরাজঃ) জয়দ্রথ স্থানে তথৈবচ ইতি ক্বচিৎ পাঠঃ (নী)।

(৯)

অন্বয়। অন্যে চ বহবঃ শূরাঃ মদর্থে ত্যক্তজীবিতাঃ নানাশস্ত্রপ্রহরণাঃ (তে) সর্বে যুদ্ধবিশারদাঃ।

অনুবাদ। আরও অনেক বীর আমার জন্য প্রাণত্যাগে কৃতসঙ্কল্প বিবিধ শস্ত্রপ্রহরণধারী (তাঁহারা) সকলে যুদ্ধবিশারদ।

টীকা। **অন্যে চ**—শল্যকৃতবর্ম্মপ্রভৃতয়ঃ (ম)।

ত্যক্তজীবিতাঃ—জীবিতং ত্যক্তুং অধ্যবসিতা ইত্যর্থঃ (শ্রী) প্রাণত্যাগে কৃতসঙ্কল্পাঃ।

নানাশস্ত্রপ্রহরণাঃ—শস্ত্রাণি বিদারকাণি খড়্গাদীনি প্রহরণানি কেবলং প্রহারার্থানি গদাদীনি নানাবিধানি যেষাং তে নানাশস্ত্রপ্রহরণাঃ (নী)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অপর্য্যাপ্তং তদস্মাকং বলং ভীষ্মাভিরক্ষিতম্।
পর্য্যাপ্তংত্বিদমেতেষাং বলং ভীমাভিরক্ষিতম্ ॥ ১০
অয়নেষু চ সর্ব্বেষু যথাভাগমবস্থিতাঃ।
ভীষ্মমেবাভিরক্ষন্তু ভবন্তঃ সর্ব্ব এব হি ॥ ১১

(১০)

অন্বয়। ভীষ্মাভিরক্ষিতম্ অস্মাকং তদ্বলম্ অপর্য্যাপ্তং, তু ভীমাভিরক্ষিতং এতেষাম্ ইদং বলং পর্য্যাপ্তম্।

অনুবাদ। ভীষ্মকর্ত্তৃক অভিরক্ষিত আমাদের সেই বল অপরিমিত, কিন্তু ভীম কর্ত্তৃক রক্ষিত ইহাদের এই বল পরিমিত মাত্র।

টীকা। এবং চেত্তর্হি ভয়াভাবাৎ কিমিতস্ততোধাবসি ইত্যত আহ (ক)।

অপর্য্যাপ্তম্—যোদ্ধুমসমর্থং (শ্রী)। অপরিমিতম্ (ব)। অনন্তমেকাদশাক্ষৌহিণীপরিমিতম্ (ম)।

পর্য্যাপ্তম্—সমর্থন্ (শ্রী) পরিমিতম্, অতঃ সিদ্ধবিজয়োঽহম্ (ব) "সকল বিষয়ে (সভা উ ৫৪, ৬০-৭০, ভীষ্ম ৫১, ৪-৬) সৈন্যদিগকে প্রোৎসাহিত করিবার জন্যই আহ্লাদের সহিত এই বর্ণনা করা। বিচার করিলে এখানে অপর্য্যাপ্ত শব্দের 'অসংখ্য, অপার বা অসীম' এবং পর্য্যাপ্ত শব্দের অর্থ হয় 'পরিমিত বা গণনার আয়ত্ত' (তি)।

(১১)

অন্বয়। ভবন্তঃ সর্ব্বে এব সর্ব্বেষু অয়নেষু চ যথাভাগমবস্থিতাঃ (সন্তঃ) ভীষ্মমেব অভিরক্ষন্তু।

অনুবাদ। আপনারা সকলে যাবতীয় বূহদ্বারে নির্দ্দিষ্ট বিভাগানুযায়ী অবস্থিত থাকিয়া (সেনাপতি) ভীষ্মকেই সর্ব্বতোভাবে রক্ষা করুন।

টীকা। তর্হি কিং কর্ত্তব্যমিত্যত আহ (ক)।

অয়নেষু—যুদ্ধপ্রবেশমার্গেষু (শ্রী)।

চ—কর্ত্তব্যবিশেষদ্যোতী চ শব্দঃ (আ)।

যথাভাগম্—নির্দ্দিষ্টবিভাগানুসারেণ।

ভীষ্মমেবাভিরক্ষন্তু—ভীষ্মে হি সেনাপতৌ রক্ষিতে তৎপ্রসাদাদেব সর্ব্বং সুরক্ষিতং ভবিষ্যতীত্যভিপ্রায়ঃ (ম)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তস্য সংজনয়ন্ হর্ষং কুরুবৃদ্ধঃ পিতামহঃ।
সিংহনাদং বিনদ্যোচ্চৈঃ শঙ্খং দধ্মৌ প্রতাপবান্ ॥ ১২
ততঃ শঙ্খাশ্চ ভের্য্যশ্চ পণবানকগোমুখাঃ।
সহসৈবাভ্যহন্যন্ত স শব্দস্তুমুলোঽভবৎ ॥ ১৩
ততঃ শ্বেতৈর্হয়ৈর্যুক্তে মহতি স্যন্দনে স্থিতৌ।
মাধবঃ পাণ্ডবশ্চৈব দিব্যৌ শঙ্খৌ প্রদধ্মতুঃ ॥ ১৪

(১২)

অন্বয়। প্রতাপবান্ কুরুবৃদ্ধঃপিতামহঃ (ভীষ্মঃ) তস্য হর্ষং সংজনয়ন্ উচ্চৈঃ সিংহনাদং বিনদ্য শঙ্খং দধ্মৌ।

অনুবাদ। বিক্রমশালী কুরুকুলে সুপ্রাচীন পিতামহ (ভীষ্ম) তাহার (দুর্য্যোধনের) হর্ষোৎপাদন করিয়া উচ্চরবে সিংহনাদপূর্ব্বক শঙ্খধ্বনি করিলেন।

টীকা। এবং দুর্য্যোধনকৃতাং স্তুতিমবধার্য্য সহর্ষোভীষ্মস্তদন্তর্জাতাং ভীতিমুৎসাদয়িতুং শঙ্খং দধ্মাবিত্যাহ (ব)।

বিনদ্য—কৃত্বা (আ, ম)।

(১৩)

অন্বয়। ততঃ শঙ্খাঃ ভের্য্যঃ চ পণবানকগোমুখাঃ চ সহসা এব অভ্যহন্যন্ত সঃ শব্দঃ তুমুলঃ অভবৎ।

অনুবাদ। তদনন্তর বহুশঙ্খ ও ভেরিসমূহ এবং পণব (মাদল) আনক (মৃদঙ্গ) গোমুখ (রণশিঙ্গা)সকল সহসা বাদিত হইলে সেই শব্দ তুমুল হইয়া উঠিল।

টীকা। **পণবানকগোমুখাঃ**—পণবা মার্দ্দলাঃ, আনকাঃ পটহাঃ, গোমুখাঃ বাদ্যবিশেষাঃ (শ্রী)।

অভ্যহন্যন্ত—বাদিতাঃ (ম)।

(১৪)

অন্বয়। ততঃ শ্বেতৈঃ হয়ৈঃ যুক্তে মহতি স্যন্দনে স্থিতৌ মাধবঃ পাণ্ডবঃ চ দিব্যৌ এব শঙ্খৌ প্রদধ্মতুঃ।

অনুবাদ। তৎপরে শ্বেত অশ্বযুক্ত মহারথে অবস্থিত শ্রীকৃষ্ণ ও অর্জ্জুন দিব্যশঙ্খযুগল ধ্বনিত করিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পাঞ্চজন্যং হৃষীকেশো দেবদত্তং ধনঞ্জয়ঃ।
পৌণ্ড্রং দধ্মৌ মহাশঙ্খং ভীমকর্ম্মা বৃকোদরঃ॥ ১৫
অনন্তবিজয়ং রাজা কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
নকুলঃসহদেবশ্চ সুঘোষমণিপুষ্পকৌ॥ ১৬
কাশ্যশ্চ পরমেশ্বাসঃ শিখণ্ডী চ মহারথঃ।
ধৃষ্টদ্যুম্নো বিরাটশ্চ সাত্যকিশ্চাপরাজিতঃ॥ ১৭
দ্রুপদো দ্রৌপদেয়াশ্চ সর্ব্বশঃ পৃথিবীপতে!
সৌভদ্রশ্চ মহাবাহুঃ শঙ্খান্ দধ্মুঃ পৃথক্ পৃথক্॥ ১৮

(১৪ শ্লোকের টীকা)

টীকা। ততঃ পাণ্ডবসৈন্যে প্রবৃত্তং যুদ্ধোৎসরমাহ তত ইত্যাদিভিঃ পঞ্চভি ঃ (শ্রী)।

ততঃ—দুর্য্যোধনপক্ষে প্রবৃত্তিমালক্ষ্য (আ)। **স্যন্দনে**—রথে (শ্রী)।

(১৫—১৬)

অন্বয়। হৃষীকেশঃ পাঞ্চজন্যং, ধনঞ্জয়ঃ দেবদত্তং, ভীমকর্মা বৃকোদরঃ মহাশঙ্খং পৌণ্ড্রং, কুন্তীপুত্রঃ রাজা যুধিষ্ঠিরঃ অনন্তবিজয়ং, নকুলঃ সহদেবঃ চ সুঘোষমণিপুষ্পকৌ দধ্মৌ।

অনুবাদ। হৃষীকেশ 'পাঞ্চজন্য' (নামক), ধনঞ্জয় (অর্জ্জুন) 'দেবদত্ত' (নামক), ভীমকর্মা বৃকোদর (ভীম) মহাশঙ্খ 'পৌণ্ড্র' (নামক), কুন্তীপুত্র রাজা যুধিষ্ঠির 'অনন্তবিজয়' (নামক), নকুল ও সহদেব 'সুঘোষ' ও 'মণিপুষ্পক' (নামক শঙ্খদ্বয়) ধ্বনিত করিলেন।

(১৭—১৮)

অন্বয়। (হে) পৃথিবীপতে! পরমেষ্বাসঃ কাশ্যঃ চ, মহারথঃ শিখণ্ডী চ, ধৃষ্টদ্যুম্নঃ বিরাটঃ চ, অপরাজিতঃ সাত্যকিঃ চ, দ্রুপদঃ দ্রৌপদেয়াঃ চ, মহাবাহুঃ সৌভদ্রঃ চ সর্বশঃ পৃথক্ পৃথক্ শঙ্খান্ দধ্মুঃ।

অনুবাদ। (হে) ভূপতি! মহাধনুর্দ্ধারী কাশীরাজ ও মহারথ শিখণ্ডী, ধৃষ্টদ্যুম্ন ও বিরাট এবং অপরাজিত সাত্যকি, দ্রুপদ ও দ্রৌপদীতনয়গণ এবং মহাবাহু সুভদ্রানন্দন সকল দিক্ হইতে পৃথক্ পৃথক্ শঙ্খ ধ্বনিত করিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স ঘোষো ধার্ত্তরাষ্ট্রাণাং হৃদয়ানি ব্যদারয়ৎ।
নভশ্চ পৃথিবীঞ্চৈব তুমুলোঽভ্যনুনাদয়ন্॥ ১৯*
অথ ব্যবস্থিতান্ দৃষ্ট্বা ধার্ত্তরাষ্ট্রান্ কপিধ্বজঃ।
প্রবৃত্তে শস্ত্রসম্পাতে ধনুরুদ্যম্য পাণ্ডবঃ।
হৃষীকেশং তদা বাক্যমিদমাহ মহীপতে!॥ ২০

অর্জ্জুন উবাচ।

সেনয়োরুভয়োর্মধ্যে রথং স্থাপয় মেঽচ্যুত! ২১
যাবদেতান্নিরীক্ষেঽহং যোদ্ধুকামানবস্থিতান্।
কৈর্ময়া সহ যোদ্ধব্য মস্মিন্ রণসমুদ্যমে॥ ২২
যোৎস্যমানানবেক্ষেঽহং য এতেঽত্র সমাগতাঃ।
ধার্ত্তরাষ্ট্রস্য দুর্ব্বুদ্ধে র্যুদ্ধে প্রিয়চিকীর্ষবঃ॥ ২৩

(১৯)

অন্বয়। সঃ তুমুলঃ ঘোষঃ নভঃ চ পৃথিবীঞ্চ অভ্যনুনাদয়ন্ ধার্ত্তরাষ্ট্রাণাং হৃদয়ানি ব্যদারয়ৎ এব।

অনুবাদ। সেই তুমুল শব্দ আকাশ এবং পৃথিবীকে প্রতিধ্বনিত করিয়া ধৃতরাষ্ট্র পুত্রদিগের হৃদয়সমূহ বিদীর্ণপ্রায় করিল।

---

(২০)

অন্বয়। (হে) মহীপতে! অথ ধনুরুদ্যম্য শস্ত্রসম্পাতে প্রবৃত্তে সতি কপিধ্বজঃ পাণ্ডবঃ ধার্ত্তরাষ্ট্রান্ ব্যবস্থিতান্ দৃষ্ট্বা হৃষীকেশম্ ইদং বাক্যম্ আহ।

অনুবাদ। (হে) ভূপতি! অনন্তর ধনুক উন্নত করিয়া শস্ত্রত্যাগে প্রবৃত্ত কপিধ্বজ পাণ্ডব (অর্জ্জুন) ধৃতরাষ্ট্রপুত্রগণকে (যুদ্ধার্থে) বিশেষ (ব্যূহবদ্ধ) ভাবে অবস্থিত দেখিয়া শ্রীকৃষ্ণকে এই কথা বলিলেন।

(২১—২৩)

অর্জ্জুনঃ উবাচ।

অন্বয়। (হে) অচ্যুত! যাবৎ অহম্ অবস্থিতান্ যোদ্ধুকামান্ এতান্ নিরীক্ষে, অস্মিন্ রণসমুদ্যমে কৈঃ সহ ময়া যোদ্ধব্যম্ অত্র যুদ্ধে দুর্ব্বুদ্ধেঃ ধার্ত্তরাষ্ট্রস্য

* ব্যনুনাদয়ন্ ইতি বা পাঠঃ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সঞ্জয় উবাচ।

এবমুক্তো হৃষীকেশো গুড়াকেশেন ভারত !
সেনয়োরুভয়োর্মধ্যে স্থাপয়িত্বা রথোত্তমম্ ॥ ২৪
ভীষ্মদ্রোণপ্রমুখতঃ সর্ব্বেষাঞ্চ মহীক্ষিতাম্ ।
উবাচ পার্থ ! পশ্যৈতান্ সমবেতান্ কুরূনিতি ॥ ২৫

(২১-২৩ শ্লোক)

প্রিয়চিকীর্ষবঃ এতে যে সমাগতাঃ (তান্) যোৎস্যমানান্ অহম্ অবেক্ষে, (তাবৎ ত্বং) উভয়োঃ সেনয়োঃ মধ্যে মে রথং স্থাপয়।

অর্জ্জুন কহিলেন।

অনুবাদ। (হে) অচ্যুত! যতক্ষণ আমি, (সম্মুখে) অবস্থিত এই যুদ্ধার্থীগণকে দর্শন করি, এই সংগ্রামে কাহাদিগের সহিত আমাকে যুদ্ধ করিতে হইবে ও এই যুদ্ধে দুর্ব্বুদ্ধি দুর্য্যোধনের হিতৈষী এই যাহারা সমাগত সেই সকল রণোন্মুখ ব্যক্তিকে আমি দেখিতেছি, (ততক্ষণ আপনি) উভয় সেনার মধ্যে আমার রথ স্থাপন করুন।

টীকা। কিমুক্তমর্জ্জুনেন ? (হে) অচ্যুত যথা তব কু.তাঽপি চ্যুতির্নাস্তি তথা মে রথমুভয়োঃ সেনয়োর্মধ্যে স্থাপয় (ক)।

(২৪ ও ২৫)

সঞ্জয় উবাচ।

অন্বয়। (হে) ভারত! গুড়াকেশেন এবম্ উক্তঃ (সন্) হৃষীকেশঃ উভয়োঃ সেনয়োঃ মধ্যে ভীষ্মদ্রোণপ্রমুখতঃ সর্ব্বেষাং চ মহীক্ষিতাং (পুরতঃ) রথোত্তমম্ স্থাপয়িত্বা "পার্থ ! সমবেতান্ এতান্ কুরূন্ পশ্য" ইতি উবাচ।

সঞ্জয় কহিলেন।

অনুবাদ। (হে) ভারত! জিতনিদ্র (অর্জ্জুন) কর্ত্তৃক এইরূপ কথিত হইলে হৃষীকেশ (শ্রীকৃষ্ণ) উভয় সেনার মধ্যে ভীষ্ম দ্রোণ প্রমুখ সমুদয় রাজগণের (সম্মুখে) উত্তম রথখানি স্থাপন করিয়া এই বলিলেন : "পার্থ! সমবেত এই সকল কুরু (পক্ষীয়) গণকে দেখ"।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তত্রাপশ্যৎ স্থিতান পার্থঃ পিতৄনথ পিতামহান্।
আচার্য্যান্মাতুলান্ ভ্রাতৄন্ পুত্রান্ পৌত্রান্ সখীংস্তথা ॥ ২৬
শ্বশুরান্ সুহৃদশ্চৈব সেনয়োরুভয়োরপি ॥ ২৭
তান্ সমীক্ষ্য স কৌন্তেয়ঃ সর্ব্বান্ বন্ধূনবস্থিতান্।
কৃপয়া পরয়াবিষ্টো বিষীদন্নিদমব্রবীৎ ॥ ২৮

(২৪—২৫ শ্লোকের টীকা)

টীকা। **গুড়াকেশেন**—গুড়াকা নিদ্রা তস্যা ঈশেন জিতনিদ্রেণ অর্জ্জুনেন (শ্রী)।

হৃষীকেশঃ—সর্ব্বেষাং নিগূঢাভিপ্রায়জ্ঞঃ (ম)।

মহীক্ষিতাং—পৃথ্বীশ্বরাণাম্ (নী)।

(২৬—২৭)

অন্বয়। অথ পার্থঃ তত্র উভয়োঃ সেনয়োঃ অপি (মধ্যে) স্থিতান্, পিতৄন্ পিতামহান্, আচার্য্যান্, মাতুলান্, ভ্রাতৄন্, পুত্রান্, পৌত্রান্, সখীন্ তথা শ্বশুরান্, সুহৃদঃ চ এব অপশ্যৎ।

অনুবাদ। অনন্তর পার্থ তথায় উভয় সেনারই (মধ্যে) অবস্থিত পিতৃব্য, পিতামহ, আচার্য্য, মাতুল, ভ্রাতা, পুত্র, পৌত্র, সখা এবং শ্বশুর সম্পর্কীয়গণকে ও সুহৃদ্‌দিগকে দেখিতে পাইলেন।

(২৮)

অন্বয়। সঃ কৌন্তেয়ঃ তান্ সর্ব্বান্ বন্ধূন্ অবস্থিতান্ সমীক্ষ্য পরয়া কৃপয়া আবিষ্টঃ (সন্) বিষীদন্ ইদম্ অব্রবীৎ।

অনুবাদ। উল্লিখিত কুন্তীনন্দন (অর্জ্জুন) সেই সকল বন্ধুদিগকে অবস্থিত দেখিয়া অত্যন্ত করুণাবিষ্ট (ও) বিষণ্ণ হইয়া ইহা বলিলেন।

টীকা। অর্জ্জুনের এই পরাকৃপায় তাঁহার উদারশীলতাই প্রকাশ পাইতেছে। "যতঃ কৌন্তেয়ঃ মহাপরাধিষ্যপি কংসে ক্ষমাশীলস্য জ্ঞানিনোভক্তস্য বসুদেবস্য তৎসমশীলায়া ভগিন্যাঃ কুন্ত্যাঃ সুতস্তত এব বিষীদন্ বিষাদংকুর্ব্বন্নিদং বক্ষ্যমাণং বচনগ্রামমব্রবীৎ" (ক)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অর্জ্জুন উবাচ

দৃষ্টেমান্ স্বজনান্ কৃষ্ণ! যুযুৎসূন্ সমবস্থিতান্।*
সীদন্তি মম গাত্রাণি মুখঞ্চ পরিশুষ্যতি ॥ ২৯

(২৯)

অর্জুনঃ উবাচ

অন্বয়। (হে) কৃষ্ণ! যুযুৎসূন্ ইমান্ স্বজনান্ সমবস্থিতান্ দৃষ্ট্বা মম গাত্রাণি সীদন্তি মুখং চ পরিশুষ্যতি।

অর্জ্জুন কহিলেন

অনুবাদ। (হে) কৃষ্ণ! যুদ্ধাভিলাষী এই সকল স্বজনগণকে সম্মুখে অবস্থিত দেখিয়া আমার দেহ অবসন্ন ও মুখ বিশুষ্ক হইতেছে।

টীকা। কিমব্রবীদিত্যপেক্ষায়ামাহ দৃষ্টেমানিত্যাদি (শ্রী)।
সীদন্তি—বিশীর্য্যন্তে (শ্রী) ব্যথন্তে (ক)।

'সীদন্তি' ইত্যুপক্রম্য 'ভ্রমতীব চ মে মনঃ' ইত্যন্তং বেদধর্ম্মাভিমানেন বিষয়দর্শন-পূর্ব্বকং স্বস্যাঃশ্রেয়ো নিবেদয়তি। এবং তু পার্থো মহাকরুণো লোকবেদধর্ম্ম পণ্ডিতমানী কোমলমনা বাসুদেবসহায়ো নিহনিষ্যমাণান্ বিলোক্য বন্ধুস্নেহেনা-ধর্ম্মভয়েন চ প্রস্বিন্নাঙ্গঃ সর্ব্বথা ন যোৎস্যাম ইত্যুক্ত্বা মোহশোকাবিষ্টঃ (বভ)।

"It is typical of the pragmatic man that it is through his sensations he awakens to the meaning of his action. All whom social man holds most dear and sacred he (Arjun) must meet as enemies and slay. Arjun's thoughts are those as we might say of the pragmatic man, the emotional, sensational" "accustomed to high but fixed standards of thought and action and a confident treading through all vicissitudes and difficulties, who now finds all his standards failing him and all the bases of his confidence in himself and his life shorn away from him at a single stroke. That is the nature of the crisis he undergoes." (A)

---

* তত্ত্বপ্রকাশিকাধৃত পাঠান্তর :—

দৃষ্টেমং স্বজনং কৃষ্ণ! যুযুৎসুং সমুপস্থিতম্।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বেপথুশ্চ শরীরে মে রোমহর্ষশ্চ জায়তে।
গাণ্ডীবং স্রংসতে হস্তাৎ ত্বক্‌চৈব পরিদহ্যতে ॥ ৩০
ন চ শক্নোম্যবস্থাতুং ভ্রমতীব চ মে মনঃ।
নিমিত্তানি চ পশ্যামি বিপরীতানি কেশব! ॥ ৩১
ন চ শ্রেয়োঽনুপশ্যামি হত্বা স্বজনমাহবে।
ন কাঙ্ক্ষে বিজয়ং কৃষ্ণ! ন চ রাজ্যং সুখানি চ ॥ ৩২

(৩০)

অন্বয়। মে শরীরে চ বেপথুঃ জায়তে হস্তাৎ গাণ্ডীবং স্রংসতে ত্বক্ চ পরিদহ্যতে এব!

অনুবাদ। অপিচ আমার দেহে কম্পন ও রোমাঞ্চ হইতেছে, হস্ত হইতে গাণ্ডীব স্খলিত হইতেছে এবং ত্বক যেন সম্যক দগ্ধ হইতেছে।

টীকা। **বেপথুঃ**—কম্পঃ (শ্রী)।
রোমহর্ষঃ—রোমাঞ্চঃ (শ্রী)।
স্রসংতে—নিপততি (শ্রী)।

(৩১)

অন্বয়। (হে) কেশব! অহং অবস্থাতুং চ ন শক্নোমি মে মনঃ চ ভ্রমতি ইব বিপরীতানি নিমিত্তানি চ পশ্যামি।

অনুবাদ। (হে) কেশব! আমি দাঁড়াইয়া থাকিতেও পারিতেছি না, আমার মনও যেন ঘুরিতেছে এবং অশুভ লক্ষণসকলও দেখিতেছি।

টীকা। **ভ্রমতি**—বিচলতি।
বিপরীতানি নিমিত্তানি—অনিষ্টসূচকানি দুর্লক্ষণানি (শ্রী)।

(৩২)

অন্বয়। [হে] কৃষ্ণ! আহবে স্বজনং হত্বা (অহং) শ্রেয়ঃ চ ন অনুপশ্যামি (অহং) ন বিজয়ং ন চ রাজ্যং ন চ সুখানি কাঙ্ক্ষে।

অনুবাদ। [হে] কৃষ্ণ! যুদ্ধে স্বজন হত্যা করিয়া (আমি) মঙ্গলও দেখিতেছি না, (আমি) না বিজয়, না রাজ্য ও না সুখজাত আকাঙ্ক্ষা করি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"এই সংগ্রামক্ষেত্রে দুই দিকে দুই মহতী সেনা, এই তুমুল কোলাহল রণবাদ্য এবং ঘোরতর উৎসাহ সেই সময়ে এই মহাবীরের প্রথমে স্থৈর্য্য, তারপরে তাঁহার হৃদয়ে এই করুণ এবং মহান্ প্রশান্ত ভাব—এরূপ মহচ্চিত্র সাহিত্যজগতে দুর্ল্লভ। 'ন কাঙ্ক্ষে বিজয়ং কৃষ্ণ ন চ রাজ্যং সুখানি চ'—ঈদৃশী অমৃতময়ী বাণী কে কোথায় শুনিয়াছে?" (বঙ্কিম)।

কিং নো রাজ্যেন গোবিন্দ! কিং ভোগৈর্জীবিতেন বা।
যেষামর্থে কাঙ্ক্ষিতং নো রাজ্যং ভোগাঃ সুখানি চ॥ ৩৩
ত ইমেঽবস্থিতা যুদ্ধে প্রাণাংস্ত্যক্ত্বা ধনানি চ
আচার্য্যাঃ পিতরঃ পুত্রাস্তথৈব চ পিতামহাঃ॥ ৩৪
মাতুলাঃ শ্বশুরাঃ পৌত্রাঃ শ্যালাঃ সম্বন্ধিনস্তথা
এতান্ন হন্তুমিচ্ছামি ঘ্নতোঽপি মধুসূদন!
অপি ত্রৈলোক্যরাজ্যস্য হেতোঃ কিংনু মহীকৃতে॥ ৩৫

(৩৩—৩৫)

অন্বয়। [হে] গোবিন্দ! নঃ রাজ্যেন কিং, ভোগৈঃ জীবিতেন বা কিম? যেষাম্ অর্থে নঃ রাজ্যং ভোগাঃ সুখানি চ কাঙ্ক্ষিতং, তে ইমে আচার্য্যাঃ, পিতরঃ পুত্রাঃ তথা এব চ পিতামহাঃ, মাতুলাঃ, শ্বশুরাঃ, পৌত্রাঃ, শ্যালাঃ তথা সম্বন্ধিনঃ ধনানি প্রাণান্ চ ত্যক্ত্বা যুদ্ধে অবস্থিতাঃ [হে] মধুসূদন! মহীকৃতে কিং নু, ত্রৈলোক্যরাজ্যস্য হেতোঃ অপি ঘ্নতঃ অপি, এতান্ হন্তুং ন ইচ্ছামি।

অনুবাদ। [হে] গোবিন্দ! আমাদের রাজ্যে কি হইবে? ভোগসকল ও জীবনধারণেই বা কি হইবে? যাঁহাদের জন্য আমাদের রাজ্য, ভোগজাত ও সুখসকল বাঞ্ছিত তাঁহারা (অর্থাৎ) এই আচার্য্যগণ, পিতৃব্যগণ, পুত্রগণ এবং তদ্রূপই পিতামহগণ, মাতুলগণ, শ্বশুরগণ, পৌত্রগণ, শ্যালক ও সম্বন্ধবিশিষ্ট ব্যক্তিগণ সমস্ত ধন ও প্রাণত্যাগের সঙ্কল্প করিয়া যুদ্ধে উপস্থিত। [হে] মধুসূদন! পৃথিবীর জন্য দূরের কথা, ত্রৈলোক্যরাজ্যের জন্যও, (এমন কি) নিহত হইলেও আমি ইহাদিগকে বধ করিতে চাহি না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিহত্য ধার্ত্তরাষ্ট্রান্নঃ কা প্রীতিঃ স্যাজ্জনার্দ্দন !
পাপমেবাশ্রয়েদস্মান্ হত্বৈতানাততায়িনঃ ॥ ৩৬
তস্মান্নার্হা বয়ং হন্তুং ধার্ত্তরাষ্ট্রান্ সবান্ধবান্।
স্বজনং হি কথং হত্বা সুখিনঃ স্যাম মাধব ! ॥ ৩৭

(৩৫ শ্লোকের টীকা)

টীকা। কিমিতিরাজ্যাদিকংসর্ব্বাকাঙ্ক্ষিতত্বাৎ ন কাঙ্ক্ষ্যসে তেন হি পুত্রভ্রাত্রাদীনাং স্বাস্থ্যমাধাতুং শক্যমিত্যাশঙ্ক্যাহ কিমিতি (আ)।

প্রাণান্ ত্যক্ত্বা ধনানি চ—প্রাণধনাদিত্যাগমঙ্গীকৃত্য (শ্রী)। প্রাণান্ প্রাণাশাম্ ধনানি ধনাশামিতি লক্ষণয়া বোধ্যম্ (ব)। ন স্বার্থঃ স্বীয়ার্থোবায়ং প্রযত্ন ইতি ভাবঃ (ম)।

মহীকৃতে—মহীমাত্রপ্রাপ্তয়ে ইত্যর্থঃ (শ্রী)

(৩৬ ও ৩৭)

অন্বয়। (হে) জনার্দ্দন ! ধার্ত্তরাষ্ট্রান্ নিহত্য নঃ কা প্রীতিঃ স্যাৎ? এতান্ আততায়িনঃ হত্বা পাপমেব অস্মান্ আশ্রয়েৎ। তস্মাৎ বয়ং সবান্ধবান্ ধার্ত্তরাষ্ট্রান্ হন্তুং ন অর্হাঃ (হে) মাধব ! স্বজনং হত্বা (বয়ং) কথং হি সুখিনঃ স্যাম?

অনুবাদ। (হে) জনার্দ্দন ! ধৃতরাষ্ট্রের পুত্রদিগকে বধ করিয়া আমাদের কি সুখ হইবে? এই সকল আততায়িগণকে বধ করিলে আমাদিগকে পাপই আশ্রয় করিবে, সুতরাং সবান্ধব ধৃতরাষ্ট্রপুত্রদিগকে বধ করা আমাদের উচিত নহে। (হে) মাধব ! স্বজনকে বধ করিয়া আমরা কেমন করিয়া সুখী হইব?

টীকা। পাপমেবাশ্রয়েৎ........আততায়িনঃ—আততায়িনাঞ্চ বধো যুক্ত এব "নাততায়িবধেদোষো হন্তু র্ভবতি কশ্চনঃ" ইতিবচনাৎ ইত্যাদিকং অর্থশাস্ত্রং, "অর্থশাস্ত্রাত্তু বলবদ্ধর্ম্মশাস্ত্রমিতি স্থিতি" রিত্যুক্তং যাজ্ঞবল্ক্যেন। তস্মাৎ অস্মাকং পাপমেব ভবেৎ (শ্রী)। ধর্ম্মশাস্ত্রাদাততায়িনং হন্যাদিত্যর্থশাস্ত্রস্য দুর্ব্বলত্বাৎ (ম)।

২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যদ্যপ্যেতে ন পশ্যন্তি লোভোপহতচেতসঃ।
কুলক্ষয়কৃতং দোষং মিত্রদ্রোহে চ পাতকম্ ॥ ৩৮
কথং ন জ্ঞেয়মস্মাভিঃ পাপাদস্মান্নিবর্ত্তিতুম্।
কুলক্ষয়কৃতং দোষং প্রপশ্যদ্ভির্জনার্দ্দন ! ॥ ৩৯
কুলক্ষয়ে প্রণশ্যন্তি কুলধর্ম্মাঃ সনাতনাঃ।
ধর্ম্মে নষ্টে কুলং কৃৎস্নমধর্ম্মোঽভিভবত্যুত ॥ ৪০

(৩৬ ও ৩৭ শ্লোকের টীকা)

তস্মাৎ—অন্যায্যত্বাৎ অধর্ম্মত্বাচ্চ (শ্রী)। অদৃষ্টফলাভাবোঽনর্থসম্ভবশ্চ তচ্ছব্দেন পরামৃশ্যতে (ম)।

মাধব—মাধবেতি লক্ষ্মীপতিত্বাৎ নালক্ষ্মীকে কর্ম্মণি প্রবর্ত্তয়িতুমর্হসীতিভাবঃ (ম)।

(৩৮ ও ৩৯)

অন্বয়। (হে) জনার্দ্দন ! যদ্যপি লোভোপহতচেতসঃ এতে কুলক্ষয় কৃতং দোষং মিত্রদ্রোহে চ পাতকম্ ন পশ্যন্তি। (তথাপি) কুলক্ষয়কৃতং দোষং প্রপশ্যদ্ভিঃ অস্মাভিঃ অস্মাৎ পাপাৎ নিবর্ত্তিতুং কথং ন জ্ঞেয়ম্ ?

অনুবাদ। (হে) জনার্দ্দন ! যদ্যপি লোভাভিভূতচিত্ত ইহারা কুলক্ষয় সাধনের দোষ ও মিত্রদ্রোহিতার পাতক দেখিতেছে না তথাপি কুলক্ষয়জনিত দোষদর্শী আমরা এই পাপ হইতে নিবৃত্ত হইতে জানিব না কেন ?

টীকা। **লোভোপহতচেতসঃ**—লোভেন ভ্রষ্টবিবেকাঃ (শ্রী)।

(৪০)

অন্বয়। কুলক্ষয়ে সনাতনাঃ কুলধর্ম্মাঃ প্রণশ্যন্তি ধর্ম্মেনষ্টে (সতি) অধর্ম্মঃ কৃৎস্নং কুলম্ উত অভিভবতি।

অনুবাদ। কুলক্ষয়ে সনাতন কুলধর্ম্মসকল বিনষ্ট হয়, কুলধর্ম্ম নষ্ট হইলে অধর্ম্ম সমগ্র কুলই আচ্ছন্ন করে।

টীকা। দোষমেব প্রপঞ্চয়তি কুলক্ষয়ে (ব)।

সনাতনাঃ—পরম্পরাপ্রাপ্তাঃ (শ্রী)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অধর্ম্মাভিভবাৎ কৃষ্ণ ! প্রদুষ্যন্তি কুলস্ত্রিয়ঃ।
স্ত্রীষু দুষ্টাসু বার্ষ্ণেয় ! জায়তে বর্ণসঙ্করঃ। ৪১
সঙ্করো নরকায়ৈব কুলঘ্নানাং কুলস্য চ।
পতন্তি পিতরো হ্যেষাং লুপ্তপিণ্ডোদকক্রিয়াঃ ॥ ৪২
দোষৈরেতৈঃ কুলঘ্নানাং বর্ণসঙ্করকারকৈঃ।
উৎসাদ্যন্তে জাতিধর্ম্মাঃ কুলধর্ম্মাশ্চ শাশ্বতাঃ ॥ ৪৩

(৪১)

অন্বয়। (হে) কৃষ্ণ ! অধর্ম্মাভিভবাৎ কুলস্ত্রিয়ঃ প্রদুষ্যন্তি, (হে) বার্ষ্ণেয় ! স্ত্রীষু দুষ্টাসু (সতীসু) বর্ণসঙ্করঃ জায়তে।

অনুবাদ। (হে) কৃষ্ণ ! অধর্ম্মের প্রাদুর্ভাব হইলে কুলস্ত্রীগণ বিশেষ দোষলিপ্ত হয়। (হে) বৃষ্ণিবংশোদ্ভব ! স্ত্রীগণ দোষযুক্ত হইলে বর্ণসঙ্কর জন্মে।

টীকা। **প্রদুষ্যন্তি**—ব্যভিচারে প্রবর্ত্তয়ন্তি (বি)।

(৪২)

অন্বয়। সঙ্করঃ কুলঘ্নানাং কুলস্য চ নরকায় এব হি এষাং পিতরঃ লুপ্ত-পিণ্ডোদকক্রিয়াঃ (সন্তঃ) পতন্তি।

অনুবাদ। সঙ্কর কুলনাশকগণের ও কুলের বিনাশেরই হেতু হয়। যেহেতু ইহাদিগের পিতৃগণ শ্রাদ্ধ ও তর্পণ ক্রিয়াফলে বঞ্চিত (হইয়া) নিশ্চয়ই পতিত হন।

(৪৩)

অন্বয়। কুলঘ্নানাং বর্ণসঙ্করকারকৈঃ এতৈঃ দোষৈঃ শাশ্বতাঃ জাতিধর্ম্মাঃ কুলধর্ম্মাঃ চ উৎসাদ্যন্তে।

অনুবাদ। কুলনাশকদিগের বর্ণসঙ্করকারক এইসকল দোষের দ্বারা চিরন্তন জাতিধর্ম্ম ও কুলধর্ম্মসকল উৎসন্ন যায়।

টীকা। **উৎসাদ্যন্তে**—লুপ্যন্তে (শ্রী)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উৎসন্নকুলধর্ম্মাণাং মনুষ্যাণাং জনার্দ্দন !
নরকে নিয়তং বাসো ভবতীত্যনুশুশ্রুম ॥ ৪৪

অহোবত ! মহৎ পাপং কর্ত্তুং ব্যবসিতা বয়ম্ ।
যদ্‌রাজ্যসুখলোভেন হন্তুং স্বজনমুদ্যতাঃ ॥ ৪৫

যদি মামপ্রতীকারমশস্ত্রং শস্ত্রপাণয়ঃ ।
ধার্ত্তরাষ্ট্রা রণে হন্যুস্তন্মে ক্ষেমতরং ভবেৎ ॥ ৪৬

(৪৪)

অন্বয়। (হে) জনার্দ্দন ! উৎসন্নকুলধর্ম্মাণাং মনুষ্যাণাং নিয়তং নরকে বাসঃ ভবতি ইতি অনুশুশ্রুম।

অনুবাদ। (হে) জনার্দ্দন ! কুলধর্ম্মবিলুপ্ত মানবগণের নিয়ত নরকে বাস হয় এইরূপ শুনিয়াছি।

টীকা। **অনুশুশ্রুম**—শ্রুতবন্তঃ (শ্রী)।

(৪৫)

অন্বয়। অহোবত ! বয়ং মহৎপাপং কর্ত্তুং ব্যবসিতাঃ যৎ রাজ্যসুখ-লোভেন স্বজনং হন্তুং উদ্যতাঃ।

অনুবাদ। হায় ! না জানি আমরা কি মহাপাপ করিতে প্রবৃত্ত হইয়াছি যেহেতু রাজ্যসুখলোভে স্বজনকে হত্যা করিতে উদ্যত হইয়াছি।

টীকা। **বত**—বতেতি সন্দেহে। (ব)। খেদে বয়ং (ক)।

ব্যবসিতা ঃ—প্রবৃত্তাঃ, চেষ্টিতাঃ।

(৪৬)

অন্বয়। যদি শস্ত্রপাণয়ঃ ধার্ত্তরাষ্ট্রাঃ অপ্রতীকারম্ অশস্ত্রং মাং রণে হন্যুঃ তৎ মে ক্ষেমতরং ভবেৎ।

অনুবাদ। যদি শস্ত্রপাণি ধৃতরাষ্ট্রপুত্রগণ প্রতীকার-পরাঙ্মুখ শস্ত্রহীন আমাকে রণে হত্যা করে তাহা আমার অধিকতর কল্যাণজনক হইবে।

টীকা। **ক্ষেমতরং**—অত্যন্তং হিতং (শ্রী)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বার্জ্জুনঃ সংখ্যে রথোপস্থ উপাবিশৎ।
বিসৃজ্য সশরং চাপং শোকসংবিগ্নমানসঃ॥ ৪৭

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি শ্রীমদ্ভগবদ্গীতাসু উপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে অর্জ্জুন-বিষাদযোগো নাম প্রথমোঽধ্যায়ঃ।

(৪৭)

সঞ্জয় উবাচ,—

অন্বয়। অর্জ্জুনঃ এবম্ উক্ত্বা সংখ্যে সশরং চাপং বিসৃজ্য শোকসংবিগ্নমানসঃ (সন্) রথোপস্থে উপাবিশৎ।

সঞ্জয় কহিলেন,—

অনুবাদ। অর্জ্জুন এই বলিয়া যুদ্ধমধ্যে শরযুক্ত ধনুঃ পরিত্যাগ করিয়া শোকাকুলচিত্তে রথের উপর উপবেশন করিলেন।

টীকা। সংখ্যে—সংগ্রামে (শ্রী)। যুদ্ধমধ্যে (আ)।
শোকসংবিগ্নমানসঃ—শোকাকুলচিত্তঃ।

অধ্যায় সমাপ্তি সঙ্কল্পের তাৎপর্য্য।

"গীতার প্রত্যেক অধ্যায়ের শেষে অধ্যায়সমাপ্তি-জ্ঞাপক যে সঙ্কল্প আছে" "এই সঙ্কল্প মূল মহাভারতে দেওয়া না হইলেও গীতাগ্রন্থের সকল সংস্করণেই উহা দেখিতে পাওয়া যায়। এই হেতু অনুমান হয় যে নিত্যপাঠের জন্য যে সময়ে গীতাকে মহাভারত হইতে পৃথক করিয়া বাহির করা হয় তখন হইতে অর্থাৎ গীতার কোন প্রকার টীকা হইবার পূর্ব্বাবধি উক্ত সঙ্কল্প প্রচলিত হইয়া থাকিবে"। "কিন্তু এই সঙ্কল্পের অন্তর্গত শব্দের অর্থের প্রতি বর্ত্তমানের টীকাকারগণের মধ্যে কেহই মনোযোগ দিয়াছেন বলিয়া মনে হয় না। আরম্ভে 'শ্রীমদ্ভগবদ্গীতাসু উপনিষৎসু' এই দুই পদের পর সঙ্কল্পে 'ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে' এই দুই শব্দ সংযুক্ত হইয়াছে। তন্মধ্যে প্রথম দুই পদের অর্থ হইতেছে 'ভগবান কর্ত্তৃক গীতা উপনিষদে' (সম্মানার্থ বহুবচনান্ত সপ্তমী প্রয়োগ) এবং পরবর্ত্তী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দুই শব্দের অর্থ হইতেছে 'ব্রহ্মবিদ্যান্তর্গত যোগশাস্ত্রে' অর্থাৎ কর্ম্মযোগশাস্ত্রে। ব্রহ্মবিদ্যার অন্তর্গত 'কর্ম্মযোগের বা যোগশাস্ত্রের তাত্ত্বিক আলোচনা ভগবদ্গীতা ব্যতীত অন্য কোথাও নাই। গীতাশাস্ত্রান্তর্গত বিষয়ের অপূর্ব্বতা দেখাইবার জন্যই পদগুলি। তাহার পর 'শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদে' এইরূপ গীতা নিরূপণের স্বরূপদ্যোতক শব্দ প্রযুক্ত হইয়াছে। ভগবদ্গীতার নিরূপণ সশাস্ত্র হইলেও উহা শাস্ত্রীয় পদ্ধতি অনুসারে (তর্কশাস্ত্রানুসারে সাধক বাধক প্রমাণ যথাক্রমে উপস্থিত করিয়া) করা হয় নাই। ভগবদ্গীতা শ্রীকৃষ্ণ এবং অর্জ্জুনের কথোপকথনরূপে সহজ ও মনোরঞ্জক রীতিতে (সংবাদাত্মক বা পৌরাণিক নিরূপণে) বর্ণিত হইয়াছে।"*

'শ্রীমদ্ভগবদ্গীতাসু উপনিষৎসু' বাক্যের দ্বারা উপনিষদের সহিত ভগবদ্গীতার তত্ত্বতঃ ঐক্য নির্দ্দেশ করা হইয়াছে। প্রত্যুত গীতায় যে উপনিষদের সারসংগ্রহ পূর্ব্বক উপদেশ দেওয়া হইয়াছে গীতার ধ্যানমন্ত্রেও তাহাই

'সর্ব্বোপনিষদো গাবো দোগ্ধা গোপালনন্দনঃ
পার্থো বৎসঃ সুধীর্ভোক্তা দুগ্ধং গীতামৃতং মহৎ।'

বলিয়া উল্লেখ করা হইয়াছে। আর 'ব্রহ্মবিদ্যায়াম্' যোগশাস্ত্রে বলিয়া গীতা যে মুখ্যতঃ যোগশাস্ত্র তাহা যেমন নির্দ্দেশ করা হইয়াছে তেমনই ব্রহ্মবিদ্যার সহিত ইহা যে অভিন্ন, ব্রহ্মবিদ্যাস্বরূপ বা ব্রহ্মবিদ্যাসাধক তাহাও প্রতি অধ্যায়সমাপ্তিতে স্মরণ করাইয়া দেওয়া হইয়াছে। আচার্য্য শঙ্করের মতেও 'অস্য গীতাশাস্ত্রস্য সংক্ষেপতঃ প্রয়োজনং পরং নিঃশ্রেয়সং' 'তচ্চ সর্ব্বকর্ম্মসন্ন্যাসপূর্ব্বকাদাত্মজ্ঞাননিষ্ঠারূপাদ্ধর্ম্মাদ্ভবতি'। 'অভ্যুদয়ার্থোঽপি যঃ প্রবৃত্তিলক্ষণোধর্মোবর্ণাশ্রমাংশ্চোদ্দিশ্য বিহিতঃ সচ দেবাদিস্থানপ্রাপ্তিহেতুরপি সন্ ঈশ্বরার্পণবুদ্ধ্যানুষ্ঠীয়মানঃ সত্ত্বশুদ্ধয়ে ভবতি ফলাভিসন্ধিবর্জ্জিতঃ শুদ্ধসত্ত্বস্য চ জ্ঞাননিষ্ঠাযোগ্যতাপ্রাপ্তিদ্বারেণ জ্ঞানোৎপত্তিহেতুত্বেন চ নিঃশ্রেয়সহেতুত্বমপি প্রতিপদ্যতে', অর্থাৎ ইহার লক্ষ্য পরম নিঃশ্রেয়স যাহা আত্মজ্ঞাননিষ্ঠা দ্বারাই লভ্য, আর ইহাতে আছে সত্ত্বশুদ্ধি ও জ্ঞাননিষ্ঠা সম্পাদক ফলকামনাশূন্য কর্ম্ম করিবার উপদেশ।

---

* বালগঙ্গাধর তিলক প্রণীত গীতারহস্যম্ (জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর কৃত অনুবাদ) পৃঃ ২, ৩, ৬১, ৬২, ৪৪৯-৫০।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীউমাশঙ্কর সরকার

প্রথম অধ্যায়

পরিশিষ্ট

(ক)

গুরু—শিষ্য—প্রশ্ন।

গীতার প্রথম অধ্যায়ে ধর্ম্মতত্ত্বের কিছু থাকুক বা না থাকুক গীতোক্ত সংবাদের এই অবতরণিকায় কয়েকটি বিষয় বিশেষভাবে দ্রষ্টব্য ঃ—

(১) গীতা ভারতের ধর্ম্মগ্রন্থ—প্রস্থানত্রয়ীর অন্যতম—অথচ তাহার প্রস্তাবনা তপোবনে নহে কুরুক্ষেত্রের মহারণস্থলে। গীতা উপনিষৎ বলিয়া আখ্যাত অথচ আরণ্যক নহে।

(২) এই গীতাশাস্ত্রের উপদেষ্টা গুরু স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণ হইলেও তিনি আপন মহিমায় দূরে থাকিয়া নহে, "বৃষ্ণীনাং বাসুদেবঃ" পরিচয়ে আত্মীয় ও সখা সাজিয়া, অর্জ্জুনের সারথীরূপে রণক্ষেত্রে অবতীর্ণ হইয়া উপদেশ দিতেছেন

"সারথ্যমর্জ্জুনস্যাদৌ কুর্ব্বন্ গীতামৃতং দদৌ"।

তাহাও আবার অনুশাসনের ছলে, নিছক অনুজ্ঞার ভঙ্গীতে, নহে—প্রশ্নের পরে প্রশ্নের সুযোগ দিয়া, সংশয়ের পর সংশয় নিরসন করিয়া।

(৩) শিষ্য চীরধারী সমিৎপাণি কোনও গুরুকুলবাসী নহে, সংসারত্যাগী, বাণপ্রস্থাবলম্বী, অত্যাশ্রমী সাধকও নহেন—রাজধর্ম্মী কর্ম্মী—তদানীন্তন ক্ষত্রিয় সমাজের শীর্ষস্থানীয় মহাবীর, সংযমসিদ্ধ, সত্যসন্ধ, মহাপ্রাণ অর্জ্জুন—এমন বীর—যিনি দ্রৌপদীর স্বয়ম্বরে সমস্তরাজন্যবর্গের গর্ব্ব খর্ব্ব করিয়াছিলেন, এমন সংযমী—যিনি উর্ব্বশীর আসঙ্গলিপ্সা প্রত্যাখ্যান করিয়া অভিশাপ বরণ করিয়া লইয়াছিলেন, এমন সত্যাশ্রয়ী—যিনি সত্যরক্ষাকল্পে দ্রৌপদীর বস্ত্রহরণ, বনবাস ও অজ্ঞাতবাস নীরবে সহ্য ও অঙ্গীকার করিয়াছিলেন, এমন মহাপ্রাণ যে পিতৃ-রাজ্যাপহারী এবং অশেষ অত্যাচারী ও লাঞ্ছনাকারী ধৃতরাষ্ট্রপুত্রগণের সম্বন্ধেও—

"যানেব হত্বা ন জিজীবিষামঃ"

উক্তির অনুরূপভাবে যাঁহার হৃদয় বিক্ষুব্ধ হয়। আর—

(৪) প্রশ্ন—এমন একটি যাহা নৈতিক মানুষের ইতিহাসে যুগে যুগে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পুনঃ পুনঃ আবর্ত্তিত হইয়া উঠিয়াছে এবং আজও উঠিতেছে। বিরোধ কি সর্ব্বথা বর্জ্জনীয় নহে? যুদ্ধ কি সকল অবস্থাতেই হেয় নহে? সংগ্রাম কি একেবারেই অশ্রেয়স্কর নহে? অপ্রতিরোধ (non-resistance) কি সকল ক্ষেত্রেই বরণীয় নহে? বিশেষতঃ অর্জ্জুন যে সঙ্কটে উপনীত তাহাতে যুদ্ধ না করাই কি ধর্ম্ম নহে? গীতায় বর্ণিত অর্জ্জুনের ভাষায়ই ত প্রশ্ন হইয়াছে—

"যদ্যপ্যেতে ন পশ্যন্তি লোভোপহতচেতসঃ।
কুলক্ষয়কৃতং দোষং মিত্রদ্রোহে চ পাতকম্‌॥
কথং ন জ্ঞেয়মস্মাভিঃ পাপাদস্মান্নিবর্ত্তিতুম্‌।
কুলক্ষয়কৃতং দোষং প্রপশ্যদ্ভির্জনার্দ্দন?

প্রশ্ন করিয়া এবং উত্তরের অপেক্ষা না করিয়া অর্জ্জুন তাঁহার হৃদ্বোধ অনুসারে সিদ্ধান্ত করিলেন—

"অহোবত মহৎ পাপং কর্ত্তুং ব্যবসিতা বয়ম্‌।
যাদ্রজ্যসুখলোভেন হন্তুংস্বজনমুদ্যতাঃ" ॥ (৪৫)

আর,

"যদি মামপ্রতীকারমশস্ত্রং শাস্ত্রপাণয়ঃ।
ধার্ত্তরাষ্ট্রা রণে হন্যুস্তন্মে ক্ষেমতরং ভবেৎ॥" (৪৬)

ইহা কি "ক্লৈব্য" বা কাপুরুতা? না প্রশংসনীয় ধর্ম্মভীরুতা, ঔদার্য্য ও বীর্য্য? ইহার পরবর্ত্তী অধ্যায়সমাপ্তিশ্লোকেই সঞ্জয় তাঁহার ব্যাসপ্রদত্ত 'দিব্যদৃষ্টি প্রভাবে, অর্জ্জুনের দেহমনের অবস্থা সংক্ষেপে বর্ণনা করিয়া অর্থাৎ

এবমুক্ত্বার্জ্জুনঃসংখ্যে রথোপস্থ উপাবিশৎ।
বিসৃজ্যসশরং চাপং শোকসংবিগ্নমানসঃ॥ (৪৭)

বলিয়া গীতার মূল প্রশ্ন এবং ভগবদুপদেশের ধারাবর্ষণক্ষেত্র নির্দ্দেশ করিয়াছেন।

(খ)

উপলক্ষ ও উপদেশ।

গীতার প্রথম অধ্যায়োক্ত ঘটনা বা উপলক্ষ যাহা হইতে উল্লিখিত মূল প্রশ্নের উৎপত্তি তাহার তাৎপর্য্য ও গুরুত্ব লইয়া প্রাচীন ও আধুনিক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

PRESENTED

ভাষ্যকারদিগের মধ্যে যথেষ্ট মতভেদ দেখা যায়। শ্রীমচ্ছঙ্করাচার্য্য প্রথম অধ্যায়ের এমন কি দ্বিতীয় অধ্যায়ের প্রথম দশটি শ্লোকেরও কোন টীকা ভাষ্য রচনা করেন নাই। দ্বিতীয় অধ্যায়ের একাদশ শ্লোকের তৎকৃত ভাষ্যের মুখবন্ধে—

"'দৃষ্ট্বাতু পাণ্ডবানীকমিত্যারভ্য ন যোৎস্য ইতি গোবিন্দমুক্ত্বা তূষ্ণীং বভূবহ' ইত্যেতদন্তঃ প্রাণিনাং শোকমোহাদিসংসারবীজভূতদোষোদ্ভবকারণপ্রদর্শনার্থত্বেন ব্যাখ্যেয়োগ্রন্থঃ"।

বলিয়া গীতার সমস্ত প্রস্তাবনাংশের তাৎপর্য্য ইঙ্গিত করিয়াছেন। শুধু তাহাই নহে। পরে যেখানে "যুধ্যস্ব" উপদেশ আছে, সেখানেও "নহ্যত্র যুদ্ধকর্ত্তব্যতা বিধীয়তে, যুদ্ধে প্রবৃত্ত এব হ্যসৌ শোকমোহপ্রতিবদ্ধস্তূষ্ণীমাস্তে, তস্য কর্ত্তব্য-প্রতিবন্ধাপনয়নমাত্রং ক্রিয়তে ভগবতা, তস্মাৎ 'যুধ্যস্ব' ইত্যনুবাদমাত্রং ন বিধিঃ" বলিয়া তাৎপর্য্য ব্যাখ্যা করিয়াছেন। অর্জ্জুনের স্বধর্ম্মপালনে প্রতিবন্ধকমাত্রের অপনয়ন ভগবান করিতেছেন। অতএব "শোকমোহাদিসংসারকারণনিবৃত্ত্যর্থং গীতাশাস্ত্রং"। কুরুক্ষেত্রে প্রচারিত হইলেও গীতাশাস্ত্র যুদ্ধকার্য্যে প্রবর্ত্তক নহে (১)। অর্জ্জুনের স্বধর্ম্মের উল্লেখ করিয়া শ্রীভগবান যে পুনরায় বলিয়াছেন—

'সুখদুঃখে সমে কৃত্বা লাভালাভৌ জয়াজয়ৌ
ততো যুদ্ধায় যুজ্যস্ব নৈবং পাপমবাপ্স্যসি ॥ (২।৩৮)

তাহাও "শোকমোহাপনয়নায় লৌকিকোন্যায়ঃ স্বধর্ম্মমপি চাবেক্ষ্যেত্যাদ্যৈঃ শ্লোকৈরুক্তো ন তু তাৎপর্য্যেণ। পরমার্থদর্শনং তু ইহ প্রকৃতং" বলিয়া আচার্য্য ব্যাখ্যা করিয়াছেন।

কিন্তু গীতার পারমার্থিক উপদেশ ও লৌকিক বা ঐতিহাসিক পরিস্থিতির মধ্যে যে অঙ্গাঙ্গিযোগ আছে প্রাচীন টীকাকারগণের মধ্যে মহাভারতের টীকা-কারগণ তাহা অস্বীকার করিতে পারেন নাই। শ্রীমৎ নীলকণ্ঠ অদ্বৈতবাদী হইয়াও দ্বিতীয় অধ্যায়ের অষ্টাদশ শ্লোকের ব্যাখ্যায় "এবং সত আত্মনোনিত্যত্বমসতো দেহাদেরনিত্যত্বঞ্চোক্তমুপসংহরন্ এনং যুদ্ধাভিমুখং করোতি" বলিয়া আরম্ভ এবং "'তস্মাৎ যুধ্যস্ব ভারত' ভীষ্মাদিদেহানাং মিথ্যাত্বাদনিত্যত্বাচ্চ স্বয়মেব নষ্টপ্রায়তয়া হননান্নিবৃত্যা ত্বয়া স্বধর্ম্মো ন নাশনীয় ইতি ভাবঃ" বলিয়া শেষ করিয়াছেন। অপিচ বৈষ্ণবাচার্য্যগণ প্রায় সকলেই অর্জ্জুনের

(১) ২।১৮ শ্লোকের ভাষ্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পক্ষে যুদ্ধই কর্তব্য ও অত্যাজ্য, ভগবানের উপদেশের এইরূপ সরল তাৎপর্য্যই গ্রহণ করিয়াছেন।

পক্ষান্তরে শ্রীমধুসূদন সরস্বতী যদিও শঙ্করমতের অনুসরণ করিয়া "অর্জ্জুনস্য স্বধর্ম্মে যুদ্ধে প্রবৃত্তস্য তত উপরতিকারণং শোকমোহৌ তৌ চ বিচারজনিতেন বিজ্ঞানেন বাধিতাবিত্যপবাদাপবাদে উৎসর্গস্যস্থিতিরিতি ন্যায়েন যুধ্যস্বেত্যনুবাদো ন বিধিঃ" বলেন তবুও অর্জ্জুন যে কার্য্যে প্রবৃত্ত হইয়াছেন তাহার সহিত গীতার এবং গীতার উপদেশের সহিত অর্জ্জুনের ব্যক্তিগত সমস্যার সম্পর্ক বা সম্বন্ধ অস্বীকার না করিয়াই বলেন :—

"তত্র" "দ্বিবিধো মোহঃ" "নিরাকরণীয়ঃ"। "তত্রাত্মনি স্বপ্রকাশপরমানন্দরূপে সর্ব্বসংসারধর্ম্মাসংস্পর্শিনি স্থূলসূক্ষ্মশরীরদ্বয়তৎকারণাবিদ্যাখ্যোপাধিত্রয়াবিবেকেন মিথ্যাভূতস্যাপি সংসারস্য সত্যত্বাত্মধর্ম্মত্বাদিপ্রতিভাসরূপ একঃ সর্ব্বপ্রাণিসাধারণঃ। অপরস্তু যুদ্ধাখ্যে স্বধর্ম্মে হিংসাদিবাহুল্যেনাধর্ম্মত্বপ্রতিভাসরূপোঽর্জ্জুনস্যৈব করণাদিদোষনিবন্ধনোঽসাধারণঃ। এবমুপাধিত্রয়বিবেকেন শুদ্ধাত্মস্বরূপবোধঃ প্রথমস্য নিবর্ত্তকঃ সর্ব্বসাধারণঃ। দ্বিতীয়স্যতু হিংসাদিমত্ত্বেঽপি যুদ্ধস্য স্বধর্ম্মত্বেনাধর্ম্মত্বাভাববোধোঽসাধারণঃ।" (২।১১ শ্লোকেরটীকার মুখবন্ধ)।

শুধু প্রাচীন টীকাকারগণের মধ্যে নহে, গীতার আধুনিক সমালোচকগণের মধ্যেও কুরুক্ষেত্রের যুদ্ধের সহিত গীতোক্ত উপদেশের সম্বন্ধ বিষয়ে যথেষ্ট মতভেদ দেখা যায়। পাশ্চাত্য ঐতিহাসিক দৃষ্টিতে গীতারম্ভের ঘটনার ঐতিহাসিকতা (historicity) যাঁহাদের অমান্য, অথবা যাঁহারা কুরুক্ষেত্রের রণাঙ্গনে আসন্ন রণকোলাহলের মধ্যে গীতার বাণী উদ্ঘোষিত হইবার সম্ভাবনা অস্বীকার করিয়া মহাভারতের ভগবদ্গীতাপর্ব্বাধ্যায়কে প্রক্ষিপ্ত বলেন তাঁহারাও সকলে ইহার মূলীভূত প্রশ্ন ও চূড়ান্ত মীমাংসার বাস্তবতা (reality) অস্বীকার করেন নাই। পক্ষান্তরে যাঁহারা নৈতিক বা আধ্যাত্মিক দৃষ্টিতে গীতোক্ত সংবাদের বিচার করিয়াছেন তাঁহারাও সকলে এতদুভয়ের বাস্তবতা স্বীকার করেন নাই।

সে যাহা হউক সূচনার রণভূমি, উপক্রমের প্রশ্ন, অধ্যায়ের পর অধ্যায়ে ধর্ম্মযুদ্ধে প্রবৃত্ত হইবার উপদেশ, এবং উপসংহারে অর্জ্জুনের বিশেষ প্রতিশ্রুতির তাৎপর্য্য যে কি এবং এই সকলের সহিত গীতোক্ত ব্রহ্মবিদ্যাশ্রিত যোগোপদেশের সম্বন্ধ যে কতদূর আছে বা নাই তৎসম্বন্ধে আধুনিক সমালোচকগণের আদর্শস্থানীয় (typical) মতগুলি নিম্নে উদ্ধৃত হইল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীতোক্ত ধর্ম্মনীতির বৈশিষ্ট্য বিচার করিয়া লোকমান্য তিলক বলেন ঃ—

"ভগবদ্গীতার উপক্রম, উপসংহারাদির দিকে দৃষ্টিপাত করিলে দেখিতে পাওয়া যাইবে যে ভারতীর যুদ্ধ আরম্ভ হইবার পূর্ব্বে যখন কুরুক্ষেত্রে দুই পক্ষের সৈন্য যুদ্ধে সজ্জিত হইয়া পরস্পরের উপর শস্ত্রসম্পাতে উদ্যত তখন অর্জ্জুন উভয় সৈন্যের দিকে দৃষ্টিপাত করিয়া দেখিতে পাইলেন যে আপনারই বাপ, কাকা, পিতামহ, মাতামহ, মামা, ভাই, পুত্র, পৌত্র, বন্ধু, আত্মীয়, গুরু, গুরুভাই প্রভৃতি দুইদিকে ভরিয়া আছে এবং এই যুদ্ধে সকলেই নাশপ্রাপ্ত হইবে।" "যুদ্ধের ফলে কুলক্ষয়ের প্রত্যক্ষ স্বরূপ যখন অর্জ্জুনের দৃষ্টিতে উপস্থিত হইল তখন তাঁহার ন্যায় মহাযোদ্ধারও মনে বিষাদ আসিল; মুখ শুকাইয়া গেল এবং বিষণ্ণবদনে হস্ত হইতে ধনুর্ব্বাণ নিক্ষেপ করিয়া বেচারা রথে চুপচাপ বসিয়া পড়িলেন ; তখনই অর্জ্জুনকে স্বীয় ক্ষাত্রধর্ম্মে প্রবৃত্ত করিবার জন্য ভগবান গীতার উপদেশ করিলেন।" "সাংসারিক কর্ম্ম হইতে নিবৃত্ত হইয়া ভগবদ্ভজনে প্রবৃত্ত হওয়া কিংবা সন্ন্যাস-গ্রহণ করা ইহাই যদি গীতার তাৎপর্য্য বলিতে হয় তাহা হইলে অর্জ্জুন যুদ্ধের নিষ্ঠুর কার্য্য পরিত্যাগ করিয়া ভিক্ষা মাগিতে তখনই প্রস্তুত থাকায়, 'বাঃ বড় উত্তম কথা বলিয়াছ তোমার এই উপরতি দেখিয়া আমার অত্যন্ত আনন্দ হইতেছে চল আমরা দুজনেই এই কর্ম্মময় সংসারত্যাগ করিয়া সন্ন্যাসাশ্রম কিংবা ভক্তিযোগ অবলম্বন করিয়া আমাদের আত্মার কল্যাণসাধন করি' এইরূপ অর্থের দুই একটি শ্লোক শ্রীকৃষ্ণের মুখে পুরিয়া দিয়া সেইখানেই গীতা সমাপ্ত করা উচিত ছিল।" "সন্ন্যাস গ্রহণের সময় বস্ত্র গেরুয়া করিবার জন্য একমুঠা গেরুয়ামাটি কিংবা ভক্তিপূর্ব্বক নামসংকীর্ত্তন করার জন্য করতালমৃদঙ্গাদি সমস্ত কুরুক্ষেত্রে না মিলিত এমত নহে।" "অর্জ্জুনের উপরতি জ্ঞানমূলক ছিল না মোহমূলক ছিল এইরূপ বলিলেও উপরতিই ত হইয়াছিল তাহা হইলে অর্দ্ধেক কাজ হইল"। "যদহরেব বিরজেৎ তদহরেব প্রব্রজেৎ' উপনিষদে ত ইহাই উক্ত হইয়াছে।" "কিন্তু সেরূপ কিছু না করিয়া বরং দ্বিতীয় অধ্যায়ের আরম্ভেই শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে বলিতেছেন 'অর্জ্জুন তোমার এই দুর্ব্বুদ্ধি কি প্রকারে আসিল ? এই ক্লৈব্য তোমার শোভা পায় না। ইহা তোমার কীর্ত্তিনাশ করিবে, এই দৌর্ব্বল্য ত্যাগ করিয়া যুদ্ধে প্রবৃত্ত হও।' "গীতা বিবৃত করার সময়েও স্থানে স্থানে অনেক প্রকারের অনেক কারণ দেখাইয়া এবং শেষে 'তস্মাৎ' অর্থাৎ অতএব এই পদ (অনুমানবাচক গৌরবাত্মক পদ) প্রয়োগ পূর্ব্বক 'তস্মাৎযুধ্যস্ব-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভারত' (২।১৮) 'তস্মাদুত্তিষ্ঠ কৌন্তের যুদ্ধায় কৃতনিশ্চয়ঃ' (২।৩৭) 'তস্মাদসক্তঃ সততং কার্য্যংকর্ম্ম সমাচর' (৩।১৮) 'কুরু কর্ম্মৈব তস্মাত্ত্বং' (৪।১৮) 'মামনুস্মর যুধ্য চ' (৮।৪) 'নিমিত্তমাত্রং ভব সব্যসাচিন্' 'যুধ্যস্ব জেতাসি রণে' (১১।৩৩) 'জ্ঞাত্বা শাস্ত্রবিধানোক্তং কর্ম্ম কর্ত্তুমিহার্হসি' (১৬।২৪) এইরূপ অর্জ্জুনকে নিশ্চিতার্থক কর্ম্মপর উপদেশ করিয়া অষ্টাদশতম অধ্যায়ের উপসংহারে পুনর্ব্বার 'এই সমস্ত কর্ম্ম করা উচিত'। (গী, ১৮।৬) এইরূপ নিজের নিশ্চিত ও উত্তম মত ভগবান বিবৃত করিয়াছেন এবং পরিশেষে "অর্জ্জুন তোমার অজ্ঞানমোহ এখন নষ্ট হইল কি না?" (১৮।৭২) এই প্রশ্নের উত্তরে অর্জ্জুন শ্রীকৃষ্ণকে এই সন্তোষজনক উত্তর দিলেন—

"নষ্টোমোহঃ স্মৃতির্লব্ধা ত্বৎপ্রসাদান্ময়াচ্যুত!
স্থিতোঽস্মি গতসন্দেহঃ করিষ্যে বচনং তব।"

ইহা অর্জ্জুনের কেবল মুখের কথামাত্র নহে। তাহার পর অর্জ্জুন সত্যসত্যই যুদ্ধ করিয়া সংগ্রামে ভীষ্ম কর্ণ জয়দ্রথাদির বধসাধন করিলেন।"

"এই বিষয়ে কেহ কেহ বলেন যে অর্জ্জুনকে ভগবান যে উপদেশ দিয়াছেন তাহা নিবৃত্তিপর জ্ঞানযোগ কিংবা ভক্তিমার্গের উপদেশ এবং তাহাই গীতারও মুখ্য প্রতিপাদ্য বিষয়" "যুদ্ধের সম্পূর্ণতা সাধনকে মুখ্য বিষয় না ধরিয়া আনুষঙ্গিক কিংবা অর্থবাদাত্মক ধরিতে হইবে"........"এইরূপ তর্কযুক্তি অনুসারে গীতার উপক্রম, উপসংহার ও পরিণামফল ঠিক দাঁড়াইতে পারে না।" "অর্জ্জুনের মূলপ্রশ্নের অর্থাৎ মুখ্য উদ্দেশ্যের 'নিষ্কামবুদ্ধিতে যুদ্ধ কর' কিংবা 'কর্ম্ম কর' এইরূপ উত্তরকে অর্থবাদ বলিয়া কখনই উড়াইয়া দিতে পারা যায় না।"

"আমাদের ভারতবর্ষ যখন জ্ঞান বৈভব যশঃ ও পূর্ণ স্বরাজ্যের সুখভোগ করিতেছিল তখন এক সর্ব্বজ্ঞ মহাপরাক্রমী মনস্বী ও পরমপূজ্য ক্ষত্রিয় আর একজন মহাধনুর্দ্ধর ক্ষত্রিয়কে ক্ষাত্রধর্ম্মানুযায়ী স্বকর্ত্তব্যে প্রবৃত্ত করাইবার জন্য গীতার উপদেশ করিয়াছিলেন। ইহা প্রতি পাঠকের লক্ষ্য করা আবশ্যক। জৈন ও বৌদ্ধধর্ম্মের প্রবর্ত্তক মহাবীর এবং গৌতমবুদ্ধ এই দুইজন ক্ষত্রিয় ছিলেন, তথাপি ইহাঁরা উভয়েই বৈদিকধর্ম্মের কেবল সন্ন্যাসমার্গকে স্বীকার করিয়া ক্ষত্রিয়াদি সমস্তবর্ণের জন্য সন্ন্যাসধর্ম্মের দ্বার উদ্ঘাটিত করিয়া দিয়াছিলেন। শ্রীকৃষ্ণ সেরূপ করেন নাই কারণ ভাগবত ধর্ম্মের উপদেশ এই যে, শুধু ক্ষত্রিয় কেন, ব্রাহ্মণদিগকেও নিবৃত্তিমার্গের শান্তির সঙ্গে সঙ্গেই নিষ্কামবুদ্ধিতে আমরণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীউমাশঙ্কর সরকার

সমস্ত কর্ম্ম করিবার প্রযত্ন করিতে হইবে। যে কোনও উপদেশই হউক না কেন তাহার কোনও না কোনও কারণ অবশ্যই থাকে; এবং সেই উপদেশের জ্ঞান অর্জন করিবার ইচ্ছাও প্রথম হইতে জাগ্রত থাকা আবশ্যক। তাই এই দুই বিষয় স্পষ্ট করিবার জন্যই ব্যাসদেব গীতার প্রথম অধ্যায়ে শ্রীকৃষ্ণের অর্জ্জুনকে এই উপদেশ দিবার কারণ কি হইয়াছিল তাহা সবিস্তারে বর্ণনা করিয়াছেন।*

পক্ষান্তরে মহাত্মা গান্ধী বলেন :—

"The Gita is a small portion of the Mahabharata. The Mahabharata is considered to be a historical work but for us both the Mahabharata and the Ramayan are not historical works, but religious works, or rather if we call them histories, they are the histories of the soul. And it is not the description of what happened thousands of years ago, but it is the picture of what is going on in every human breast today. In both the Ramayan and the Mahabharata there is the description of the battle that is daily going on between the gods and the demons...The dialogue on the Gita between Sreekrishna and Arjuna is one such description. We should read the Gita with the realisation, the inward Seer Lord Sreekrishna is ever present in our breasts and that whenever we, becoming as Arjuna in his desire for knowledge, turn to him he is ever ready to shelter us".

"The battlefield of Kurukshetra is only by the way, the true Kurukshetra is our body. It is at once the Knrukshetra and Dharmakshetra."

"If we regard it as, and make it, the abode of God, it is Dharmakshetra. In this battlefield lies one battle or another always before us, and most of such battles arise out of the ideas "This is mine; this is thine." Such battles arise out of the difference between "my people and thy people." Hence the Lord will later on tell Arjuna that the root of all irreligion is attachment and aversion. Believe a thing to be 'mine' and attachment is created for it. Believe a thing to be 'not

* বালগঙ্গাধর তিলক প্রণীত গীতারহস্যম্ বা কর্ম্মযোগশাস্ত্র জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর-কৃত অনুবাদ ৪৫১, ৪৫২, ২৫১, ৪৫২, ৪৫৩, ২৬, ২৭, ৪৫১ পৃষ্ঠা দ্রষ্টব্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

'mine' and aversion is created—enmity is created. The Gita and all the other religious books of the world proclaim to us that the difference between mine and thine should be forgotten. That is to say attachment and aversion should be relinquished. It is one thing to say this and it is another thing to act according to it. The Gita teaches us to act according to it." ('Young India' issue no. 47 of 1930.)

অর্থাৎ "গীতা ঐতিহাসিক গ্রন্থ নহে,—পরন্তু—ভৌতিক যুদ্ধবর্ণনের রূপকের মধ্য দিয়া প্রত্যেক মনুষ্যের হৃদয়ের ভিতর যে দ্বন্দ্ব বা যুদ্ধ নিরন্তর চলিতেছে ইহাতে তাহাই বর্ণিত রহিয়াছে,—মহাভারতের বর্ণিত পাত্র মূলে ঐতিহাসিক হইতে পারে, কিন্তু ব্যাস ভগবান কেবল ধর্ম্মের দর্শন করাইবার জন্যই মহাভারতে তাহাদের ব্যবহার করিয়াছেন।" "গীতার কৃষ্ণ মূর্ত্তিমন্ত শুদ্ধপূর্ণজ্ঞান কিন্তু কাল্পনিক।" "গীতার অর্জ্জুন ঐতিহাসিক অর্জ্জুন নহে।" "অর্জ্জুনের প্রশ্ন যুদ্ধ করিব কেন—ইহাই নহে, অর্জ্জুনের জিজ্ঞাসা ব্রহ্মজিজ্ঞাসা"। "আত্মার্থীদিগকে আত্মদর্শন করাইবার এক অদ্বিতীয় উপায় দেখানই গীতার উদ্দেশ্য,—এই অদ্বিতীয় উপায় কর্ম্মফলত্যাগ"। (শ্রীমদ্ভগবদ্গীতা : গান্ধীভাষ্য শ্রীযুক্ত সতীশচন্দ্র দাসগুপ্ত প্রণীত, পৃষ্ঠা ৭৮—৮০)।

আর, শ্রীঅরবিন্দ বলেন :—

"The situation from which the Gita arises" is "a type of human life and even of all world-existence". "Life is a battle and a field of death—this is Kurukshetra". "War and destruction are not only a universal principle of our life here in its purely material aspects, but also of our mental and moral existence. It is self-evident that in the actual life of man, intellectual, social, political, moral, one can make no real step forward without a struggle, a battle between what exists and what seeks to exist and live and all that stands behind either. Evil can not perish without the destruction of much that lives by the Evil, and it is no less destruction even if we personally are saved the pain of a sensational act of violence." "Love itself has been constantly a power of death" "Everytime we use soulforce we raise a great force of karma against our adversary the aftermovement of which we have no power to

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

control. So far as the problem of the individual action goes his abstention from strife and its inevitable concomitant destruction in their more gross and physical form may help his own moral being, but it leaves the Slayer of creatures unabolished."

"It is only a few religions which have had the courage to say without any reserve, like the Indian, that the enigmatic World-Power is one Deity, one Trinity to lift up the image of the Force that acts in the world in the figure not only of the beneficient Durga, but of the terrible Kali in her bloodstained dance of destruction and to say "this too is the Mother, this also know to be God ; this too, if thou hast the strength to adore". And it is significant that the religion which has had the unflinching honesty and tremendous courage, has succeeded in creating a profound and widespread spirituality such as no other can parallel. For truth is the foundation of real spirituality and courage is its soul".

"We must acknowledge Kurukshetra we must submit to the law of Life by Death before we can find our way to the life immortal."

"There is a method of explaining the Gita in which not only the episode but the whole Mahabharata is turned into an allegory of the inner life and has nothing to do with our outword human life and action but only with the battles of the Soul and the powers that strive within us for possession. This is a view which the general character and the actual language of the Epic do not justify." (Essays on the Gita : First Series ?) by Shri Auravindo Ghosh. Pages 55, 56, 59, 60, 63, 64, 65.)

প্রত্যুত কুরুক্ষেত্রের মহাসমর প্রসঙ্গে গীতার মূল প্রশ্ন উত্থাপিত হইবার তাৎপর্য্য বা বিশেষ উপযোগিতা অস্বীকার করা যায় না। গীতা ও ভারতযুদ্ধ সহ সমগ্র মহাভারত রূপক বা allegory বলিয়া ব্যাখ্যা করিলেও গীতার মূল প্রশ্নের অর্থাৎ ধর্ম্মযুদ্ধ বলিয়া কিছু আছে কিনা, থাকিলে তাহা অবশ্য কর্ত্তব্য কিনা, অবশ্য কর্ত্তব্য হইলে কি ভাবে করিলে 'হত্বাপি ন নিবধ্যতে' ইত্যাদি জিজ্ঞাসার অবকাশ পুরাকালেও ছিল এবং বর্ত্তমানেও আছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিন্তু তাই বলিয়া গীতা জনৈক পাশ্চাত্য মনীষী বর্ণিত (১) 'metaphysics of war' মাত্র নহে, গীতা metaphysics of war and atonement অর্থাৎ salvation উভয়ই বটে। ভূমিকম্প, ঝঞ্ঝা, জলোচ্ছ্বাস, মহামারীর ন্যায় মহারণও ভাগবতলীলার বহির্ভূত বিষয় নহে। পরন্তু ভগবানের প্রলয়ঙ্কর ধ্বংসলীলার প্রকারবিশেষ। দেবী মাহাত্ম্যের ঋষি যেমন বলেন—

"রক্ষাংসি যত্রোগ্রবিষাশ্চ নাগাঃ
যত্রারয়ো দস্যুবলানি যত্র।
দাবানলো যত্র তথাব্ধিমধ্যে
তত্র স্থিতা ত্বং পরিপাসি বিশ্বং॥"

গীতার ভগবানও তেমনি বলিবেন, বলিবেন কেন একাদশ অধ্যায়ে দেখাইবেন, কুরুপাণ্ডবের মহারণেও তাঁহার বিশ্বসৃষ্টিসংহারের লীলাচ্ছন্দ বর্ত্তমান। লীলাধীশের সে লীলাশ্রয় হইবার যোগ্যতা কে কিভাবে লাভ করিতে পারে, ভগবানের সহিত একাত্মতা লাভ করিয়া তাঁহার বিশ্বনৃত্যের ছন্দ স্বচ্ছন্দে পরিণত করিয়া ভাগবত কর্ম্মের যোগ্যতা এবং আপনার আধ্যাত্মিক জীবনের পরম সার্থকতা লাভ করিতে পারে গীতা মুখ্যতঃ সেই ব্রহ্মবিদ্যাশ্রিত যোগোপদেশ। ইহা যদি Aldous Huxley বর্ণিত "The most systematic statement of perennial philosophy" হয় তাহা হইলে the most perfect enunciation of self-less action attuned with the moral order of the universeও বটে।

গীতার প্রথম অধ্যায় কেহ 'সৈন্যদর্শনযোগ' কেহ বা 'অর্জ্জুনবিষাদযোগ' নামে অভিহিত করিয়াছেন। প্রথম অধ্যায়ের পূর্ব্বার্দ্ধে (৩ হইতে ২৭ শ্লোকে) বর্ণিত যে ঘটনাসংস্থান হইতে গীতার সূচনা যাঁহারা বিশেষভাবে তাহা লক্ষ্য করিয়াছেন এবং তৎপ্রতি পাঠকের দৃষ্টি আকর্ষণ করিতে চাহিয়াছেন তাঁহারা 'সৈন্যদর্শনযোগ' নামকরণ করিয়াছেন। পক্ষান্তরে যাঁহারা পরার্দ্ধে (২৮ হইতে ৪৬ শ্লোকে) বর্ণিত সৈন্যদর্শনোত্তর অর্জ্জুনের মনের প্রতিক্রিয়ার অর্থাৎ অর্জ্জুনের চিত্তবিক্ষোভ, উৎসাহভঙ্গ, সঙ্কল্পত্যাগ, শস্ত্র পরিহার অর্থাৎ 'ক্লৈব্যের' প্রতি দৃষ্টি আকর্ষণ করিতে চাহিয়াছেন তাঁহারা বর্ত্তমান অধ্যায় 'অর্জ্জুনবিষাদযোগ' নামে অভিহিত করিয়াছেন। কুরুক্ষেত্রের যুদ্ধ আরম্ভ হইবার পূর্ব্বে গুরুস্বজনাকীর্ণ সেনাসমাবেশ দর্শন এবং অর্জ্জুনের মনে তজ্জনিত গভীর বিষাদের সঞ্চার উভয়ই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গীতায় বর্ণিত শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদের উপলক্ষমাত্র। একটি বাহ্য (objective) অপরটি মানস (subjective)। উপলক্ষ বলিয়া আমরা যে উহার গুরুত্ব অস্বীকার করিতেছি তাহা নহে। একটি কর্মক্ষেত্র অপরটি কর্ম্মিসংক্রান্ত। যুযুৎসু উভয়পক্ষে পূজনীয় ও স্নেহাস্পদ পরমাত্মীয়গণের নেতৃত্বাধীন সেনাসমাবেশ প্রত্যক্ষ না করিলে অর্জ্জুনের মনে গভীর বিষাদের ছায়াপাত ও শোকের প্রভাবে ও পাপের আশঙ্কায় শস্ত্র পরিহার সম্ভব হইত না। আর অর্জ্জুনের বিষাদবিমোহ দূর করিবার অভিপ্রায়ে, অর্জ্জুনকে যোগযুক্ত বা "যোগসংসিদ্ধ" কর্ম্মী করিবার ভগবদ্-আগ্রহে, অর্জ্জুনকে 'পরিত্রাণায় সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাম্' শ্রীকৃষ্ণাবতারের 'দিব্যকর্ম্মে'র সহযোগী করিয়া লইবার প্রয়াস ফলে, আমরা যদি সর্ব্বোপনিষদের সার সংগ্রহ গীতাশাস্ত্র লাভ করিয়া থাকি তাহা হইলে সৈন্য-দর্শনযোগ বা অর্জ্জুনবিষাদযোগ উভয় নামকরণই সুসঙ্গত মনে হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বিতীয় অধ্যায়

(সাংখ্য যোগ)

পূর্ব্বাভাস

পাপের আশঙ্কা ও স্বজনের প্রতি মমতাহেতু কৃপাবিষ্ট ক্লীবভাবাপন্ন অশ্রুপূর্ণ অর্জ্জুনের প্রতি "তুচ্ছহৃদয়দৌর্ব্বল্য" ত্যাগের উপদেশে এই অধ্যায়ের আরম্ভ (২)। অর্জ্জুন তাঁহার দুর্ব্বলতার এবং অন্তর্ব্বিরোধের কারণ সুস্পষ্টভাবে উল্লেখ করিয়া কি উপায়ে তাঁহার শোকসন্তাপ দূর হইতে পারে তৎসম্বন্ধে অজ্ঞতা প্রকাশপূর্ব্বক সারথী শ্রীকৃষ্ণের উপদেশ প্রার্থনা করিলেন এবং যুদ্ধ করিবেন না বলিয়া তুষ্ণীম্ভাব অবলম্বন করিলেন (৯)। প্রথম অধ্যায়শেষে বিষণ্ণ অর্জ্জুনের শস্ত্রত্যাগ এক্ষণে যুদ্ধের সঙ্কল্পত্যাগে এমন কি ভিক্ষাবৃত্তি অধিকতর শ্রেয়স্কর এই সিদ্ধান্তে পর্য্যবসিত হইল। অথচ অর্জ্জুনের রথ উভয় সেনার মধ্যে অবস্থিত। কাজেই একদিকে সুনীতির পক্ষপাতী উদারচেতা অর্জ্জুনের উপস্থাপিত মহৎব্যক্তিসুলভ প্রশ্ন শুনিয়া, অপরদিকে পাণ্ডব সেনাপতির শোকবিহ্বলতা ও রণবিমুখতা অর্থাৎ মূঢ়জনোচিত ব্যবহার দেখিয়া, শ্রীভগবান স্মিতমুখে উপদেশ দিতে আরম্ভ করিলেন (১০)।

শ্রীভগবানের উদ্দেশ্য অর্জ্জুনের মোহনাশ ত বটেই পরন্তু অর্জ্জুনকে "মুক্তস্য কর্ম্মে"র অধিকারী করিয়া লওয়া। অতএব সর্ব্বপ্রথমে অর্জ্জুনের দেহাত্মবুদ্ধি দূর করিতে শ্রীভগবান দেহীর দেহধারণ ও দেহান্তর প্রাপ্তি কি ভাবে দেখা উচিত এবং আত্মার স্বরূপ কি তৎসম্বন্ধে উপদেশ দিতে আরম্ভ করিয়া আত্মা যে দেহ হইতে সম্পূর্ণ বিভিন্ন বস্তু, দেহের নাশ ও দেহান্তর প্রাপ্তি যে কৌমার যৌবন জরার ন্যায় অবস্থান্তর মাত্র—জীর্ণ বাসত্যাগ করিয়া নববস্ত্র পরিধানের অধিক গুরুতর কিছু নহে—শীতোষ্ণ সুখদুঃখ বোধ যে ইন্দ্রিয়গ্রাহ্যবিষয়-সংস্পর্শজনিত ঘটনা অতএব উৎপত্তিবিনাশশীল—নির্দ্বন্দ্ব ও সুখদুঃখাতীত হইয়াই যে অমৃতত্বের যোগ্যতালাভ করা যায়—অসৎবস্তুর যেমন অস্তিত্ব নাই, পক্ষান্তরে যাহা সৎ তাহা যে তেমনই নাশশূন্য—সর্ব্বব্যাপী আত্মাযে অবিনাশী—দেহের নাশ থাকিলেও দেহী আত্মা যে নিত্য—ইহা যে হনন কার্য্যের কর্ত্তা কর্ম্ম কিছুই হইতে পারে না—অজ, অচল, অমর, অপ্রমেয়, নিত্য, শাশ্বত, সর্ব্বগত, সনাতন—শরীর নাশেও বিনষ্ট হয় না—ছেদন-দহন-ক্লেদন-শোষণাতীত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অবাঙ্‌মনসগোচর পরমাশ্চর্য্যতত্ত্ব, ১১ হইতে ২৫ শ্লোকে তাহাই বিবৃত করিলেন। আর বলিলেন আত্মা যখন এইরূপতত্ত্ব তখন "এবং বিদিত্বৈনং নানুশোচিতুমর্হসি" এইভাবে জানিলে শোক করা উচিত নহে। আর যদি তর্কস্থলে আত্মাকে জন্ম মৃত্যুর অধীন মনে কর তাহা হইলে যাহা কিছু জন্মলাভ করে মৃত্যু যখন তাহার সুনিশ্চিত তখন অপরিহার্য্য বা অবশ্যম্ভাবী বিষয়ের জন্য শোকও নিষ্ফল— "তথাপি ত্বং মহাবাহো নৈবং শোচিতুমর্হসি" (২৭)। সর্ব্বভূতই আদিতে অব্যক্ত, অদৃষ্টিগোচর থাকে, মধ্যে অর্থাৎ উৎপত্তিলাভের পরে দৃষ্টিগোচর হয়, আবার মৃত্যুর পরে লয়প্রাপ্ত ও অদৃশ্য হয়, অতএব ইহার জন্য দুঃখ কি? প্রত্যুত আত্মা এমন তত্ত্ব কেহ ইহাকে 'আশ্চর্য্যবৎ' দেখিয়াছেন, কেহ ইহা ঐরূপ বর্ণনা করিয়াছেন, কেহ বা ইহার তত্ত্বশ্রবণে বিস্মিত হইয়াছেন, তথাপি আত্মতত্ত্বজ্ঞানলাভ করিতে পারেন নাই। আর কথা—

দেহী নিত্য অবধ্যোঽয়ং দেহে সর্ব্বস্য ভারত।
তস্মাৎ সর্ব্বাণিভূতানি নত্বং শোচিতুমর্হসি ॥ ৩০

শোকের যুক্তিহীনতা ও অকর্ত্তব্যতার উপদেশ প্রসঙ্গে 'স্ব' এর অর্থাৎ আত্মার স্বরূপ সম্বন্ধে উপনিষদ্ কথিত উপদেশ দিয়া শ্রীভগবান তদনন্তর বলিতেছেন 'স্বধর্ম্মের' দিক দিয়া বিচার করিলেও শোক-বিহ্বল হইয়া যুদ্ধ পরিত্যাগ করা অর্জ্জুন! তোমার কর্ত্তব্য নহে। ধর্ম্মযুদ্ধ অপেক্ষা ক্ষত্রিয়ের পক্ষে অধিকতর শ্রেয়স্কর আর কিছু নাইও বরং ধর্ম্মানুমোদিত যুদ্ধত্যাগে পাপভাজন হইবে, চির-অকীর্ত্তি লাভ করিবে। অতএব

সুখে দুঃখে সমে কৃত্বা লাভালাভৌ জয়াজয়ৌ।
ততো যুদ্ধায় যুজ্যস্ব নৈবং পাপমবাপ্স্যসি ॥ ৩৮

কর্ম্ম করিলেও তাহা বন্ধন হেতু হইবে না, যুদ্ধ করিলেও পাপস্পর্শ করিবে না, ইহা কেমন করিয়া সম্ভব হইতে পারে? সেই উপদেশের অবতারণা প্রসঙ্গে শ্রীভগবান বলেন 'সাঙ্খ্যের' অর্থাৎ জ্ঞানযোগের, আত্মানাত্মবিবেকের, দিক দিয়া যাহা বলা হইয়াছে, যোগের অর্থাৎ কর্ম্মযোগের দিক দিয়াও তাহাই বুঝিতে হইবে। তাহা বুঝিলে কর্ম্মবন্ধনমুক্ত হইতে পারিবে। এই যে 'ধর্ম্মের' নির্দ্দেশ করা হইতেছে ইহার সাধনে আরব্ধ কর্ম্মের নিষ্ফলতা বা বিনাশ নাই। ইহার সামান্য অনুষ্ঠানও অভয়প্রাপ্তির বা মুক্তির কারণ হয়। একাগ্রতাযুক্ত বুদ্ধি একনিষ্ঠ হয়, আর বহুল কামনাযুক্ত বুদ্ধির বিক্ষিপ্ততার অন্ত নাই (৪০-৪১)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কেমন করিয়া সে যোগলাভ হইবে? বেদ অর্থাৎ কর্ম্মকাণ্ডবিহিত কর্ম্মানুষ্ঠানের দ্বারাই কি হইবে? উত্তর—না। 'বেদবাদরত'দিগের অর্থাৎ কর্ম্মকাণ্ড-বিহিতঅনুষ্ঠানপরায়ণ ব্যক্তিগণের পুষ্পিত বাক্যে মুগ্ধচিত্তজনের বুদ্ধি কখনও যোগযুক্ত হয় না। কারণ বেদের কর্ম্মকাণ্ড ত্রিগুণাত্মক কর্ম্ম-বিধায়ক। তুমি ত্রিগুণাতীত, নির্দ্বন্দ্ব, নিত্যসত্ত্বস্থ, নির্যোগক্ষেম, আত্মবান হও, তুমি ব্রহ্মবিদ্ হও, কারণ ব্রহ্মবিদের পক্ষে বেদোক্ত অর্থাৎ কর্ম্মকাণ্ডবিহিত কার্য্যসমূহের আর ব্যক্তিগত প্রয়োজন থাকে না। আরও মনে রাখিতে হইবে কর্ম্মেই তোমার অধিকার—কর্ম্মফলে নহে, আর সে কর্ম্মও যোগস্থ হইয়া, আসক্তি ত্যাগ করিয়া, সিদ্ধি-অসিদ্ধি সমজ্ঞান করিয়া করিতে হইবে। সমত্বই যোগ। সমত্ববুদ্ধিবিরহিত কর্ম্ম অতিশয় নিকৃষ্ট অতএব সমত্ব বুদ্ধির শরণ লও, সাধন কর। সমত্ববুদ্ধিযুক্তব্যক্তি সুকৃত দুষ্কৃতের অর্থাৎ পুণ্যপাপফলপ্রসূ কর্ম্মের বিচার ত্যাগকরেন। অতএব সেই যোগের শরণ লও, সাধন কর, যাহা "কর্ম্মসু কৌশলম্" যাহাতে কর্ম্মকরিয়াও কর্ম্মফল মুক্ত থাকা যায় (৪২—৫০)। আর যে সকল মনীষী কর্ম্মফল ত্যাগ করিতে পারেন তাঁহারা

'জন্মবন্ধবিনির্মুক্তাঃ পদং গচ্ছন্ত্যনাময়ম্'। (৫১)

অর্জ্জুন! তোমার বুদ্ধি যখন মোহমুক্ত হইবে, কর্ম্মফলাকাঙ্ক্ষা ত্যাগ করিয়া নির্ব্বেদ লাভ করিবে, তখনই অচলভাবে সমাহিত হইবে, তুমি স্থিতপ্রজ্ঞ হইবে, যোগযুক্ত হইবে (৫২-৫৩)।

অর্জ্জুনের প্রশ্ন: 'স্থিতপ্রজ্ঞ' কাহাকে বলে, তাঁহার লক্ষণ কি? তিনি কি বলেন, কি ভাবে থাকেন, কেমন ভাবে চলেন? শ্রীভগবান বলিলেন, যিনি নিষ্কাম, সমস্ত কামনামুক্ত, আত্মারাম, সুখে দুঃখে অবিচলিত, ভয়ক্রোধবিরাগবিদ্বেষ-বিরহিত, বিষয়াবলী হইতে যাহার ইন্দ্রিয়গ্রাম প্রত্যাহৃত, যিনি বিষয়তৃষ্ণা পর্য্যন্ত বর্জ্জিত, যাঁহার ইন্দ্রিয়গ্রাম সম্পূর্ণ বশীকৃত তিনিই স্থিতপ্রজ্ঞ। তিনি আত্মজ্ঞান লাভে প্রবুদ্ধ হন কামনারাশি তাঁহাকে বিচলিত করিতেপারে না। সমুদ্রে নদনদীরজলধারা প্রবেশ লাভ করিলেও সমুদ্র যেমন অবিচলিত থাকে, তেমনই সমস্ত কামনার বিষয় অন্তরে প্রবেশ লাভ করিলেও যিনি নিষ্কাম, নিস্পৃহ, নির্ম্মম ও নিরহঙ্কার থাকেন তিনিই পরম শান্তিলাভ করেন (৫৪-৭০)। তাঁহার অবস্থাই ব্রাহ্মীস্থিতিবাচক (৭১)। এই 'ব্রাহ্মীস্থিতি' যিনি লাভ করেন তাঁহার আর মোহপ্রাপ্তি ঘটে না এবং অন্তকালাবধি ইহাতে অবিচলিত থাকিয়া অবশেষে 'ব্রহ্মনির্ব্বাণ' প্রাপ্ত হন (৭২)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

তং তথা কৃপয়াবিষ্টমশ্রুপূর্ণাকুলেক্ষণম্।
বিষীদন্তমিদং বাক্যমুবাচ মধুসূদনঃ ॥১

অধ্যায়োক্ত বিষয় নির্দ্দেশ।

'এবং তাবদর্জ্জুনস্যাত্মতত্ত্বোপদেশনিমিত্তশোকমোহপ্রদর্শনায়োপোদ্‌ঘাতত্বেন প্রথমোঽধ্যায়ো নিরূপিতঃ। ততঃ শোকমোহনিবৃত্তয়ে দেহাত্মবিবেকস্তৎসাধনভূতাসঙ্গকর্ম্মযোগ সত্ত্বশুদ্ধিপূর্ব্বক ভগবদাশ্রয়ণসাধ্য সর্ব্বেন্দ্রিয়সংযমস্ততঃ স্থিতপ্রজ্ঞতা তৎফলং সর্ব্বদুঃখনিবৃত্তিপূর্ব্বকপরমশান্তিরিতি সর্ব্বগীতাশাস্ত্রার্থঃ সংক্ষেপেণ দ্বিতীয়োঽধ্যায়ে নিরূপিতঃ' (ক)।*

(১)

সঞ্জয়ঃ উবাচ

অন্বয়। মধুসূদনঃ কৃপয়া আবিষ্টম্ অশ্রুপূর্ণাকুলেক্ষণং তথা বিষীদন্তং তং ইদং বাক্যম্ উবাচ।

সঞ্জয় কহিলেন

অনুবাদ। মধুসূদন করুণাবিহ্বল অশ্রুপূর্ণাকুলনেত্র এবং বিষণ্ণ তাঁহাকে (অর্জ্জুনকে) এই কথা বলিলেন।

টীকা। **কৃপয়াবিষ্টম্**—কৃপয়া করুণয়া আবিষ্টম্ অধিষ্ঠিতম্ (আ) কৃপয়া স্নেহেন নতু দয়য়া আবিষ্টং ব্যাপ্তম্ (নী)। **বিষীদন্তম্**—শোচন্তম্ (আ)।

---

* তৃতীয় অধ্যায়ের মুখবন্ধ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীভগবান উবাচ

কুতস্ত্বা কশ্মলমিদং বিষমে সমুপস্থিতম্।
অনার্য্যজুষ্টমস্বর্গ্যমকীর্ত্তিকরমর্জ্জুন ! ॥ ২
ক্লৈব্যং মাস্মগম পার্থ ! নৈতৎত্বয্যুপপদ্যতে।
ক্ষুদ্রং হৃদয়দৌর্ব্বল্যং ত্যক্ত্বোত্তিষ্ঠ পরন্তপ ! ॥ ৩

(২)

শ্রীভগবান্ উবাচ

অন্বয়। [হে] অর্জ্জুন কুতঃ (অস্মিন্) বিষমে ইদম্ অনার্য্যজুষ্টম্ অস্বর্গ্যম্ অকীর্ত্তিকরং কশ্মলং ত্বা সমুপস্থিতম্ ?

শ্রীভগবান কহিলেন

অনুবাদ। [হে] অর্জ্জুন কোথা হইতে (এই) সঙ্কটে এরূপ অনার্য্যসেবিত, স্বর্গহানিজনক, অকীর্ত্তিকর মোহ তোমাতে আসিয়া উপস্থিত হইল (অর্থাৎ তোমাকে আশ্রয় করিল) ?

টীকা। কৃপাবিষ্টং অশ্রুপূর্ণকুলেক্ষণং অর্জ্জুনং প্রতি ভগবান্ আহ।
ত্বা—ত্বাম্। **কশ্মলং**—বৈক্লব্যম্ (নী) মোহঃ (বি)।
বিষমে—সংগ্রামসঙ্কটে (বি)। **উপস্থিতং**—প্রাপ্তম্।
জুষ্টম্—সেবিতম্ (ব)। **অস্বর্গ্যম্**—অধর্ম্ম্যম্ (শ্রী)।

(৩)

অন্বয়। [হে] পার্থ ! ত্বং ক্লৈব্যং মাস্ম অগমঃ এতৎ ত্বয়ি ন উপপদ্যতে [হে] পরন্তপ ! ক্ষুদ্রং হৃদয়দৌর্ব্বল্যং ত্যক্ত্বা উত্তিষ্ঠ।

অনুবাদ। [হে] পার্থ ! তুমি ক্লীবভাব প্রাপ্ত হইও না, ইহা তোমার উপযুক্ত নহে। [হে] শত্রুনিগ্রহকারী ! তুচ্ছ মানসিক দুর্ব্বলতা ত্যাগ করিয়া উত্থান কর।

ক্লৈব্যম্—ক্লীবভাবমধৈর্য্যম্ (ম)। **উপপদ্যতে**—যুজ্যতে (ম)।
পরন্তপ—শত্রুতাপন (শ্রী)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অৰ্জ্জুন উবাচ

কথং ভীষ্মমহং সংখ্যে দ্রোণঞ্চ মধুসূদন।
ইষুভিঃ প্রতিযোৎস্যামি পূজার্হাবরিসূদন ॥৪

গুরূনহত্বা হি মহানুভাবান্
শ্রেয়ো ভোক্তুং ভৈক্ষ্যম্ অপীহ লোকে।
হত্বার্থকামাংস্তু গুরূনিহৈব
ভুঞ্জীয় ভোগান্ রুধিরপ্রদিগ্ধান্ ॥৫

(৪)

অৰ্জ্জুন উবাচ

অন্বয়। [হে] অরিসূদন মধুসূদন! অহং সংখ্যে পূজার্হৌ ভীষ্মং দ্রোণং চ ইষুভিঃ কথং প্রতিযোৎস্যামি ?

অৰ্জ্জুন কহিলেন

অনুবাদ। [হে] শত্রুসংহারক মধুসূদন! আমি যুদ্ধে ভীষ্ম ও দ্রোণ পূজনীয় ব্যক্তিদ্বয়ের সহিত শরসমূহ দ্বারা কিপ্রকারে যুদ্ধ করিব ?

টীকা। নাহং কাতরত্বেন যুদ্ধাদুপরতোঽস্মি কিন্তু যুদ্ধস্যান্যায্যত্বাদধর্ম্মত্বাচ্চ ইত্যাহ অৰ্জ্জুনঃ (শ্রী)। নমু "প্রতিবধ্নাতি হি শ্রেয়ঃ পূজ্যপূজাব্যতিক্রমঃ" ইতি স্মৃতেশ্চ (ব)।

অরিসূদন—শত্রুবিমর্দ্দন (শ্রী)। **সংখ্যে**—রণে (ম)।

(৫)

অন্বয়। হি মহানুভাবান্ গুরূন্ অহত্বা ইহলোকে ভৈক্ষ্যমপি ভোক্তুং শ্রেয়ঃ তু গুরূন্ হত্বা ইহৈব রুধিরপ্রদিগ্ধান্ অর্থকামান্ ভোগান্ (অহং) ভুঞ্জীয় ?

অনুবাদ। নিশ্চয়ই মহানুভব গুরুজনদিগকে হত্যা না করিয়া ইহলোকে ভিক্ষান্ন ভোজন করা শ্রেয়স্কর। নতুবা গুরুজনদিগকে হত্যা করিয়া ইহলোকে রুধিরাক্ত অর্থ-কামাত্মক ভোগ্যসকল কি ভোগ করিতে থাকিব ?

টীকা। পুনরপি পার্থঃ স্নেহকারুণ্যধর্ম্মব্যাকুলো ভগবদুক্তং হিতমজানন্নিদমুবাচ (রা)। গুর্ব্বাদিহননং লোকবেদবিরুদ্ধং ইত্যাহ (বভ)।

অর্থকামান্—অর্থকামাত্মকান্ (শ্রী)। **রুধিরপ্রদিগ্ধান্**—শোণিতলিপ্তান্। **ভুঞ্জীয়**—অশ্নীয়াম্ (শ্রী) সম্প্রশ্নেলিঙ্ (নী)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন চৈতদ্বিদ্মঃ কতরন্নো গরীয়ো
যদ্বা জয়েম যদি বা নো জয়েয়ুঃ ।
যানেব হত্বা ন জিজীবিষামঃ
তেঽবস্থিতাঃ প্রমুখে ধার্ত্তরাষ্ট্রাঃ ॥৬

(৬)

অন্বয়। (বয়ং) জয়েম যদি বা (এতে) নঃ জয়েয়ুঃ এতৎ নঃ কতরৎ গরীয়ঃ (তৎ) ন চ বিদ্মঃ যদ্বা যান এব হত্বা ন (বয়ং) জীজিবিষামঃ তে ধার্ত্তরাষ্ট্রাঃ প্রমুখে অবস্থিতাঃ।

অনুবাদ। (আমরা) জয় করি অথবা (ইহারা) আমাদিগকে জয় করে এই দুইটির মধ্যে কোনটি শ্রেষ্ঠ বুঝিতে পারিতেছি না। যেহেতু ঠিক যাঁহাদিগকেই বধ করিয়া (আমরা) বাঁচিতে চাহিনা সেই ধৃতরাষ্ট্রপুত্রগণ সম্মুখে অবস্থিত।

টীকা। ক্ষত্রিয়ানাং স্বধর্ম্মত্বাদ্‌যুদ্ধমেব শ্রেয়স্করমিত্যাশঙ্ক্য আহ ন চৈতদিতি। এতদপি ন জানীমো ভৈক্ষ্যযুদ্ধয়োঃকতরৎ নোঽস্মাকং গরীয়ঃ শ্রেষ্ঠং কিং ভৈক্ষ্যং হিংসাশূন্যত্বাদুত যুদ্ধং স্ববৃদ্ধিত্বাদিতি (আ)। কিঞ্চ যদ্যধর্ম্মানঙ্গীকরিষ্যাম স্তথাপি কিমস্মাকং জয়ঃ পরাজয়ো বা গরীয়ান্ ভবেদিতি ন জ্ঞায়ত ইত্যাহ ন চৈতদিতি (শ্রী)।

গরীয়ঃ—শ্রেষ্ঠম্ (আ) প্রশস্ততরম্ (ব)।

ন জিজীবিষামঃ—জীবিতুমপি নেচ্ছামঃ কিং পুনঃ ভোগান্ ভোক্তুমিত্যর্থঃ (ক)।

'এতাবতা গ্রন্থেন "তস্মাদেবং বিচ্ছান্তদান্তউপরতস্তিতিক্ষুঃ শ্রদ্ধান্বিতো ভূত্বাত্মন্যেবাত্মানং পশ্যেৎ" ইতি শ্রুতি প্রসিদ্ধমর্জ্জুনস্য জ্ঞানাধিকারিত্বং দর্শিতম্।" তত্র "কিন্নো রাজ্যেন" ইতি শমদমৌ। "অপি ত্রৈলোক্যরাজ্যস্য" ইতি ঐহিক পারত্রিকভোগোপেক্ষালক্ষণা উপরতিঃ। "ভৈক্ষ্যং ভোক্তুং শ্রেয়ঃ" ইতি দ্বন্দ্বসহিষ্ণুত্বলক্ষণা তিতিক্ষা।' 'ন খলু শমদমাদিশূন্যস্যজ্ঞানেঽস্ত্যধিকারঃ' (ব)। (শ্রীমৎ বলদেব বিদ্যাভূষণ অর্জ্জুনের উক্তি হইতে তিনি যে সমস্ত সাধন সম্পদের অধিকারী বলিয়া ব্যাখ্যা করিয়াছেন অর্জ্জুন ঐ সমস্ত সাধন সম্পদ—অর্থাৎ শম-দম-উপরতি-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কার্পণ্যদোষোপহতস্বভাবঃ,
পৃচ্ছামি ত্বাং ধর্ম্মসংমূঢ়চেতাঃ।
যচ্ছ্রেয়ঃ স্যান্নিশ্চিতং ব্রূহি তন্মে
শিষ্যস্তেঽহং শাধি মাং ত্বাং প্রপন্নম্ ॥৭

(৬নং শ্লোকের টীকা)

তিতিক্ষার অধিকারী থাকিলে শ্রীভগবানের ঐ সকলের আবশ্যকতা সম্বন্ধে বিস্তৃত উপদেশ দিবার প্রয়োজন হইত মনে হয় না। অর্জ্জুনের বিষাদ ও অশ্রু, দ্বিধা ও যুদ্ধে অপ্রবৃত্তি, তাঁহার মহাপ্রাণতা, মহানুভবতা ও সামাজিক নীতি-পরায়ণত্ব হইতে উদ্ভূত। তাহা যে গোবিন্দভাষ্যকারের উল্লিখিত সাধনসম্পদের পরিচয় ইহা নিঃসন্দেহে বলা যায় না।)

(৭)

অন্বয়। কার্পণ্যদোষোপহতস্বভাবঃ ধর্ম্মসংমূঢ়চেতাঃ (অহং) ত্বাং পৃচ্ছামি মে যৎ শ্রেয়ঃ স্যাৎ তৎ নিশ্চিতং ব্রূহি, অহং তে শিষ্যঃ ত্বাং প্রপন্নং মাং শাধি।

অনুবাদ। কার্পণ্যদোষদ্বারা অভিভূতস্বভাব এবং ধর্ম্মবিষয়ে বিমূঢ়চিত্ত (আমি) আপনাকে জিজ্ঞাসা করিতেছি, আমার (পক্ষে) যাহা শ্রেয়স্কর হইবে তাহা নিশ্চয় করিয়া বলুন, আমি আপনার শিষ্য আপনার শরণাপন্ন আমাকে শিক্ষা দিন।

টীকা। গুরূপসদনমিদানীং প্রতিপদ্যতে (ম) উক্ত সংশয়বানেব পৃচ্ছতি (নী)

কার্পণ্যদোষোপহতস্বভাবঃ—'যো বা এতদক্ষরং গার্গ্যাবিদিত্বাস্মাল্লোকাৎ প্রৈতি স কৃপণো ভবতি' তস্য ভাবঃ কার্পণ্যং দৈন্যং তেন দোষেণো-পহতো দূষিতঃ স্বভাবঃ (আ) যস্য সঃ। কার্পণ্যং অব্রহ্মবিত্ত্বং তেন হেতুনা যো দোষঃ কার্পণ্যদোষঃ (বল)। মমতালক্ষণদোষবস্তুনোপহতঃ তিরস্কৃতঃ স্বভাবঃ ক্ষাত্রো যস্য সঃ (ম)। কার্পণ্যংদীনত্বং (নী) কাশীনাথ ত্র্যম্বকতেলাং কার্পণ্য শব্দের প্রতিবাক্য দিয়াছেন 'Helplessness' (বঙ্কিম)।

ধর্ম্মসংমূঢ়চেতাঃ—ধর্ম্মে সংমূঢ়ং চেতো যস্য সঃ যুদ্ধং ত্যক্ত্বা ভিক্ষাটনমপি ক্ষত্রিয়স্য ধর্ম্মোঽধর্ম্মোবা ইতি সন্দিগ্ধচিত্তঃ সন্নিত্যর্থঃ (শ্রী)।
শাধি—শিক্ষয় (শ্রী)। **প্রপন্নং**—শরণং গতম্ (শ্রী)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন হি প্রপশ্যামি মমানুপন্থ্যাৎ
যচ্ছোকমুচ্ছোষণমিন্দ্রিয়াণাম্।
অবাপ্যভূমাবসপত্নমৃদ্ধং
রাজ্যং সুরাণামপি চাধিপত্যম্ ॥৮

সঞ্জয় উবাচ

এবমুক্ত্বা হৃষীকেশং গুড়াকেশঃ পরন্তপঃ।
ন যোৎস্য ইতি গোবিন্দমুক্ত্বা তুষ্ণীং বভূব হ ॥৯

(৮)

অন্বয়। ভূমৌ অসপত্নং ঋদ্ধং রাজ্যং সুরাণাং আধিপত্যং চ অবাপ্য অপি ন হি তৎ প্রপশ্যামি যৎ মম ইন্দ্রিয়াণাং উচ্ছোষণং শোকং অপনুদ্যাৎ।

অনুবাদ। জগতে নিষ্কণ্টক সমৃদ্ধ রাজ্য এবং দেবতাগণের উপর আধিপত্য (অর্থাৎ ইন্দ্রত্ব) প্রাপ্ত হইলেও নিশ্চয়ই তাহাতে এমন কিছু দেখি না (অর্থাৎ তাহা এমন কিছু মনে করিতে পারিনা) যাহা আমার ইন্দ্রিয়গণের সন্তাপকর শোক অপনয়ন করিতে পারে।

টীকা। নন্থ "ক্ষুদ্রং হৃদয়দৌর্ব্বল্যং ত্যক্ত্বোত্তিষ্ঠ পরন্তপ" ইতি যুদ্ধমেব শ্রেয় ইত্যুক্তং, কিং পুনঃ পৃচ্ছাসি ইত্যত আহ নহীতি (নী)।

অসপত্নং—নিষ্কটকম্ (শ্রী)। **উৎশোষকরং**—প্রতপনম্ (শ)।

অপনুদ্যাৎ—অপনয়েৎ (শ্রী)।

---

(৯)

সঞ্জয় উবাচ

অন্বয়। পরন্তপঃ গুড়াকেশঃ হৃষীকেশং এবং উক্ত্বা (অহং) 'ন যোৎস্যে' ইতি গোবিন্দং উক্ত্বা তুষ্ণীং বভূব হ।

সঞ্জয় কহিলেন

অনুবাদ। শত্রুদমনকারী জিতনিদ্র (অর্জ্জুন) হৃষীকেশকে (অর্থাৎ শ্রীকৃষ্ণকে) ইহা বলিবার পরে 'আমি যুদ্ধ করিব না' বলিয়া নীরব হইলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তমুবাচ হৃষীকেশঃ প্রহসন্নিব ভারত।
সেনয়োরুভয়োর্মধ্যে বিষীদন্তমিদং বচঃ ॥১০

(৯ শ্লোকের টীকা)

টীকা। পরন্তপঃ—শত্রুতাপনঃ (ম)।

গুড়াকেশঃ—গুড়াকা নিদ্রা তস্যা ঈশঃ তদ্রহিতঃ (বভ)। জিতনিদ্রঃ (ক)। জিতালস্যঃ (ম)।

টীকা। হৃষীকেশং—সর্ব্বেন্দ্রিয়প্রবর্ত্তকত্বেন অন্তর্য্যামিনম্ (ম)।

গোবিন্দম্—সর্ব্ববেদজ্ঞম্ (শ্রী)।

(গোবিন্দ হৃষীকেশ পদাভ্যাং সর্ব্বজ্ঞত্বসর্ব্বশক্তিত্বসূচকাভ্যাং ভগবতস্তন্মোহাপনোদনমনায়াসসাধ্যমিতি সূচিতম্ মে)

---

(১০)

অন্বয়। (হে) ভারত! হৃষীকেশঃ প্রহসন্ ইব উভয়োঃ সেনয়োঃ মধ্যে বিষীদন্তং তম্ ইমং বচঃ উবাচ।

অনুবাদ। (হে) ভারত! (ভরতবংশীয় রাজন্ ধৃতরাষ্ট্র!) হৃষীকেশ (শ্রীকৃষ্ণ) যেন উপহাস করিয়া (স্মিতমুখে) উভয় সেনার মধ্যে (অবস্থিত) বিষাদগ্রস্ত তাঁহাকে (অর্থাৎ অর্জ্জুনকে) এই কথা বলিলেন।

টীকা। হৃষীকেশঃ—সর্ব্বান্তর্য্যামী ভগবান্ (ম)।

প্রহসন্নিব—উপহাসং কুর্ব্বন্নিব (আ)। ধর্ম্মাধর্ম্মং ভাষমাণং পরস্পরবিরুদ্ধগুণান্বিতমুভয়োঃ সেনায়োর্যুদ্ধায়োদ্যতয়োর্মধ্যে অকস্মান্নিরুদ্যোগং পার্থমালোক্য প্রহসন্ (রা)। প্রসন্নমুখঃ সন্ (শ্রী)। অহো অস্য আত্মতত্ত্বাজ্ঞানতঃ ক্লৈব্যং কীদৃশীতি প্রহসন্ (বভ)। অহোতবাপীদৃগ্ বিবেক ইতি সখ্যভাবেন প্রহসন্ (ব)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীভগবান উবাচ

অশোচ্যানন্বশোচস্ত্বং প্রজ্ঞাবাদাংশ্চ ভাষসে।
গতাসূনগতাসূংশ্চ নানুশোচন্তি পণ্ডিতাঃ ॥ ১১

(১১)

শ্রীভগবান্ উবাচ

অন্বয়। ত্বম্ অশোচ্যান্ অন্বশোচঃ প্রজ্ঞাবাদান্ ভাষসে চ; পণ্ডিতাঃ গতাসূন্ অগতাসূন্ চ ন অনুশোচন্তি।

শ্রীভগবান্ কহিলেন

অনুবাদ। তুমি অশোচ্য বিষয়সমূহের জন্য শোক করিতেছ আবার পণ্ডিতের মত কথাগুলিও বলিতেছ, (কিন্তু) পণ্ডিতেরা মৃত বা জীবিতদিগের (অর্থাৎ কাহারও) জন্য দুঃখ করেন না।

টীকা। তথাহি অর্জ্জুনেন রাজ্য-গুরু-পুত্র-মিত্র-সুহৃৎ-স্বজন-সম্বন্ধি-বান্ধবেষু অহমেষাং মম এতে ইত্যেবং ভ্রান্তিপ্রত্যয়নিমিত্ত' স্নেহবিচ্ছেদাদি-নিমিত্তা-বাত্মনঃ শোকমোহৌ প্রদর্শিতৌ "কথং ভীষ্মম্ অহং সংখ্যে" ইত্যাদিনা। অতঃ সংসারবীজভূতৌ শোকমোহৌ তয়োশ্চ সর্ব্বকর্ম্মসন্ন্যাসপূর্ব্বকাদাত্মজ্ঞানাৎ নান্যতো নিবৃত্তিরিতি তদুপদিদিক্ষুঃ সর্ব্বলোকানুগ্রহার্থং অর্জ্জুনং নিমিত্তীকৃত্যাহ ভগবান বাসুদেবঃ "অশোচ্যন্" ইত্যাদি (শ)। দেহাত্মনোরবিবেকাদস্যৈবং শোকো ভবতীতিতদ্বিবেকপ্রদর্শনার্থংশ্রীভগবানুবাচ অশোচ্যানিত্যাদি (শ্রী)

পণ্ডিতাঃ—আত্মজ্ঞাঃ পণ্ডাত্মজ্ঞানবিষয়া বুদ্ধির্যেষাং তে (শ)। পরমার্থবিদঃ (হ)।

গতাসূন্—গতপ্রাণান্, মৃতান্ (শ) গতাসূন্ দেহান্ (রা)।

অগতাসূংশ্চ—জীবতশ্চ (শ) আত্মনশ্চ প্রতি (রা)। জীবতোঽপি বন্ধুহীনা এতে কথং জীবিষ্যন্তীতি (শ্রী)। অনির্গতপ্রাণান্ সূক্ষ্মদেহান্ চশব্দাৎ আত্মনশ্চ (ব)।

গতাসূন্...পণ্ডিতাঃ—মৃতানাং পরলোকে কা গতির্জীবতামিহ কা ভবিতেতি ন শোচন্তি, যদ্বা গতাসূন্ জড়ান্ অনাত্মনো দেহান্ অগতাসূন্ চেতনান্ জীবাত্মনশ্চ পণ্ডিতাবিবক্ষিতলক্ষণাঃ ন শোচন্তি (বভ)। "শোকরূপ শব্দের 'ভাল বা মন্দ লাগা' অথবা 'পরোয়া করা' এইরূপ ব্যাপক অর্থ" (তি)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন ত্বেবাহং জাতু নাসং ন ত্বং নেমে জনাধিপাঃ।
ন চৈব ন ভবিষ্যামঃ সর্ব্বে বয়মতঃপরম্ ॥ ১২
দেহিনোঽস্মিন্ যথা দেহে কৌমারং যৌবনং জরা।
তথা দেহান্তর প্রাপ্তি র্ধীরস্তত্র ন মুহ্যতি ॥ ১৩

(১২)

অন্বয়। অহং জাতু ন আসম্ (ইতি) তু ন, (তথা) ত্বং (জাতু) ন (আসীঃ ইতি ন) ইমে জনাধীপাঃ (জাতু) ন (আসন্) (ইতি) ন, অতঃপরং বয়ং সর্ব্বে (জাতু) ন ভবিষ্যামঃ (ইতি) চ ন এব।

অনুবাদ। আমি কখনও ছিলাম না (ইহা) কিন্তু সত্য নহে, তুমি কখনও ছিলে না (ইহাও প্রকৃত নহে) এই সকল রাজারাও (কখনও ছিলেন) না (তাহাও) নহে, আর ভবিষ্যতে আমরাও সকলে থাকিব না (এমন ও) নহে।

টীকা। 'কুতস্তে অশোচ্যাঃ? যতো নিত্যাঃ কথং?' 'ত্রিষ্বপিকালেষু নিত্যাঃ আত্মস্বরূপেণ ইত্যর্থঃ' (শ)। আত্মনো জন্মবিনাশো ন স্ত ইত্যুক্তং ভবতি (হ)। 'অশোচ্যত্বেহেতুমাহ' 'জন্মমরণশূন্যত্বাদশোচ্যাঃ' (শ্রী)।

জাতু—(অব্যয়) কদাচিৎ (শ্রী)।

বয়ম্—দেহভেদানুবৃত্যা বহুবচনং নাত্মভেদাভিপ্রায়েণ (শ)। 'যথাহং সর্ব্বেশ্বরঃ পরমাত্মা নিত্যঃ' 'তথৈব ভবন্তঃ ক্ষেত্রজ্ঞা আত্মানোঽপি নিত্যাঃ' 'এবং ভগবতঃ সর্ব্বেশ্বরাদাত্মনাঞ্চ পরস্পরং ভেদঃ পারমার্থিক ইতি ভগবতৈবোক্তমিতি প্রতীয়তে' (রা)। দেহভেদানুবৃত্ত্যাবহুবাচনং আত্মভেদাভিপ্রায়েণ যথাহং নিত্যঃ সর্ব্ববেদান্তেষু প্রসিদ্ধঃ এবং ত্বমেতে জনাধিপাশ্চ নিত্যাঃ (মা)।

(১৩)

অন্বয়। যথা দেহিনঃ অস্মিন্ দেহে কৌমারং, যৌবনং, জরা, তথা দেহান্তর প্রাপ্তিঃ তত্র ধীরঃ ন মুহ্যতি।

অনুবাদ। যেমন দেহীর (শরীরবিশিষ্ট আত্মার) এই দেহে কৌমার, যৌবন ও জরা উপস্থিত হয় দেহান্তর প্রাপ্তি সেইরূপ। তাহাতে ধীর ব্যক্তি মোহাক্রান্ত হন না।

টীকা। দ্বিতীয়তৃতীয়াবস্থাপ্রাপ্তিরাত্মনোদৃষ্টা যথা তদ্বদেব দেহাদন্যো দেহান্তরং তস্য (শ) ন তু দেহভেদেনাত্মভেদঃ (ক)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মাত্রাস্পর্শাস্তু কৌন্তেয় ! শীতোষ্ণসুখদুঃখদাঃ ।

আগমাপায়িনোঽনিত্যাস্তাংস্তিতিক্ষস্ব ভারত ! ॥১৪

(১৪)

অন্বয়। কৌন্তেয়! তু মাত্রাস্পর্শাঃ শীতোষ্ণসুখদুঃখদাঃ আগমাপায়িনঃ (চ তস্মাৎ) অনিত্যাঃ ভারত ! (অতঃ) তান্ তিতিক্ষস্ব ।

অনুবাদ। কৌন্তেয়! মাত্রার (বিষয়ের) স্পর্শ (সম্বন্ধ বা সংযোগ) শীতোষ্ণসুখদুঃখপ্রদ ও উৎপত্তিবিনাশশীল, (সে কারণ) অনিত্য, (হে) ভারত! (অতএব) সেই সকল সহ্য কর ।

টীকা। যদ্যপি আত্মবিনাশনিমিত্তো মোহো ন সম্ভবতি নিত্য আত্মেতি বিজানত স্তথাপি শীতোষ্ণসুখদুঃখপ্রাপ্তিনিমিত্ত মোহো লৌকিকো দৃশ্যতে ইত্যেতদর্জ্জুনস্য বচনমাশঙ্ক্যাহ মাত্রাস্পর্শা ইতি (শ)।

মাত্রাস্পর্শাঃ—'মাত্রা আভির্মীয়ন্তে শব্দাদয় ইতি শ্রোত্রাদীনীন্দ্রিয়াণি, মাত্রাণাং স্পর্শাঃ শব্দাদিভিঃ সংযোগাস্তে' 'অথবা স্পৃশ্যন্তে ইতি স্পর্শাবিষয়াঃশব্দাদয়ঃ মাত্রাশ্চ স্পর্শাশ্চ' (শ)। মীয়ন্তে জ্ঞায়ন্তে আভিরিতি মাত্রা ইন্দ্রিয়বৃত্তয়স্তাসাং স্পর্শা বিষয়ৈঃ সহ সম্বন্ধাস্তে (শ্রী)। যদ্বা দশপ্রজ্ঞামাত্রাঃ বাগাদয়ঃ দশভূতমাত্রা নামাদয়ঃ, কৌষীতকিপ্রসিদ্ধাঃ, তাসাং স্পর্শাঃ পরস্পরং বিষয়বিষয়িভাবেন সম্বন্ধা ইতি ব্যাখ্যেয়ম্। যদ্বা মাত্রা প্রমাত্রা সহস্পর্শাঃ বিষয়েন্দ্রিয়সম্বন্ধাঃ (নী)। মাত্রা ইন্দ্রিয়গ্রাহ্যবিষয়া স্তেষাং স্পর্শাঃ অনুভবাঃ (বি)। মাত্রাঃ শব্দাদিতন্মাত্রাণি তৎকার্যত্বাচ্ছব্দস্পশাদয়ো বিষয়া মাত্রাশব্দবাচ্যা স্তেষাং শ্রোত্রাদীন্দ্রিয়ৈঃ স্পর্শাঃ (ক)।

অগমাপায়িনঃ—উৎপত্তিবিনাশশীলাঃ (নী)।

তিতিক্ষস্ব—সহস্ব (শ্রী)।

'আত্মনো দেহাদবনাত্মনি আত্মভ্রম এব দুঃখকারণং।' 'অতস্তদ্বিমূক্তস্য বন্ধু মরণাদিদুঃখং ন ভবতি। অতোঽভিমানং পরিত্যজ্য তাঞ্চীতোষ্ণাদীং স্তিতিক্ষস্ব' (মা) সর্ব্বসহনং হি সাংখ্যে যোগে আবশ্যকং।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যং হি ন ব্যথয়ন্ত্যেতে পুরুষং পুরুষর্ষভ !।
সমদুঃখসুখং ধীরং সোঽমৃতত্বায় কল্পতে ॥১৫
নাসতোবিদ্যতে ভাবো না ভাবো বিদ্যতে সতঃ।
উভয়োরপি দৃষ্টোঽন্ত স্তনয়োস্তত্ত্বদর্শিভিঃ ॥১৬

(১৫)

অন্বয়। [হে] পুরুষর্ষভ ! এতে যং সমদুঃখসুখং ধীরং পুরুষং ন ব্যথয়ন্তি সঃ হি অমৃতত্বায় কল্পতে।

অনুবাদ। [হে] পুরুষশ্রেষ্ঠ ! এই সকল যে দুঃখসুখে সমতাসম্পন্ন ধীর পুরুষকে ব্যথিত করিতে না পারে তিনিই অমৃতত্বের (অর্থাৎমোক্ষপ্রাপ্তির) যোগ্য।

টীকা। মাত্রাস্পর্শান্ সহমানস্য কিং স্যাদিত্যাহ যং হীতি (হ) তৎপ্রতিকার প্রযত্নাদপি তৎসহনমেবোচিতং মহাফলত্বাদিত্যাহ (শ্রী)।

অমৃতত্বায়—মোক্ষায় (শ)। কল্পতে—সমর্থো ভবতি (শ)। যোগ্যো-ভবতি (শ্রী)।

(১৬)

অন্বয়। অসতঃ ভাবঃ ন বিদ্যতে, (তথা) সতঃ অভাবঃ ন বিদ্যতে, তু তত্ত্ব-দর্শিভিঃ অনয়োঃ উভয়োঃ অপি অন্তঃ দৃষ্টঃ।

অনুবাদ। অসতের (অর্থাৎ অসদ্বস্তুর) অস্তিত্ব নাই ; (এবং) সতের (অর্থাৎ সদ্বস্তুর আত্মার) অভাব (অর্থাৎ নাশ) নাই ; কিন্তু তত্ত্বদর্শিগণ এই উভয়েরই অন্ত (অর্থাৎ পার বা স্বরূপ) উপলব্ধি করিয়াছেন।

টীকা। যত্ত্বাত্মনাং নিত্যত্বং দেহানাং স্বাভাবিকং নাশিত্বঞ্চাশোকনিমিত্তমুক্তং "গতাসূনগতাসূংশ্চ নানুশোচন্তি পণ্ডিতাঃ" ইতি তদুপপাদয়িতুমারভতে নাসত ইতি (রা)।

অসতঃ—অনাত্মনদেহস্য (ম) পরিণামিনোদেহাদেঃ (ব) অনাত্মধর্ম্মস্য বিকারস্য শীতোষ্ণাদেঃ (ক) শোকমোহাদিস্তদাশ্রয়স্য দেহস্য চ (বি)।

ভাবঃ—ভবনমস্তিতা (ব) বস্তুত্বং (আ) সদ্ভাবঃ (রা) সত্ত্বা (শ্রী) (শ্রীমাধ্ব-ভাষ্যে এই শব্দটীকে 'অভাব' ধরায় পাঠান্তর অঙ্গীকারকরিয়া এই শ্লোকের তাৎপর্য্য "অসতঃ কারণস্য সতো ব্রহ্মণশ্চাভাবো ন বিদ্যতে" "প্রকৃতিঃপুরুষশ্চৈব নিত্যৌ পৃথগ্বিদ্যত ইত্যাদরার্থং" বলিয়া ব্যাখ্যা করিয়াছেন)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অবিনাশি তু তদ্বিদ্ধি যেন সর্ব্বমিদং ততম্।
বিনাশমব্যয়স্যাস্য ন কশ্চিৎ কর্ত্তুমর্হতি ॥ ১৭
অন্তবন্ত ইমে দেহা নিত্যস্যোক্তাঃ শরীরিণঃ।
অনাশিনোঽপ্রমেয়স্য তস্মাদ্ যুধ্যস্ব ভারত! ॥ ১৮

(১৬ শ্লোকের টীকা)

সতঃ—আত্মনঃ (ম)।

অন্তঃ—নির্ণয়ঃ (শ)। "শাশ্বতকোষে অন্ত শব্দের এই অর্থ আছেঃ 'স্বরূপ প্রাপ্তয়োরন্তমন্তিকেঽপি প্রযুজ্যতে" (তি)।

(১৭)

অন্বয়। যেন ইদং সর্ব্বং ততং তৎ তু অবিনাশি বিদ্ধি; কশ্চিৎ অস্য অব্যয়স্য বিনাশং কর্ত্তুং ন অর্হতি।

অনুবাদ। যাঁহার দ্বারা এই সমুদয় ব্যাপ্ত তাঁহাকে কিন্তু অবিনাশী জানিও; কেহই এই অব্যয়ের বিনাশ করিতে পারেনা।

টীকা। আত্মনোঽবিনাশিত্বং কথমুপপদ্যত ইত্যাহ (রা)।

ততম্—ব্যাপ্তম্ (শ)।

বিনাশম্...অর্হতি—ন কশ্চিদাত্মানং বিনাশয়িতুং শক্লোতি (শ)।

(১৮)

অন্বয়। নিত্যস্য (অতএব) অনাশিনঃ অপ্রমেয়স্য শরীরিণঃ ইমে দেহাঃ অন্তবন্তঃ উক্তাঃ। (হে) ভারত! তস্মাৎ (ত্বং) যুধ্যস্ব।

অনুবাদ। নিত্য, (অতএব) অবিনাশী, অপ্রমেয় দেহীর (অর্থাৎ আত্মার) এই দেহসকল নশ্বর বলিয়া কথিত হয়; (হে) ভারত! সেই হেতু তুমি যুদ্ধ কর।

টীকা। এবং সত আত্মনো নিত্যত্বম্ অসতোদেহাদেরনিত্যত্বঞ্চোক্তমুপসংহরন্ এনং যুদ্ধাভিমুখং করোতি (নী)।

নিত্যস্য—সর্ব্বদৈকরূপস্য (শ্রী)। **অপ্রমেয়স্য**—প্রত্যক্ষ্যাদিপ্রমাণৈরপরিচ্ছেদ্যস্য ইত্যর্থঃ (শ)। অপরিচ্ছিন্নস্য (শ্রী)। **শরীরিণঃ**—জীবাত্মানঃ (ব) অধ্যাসিকসম্বন্ধেন শরীরবতঃ (ম)। **অন্তবন্তঃ**—বিনাশস্বভাবাঃ (রা) বিনাশিনঃ (ম)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

য এনং বেত্তি হন্তারং যশ্চৈনং মন্যতে হতম্।
উভৌ তৌ ন বিজানীতো নায়ং হন্তি ন হন্যতে ॥ ১৯

(১৮ নং শ্লোকের টীকা)

তস্মাৎ যুধ্যস্ব—স্বধর্ম্মং মাত্যাক্ষীঃ (শ্রী)।

(কিন্তু শ্রীমৎ শঙ্করাচার্য্য বলেনঃ 'নহ্যত্র যুদ্ধকর্ত্তব্যতা বিধীয়তে যুদ্ধে প্রবৃত্ত এব হ্যসৌ শোকমোহপ্রতিবদ্ধ স্তূষ্ণীমাস্তেঽতস্তস্য কর্ত্তব্যপ্রতিবন্ধাপনয়নমাত্রং ভগবতা ক্রিয়তে "তস্মাৎ যুধ্যস্ব" ইত্যনুবাদমাত্রং ন বিধিঃ'। তাহা হইলে এই প্রশ্ন উঠে যে অর্জ্জুনের পক্ষে যুদ্ধকর্ত্তব্যতা যদি বিহিতই না হইল তাহা হইলে অপর কোন্ 'কর্ত্তব্যের' 'প্রতিবন্ধাপনয়নমাত্র' শ্রীভগবানের উদ্দেশ্য? তাহা হইলে এই অধ্যায়েরই ৩১ হইতে ৩৮ শ্লোকের উপদেশও নিরর্থক নহে কি? এমন কি অষ্টাদশ অধ্যায়ে শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদের শেষ প্রশ্নোত্তরও অর্থহীন হইবে না কি? প্রথম অধ্যায়ের পরিশিষ্টে উদ্ধৃত লোকমান্য তিলকের সমালোচনা দ্রষ্টব্য।)

---

(১৯)

অন্বয়। যঃ এনং হন্তারং বেত্তি, যঃ চ এনং হতং মন্যতে, তৌ উভৌ ন বিজানীতঃ, অয়ং ন-হন্তি, ন হন্যতে।

অনুবাদ। যে ইহাকে হন্তা বলিয়া জানে এবং যে ইহাকে হত বলিয়া মনে করে, তাহারা উভয়েই সম্যক্ জানে না। ইনি হনন অর্থাৎ হত্যা করেন না এবং হতও হন না।

টীকা। অয়মাত্মা ন হন্তি ন হননক্রিয়ায়াঃ কর্ত্তা ভবতি, চ ন হন্যতে ন চ কর্ম্ম ভবতি ইত্যর্থঃ (শ)। যত্তু মন্যসে যুদ্ধে ভীষ্মাদয়ো ময়া হন্যন্তে অহমেব তেষাং হন্তেত্যেষাবুদ্ধির্মৃষৈব তে কথং? য এনমিতি (শ)। এই শ্লোকের সহিত কঠোপনিষদের ১ অ, ২ ব, ১৯ শ্লোক তুলনীয়ঃ

'হন্তা চেন্মন্যতে হন্তুং হতশ্চেন্মন্যতে হতম্
উভৌ তৌ ন বিজানীতো নায়ং হন্তি ন হন্যতে'।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

न জায়তে ম্রিয়তে বা কদাচি
ন্নায়ং ভূত্বা ভবিতা বা ন ভূয়ঃ।
অজো নিত্যঃ শাশ্বতোঽয়ং পুরাণো
ন হন্যতে হন্যমানে শরীরে ॥ ২০

(২০)

অন্বয়। কদাচিৎ অয়ং ন জায়তে বা ম্রিয়তে, অয়ং ভূত্বা ভূয়ঃ ন ভবিতা বা, (যস্মাৎ) অয়ং অজঃ, নিত্যঃ, শ্বাশ্বতঃ, পুরাণঃ, শরীরে হন্যমানে (সতি অপি) ন হন্যতে।

অনুবাদ। ইনি কখনও জন্মলাভ করেন না বা মৃত্যু প্রাপ্ত হন না, অথবা ইনি উৎপন্ন হইয়া আবার উৎপন্ন হন না ; (যেহেতু) ইনি জন্মহীন, নিত্য, চিরন্তন ও প্রাচীন, শরীর হত বা বিনষ্ট হইলেও হত বা বিনাশ প্রাপ্ত হন না।

টীকা। হনন ক্রিয়ায়াঃ কর্ত্তা কর্ম্ম বাঽয়ং কুতো ন ভবতীত্যপেক্ষায়াং জন্মাদিষড়্বিক্রিয়ারহিতত্বাদিত্যাহ নেতি। (ক)।

বা—বা শব্দশ্চার্থে (ক)। এই শ্লোকের সহিত কঠোপনিষদের ১ অ ২ ব ১৮ শ্লোক তুলনীয় :—

ন জায়তে ম্রিয়তে বা বিপশ্চিৎ
নায়ং কুতশ্চিন্ন বভূব কশ্চিৎ।
অজো নিত্যঃ শ্বাশ্বতোঽয়ং পুরাণো
ন হন্যতে হন্যমানে শরীরে।

শাশ্বত :—শশ্বদ্ভবঃ শাশ্বতঃ নাপক্ষীয়তে স্বরূপেণ (শ)।
পুরাণ :—পুরাপি নব এবেতি পুরাণো ন বর্দ্ধতে ইত্যর্থঃ (শ)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বেদাবিনাশিনং নিত্যং য এনমজমব্যয়ম্।
কথং স পুরুষঃ পার্থ! কং ঘাতয়তি হন্তি কম্॥ ২১

(২১)

অন্বয়। পার্থ! যঃ এনম্ অবিনাশিনং নিত্যং অজং অব্যয়ং বেদ সঃ পুরুষঃ কথং কং হন্তি (বা) ঘাতয়তি।

অনুবাদ। পার্থ! যে (ব্যক্তি) (ইহাকে অর্থাৎ আত্মাকে) বিনাশহীন নিত্য অজাত ও অব্যয় বলিয়া জানেন, সেই পুরুষ কিরূপে কাহাকে বধ করেন বা বধ করান?

টীকা। 'য এনং বেত্তি হন্তারম্' ইত্যনেন মন্ত্রেণ হননক্রিয়ায়াঃ কর্ত্তা কর্ম্ম চ ন ভবতীতি প্রতিজ্ঞায় ন জায়ত ইত্যনেনাবিক্রিয়ত্বে হেতুমুক্ত্বা প্রতিজ্ঞাতার্থমুপ-সংহরতি (শ)। এবং তত্ত্বজ্ঞানবান্ যো ধর্ম্মবুদ্ধ্যা যুদ্ধে প্রবর্ত্ততে যশ্চ প্রবর্ত্তয়তি তস্য চ কোঽপি ন দোষগন্ধ ইত্যাহ বেদেতি (ব)।

অবিনাশিনম্—অন্ত্যভাববিকাররহিতম্ (শ)। নৈমিত্তিকনাশরহিতং অথবা দোষযোগরহিতম্ (মা)।

নিত্যম্—বিপরিণামরহিতম্ (শ)। স্বাভাবিকবিকাররহিতং সদাভাবিনং বা (মা)। বৃদ্ধিশূন্যম্ (শ্রী)। সর্ব্বদাবিদ্যমানম্ (ম)।

অজম্—ন জায়ত ইত্যজং আদ্যভাববিকাররহিতম্ (ম)।

অব্যয়ম্—ন ব্যেতি পূর্ব্বাবস্থাং ত্যজতি ইত্যব্যয়মপরিণামি (নী)।

কং ঘাতয়তি হন্তি কম্—'অত্র' 'হননক্রিয়ায়াঃ কর্ত্তৃত্বং কর্ম্মত্বং হেতুকর্ত্তৃত্বঞ্চ অজ্ঞানকৃতং দর্শিতম্। তচ্চ সর্ব্বক্রিয়াস্বপিসমানং কর্ত্তৃত্বাদেরবিদ্যাকৃতত্বং অবিক্রিয়ত্বাদাত্মনঃ।' 'তদেতদবিশেষেণ বিদুষঃ সর্ব্বক্রিয়াসু কর্ত্তৃত্বং হেতুকর্ত্তৃত্বঞ্চ প্রতিষেধতি ভগবান্ (শ)। 'এবমবিনাশিত্বেন অজত্বেন ব্যয়ানর্হত্বেন চ নিত্য-মেনমাত্মানং যঃ পুরুষোবেদ স পুরুষঃ' 'কমপ্যাত্মানং' 'কথং হন্তি কথংনাশয়তি কথং বা তৎপ্রযোজকো ভবতীত্যর্থঃ'। 'এতান্ আত্মনো ঘাতয়ামি হন্মি ইত্যনুশোচনমাত্মস্বরূপযাথাত্ম্যাজ্ঞানমূলমেবেত্যভিপ্রায়ঃ' (রা)। এতেন ত্বং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাসাংসি জীর্ণানি যথা বিহায়
নবানি গৃহ্ণাতি নরোঽপরাণি।
তথা শরীরাণি বিহায় জীর্ণা-
ন্যন্যানি সংযাতি নবানি দেহী ॥ ২২

(২১ শ্লোকের টীকা)

প্রয়োজকোভূত্বা ঘাতয়সি অহং ত্বন্নিযুক্তো হন্মীত্যত উভয়োঃ পাপং স্যাদিতি ন শঙ্কিতব্যমিতি ধ্বনিতম্ (ক)। কিমাক্ষেপে ন কমপি ন কথমপি ইত্যর্থঃ (ব)। এবন্তু তজ্জ্ঞানে সতি ত্বং যুধ্যমানোঽপি অহং যুদ্ধে প্রেরয়ন্নপি দোষভাজৌ নৈবভবাব ইত্যাহ (বি)। মাদৃশানাং জ্ঞানিনাং ব্যুত্থানকালেঽবিদ্যালেশানুবৃত্ত্যা ঘাতয়িতৃত্বাদেঃ প্রসক্তাবপি বিদ্যয়া তস্য বাধিতত্বাদাগামিকর্ম্মণামশ্লেষাচ্চ ন দোষঃ তথা চ বক্ষ্যতি 'হত্বাপি স ইমান্ লোকান্ ন হন্তি ন নিবধ্যতে' ইতি (নী)।

(২২)

অন্বয়। নরঃ যথা জীর্ণানি বাসাংসি বিহায় অপরাণি নবানি (বাসাংসি) গৃহ্ণাতি, তথা দেহী জীর্ণানি শরীরাণি বিহায় অন্যানি নবানি (শরীরাণি) সংযাতি।

অনুবাদ। মানুষ যেমন জীর্ণ বাসসমূহ পরিত্যাগ করিয়া নূতন (বস্ত্রসমূহ) গ্রহণ করে তদ্রূপ আত্মা জীর্ণ শরীরসকল ত্যাগ করিয়া অন্য নূতন (শরীর-সকল) আশ্রয় করেন।

টীকা। দেহাত্মবিবেকানুভবার্থং দৃষ্টান্তমাহ বাসাংসীতি (মা) 'নন্বাত্মনোঽবিনাশেঽপি তদীয় শরীরনাশং পর্য্যালোচ্য শোচামীতি চেৎ তত্রাহ বাসাংসীতি' জীর্ণদেহনাশে ন শোকাবকাশ ইত্যর্থঃ (শ্রী)।

বিহায়—পরিত্যজ্য (বি)।

সংযাতি—সংগচ্ছতি (শ)। প্রাপ্নোতি (ব)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নৈনং ছিন্দন্তি শস্ত্রাণি নৈনং দহতি পাবকঃ।
ন চৈনং ক্লেদয়ন্ত্যাপো ন শোষয়তি মারুতঃ ॥ ২৩

অচ্ছেদ্যোঽয়মদাহ্যোঽয়মক্লেদ্যোঽশোষ্য এব চ
নিত্যঃ সর্ব্বগতঃ স্থাণুরচলোঽয়ং সনাতনঃ।
অব্যক্তোঽয়মচিন্ত্যোঽয়মবিকার্য্যোঽয়মুচ্যতে ॥ ২৪

(২৩)

অন্বয়। শস্ত্রাণি এনং ন ছিন্দন্তি, পাবকঃ এনং ন দহতি, আপঃ এনং ন ক্লেদয়ন্তি, মারুতঃ চ ন শোষয়তি।

অনুবাদ। শস্ত্রসমূহ ইঁহাকে ছেদন করিতে পারে না, অগ্নি ইঁহাকে দগ্ধ করিতে পারে না, জল ইঁহাকে আর্দ্র করিতে পারে না, বায়ুও ইঁহাকে শুষ্ক করিতে পারে না।

টীকা। পুনরপি "অবিনাশি তু তদ্বিদ্ধি যেন সর্ব্বমিদং ততম্" ইতি পূর্ব্বোক্ত-অবিনাশিত্বং সুখগ্রহণায় ব্যঞ্জয়ন্ দ্রঢ়য়তি নৈনমিতি। (রা)।

ক্লেদয়ন্তি—(আর্দ্রীকরণেন) শিথিলং কুর্ব্বন্তি (শ্রী)।

(২৪)

অন্বয়। অয়ম্ অচ্ছেদ্যঃ, অয়ম্ অদাহ্য অক্লেদ্যঃ, অশোষ্যঃ চ এব, (যতঃ) অয়ং নিত্যঃ, সর্ব্বগতঃ, স্থাণুঃ, অচলঃ, সনাতনঃ, অয়ম্ অব্যক্তঃ, অয়ম্ অচিন্ত্যঃ, অয়ম্ অবিকার্য্যঃ উচ্যতে।

অনুবাদ। ইনি অচ্ছেদ্য, ইনি অদাহ্য, অক্লেদ্য ও অশোষ্য বটে। ইনি নিত্য, সর্ব্বগত, স্থিরস্বভাব, অচল, চিরন্তন ; ইনি অব্যক্ত, ইনি অচিন্ত্য, ইনি অবিকারী বলিয়া উক্ত হন।

টীকা। **অচ্ছেদ্য ইত্যাদি**—ছেদন-দহন-ক্লেদন-শোষণাতীতঃ, ছেদাদি-যোগ্যো ন ভবতি (শ্রী)। **নিত্যঃ**—অবিনাশী।

সর্ব্বগতঃ—সূক্ষ্মত্বাৎ (রা)। নিত্যত্বাৎ (হ)।

স্থাণুঃ—স্থিরভাবঃ (শ্রী)। স্বরূপান্যথাভাবরহিতঃ (ক)।

অচলঃ—পূর্ব্বরূপাপরিত্যাগী (শ্রী)। অপ্রকম্প্যঃ (ক)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তস্মাদেবং বিদিত্বৈনং নানুশোচিতুমর্হসি ॥ ২৫

অথচৈনং নিত্যজাতং নিত্যং বা মন্যসে মৃতম্ ।
তথাপি ত্বং মহাবাহো নৈনং শোচিতুমর্হসি ॥ ২৬

(২৪ শ্লোকের টীকা)

শ্লোকে স্পষ্টই বলা হইল—বিষয়ভোগ পরিহারও অবশ্যকর্ত্তব্য নহে, পরন্তু ইন্দ্রিয়গণের 'আত্ম'বশ্যতা অর্থাৎ বিষয়াধীনতার পরিবর্ত্তে 'স্বা'ধীনতা, লাভ হইলে রাগদ্বেষবিরহিত ভাবে বিষয়ভোগ করিয়াও 'প্রসাদ' বা 'শান্তি' লাভ করা যাইতে পারে। এই মতবাদ dissipation এর বিরোধী বটে তবে repression এর নামান্তর নহে বরং self-regulation এর পক্ষপাতী—ইহা indulgence এর বিরোধী বটে তবে inhibition নহে, বরং sublimation বলা যাইতে পারে। কেবল যে গীতায় এই উপদেশ পাওয়া গেল তাহা নহে। যে পাতঞ্জল দর্শনে অনেকে কেবল হঠযোগ ছাড়া আর কিছুই দেখিতে পান না সেই পাতঞ্জলদর্শনেও 'প্রত্যাহারের' সংজ্ঞা :—

'স্ববিষয়াসম্প্রযোগে চিত্তস্বরূপানুকার ইবেন্দ্রিয়াণাং প্রত্যাহারঃ'

(সাধনপাদ ৫৪ সূঃ)

বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে অর্থাৎ ইন্দ্রিয়গণের স্ব স্ব বিষয়ের সহিত আসক্তিপূর্ণযোগ রহিত হইলে চিত্ত আত্মার আকারে আকারিত হয় এবং সেই অবস্থায় ইন্দ্রিয়গণ সেই চিত্তের অনুসরণ করে। তাহাকেই প্রত্যাহার বলে। ব্যাসভাষ্যে এবং ভোজরাজকৃত টীকায় মধুমক্ষিকাগণের মধুকররাজের অনুকরণের উপমা দ্বারা তাহা বুঝান হইয়াছে এবং এইরূপ প্রত্যাহার সিদ্ধির লক্ষণ—

'ততঃ পরমাবশ্যতেন্দ্রিয়াণাম্' (সাঃ পাঃ ৫৫ সূ)।

"অর্থাৎ প্রত্যাহার সিদ্ধ হইলে রাগদ্বেষবশতঃ বিষয়ের ত্যাগ বা গ্রহণ থাকে না।" যাহারা "ভোগ্যবিষয়সমূহকে বিজাতীয় ভেদবুদ্ধিতেই দর্শন করে" "তাহাদের বিষয়েতে ইষ্টানিষ্ট বুদ্ধি থাকে, অনুকূল বিষয়ে অনুরাগ এবং প্রতিকূলবিষয়ে বিদ্বেষ উপস্থিত হয়"; "যাহারা 'ঈশাবাস্য' করিয়া জগদ্‌ভোগ করে' অর্থাৎ যাহা কিছু আমি দেখিতে পাইতেছি" "আমার জ্ঞানের বিষয়ীভূত হইতেছে সে সকল আত্মাই এইরূপ জ্ঞানে পুনঃপুনঃ বিচরণরূপ অভ্যাসের ফলে ইষ্টানিষ্ট বুদ্ধি অর্থাৎ অনুরাগ এবং বিদ্বেষ বিদূরিত হইয়া যায়"।* ইহা কাহারও সংজ্ঞা বৈরাগ্যের পূর্ব্বাবস্থা। এই শ্লোকে সেই অবস্থা বর্ণিত হইয়াছে।

* সাধন-সমর আশ্রম প্রকাশিত "যোগরহস্যম্" বা পাতঞ্জল যোগদর্শন" ২৭৮, ৫৬, ৫৭ পৃঃ দ্রষ্টব্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রসাদে সর্ব্বদুঃখানাং হানিরস্যোপজায়তে।
প্রসন্নচেতসো হ্যাশু বুদ্ধিঃ পর্য্যবতিষ্ঠতে ॥ ৬৫

(৬৫)

অন্বয়। প্রসাদে (সতি) অস্য সর্ব্বদুঃখানাং হানিঃ উপজায়তে (ততশ্চ) প্রসন্নচেতসঃ বুদ্ধিঃ হি আশু পর্য্যবতিষ্ঠতে।

অনুবাদ। প্রসাদ লাভ হইলে ইহার সকল দুঃখের বিনাশ হয়, আর প্রসন্নচিত্তব্যক্তির বুদ্ধি নিশ্চয়ই অতিশীঘ্র সম্পূর্ণস্থিতি (স্থৈর্য্য) লাভ করে।

টীকা। চিত্তপ্রসাদফলং সর্ব্বদুঃখবিনাশকং অপিচ প্রসন্নচিত্তস্য স্থিতধীত্বঞ্চ অত্যাসন্নং ভবতি।

প্রসাদে—চিত্তস্যপ্রশান্তবাহিতালাভে।

হি—যস্মাৎ (শ), অবধারণে (ক)।

পর্য্যবতিষ্ঠতে—পরি সমন্তাৎ অবতিষ্ঠতে আত্মস্বরূপেণৈব নিশ্চলী ভবতি (শ)। ব্রহ্মাপরোক্ষেণ সম্যক্‌স্থিতিং করোতি (মা)। স্থিরা ভবতি (ব)।

মন্তব্য।

পূর্ব্ববর্ত্তী শ্লোকে ইন্দ্রিয়জয়ের অর্থাৎ ইন্দ্রিয়গ্রামের আত্মবশ্যতা লাভের ফল চিত্তপ্রসাদ বলা হইয়াছে। বর্ত্তমান শ্লোকে চিত্তপ্রসাদ লাভ হইলে সর্ব্বদুঃখের নাশ হয় এবং বুদ্ধিস্থৈর্য্য বা প্রজ্ঞাস্থিতি অত্যাসন্ন হয় বলা হইল। এই দুই শ্লোকের সহিত পাতঞ্জল দর্শনের সমাধিপাদের সমাধির পূর্ব্বাঙ্গ 'বিশোকা বা জ্যোতিষ্মতী' এবং 'বীতরাগ বিষয়ং বা চিত্তং' সূত্রদ্বয় এবং বিভূতিপাদের 'তস্যপ্রশান্তবহিতা সংস্কারাৎ' সূত্রটি তুলনীয়। "বিশোকা বা জ্যোতিষ্মতী' সূত্রের ভোজরাজকৃত টীকা বা বৃত্তি এইরূপ : 'প্রবৃত্তি রুৎপন্না চিত্তস্যস্থিতিনিবন্ধনীতি বাক্যশেষঃ। জ্যোতিঃশব্দেন সাত্ত্বিকঃ প্রকাশ উচ্যতে স প্রশস্তো ভূয়ানতিশয়-বাংশ্চ বিদ্যতে যস্যাং সা 'জ্যোতিষ্মতী' প্রবৃত্তিঃ। 'বিশোকা' 'বিগতঃ শোকো রজঃপরিণামো যস্যাঃ সা বিশোকা চেতসঃ স্থিতিনিবন্ধিনী"। আর 'বীতরাগ বিষয়ং বা চিত্তং' সূত্রের ভোজরাজকৃত টীকা এইরূপ : "মনসঃস্থিতিনিবন্ধনং ভবতীতি বাক্যশেষঃ'। 'বীতরাগঃ' পরিত্যক্তবিষয়াভিলাষঃ তস্য যৎ 'চিত্তং'

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নাস্তিবুদ্ধিরযুক্তস্য ন চাযুক্তস্য ভাবনা।
ন চাভাবয়তঃ শান্তিরশান্তস্য কুতঃ সুখম্॥ ৬৬

(৬৫ শ্লোকের টীকা)

পরিহৃতক্লেশং তদালম্বনীকৃতং চেতসঃ স্থিতিহেতুর্ভবতি।' ভোজবৃত্তিতে এই উভয় সূত্রই সমাধিলাভের পক্ষে 'উপায়ান্তর' বলা হইয়াছে, কিন্তু গীতার এই শ্লোকেই প্রসাদে সর্ব্বদুঃখনাশ এবং তমোরজোবিরহিত সত্ত্বগুণান্বিত শুদ্ধচিত্ত সাধকের প্রজ্ঞাস্থিতি অত্যাসন্ন বর্ণিত হওয়ায়, যোগশাস্ত্রের উভয় সূত্রের বাণী এখানে সমন্বিত দেখিতে পাই। পক্ষান্তরে যোগশাস্ত্রের বিভূতিপাদের 'তস্য প্রশান্তবাহিতা সংস্কারাৎ' সূত্রটিতে নিরোধ সংস্কারের ফলে চিত্তের যে 'প্রশান্ত বাহিতার' উল্লেখ আছে তাহা যেমন 'নিরাহারস্য দেহিনঃ' অর্থাৎ কষ্টতপস্বীর নিরোধ নহে, পরন্তু ধ্যানধারণাসমাধিফলে অর্জ্জিত 'নিরোধ' সংস্কার বা বিভূতি যাহা সমস্ত বিষয়াভিলাষ (গীতার ভাষায় 'সর্ব্বান্ কামান্') মুক্ত হইলে আয়ত্ত হয়, তেমনই উভয়ের মতেই তখনও সমাধির সাধনা সম্পূর্ণ, এবং সিদ্ধি বা পরিণাম ফল, গীতার ভাষায় 'সমাধাবচলাবুদ্ধিঃ', অত্যাসন্ন হইলেও অধিকৃত, হয় না। তাই বর্ত্তমান শ্লোকে 'আশু' শব্দের প্রয়োগ দেখা যায়। যোগদর্শনের মতে সাধন ফলে 'একাগ্রতার' উদয় হইলে, গীতার মতে 'ব্যবসায়াত্মিকা' 'একা' হইলে, তবেই 'বুদ্ধি' 'পর্য্যবতিষ্ঠতে'—আচার্য্য 'আত্মস্বরূপেণৈব নিশ্চলী ভবতি' বলিয়া যাহার ব্যাখ্যা করিয়াছেন।

(৬৬)

অন্বয়। অযুক্তস্য বুদ্ধিঃ ন অস্তি, অযুক্তস্য ভাবনা চ ন (অস্তি) অভাবয়তঃ শান্তিঃ চ ন (অস্তি) অশান্তস্য সুখং কুতঃ (স্যাৎ) ?

অনুবাদ। অযুক্ত ব্যক্তির (ব্যবসায়াত্মিকা) বুদ্ধি নাই, অযুক্ত ব্যক্তির ভাবনা (তত্ত্বচিন্তা)ও নাই, আর ভাবনাহীনের শান্তি নাই, শান্তিহীনের সুখ (আনন্দ) কোথা হইতে (লাভ হইবে) ?

টীকা। পূর্ব্বোক্তমর্থং ব্যতিরেকমুখেনাহ নাস্তীতি (ব)।

অযুক্তস্য—অবশীকৃতেন্দ্রিয়স্য (শ্রী)। অসমাহিতস্য (হ)। নিরোধযোগ-রহিতস্য (বভ)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইন্দ্রিয়াণাং হি চরতাং যন্মনোঽনুবিধীয়তে।
তদস্য হরতি প্রজ্ঞাং বায়ুর্নাবমিবাম্ভসি ॥ ৬৭

তস্মাদ্যস্য মহাবাহো! নিগৃহীতানি সর্ব্বশঃ।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যস্তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৬৮

(৬৬ শ্লোকের টীকা)

বুদ্ধিঃ—আত্মস্বরূপবিষয়া (শ)। একা ব্যবসায়াত্মিকা (বভ)।
ভাবনা—আত্মজ্ঞানাভিনিবেশঃ (শ)। ধ্যানং (শ্রী)। তত্ত্বচিন্তনম্ (বভ)।
অভাবয়তঃ—আত্মাভিনিবেশমকুর্ব্বতঃ (শ)।
শান্তিঃ—উপশমঃ (শ)। আত্মনি চিত্তোপরমঃ (শ্রী)।
সুখম্—নিত্যনিরতিশয়সুখপ্রাপ্তিঃ (রা)। মোক্ষানন্দঃ (শ্রী)।

(৬৭)

অন্বয়। হি যৎ মনঃ চরতাং ইন্দ্রিয়াণাং অনুবিধীয়তে তৎ বায়ুঃ অম্ভসি নাবম্ ইব প্রজ্ঞাং হরতি।

অনুবাদ। অতএব যে মন (বাহ্যবিষয়ে) বিচরণশীল ইন্দ্রিয়গণের অনুসরণ করে, তাহা ঝঞ্ঝাবাত যেমন জলের মধ্যে নৌকা (হরণ করে) তদ্রূপ প্রজ্ঞাকে হরণ করে।

টীকা। যৎ—রাগাদিকলুষিতং (নী)।
চরতাং—স্ববিষয়েষু প্রবর্ত্তমানানাং (শ)।
অনুবিধীয়তে—অনুপ্রবর্ত্ততে (শ) অনুসরতি।
তৎ—ইন্দ্রিয়ানুসারি মনঃ (নী)।

(৬৮)

অন্বয়। (হে) মহাবাহো! তস্মাৎ যস্য ইন্দ্রিয়াণি ইন্দ্রিয়ার্থেভ্যঃ সর্ব্বশঃ নিগৃহীতানি তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা।

অনুবাদ। (হে) বাহুবলশালী (অর্জ্জুন)! সে কারণ যাহার ইন্দ্রিয়গ্রাম ইন্দ্রিয়ের বিষয়সমূহ হইতে সর্ব্বপ্রকারে প্রত্যাহৃত তাঁহারই প্রজ্ঞা প্রতিষ্ঠিতা অর্থাৎ তিনিই স্থিতপ্রজ্ঞ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যা নিশা সর্ব্বভূতানাং তস্যাং জাগর্ত্তি সংযমী।
যস্যাং জাগ্রতি ভূতানি সা নিশা পশ্যতো মুনেঃ ॥ ৬৯

(৬৮ শ্লোকের টীকা)

টীকা। উক্তমুপসংহরতি তস্মাদিতি (বভ)। "যততোহ্যপি" ইত্যত্রোপক্রান্তমর্থং বহুধা উপপাদ্য উপসংহরতি তস্মাদিতি (নী)'।

সর্ব্বশঃ—স্বকারণেন মনসা সহিতানীতি যাবৎ (নী)।

(৬৯)

অন্বয়। সর্ব্বভূতানাং যা নিশা তস্যাং সংযমী জাগর্ত্তি, যস্যাং ভূতানি জাগ্রতি সা পশ্যতঃ মুনেঃ নিশা।

অনুবাদ। সর্ব্বভূতের যাহা (অর্থাৎ যে আত্মনিষ্ঠা) নিশা (স্বরূপ) সংযমী তাহাতে প্রবুদ্ধ থাকেন, যাহাতে (অর্থাৎ যে বিষয়নিষ্ঠায়) ভূতগণ জাগ্রত থাকে তাহা (পরমার্থতত্ত্ব) দর্শনকারী মুনির পক্ষে রাত্রি (স্বরূপ নিরানন্দজনক বা ক্লেশকর)।

টীকা। স্থিতপ্রজ্ঞস্য অন্যেভ্যো বৈলক্ষণ্যেন লক্ষণমাহ (বভ)।

যা—আত্মজ্ঞাননিষ্ঠা (শ্রী)।

নিশা—নিশেবাপ্রকাশিকা (রা) গাঢ়ান্ধকারবতী নিশেব ক্লেশকরী (নী)।

সংযমী—নিগৃহীতেন্দ্রিয় একাগ্রচিত্তঃ সাধকঃ। যো ধ্যানধারণাসমাধিসম্পন্নঃ।

জাগর্ত্তি—প্রবুধ্যতে (শ্রী)।

যস্যাং—গ্রাহ্যগ্রাহকভেদলক্ষণায়ামবিদ্যানিদ্রায়াম্ (শ)।

জাগ্রতি—নিদ্রাবিহীনভাবেন তিষ্ঠন্তি। রমন্তে।

পশ্যতঃ—পরমার্থতত্ত্বং পশ্যতঃ (শ)। আত্মদর্শনবতঃ (নী)।

মুনেঃ—যোগিনঃ (হ) স্থিতপ্রজ্ঞস্য (ঝ)। (গীতার মতে মুনি হইতেছেন ৫৬ শ্লোকে বর্ণিত "স্থিতধীঃ"।)

তাৎপর্য্য।

বল্লভাচার্য্য সম্প্রদায়ের 'তত্ত্বদীপিকা'য় এই শ্লোকের প্রথমাংশের অর্থ করা হইয়াছে 'যা আত্মবিষয়াবুদ্ধিঃ সংসারিণাং স্বপতামিব নিশেবাঽপ্রকাশিকা অজ্ঞানতিমিরোপহতমতীনাং আত্মদর্শনব্যবহারাযোগ্যা তস্যাং সংযমী জাগর্ত্তি'। আর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আপূর্য্যমাণমচলপ্রতিষ্ঠং
সমুদ্রমাপঃ প্রবিশন্তি যদ্বৎ।
তদ্বৎ কামা যং প্রবিশন্তি সর্ব্বে
স শান্তিমাপ্নোতি ন কামকামী ॥ ৭০

(৬৯ শ্লোকের তাৎপর্য্য)

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী মহাশয় সমগ্র শ্লোকের সরলার্থ করিয়াছেন : 'বুদ্ধির্হি দ্বিবিধা ভবতি আত্মপ্রবণাবিষয়প্রবণাচ। তত্র যা আত্মপ্রবণাবুদ্ধিঃ সা সর্ব্বভূতানাং নিশা। নিশায়াং কিং কিংস্যাদিতি তস্যাং স্বপন্তো জনাঃ যথা ন জানন্তি তথৈবাত্মপ্রবণবুদ্ধৌ প্রাপ্যমাণং বস্তু সর্ব্বভূতানি ন জানন্তি, কিন্তু তস্যাং সংযমী স্থিতপ্রজ্ঞো জাগর্ত্তি নতু স্বপিত্যতঃ আত্মবুদ্ধিনিষ্ঠমানন্দং সাক্ষাদনুভবতি। যস্যাং বিষয়প্রবণায়াং বুদ্ধৌ ভূতানি জাগ্রতি তন্নিষ্ঠং বিষয়সুখশোকমোহাদিকং সাক্ষাদনুভবন্তি নতুতত্রস্বপন্তি, সা মুনেঃ স্থিতপ্রজ্ঞস্য নিশা তন্নিষ্ঠং কিমপিনানুভবতীত্যর্থঃ, কিন্তু পশ্যতঃ সাংসারিকাণাং সুখদুঃখপ্রদান্‌বিষয়ান্ তত্রোদাসীন্যেনাবলোকয়তঃ স্বভোগ্যান্ বিষয়ানপি যথোচিতং নির্লেপমাদদানস্যেত্যর্থঃ' (বি)।

(৭০)

অন্বয়। যদ্‌বৎ আপঃ আপূর্য্যমাণং অচলপ্রতিষ্ঠং সমুদ্রং প্রবিশন্তি তদ্‌বৎ সর্ব্বেকামাঃ যং প্রবিশন্তি স শান্তিং আপ্নোতি কামকামী ন।

অনুবাদ। যেমন (নানা নদনদীর) জলরাশি সম্পূর্ণতাপ্রাপ্ত ও অচলভাবে প্রতিষ্ঠিত সমুদ্রমধ্যে প্রবেশ করে (অর্থাৎ প্রবেশ করিয়াও সমুদ্রকে বিক্ষুব্ধ করেনা), সমস্ত কামনা যাঁহার মধ্যে (অর্থাৎ চিত্তে) তদ্রূপ প্রবেশ করে (অর্থাৎ প্রবিষ্ট হইয়াও বিচলিত করেনা) তিনি শান্তি প্রাপ্ত হন, কামনাপরায়ণ (ব্যক্তি) নহে।

টীকা। ননু বিষয়েষু দৃষ্ট্যভাবে কথমসৌ তান্ ভুঙ্‌ক্তে ইত্যপেক্ষায়ামাহ আপূর্য্যমাণমিতি (শ্রী)।

অচলপ্রতিষ্ঠম্—অনুল্লঙ্ঘিতবেলম্ (ব)। অবিক্ষুব্ধম্, প্রশান্তম্।

কামাঃ—ইচ্ছাবিশেষাঃ (শ)। শব্দাদিবহুলকামনাবিষয়াঃ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিহায় কামান্ যঃ সর্ব্বান্ পুমাংশ্চরতি নিস্পৃহঃ।
নির্ম্মমো নিরহঙ্কারঃ স শান্তিমধিগচ্ছতি ॥ ৭১

(৭০ শ্লোকের টীকা)

প্রবিশন্তি—ন তু বিকর্ত্তুং প্রভবন্তি (ব)।

শান্তিং—মোক্ষম্ (শ)। 'সর্ব্ব' 'কর্ম্মবিক্ষেপনিবৃত্তিং' 'অবিদ্যানিবৃত্তিঞ্চ' (ম)। জ্ঞানম্ (বি)। অধ্যাত্মপ্রসাদম্। **কামকামী**—বিষয়ার্থী (ম)।

তাৎপর্য্য।

যথা অপাং প্রবেশে অপ্রবেশে বা সমুদ্রো ন কমপি বিশেষমাপদ্যতে এবমেব যঃ কামানাং ভোগে অভোগে চ ক্ষোভরহিত এব স্যাৎ সঃ স্থিতপ্রজ্ঞঃ (বি)।

এই শ্লোকে 'কামাঃ' অর্থে সাধারণতঃ যে সমস্ত কামনার বিষয় বলা হয় তাহাই নতুবা স্থিতধী বা আত্মসমাহিতের 'কামাঃ' নহে যেহেতু তিনি কামজয়ী।

(৭১)

অন্বয়। যঃ পুমান্ সর্ব্বান্ কামান্ বিহায় নিঃস্পৃহঃ নিরহঙ্কারঃ নির্ম্মমঃ (সন্) চরতি সঃ শান্তিম্ অধিগচ্ছতি।

অনুবাদ। যে ব্যক্তি সমস্ত কামনা পরিত্যাগ করিয়া স্পৃহাহীন, অহঙ্কারহীন, মমতাশূন্য (হইয়া) বিচরণ করেন তিনি শান্তি লাভ করেন।

টীকা। যঃ পুমান্ শব্দাদীন্ সর্ব্বান্ বিষয়ান্ বিহায় তত্র নিস্পৃহঃ মমতারহিতশ্চ অনাত্মনি দেহে আত্মাভিমানরহিতশ্চরতি, স আত্মানং দৃষ্ট্বা শান্তিমধিগচ্ছতি (রা)। ব্রজেত কিমিতি 'চতুর্থ প্রশ্নস্য উত্তরম্' (ম)।

চরতি—প্রারব্ধবশেন ভোগান্ ভুঙ্‌ক্তে (শ্রী)। যদৃচ্ছাপ্রাপ্তভোগান্ ভুঙ্‌ক্তে (ক)। "এই চরতি শব্দের অর্থ 'বিচরণ করেন' অর্থাৎ জগতের ব্যবহার করেন" (তি)।

শান্তিম্—সর্ব্বসংসারদুঃখোপরমলক্ষণাং নির্ব্বাণাখ্যাম্ (শ)। কৈবল্যম্ (আ)। অবিদ্যোপরমলক্ষণাম্ (হ)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এষাব্রাহ্মীস্থিতিঃ পার্থ! নৈনাং প্রাপ্য বিমুহ্যতি।

ইতি শ্রীমদ্ভগবদ্গীতাসু উপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াম্ যোগশাস্ত্রে
শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে সাংখ্যযোগো নাম দ্বিতীয়োঽধ্যায়ঃ।

অন্বয়। পার্থ! এষা ব্রাহ্মীস্থিতিঃ এনাং প্রাপ্য ন বিমুহ্যতি, অন্তকালেঽপি স্থিত্বা ব্রহ্মনির্ব্বাণং ঋচ্ছতি।

অনুবাদ। (হে) পার্থ! ইহাই ব্রহ্মে (বা ব্রহ্মত্বে) অবস্থিতি। ইহা লাভ হইলে (সাধক) আর মোহপ্রাপ্ত হন না। দেহাবসান পর্য্যন্ত ইহাতে স্থায়ী হইয়া অবশেষে ব্রহ্মনির্ব্বাণ লাভ করেন।

টীকা। স্থিতপ্রজ্ঞতাং স্তৌতি এষেতি (ব)।

এষা—যথোক্তা (শ)। স্থিতপ্রজ্ঞলক্ষণব্যাজেন কথিতা (ম)। অসঙ্গকর্ম্ম পূর্ব্বিকা (ক)।

ব্রাহ্মীস্থিতিঃ—ব্রহ্মরূপেণৈবাবস্থানম্ (শ)। সর্ব্বকর্ম্মসন্ন্যাসপূর্ব্বিকা ব্রহ্মনিষ্ঠা (আ)। নিত্যাত্মজ্ঞানপূর্ব্বিকাসঙ্গকর্ম্মণিস্থিতিঃ সৈষা স্থিরধীলক্ষণা ব্রাহ্মী ব্রহ্মপ্রাপিকা (রা)। ব্রহ্মজ্ঞাননিষ্ঠা (শ্রী)। ব্রাহ্মী ব্রহ্মসম্বন্ধিনী ব্রহ্মপ্রাপিকেতি যাবৎ স্থিতিঃ (ক)। ব্রহ্ম হি নির্দ্দোষং সমং তস্যৈবেতি ব্রাহ্মী ব্রহ্মসংবন্ধিনী বা স্থিতিঃ স্থিতধীলক্ষণা (বভ)।

ব্রহ্মনির্ব্বাণম্—ব্রহ্মনির্বৃতিং মোক্ষং (শ) নির্ব্বাণময়ং ব্রহ্মগচ্ছতি সুখৈক-তানমাত্মানমধিগচ্ছতীত্যর্থঃ (রা)।

ঋচ্ছতি—প্রাপ্নোতি (শ্রী)।

এই অধ্যায়ের তাৎপর্য্য।

শ্রীমদানন্দগিরি বলেন: 'জ্ঞানাদেকাকিনো মুক্তিস্তদুপায়শ্চেত্যেতেষামেকৈকত্র শ্লোকে প্রাধান্যেন প্রদর্শিতমিতি'। শ্রীমৎ মধুসূদন সরস্বতী বলেন: 'জ্ঞানং তৎসাধনং কর্ম্ম সত্ত্বশুদ্ধিশ্চ তৎফলম্। তৎফলং জ্ঞাননিষ্ঠৈবেত্যধ্যায়েঽস্মিন্ প্রকীর্ত্তিতম্'। শ্রীমৎ কেশবকাশ্মীরী বলেন: 'ভগবৎপ্রাপ্তিহেতুস্তৎ পরাভক্তির্হি বক্ষ্যতে। তদঙ্গমাত্মবিজ্ঞানং সাধনং তস্য কর্ম্ম চ। অসঙ্গং তেন শুদ্ধাত্মা স্থিতপ্রজ্ঞোভবেত্ততঃ সর্ব্বদুঃখবিনির্মুক্তঃ পরাং শান্তিংনিগচ্ছতি'॥ আর শ্রীমৎ বিশ্বনাথ চক্রবর্ত্তী বলেন: 'জ্ঞানং কর্ম্ম চ বিস্পষ্টমস্পষ্টং ভক্তিমুক্তবান্। অতএবায়-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিহায় কামান্ যঃ সর্ব্বান্ পুমাংশ্চরতি নিস্পৃহঃ।

প্রাবশান্ত—ন তু বিকর্ত্তুং প্রভবন্তি (ব)।

শান্তিং—মোক্ষম্ (শ)। 'সর্ব্ব' 'কর্ম্মবিক্ষেপনিবৃত্তিং' 'অবিদ্যানিবৃত্তিঞ্চ' (ম)। জ্ঞানম্ (বি)। অধ্যাত্মপ্রসাদম্। কামকামী—বিষয়ার্থী (ম)।

তাৎপর্য্য।

যথা অপাং প্রবেশে অপ্রবেশে বা সমুদ্রো ন কমপি বিশেষমাপদ্যতে এবমেব যঃ কামানাং ভোগে অভোগে চ ক্ষোভরহিত এব স্যাৎ সঃ স্থিতপ্রজ্ঞঃ (বি)।

এই শ্লোকে 'কামাঃ' অর্থে সাধারণতঃ যে সমস্ত কামনার বিষয় বলা হয় তাহাই নতুবা স্থিতধী বা আত্মসমাহিতের 'কামাঃ' নহে যেহেতু তিনি কামজয়ী।

(৭১)

অন্বয়। যঃ পুমান্ সর্ব্বান্ কামান্ বিহায় নিঃস্পৃহঃ নিরহঙ্কারঃ নির্ম্মমঃ (সন্) চরতি সঃ শান্তিম্ অধিগচ্ছতি।

অনুবাদ। যে ব্যক্তি সমস্ত কামনা পরিত্যাগ করিয়া স্পৃহাহীন, অহঙ্কার-হীন, মমতাশূন্য (হইয়া) বিচরণ করেন তিনি শান্তি লাভ করেন।

টীকা। যঃ পুমান্ শব্দাদীন্ সর্ব্বান্ বিষয়ান্ বিহায় তত্র নিস্পৃহঃ মমতা-রহিতশ্চ অনাত্মনি দেহে আত্মাভিমানরহিতশ্চরতি, স আত্মানং দৃষ্ট্বা শান্তি-মধিগচ্ছতি (রা)। ব্রজেত কিমিতি 'চতুর্থ প্রশ্নস্য উত্তরম্' (ম)।

চরতি—প্রারব্ধবশেন ভোগান্ ভুঙ্‌ক্তে (শ্রী)। যদৃচ্ছাপ্রাপ্তভোগান্ ভুঙ্‌ক্তে (ক)। "এই চরতি শব্দের অর্থ 'বিচরণ করেন' অর্থাৎ জগতের ব্যবহার করেন" (তি)।

শান্তিম্—সর্ব্বসংসারদুঃখোপরমলক্ষণাং নির্ব্বাণাখ্যাম্ (শ)। কৈবল্যম্ (আ)। অবিদ্যোপরমলক্ষণাম্ (হ)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এষাব্রাহ্মীস্থিতিঃ পার্থ! নৈনাং প্রাপ্য বিমুহ্যতি।
স্থিত্বাস্যামন্তকালেঽপি ব্রহ্মনির্ব্বাণমৃচ্ছতি ॥৭২

(৭২)

অন্বয়। পার্থ! এষা ব্রাহ্মীস্থিতিঃ এনাং প্রাপ্য ন বিমুহ্যতি, অন্তকালেঽপি স্থিত্বা ব্রহ্মনির্ব্বাণং ঋচ্ছতি।

অনুবাদ। (হে) পার্থ! ইহাই ব্রহ্মে (বা ব্রহ্মত্বে) অবস্থিতি। ইহা লাভ হইলে (সাধক) আর মোহপ্রাপ্ত হন না। দেহাবসান পর্য্যন্ত ইহাতে স্থায়ী হইয়া অবশেষে ব্রহ্মনির্ব্বাণ লাভ করেন।

টীকা। স্থিতপ্রজ্ঞতাং স্তৌতি এবেতি (ব)।

এষা—যথোক্তা (শ)। স্থিতপ্রজ্ঞলক্ষণব্যাজেন কথিতা (ম)। অসঙ্গকর্ম্ম পূর্ব্বিকা (ক)।

ব্রাহ্মীস্থিতিঃ—ব্রহ্মরূপেণৈবাবস্থানম্ (শ)। সর্ব্বকর্ম্মসন্ন্যাসপূর্ব্বিকা ব্রহ্মনিষ্ঠা (আ)। নিত্যাত্মজ্ঞানপূর্ব্বিকাসঙ্গকর্ম্মণিস্থিতিঃ সৈষা স্থিরধীলক্ষণা ব্রাহ্মী ব্রহ্মপ্রাপিকা (রা)। ব্রহ্মজ্ঞাননিষ্ঠা (শ্রী)। ব্রাহ্মী ব্রহ্মসম্বন্ধিনী ব্রহ্মপ্রাপিকেতি যাবৎ স্থিতিঃ (ক)। ব্রহ্ম হি নির্দ্দোষং সমং তস্যেবেতি ব্রাহ্মী ব্রহ্মসংবন্ধিনী বা স্থিতিঃ স্থিতধীলক্ষণা (বভ)।

ব্রহ্মনির্ব্বাণম্—ব্রহ্মনির্বৃতিং মোক্ষং (শ) নির্ব্বাণময়ং ব্রহ্মগচ্ছতি সুখৈক-তানমাত্মানমধিগচ্ছতীত্যর্থঃ (রা)।

ঋচ্ছতি—প্রাপ্নোতি (শ্রী)।

এই অধ্যায়ের তাৎপর্য্য।

শ্রীমদানন্দগিরি বলেন: 'জ্ঞানাদেকাকিনো মুক্তিস্তদুপায়শ্চেত্যেতেষামেকৈকত্র শ্লোকে প্রাধান্যেন প্রদর্শিতমিতি'। শ্রীমৎ মধুসূদন সরস্বতী বলেন: 'জ্ঞানং তৎসাধনং কর্ম্ম সত্ত্বশুদ্ধিশ্চ তৎফলম্। তৎফলং জ্ঞাননিষ্ঠৈবেত্যধ্যায়েঽস্মিন্ প্রকীর্ত্তিতম্'। শ্রীমৎ কেশবকাশ্মীরী বলেন: 'ভগবৎপ্রাপ্তিহেতুস্তৎ পরাভক্তির্হি বক্ষ্যতে। তদঙ্গমাত্মবিজ্ঞানং সাধনং তস্য কর্ম্ম চ। অসঙ্গং তেন শুদ্ধাত্মা স্থিতপ্রজ্ঞোভবেত্ততঃ সর্ব্বদুঃখবিনির্মুক্তঃ পরাং শান্তিংনিগচ্ছতি'॥ আর শ্রীমৎ বিশ্বনাথ চক্রবর্ত্তী বলেন: 'জ্ঞানং কর্ম্ম চ বিস্পষ্টমস্পষ্টং ভক্তিমুক্তবান্। অতএবায়-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মধ্যায়ঃ শ্রীগীতাসূত্রমুচ্যতে'॥ কিন্তু ইহা লক্ষ্যণীয় যে একমাত্র 'জ্ঞানাঃ মুক্তি' যদি এই অধ্যায়ের বক্তব্য হয় তাহা হইলে অর্জ্জুনের প্রশ্ন ও সমস্যার সমাধানজনক কোন উত্তর দেখা যায় না। ভগবৎপ্রাপ্তির জন্য পরাভক্তির উপদেশ এই অধ্যায়ে প্রধানতঃ বা সুস্পষ্টভাবে কোথায়? বরং শ্রীমৎ রামানুজাচার্য্যকৃত ব্যাখ্যাতেই এই অধ্যায়ের তাৎপর্য্য অধিকতর পরিস্ফুট হইয়াছে মনে হয়। আচার্য্যপাদ বলেন :—

'এষেতি। এষা নিত্যাত্মজ্ঞানপূর্ব্বিকাসঙ্গকর্ম্মণি স্থিতিঃ সৈষা স্থিরধীলক্ষণা ব্রাহ্মী ব্রহ্মপ্রাপিকা, ঈদৃশীং কর্ম্মস্থিতিং প্রাপ্য ন বিমুহ্যতি ন পুনঃ সংসারমাপ্নোতি। অস্যাং স্থিত্যামন্তিমেঽপি বয়সি স্থিত্বা ব্রহ্মনির্ব্বাণমৃচ্ছতি নির্ব্বাণময়ং ব্রহ্ম গচ্ছতি সুখৈকতানমাত্মানমধিগচ্ছতি ইত্যর্থঃ। এবং আত্মযাথাত্ম্যজ্ঞানপূর্ব্বকং যুদ্ধাখ্যস্য কর্ম্মণস্তৎপ্রাপ্তিসাধনতামজানতঃ শরীরাত্মজ্ঞানেন মোহিতস্য তে তব তেন চ মোহেন যুদ্ধান্নিবৃত্তস্য তন্মোহশান্তয়ে নিত্যাত্মবিষয়া সাঙ্খ্যবুদ্ধিঃতৎপূর্ব্বিকা চাসঙ্গকর্ম্মানুষ্ঠানরূপা কর্ম্মযোগবিষয়া বুদ্ধিঃ স্থিতপ্রজ্ঞতা যোগসাধনভূতা দ্বিতীয়েঽধ্যায়ে প্রোক্তা'।

গীতা বর্ত্তমান অধ্যায়ে উপনিষৎপ্রতিপাদিত আত্মতত্ত্ব বিশদভাবে ব্যাখ্যা করিয়াছেন সত্য, কিন্তু কেন? অর্জ্জুনের দেহাত্মবুদ্ধি, তাঁহার শোকমোহ দূরিত করিয়া তাঁহাকে ধর্ম্মযুদ্ধে প্রণোদিত করিবার জন্য, সংসার ত্যাগ বা ভিক্ষা-চর্য্যায়প্রবৃত্ত করিবার জন্য নহে; পরন্তু সর্ব্বকামনা, সর্ব্বকামনামূলক বন্ধনহেতু কর্ম্মত্যাগ করিয়া আসক্তিহীন নিষ্কাম কর্ম্মে দীক্ষিত করিবার জন্য। এই অধ্যায়ের ৭০,৭১ এবং ৭২ অর্থাৎ অন্তিম শ্লোকত্রিতয়েও উপনিষদের বাণী

যদা সর্ব্বে প্রমুচ্যন্তে কামা যেঽস্য হৃদিশ্রিতাঃ।
অথ মর্ত্তোঽমৃতোভবত্যত্র ব্রহ্ম সমশ্নুতে॥ (১)

কিছু বিস্তার করিয়া বলিয়াছেন যে ইন্দ্রিয়গ্রাহ্য বিষয়সমূহের আবেদন ও প্রভাব উপেক্ষা করিয়া, যাবতীয় কামনামুক্ত হইয়া নিরহঙ্কার, মমতাশূন্য, নিঃস্পৃহ জীবন যাত্রা নির্ব্বাহ করিলে পরা বা পরমাশান্তি লাভ হয়, আর তাহাই "ব্রাহ্মীস্থিতি।" এই "ব্রাহ্মী স্থিতি"র অর্থ ব্রহ্মে অচলা স্থিতি লাভ, গীতা পরে যাহাকে 'যোগারূঢ়' অবস্থা বলিবেন, যোগদর্শনের ভাষায় 'দ্রষ্টুঃ স্বরূপে অবস্থানম্"। এই "ব্রাহ্মীস্থিতি"

---

(১) কঠোপনিষৎ ২।৩।১৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে সর্ব্ব কর্ম্মোপরতি এমন কি 'প্রারব্ধ কর্ম্ম' 'স্বকর্ম্ম' বিরতি এমনও নহে। বরং এই "ব্রাহ্মীস্থিতি"ই নিষ্কাম, অবন্ধক, মুক্ত কর্ম্মের, ভাগবত কর্ম্মের দৃঢ়ভূমি। যতদিন জীবন আছে, ততদিন কর্ম্মও আছে, জীবন্মুক্তেরও কর্ম্ম,—"মুক্তস্য কর্ম্ম"—আছে। সে কেমন কর্ম্ম ? আগামী অধ্যায়গুলিতে সেই কর্ম্মতত্ত্বের উপদেশ দিবার জন্য বর্ত্তমান অধ্যায়ের শেষ শ্লোকে জীবন্মুক্তি ও বিদেহ মুক্তির পার্থক্য, উপনিষৎ যাহা

'অনুষ্ঠায় ন শোচতি বিমুক্তশ্চ বিমুচ্যতে'। (২)

বা

'পরামৃতাঃ পরিমুচ্যন্তি সর্ব্বে'। (৩)

বলিয়া প্রচার করিয়াছেন, গীতা তাহাই 'ব্রাহ্মীস্থিতি' ও "ব্রহ্মনির্ব্বাণ" বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। "নির্ব্বাণ" শব্দ ব্যবহৃত হওয়ায় আমরা যেন এমন মনে না করি যে গীতার বিদেহমুক্তিতত্ত্ব বৌদ্ধধর্ম্মশাস্ত্র হইতে গৃহীত—শ্রীযুক্ত ভাণ্ডারকর সে বিষয়ে সতর্ক করিয়া দিয়াছেন। তিনি বলিয়াছেন ঃ

"The source from which the Gita derives its doctrines about the conquest of self and attainment of a condition of peace and serenity, is the general atmosphere of religious and moral sentiment that came to prevail from the beginning of the earliest Upanishad speculations".* * "Consequently when the Gita speaks of Brahmanirvana it ought not to be supposed that it borrows the doctrine"* * "from Buddhism."*

অতএব আমাদের বক্তব্য এই যে আগামী অধ্যায়গুলিতে মুক্ত কর্ম্মতত্ত্বের উপদেশবীজ বপন করিবার জন্য শ্রীভগবান বর্ত্তমান অধ্যায়ে উপনিষদের অমৃতধারা বর্ষণে অর্জ্জুনের চিত্ত তদুপযোগী করিয়া লইলেন। ইহা ভগবদুপদেশের উপক্রমণিকা, উপসংহার নহে।

---

(২) কঠোপনিষৎ ২।২।১ (৩) মুণ্ডকোপনিষৎ ৩।২।৬

* Vaishnavism. Saivaism, and Minor Religious Systems by R. G. Bhandarkar, p 27.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বিতীয় অধ্যায়

(পরিশিষ্ট)

'দুঃখত্রয়াভিঘাতাজ্জিজ্ঞাসা'*। বিষণ্ণ অর্জ্জুনের শোকমোহ অপনোদনের উপায় ও "শ্রেয়ঃ" জিজ্ঞাসা হইতে এই যে অধ্যায়ের সূচনা ইহা 'সাংখ্যযোগ' নামে অভিহিত।

এই সাংখ্য শব্দের অর্থ কি? 'এষাতেঽভিহিতা সাংখ্যে' ৩৯ শ্লোকে ব্যবহৃত সাংখ্য শব্দের অর্থ শ্রীমচ্ছঙ্করাচার্য্য "পরমার্থবস্তুবিবেকবিষয়ে" অর্থাৎ আত্মবিষয়ে অর্থ করিয়াছেন। আর শ্রীমৎ কেশব কাশ্মীরী 'সম্যক্‌খ্যায়তে প্রকথ্যতে তত্ত্বমনয়েতি সংখ্যা অধ্যাত্মশাস্ত্রজা বুদ্ধিঃ তয়াবধারণীয়ং তত্ত্বং সাংখ্যং তস্মিন্ বিষয়ে' অর্থ করিয়াছেন। শ্রীমন্মধুসূদন আর ও বিস্তার করিয়া সাংখ্যে "সম্যক্ খ্যায়তে সর্ব্বোপাধিশূন্যতয়া প্রতিপাদ্যতে পরমাত্মতত্ত্বমনয়েতি সাঙ্খ্যোপনিষৎ" অর্থগ্রহণ করিয়াছেন। আর উহারই প্রতিধ্বনি করিয়া শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ বলিয়াছেন "সংখ্যোপনিষৎ সম্যক্ খ্যায়তে নিরূপ্যতে তত্ত্বমনয়েতি নিরুক্তেঃ তয়া প্রতিপাদ্যমাত্মযাথাত্ম্যং সাংখ্যম্।" এই সাংখ্য শব্দ যে কেবল বর্ত্তমান অধ্যায়েই ব্যবহৃত হইয়াছে তাহাও নহে অষ্টাদশ অধ্যায়ের ত্রয়োদশ শ্লোকে ও 'সাংখ্য' এই শব্দটি আছে। সেখানে আবার 'সাংখ্যের' বিশেষণ দেওয়া হইয়াছে 'কৃতান্তে'। সেখানে কিন্তু সাংখ্য শব্দের দ্বিবিধ অর্থ টীকাকারগণ করিয়াছেন—উপদেশের বিষয় অবশ্য উভয়স্থলে বিভিন্ন। কাজেই প্রশ্ন থাকিয়া যায় গীতোক্ত 'সাংখ্য' এবং 'সাংখ্যযোগ' শব্দদ্বয়ের প্রকৃত তাৎপর্য্য উপনিষদ্ বা তৎপ্রতিপাদিত আত্মতত্ত্বজ্ঞান এবং তদনুগত সাধনা অথবা সাংখ্যদর্শনোক্ত মতবাদ এবং তদনুসারিণী নিষ্ঠা, অথবা এই বিকল্পের অপর কোন সমাধান আছে?

একটি কথা ঠিক যে গীতার আগামী অধ্যায়ে শ্রীভগবান "লোকেঽস্মিন্ দ্বিবিধানিষ্ঠা"র উল্লেখ করিয়া সাংখ্যমার্গীয়দিগের জ্ঞানযোগই বিশিষ্ট নিষ্ঠা বা

---

* সাংখ্যকারিকা—১ সূ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাধন বলিয়া প্রচার করিবেন। তাহাতে 'গীতোক্ত 'সাংখ্য' বা বুদ্ধিযোগ' আর 'জ্ঞানযোগ' একার্থবাচক বুঝিতে হয়।

লোকমান্য তিলক বলেন : "সাংখ্য শব্দের দ্বারা কপিলের সাংখ্য বা নিছক বেদান্ত এস্থানে উদ্দিষ্ট নহে" "সাংখ্য অর্থে সন্ন্যাস মার্গই এস্থলে ধরিতে হইবে।" (১) আর দ্বিজেন্দ্রনাথ ঠাকুর মহাশয় বলেন : "ভগবদ্গীতার প্রথম পৈঠাতেই সাংখ্যশাস্ত্রের উল্লেখ দেখিতে পাওয়া যায়। গীতার যে সাংখ্য তাহা কি এই সাংখ্য অর্থাৎ যাহা সাংখ্যকারিকাগ্রন্থে আর্য্যাচ্ছন্দে সূত্র পরম্পরায় গ্রথিত হইয়াছে না তাহার অধিক আর কিছু? এবিষয়ে মীমাংসার জন্য দার্শনিক পুরা তত্ত্বের অন্ধকারে হাতড়াইয়া বেড়াইবার বিশেষ কোনও প্রয়োজন দেখিতেছি না। স্পষ্টই দেখা যাইতেছে যে সাংখ্যকারিকা গ্রন্থের মূল বচনগুলি সমস্তই গীতার অনুমোদিত" । (২)

"কপিল মুনির চরম বক্তব্য কথা এই যে প্রকৃতিই আপনার অধিষ্ঠাতা পুরুষকে অর্থাৎ জীবাত্মাকে মোহে আচ্ছন্ন করিয়া তাহাকে সুখদুঃখাদি গুণ দ্বারা বন্ধন করেন এবং প্রকৃতি মোহান্ধকার ক্রমে ক্রমে অপসারণ করিয়া সুখদুঃখাদির হস্ত হইতে জীবকে নিষ্কৃতি প্রদান করেন। প্রকৃতির দুই মূর্ত্তি বিদ্যা এবং অবিদ্যা, প্রকৃতি অবিদ্যা মূর্ত্তি ধারণ করিয়া জীবকে সংসার পাশে বদ্ধ করেন এবং বিদ্যামূর্ত্তি ধারণ করিয়া জীবকে মুক্তিধামে পৌছিয়া দেন। অতএব মুমুক্ষু ব্যক্তির পক্ষে বিদ্যার পথই অবলম্বনীয়"। "বিদ্যাপদার্থটা কি? জীবাত্মার বুদ্ধির অভ্যন্তরে যখন এইরূপ বিবেক উৎপন্ন হয় যে প্রকৃতি স্বতন্ত্র এবং সে আপনি স্বতন্ত্র। তখন তাহারই বলে জীবাত্মা সমস্ত সুখদুঃখাদির বন্ধন হইতে মুক্তিলাভ করে"। (ঐ ১৬ পৃঃ)।

"শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে চালাইবার অভিপ্রায়ে সাংখ্য শাস্ত্রের প্রদর্শিত জ্ঞানের পথ হইতে যাত্রারম্ভ করিলেন। বলিলাম সাংখ্যশাস্ত্রের প্রদর্শিত জ্ঞানের পথ কিন্তু তাহার অর্থ এ নহে যে সাংখ্যদর্শনের মতামত। মানুষের গায়ের উত্তরীয় যেমন মূলেই মানুষ নহে, তেমনই সাংখ্যদর্শনের মতামত মূলেই সাংখ্যশাস্ত্রের ভিতরকার কথা নহে, যাহা সাংখ্যশাস্ত্রের ভিতরকার কথা তাহা বেদান্ত শাস্ত্রেরও ভিতরের কথা"। উভয়ের ঐক্যস্থানটীতে বেদান্ত এবং সাংখ্য যেন ঝিনুকের দুইটী কপাট আর সেই কপাটের অন্তরালে অমূল্য তত্ত্বজ্ঞানের

---

(১) বালগঙ্গাধর তিলক প্রণীত : শ্রীমদ্ভগবদ্গীতারহস্যম্ (জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর কৃত অনুবাদ) ৬৪০ পৃঃ। (২) দ্বিজেন্দ্র নাথ ঠাকুর : গীতা পাঠের ভূমিকা ২ পৃঃ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মুক্তা সংরোপিত রহিয়াছে। শ্রীকৃষ্ণ সর্ব্বপ্রথমেই সাংখ্যশাস্ত্রের সেই সার কথাটি অর্জ্জুনকে স্মরণ করাইয়া দিলেন 'যে আত্মা অজর, অমর এবং অপরিবর্ত্তনীয় ধ্রুব সত্য" "আত্মা জন্ম মৃত্যুহীন নিত্য নির্ব্বিকার, সংক্ষেপে আত্মার ধ্রুব অস্তিত্বের প্রতি বিশ্বাস স্থাপন সাধনের প্রথম পইঠা" (১)। কাশীনাথ ত্র্যম্বক তেলাঙ্ প্রভৃতি আধুনিক পণ্ডিতের মত এই যে গীতা হিন্দুদর্শন সূত্রাকারে পৃথক পৃথক শাখা নিবদ্ধ হইবার পূর্ব্ব আমলের রচনা—"belongs to an age prior to the system-making age of Sanskrit Philosophy". (২)

তাহা হইলে বর্ত্তমান সাংখ্যকারিকা বা প্রবচন সূত্রের সহিত গীতোক্ত সাংখ্যযোগের সম্পূর্ণ সঙ্গতি—ভাবাগত সঙ্গতি—না থাকাই সম্ভব। কিন্তু তত্রাপি কপিলদর্শন ও মতবাদের যে প্রবাহ পূর্ব্ব হইতেই চলিয়া আসিতেছিল (৩) গীতার উপদেশ-পরম্পরায় তাহার প্রভাব অনেক স্থানেই সুস্পষ্ট। গীতার বর্ত্তমান অধ্যায়ে ১১ হইতে ৩০ শ্লোক পর্য্যন্ত আত্মতত্ত্ব বা আত্মানাত্ম-বিবেক বিষয়ে যে উপদেশ দেওয়া হইয়াছে তাহা যেমন "ন জায়তে ম্রিয়তে বা কদাচিৎ" প্রভৃতি উপনিষদের বাণীর প্রতিধ্বনি, তেমনি ৩১ হইতে ৩৮ শ্লোকে অর্জ্জুনের স্বধর্ম্মবিচার করিয়া যুদ্ধ করা তাঁহার পক্ষে কর্ত্তব্য বলিয়া যে উপদেশ এখানে এবং পরে পুনঃপুনঃ প্রদত্ত হইয়াছে তাহা মূলে সাংখ্যদর্শনের গুণবাদের উপরই প্রতিষ্ঠিত। ত্রয়োদশ অধ্যায় অর্থাৎ ক্ষেত্রক্ষেত্রজ্ঞবিভাগযোগাধ্যায় ত বহুলাংশে সাংখ্যদর্শনের মতবাদে পূর্ণ। তৎপরে চতুর্দ্দশ অধ্যায়েও শ্রীভগবান শুধু—

"চাতুর্বর্ণ্যং ময়াসৃষ্টং গুণকর্ম্মবিভাগশঃ।"

বলিবেন না, সমগ্র অধ্যায়টিই গুণকর্ম্মবিভাগযোগবিষয়ে উপদেশ এবং অষ্টাদশ অধ্যায় পর্য্যন্ত সেই ধারা প্রবাহিত দেখিতে পাইব। তাহারই কলকল্লোলে শুনিতে পাইব আহার, যজ্ঞ ও ত্যাগের, জ্ঞান, কর্ম্ম ও কর্ত্তার, বুদ্ধি, ধৃতি ও সুখের ত্রৈবিধ্য সম্বন্ধে উপদেশ শুধু নহে, পরন্তু এই সাধারণ সিদ্ধান্তমূলক উপদেশ যে—

ন তদস্তি পৃথিব্যাং বা দিবি দেবেষু বা পুনঃ।
সত্ত্বং প্রকৃতিজৈর্মুক্তং যদেভিঃ স্যাৎ ত্রিভিগুণৈঃ॥ (১৮।৪০)

(১) দ্বিজেন্দ্রনাথ ঠাকুর : গীতা পাঠের ভূমিকা (২৪, ২৫ ও ৩২ পৃষ্ঠা)।

(২) The Bhagavad Gita : Translated by K. T. Telang (Sacred Books of the East : Edited by Maxmuller) Introduction P. 7.

(৩) দশম অধ্যায়ের ২৬ শ্লোকে দেখা যাইবে শ্রীভগবান তাঁহার বিভূতির বিশিষ্ট প্রতীকরূপে "সিদ্ধানাং কপিলোমুনিঃ"র উল্লেখ করিয়াছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তেমনই ৩৯ শ্লোকে তৎপরবর্ত্তী শ্লোকগুলির যে বিষয় নির্দ্দেশ "যোগেত্বিমাংশৃণু" বলিয়া করা হইয়াছে গীতোক্ত এই যোগেরই বা স্বরূপ কি? এই অধ্যায়েই যোগের দুইটি সংজ্ঞা নির্দ্দেশ করা হইয়াছে দেখিতে পাই। প্রথমে ৪৮ শ্লোকে সিদ্ধি-অসিদ্ধিতে সমভাবে থাকা বা 'সমত্বকে' যোগ বলা হইয়াছে ("সমত্বং যোগ উচ্যতে")। আর ৫০ শ্লোকে "যোগঃ কর্ম্মসু কৌশলম্" বলা হইয়াছে। সে কৌশল কি? "বন্ধকানামপি মোক্ষপরত্বসম্পাদনচাতুর্য্যম্" বলিয়া শ্রীধরস্বামী তাহার ব্যাখ্যা করিয়াছেন—অর্থাৎ কর্ম্ম যাহা সাধারণতঃ ফলপ্রদ, বন্ধনহেতু হয়, তাহাকে মোক্ষদায়ক করিবার বিশিষ্ট সাধনকে যোগ বা কর্ম্মযোগ বলা হইয়াছে, এবং সেই যে বুদ্ধি 'যয়া যুক্তঃ কর্ম্মবন্ধং প্রহাস্যসি' তাহাকেই যোগবুদ্ধি বা বুদ্ধিযোগ বলিয়াই নির্দ্দেশ করা হইয়াছে। আর এই যোগ কখন লাভ বা আয়ত্ত হয়?" "যদা স্থাস্যতি নিশ্চলা সমাধাবচলা বুদ্ধিস্তদাযোগমবাপ্স্যসি"। এই যে সমাধিতে অচলাবুদ্ধি, প্রজ্ঞাস্থিতি, ইহা কিরূপে লাভ করা যায়? এই অধ্যায়ের শেষাংশে স্থিতপ্রজ্ঞের লক্ষণ বর্ণনা প্রসঙ্গে শ্রীভগবান তাহারই নির্দ্দেশ করিয়াছেন। বাহ্যবিষয়াসক্তি, কামক্রোধ-মোহান্ধতা ও স্মৃতিভ্রংশের পথে যেমন বুদ্ধিনাশ ও আত্মনাশ ঘটে, তেমনই ইন্দ্রিয়জয়, অনাসক্তি, রাগদ্বেষহীনতা চিত্তের প্রসাদ ও বুদ্ধির স্থৈর্য্যপথে ব্রাহ্মী-স্থিতি লাভ হয়।

এখানেও প্রশ্ন হইবে: এই যে গীতোক্ত যোগপন্থা ইহার সহিত পাতঞ্জল যোগের সম্বন্ধ কি? প্রাচীন টীকাকারগণের মধ্যে শ্রীমৎ শঙ্করাচার্য্য 'যোগে' শব্দের অর্থ "ঈশ্বরারাধনার্থে কর্ম্মযোগে কর্ম্মানুষ্ঠানে সমাধিযোগে চ" বলিয়া ব্যাখ্যা করিয়াছেন। কিন্তু শ্রীমৎ আনন্দগিরি বলেন "যোগে ত্বিমাং ইত্যাদি ব্যাকুর্ব্বন্ যোগশব্দস্য প্রকৃতে চিত্তবৃত্তিনিরোধবিষয়ত্বং ব্যবচ্ছিনত্তি তৎপ্রাপ্তীতি"। আর, শ্রীমদ্রামানুজাচার্য্য "আত্মজ্ঞানপূর্ব্বকমোক্ষসাধনভূতকর্ম্মানুষ্ঠানে যো বুদ্ধিযোগো বক্তব্যঃ স ইহ যোগশব্দেনোচ্যতে" বলিলেও, বল্লভসম্প্রদায়ের টীকা তত্ত্বদীপিকায় "মনোনিরোধরূপে সাম্যস্থিতিপ্রয়োজনকে ঈশ্বরালম্বনে" বলিয়া যোগদর্শন ও গীতার মধ্যে ঐক্য স্থাপনের চেষ্টা করিয়াছেন।

আধুনিক টীকাকারগণের মধ্যে লোকমান্য তিলক বলেন "যোগশব্দে পাতঞ্জল যোগ এখানে উদ্দিষ্ট নহে, 'যোগ অর্থে কর্ম্মমার্গই এস্থলে ধরিতে হইবে" (১)।

(১) বালগঙ্গাধর তিলক প্রণীত 'গীতারহস্যম্' (জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরকৃত অনুবাদ,) ৪০ পৃষ্ঠা।

৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পাতঞ্জল যোগ এখানে উদ্দিষ্ট হোক আর নাই হোক এই অধ্যায়ের উপদেশের সহিত পাতঞ্জল যোগ শাস্ত্রের যে কতদূর সঙ্গতি আছে বা না আছে তাহা আমরা ইতিপূর্ব্বেই শ্লোকগুলির ব্যাখ্যা প্রসঙ্গে কিছুটা দেখিয়াছি এবং অতঃপর, বিশেষতঃ ষষ্ঠ অধ্যায়ের উপদেশ আলোচনাকালে, বিস্তৃত আলোচনার সুযোগ হইবে। আপাততঃ এখানে কিছু আলোচনা করিয়া দেখা যাক।

যোগদর্শনে সাধনপাদের প্রথমেই 'তপঃস্বাধ্যায়েশ্বরপ্রণিধানানি ক্রিয়া-যোগঃ' (২ সাঃ ১ সূ) বলিয়া যে সকল যোগোপায় বা সাধনাঙ্গ নির্দ্দেশ করা হইয়াছে তাহাতে 'তপঃ' যদি ব্রহ্মচর্য্য পালন, ইন্দ্রিয়সংযম, সত্যভাষণ, দ্বন্দ্বসহিষ্ণুতা প্রভৃতি হয়, 'স্বাধ্যায় অর্থে যদি প্রণবমন্ত্র জপ, মোক্ষশাস্ত্রাধ্যয়ন বুঝিতে হয় আর 'ফলাভিসন্ধিবিনাকৃতানাং কর্ম্মণাং পরমগুরাবীশ্বরেসমর্পণমীশ্বরপ্রণিধানম্' (২) হয় অর্থাৎ 'যৎকরোষি যদশ্নাসি যজ্জুহোষি দদাসি যৎ, যত্তপস্যসি কৌন্তেয় তৎকুরুষ্বমদর্পণম্' উপদেশ অনুসারে যাবতীয় কর্ত্তব্যসম্পাদনা হয়, তাহা হইলে তেমন যোগোপদেশ গীতাতেই থাকুক আর যোগশাস্ত্রেই থাকুক তাহাই 'যোগঃ কর্ম্মসু কৌশলম্' বিধায়ক উপদেশ বটে, তাহা 'ক্রিয়াযোগ' বা 'কর্ম্মযোগ' যে নামেই অভিহিত হোক না কেন।

এই প্রকার সাধনের প্রয়োজন কি, সুফলই বা কি ? যোগশাস্ত্রকার বলেনঃ 'সমাধিভাবনার্থঃ ক্লেশতনুকরণার্থশ্চ' (সাঃ ২।২ সূত্র) অর্থাৎ একদিকে সমাধি-সৌকর্য্য এবং ঈশ্বরে চিত্তস্থাপন, আর 'অবিদ্যা অস্মিতা রাগ দ্বেষ অভিনিবেশ' (বা আসক্তি) রূপ 'পঞ্চক্লেশে'র 'তনুকরণ' অর্থাৎ ক্ষয় ও নিবৃত্তিসাধন। আর গীতাশাস্ত্রে কি দেখিতে পাই ? এই অধ্যায়েই শ্রীভগবান 'বুদ্ধিযোগে'র উপদেশ প্রসঙ্গে 'সমাধিস্থ' ও 'স্থিতপ্রজ্ঞ' হইবার সাধনও স্থিতপ্রজ্ঞের লক্ষণ যাহা সবিস্তারে বর্ণনা করিয়াছেন তাহা হইতে মায়ামোহ, অহঙ্কার, রাগ দ্বেষ ও আসক্তিপরিহারের উপদেশের সূচনা করিয়া অধ্যায়ের পর অধ্যায়ে তাহারই প্রয়োজন ও সাধন পুনঃ পুনঃ নির্দ্দেশ করিতে করিতেই ত চলিয়াছেন। আবার যোগশাস্ত্রে 'ঈশ্বর প্রণিধান' শুধু আদি সাধন নহে অন্তঃসাধনও বটে। সাধনপাদের শেষাংশে 'সমাধি-সিদ্ধিরীশ্বরপ্রণিধানাৎ' (সা। ২।৪৫) সূত্রেও ধারণাধ্যানের পরিপাকে সমাধিসিদ্ধির

---

(২) ২।১ সূত্রের মণিপ্রভা টীকা দ্রষ্টব্য। অনুরূপ ব্যাখ্যা ব্যাসভাষ্যে এবং অপরাপর টীকায়ও দেখা যাইবে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পক্ষেও ঈশ্বর প্রণিধানের বিধান দেখা যায়। এই সূত্রদ্বারা প্রথম অর্থাৎ সমাধিপাদের 'ঈশ্বরপ্রণিধানাদ্বা' (১।২৩) সূত্রের 'বা' যে বিকল্পার্থক নহে পরন্তু নিশ্চয়ার্থক 'এব', ইহা যে সমাধিসিদ্ধিতে উত্তীর্ণ হইবার রাজপথ সে বিষয়েও যোগশাস্ত্রকার সন্দেহের অবকাশ রাখেন নাই। আর, পাতঞ্জলদর্শন মতে যোগী বা যোগারূঢ ব্যক্তিরও কর্ম্ম আছে এবং সে কর্ম্ম পাপপুণ্যফলপ্রদ নহে—'কর্ম্মাশুক্লাকৃষ্ণং যোগিনঃ' (৪ কৈ ।৭ সূ),—যেমন গীতার 'মুক্তস্য কর্ম্ম'। তবুও পাতঞ্জল যোগোক্ত ও গীতোক্ত যোগোপদেশের মধ্যে উপেয় বা উদ্দেশ্যগত পার্থক্য যে অস্পষ্ট নহে পরন্তু সুস্পষ্ট ইহা অস্বীকার করিবার নহে। প্রতিপাদ্য একদিকে নিরোধপরিণামফলে কৈবল্য, অপর দিকে 'মুক্তস্য কর্ম্ম'। যোগশাস্ত্র চাহেন দ্রষ্টার স্বরূপে অবস্থিতি আর বর্ত্তমান অধ্যায়ের পরিসমাপ্তিতে সাধ্যনির্দ্দেশ করিতে গীতা বলিয়াছেন মরণে 'ব্রহ্মনির্ব্বাণ' আর জীবনে 'ব্রাহ্মীস্থিতি', কিন্তু সে অবস্থায়ও যোগেশ্বর শ্রীভগবান নিজের দৃষ্টান্ত দিয়া অতঃপর বলিবেন

'যোজয়েৎ সর্ব্বকর্ম্মাণি বিদ্বান্ যুক্তঃ সমাচরন্' (৩।২১)

বিদ্বান্ আত্মবিৎ যোগারূঢ ব্যক্তি করিবেন 'লোকসংগ্রহার্থ কর্ম্ম'। তাহাতে কি ব্রাহ্মীস্থিতি হইতে বিচ্যুত হইতে হইবে না? তাহা কি ব্রহ্মনির্ব্বাণের পরিপন্থী হইবে না? গীতা বলিবেন না।

লভন্তে ব্রহ্মনির্ব্বাণ মৃষয়ঃ ক্ষীণকল্মষাঃ।
ছিন্নদ্বৈধা যতাত্মানঃ সর্ব্বভূতহিতে রতাঃ॥ (৫।২৫)

এ সকল অবশ্য পরের কথা। আপাততঃ এই অধ্যায়ের পাঠান্তে আমরা বিস্মৃত হইতে পারি না যে শ্রীভগবান যেমন অর্জ্জুনকে স্বধর্ম্মপালনের নির্দ্দেশ দিয়া তাঁহার উপদেশ আরম্ভ করেন নাই, পরন্তু আত্মতত্ত্ব ব্যাখ্যা করিয়া উপদেশের সূচনা করিয়াছেন, তেমনই অর্জ্জুনকে কর্ম্মে প্রবৃত্ত করিতে প্রয়াসী হইয়া 'কর্ম্মণ্যেবাধিকারস্তে' বলিয়াও কিন্তু তাঁহাকে নিম্নাধিকারী মনে না করিয়া বলিয়াছেন 'মা ফলেষু কদাচন', 'মা কর্ম্মফলহেতুর্ভূঃ' এবং কর্ম্ম করিয়া ফলমুক্ত থাকার সাধনা ও সিদ্ধির পথ নির্দ্দেশ করিয়াছেন। অর্জ্জুন "দৈবী সম্পদ্" অভিজাত * বলিয়াই না তাঁহাকে কর্ম্মমার্গে মুক্তিভাজন করিয়া তুলিবার

* দৈবীসম্পদ্বিমোক্ষায় নিবন্ধায়াসুরীমতা।
মা শুচঃ সম্পদং দৈবীমভিজাতোঽসি পাণ্ডব॥ (১৬।৫)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জন্য, তাঁহাকে সহকর্ম্মীর যোগ্য করিয়া লইবার উদ্দেশ্যে, সপ্তদশঅধ্যায়ব্যাপী উপদেশের অবতারণা ?

কর্ম্মজং বুদ্ধিযুক্তা হি ফলংত্যক্ত্বা মনীষিণঃ।
জন্মবন্ধবিনির্ম্মুক্তাঃ পদং গচ্ছন্ত্যনাময়ম্ ॥ (৭১)

বলিয়াই ত 'বুদ্ধিযুক্তো জহাতীহ উভে সুকৃতদুষ্কৃতে', জানাইয়া 'যে 'যোগঃ কর্ম্মসু কৌশলম্' সেই 'যোগায় যুজ্যস্ব' আদেশ, আর উপদেশের এই প্রথম অধ্যায়েই 'কামান্ সর্ব্বান্ মনোগতান্' পরিত্যাগপূর্ব্বক স্থিতপ্রজ্ঞ হইবার, "ব্রাহ্মীস্থিতি" লাভ করিবার, নির্দ্দেশ। গীতায় উপদিষ্ট এই বুদ্ধিযোগ এমন সাধনা যাহা 'কর্ম্মসু কৌশলম্' বিধায়ক, যাহা কর্ম্মীকে অফলপ্রসূ কর্ম্ম করিবার যোগ্যতা আয়ত্ত করিয়া দিতে পারে—যে যোগ্যতা আয়ত্ত হইলে যে সাধনায় সিদ্ধিলাভ করিলে, পরাশান্তি লাভ হয়। ভগবদ্বাণী—

'বিহায় কামান্ যঃ সর্ব্বান্ পুমাংশ্চরতি নিঃস্পৃহঃ।
নির্ম্মমো নিরহঙ্কারঃ স শান্তিমধিগচ্ছতি' ॥ (৭১)

এই শ্লোকে দুইটি বিষয় লক্ষ্যণীয়—প্রথমতঃ সমস্ত কামনা পরিহারের কথা আছে কিন্তু কর্ম্মত্যাগের নহে, দ্বিতীয়তঃ 'চরতি' পদের প্রয়োগ। "সন্ন্যাস মার্গের টীকাকার এই 'চরতি' পদের ভিক্ষা মাগিয়া ফেরেন এই অর্থ করেন, কিন্তু এই অর্থ ঠিক নহে। পূর্ব্বের ৬৪ ও ৬৭ শ্লোকে 'চরন্' এবং 'চরতাং' এর যে অর্থ এখানেও সেই অর্থ করিতে হইবে। ৬৪ শ্লোকে স্পষ্ট বলা হইয়াছে যে স্থিতপ্রজ্ঞ পুরুষ ইন্দ্রিয়সকলকে নিজের আয়ত্তে রাখিয়া 'বিষয়ে বিচরণ' করিবেন। অতএব 'চরতির' 'বিচরণ করেন' অর্থাৎ 'জগতের ব্যবহার করেন' এই অর্থই করিতে হইবে"*—সংসার ত্যাগ নহে। আর এইরূপে বিচরণ করিয়াও 'স শান্তিমধিগচ্ছতি'। অপিচ 'এষা ব্রাহ্মীস্থিতি' অর্থাৎ ইহাকেই ব্রহ্মত্বলাভ বা ব্রহ্মভূত হওয়া বলে।

---

* বালগঙ্গাধর তিলক প্রণীত 'গীতারহস্যম' (জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর কৃত বঙ্গানুবাদ) পৃঃ ৬৫৫।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তৃতীয় অধ্যায়

(কর্ম্মযোগ)

পূর্ব্বাভাস

দ্বিতীয় অধ্যায়ের ৪৮ শ্লোকে শ্রীভগবানের পরিষ্কার উপদেশ হইতেছে 'মা কর্ম্মফলহেতুর্ভূঃ' কিন্তু 'মা তে সঙ্গোঽস্ত্বকর্ম্মণি'। তাহার পরে ৪৯ শ্লোকে বলা হইয়াছে—

দূরেণহ্যবরং কর্ম্ম বুদ্ধিযোগাদ্ধনঞ্জয় !
বুদ্ধৌ শরণমন্বিচ্ছ কৃপণাঃ ফলহেতবঃ ॥

এবং ৫০।৫১ শ্লোকে বলা হইয়াছে বুদ্ধিযুক্ত মনীষিগণ সুকৃতদুষ্কৃত এবং কর্ম্মজ ফলাকাঙ্খা ত্যাগ করিয়া জন্মবন্ধমুক্ত হইয়া শান্তিপূর্ণ পরমপদলাভ করেন এবং তদনুক্রমে প্রদত্ত উপদেশ হইতেছে মোহমুক্ত বুদ্ধি অচলভাবে সমাহিত হইলে প্রকৃত যোগ লাভ হয়। কাজেই এই অধ্যায়ের আরম্ভে অর্জ্জুনের প্রশ্ন হইতেছে —'হে কেশব! তবে এই যুদ্ধরূপ হিংসাত্মক চিত্তবিক্ষেপকারী কর্ম্মে আমাকে নিয়োগ করিতেছ কেন'? আর দ্বিতীয় অধ্যায়ের ৪৯ হইতে ৫৩ শ্লোকের সহিত পূর্ব্বগামী ৩১।৩৮।৪৭।৪৮ শ্লোকোক্ত উপদেশের বিরোধ আছে মনে করিয়া অর্জ্জুনের দ্বিতীয় প্রশ্ন বা প্রস্তাব হইতেছে ক্বচিৎ কর্ম্মপ্রশংসা ক্বচিৎ জ্ঞান প্রশংসা করিয়া আমার বুদ্ধি মোহাবিষ্টপ্রায় না করিয়া একটি সুনিশ্চিত শ্রেয়স্কর উপদেশ দান করুন (১।২)। তদুত্তরে শ্রীভগবান বলিলেন:

(১) এই লোকে দুই প্রকার নিষ্ঠা বা সাধনপন্থা (discipline) আছে— জ্ঞানযোগ আর কর্ম্মযোগ। (৩)

(২) একদিকে যখন কর্ম্মসন্ন্যাস বা পরিহার মাত্রেই নৈষ্কর্ম্ম্যসিদ্ধি লাভ হয় না—মিথ্যাচারী বা ভণ্ড কর্ম্মেন্দ্রিয়মাত্র সংযত করিয়াও বিষয়চিন্তা করিতে বা তৃষ্ণাযুক্ত থাকিতে পারে, অপর দিকে প্রকৃতিজাত গুণের দ্বারা বশীভূত হইয়া সাধারণতঃ যখন কার্য্য করিতেই হয় এবং কাহারও পক্ষে সম্পূর্ণ কর্ম্মহীন হইয়া থাকা সম্ভব নহে, কর্ম্মত্যাগ করিলে যখন শরীর যাত্রা পর্য্যন্ত নির্ব্বাহিত হয় না তখন মনের দ্বারা ইন্দ্রিয়গ্রামকে বশীভূত করিয়া অনাসক্তভাবে কর্ম্মযোগের সাধন, কর্ত্তব্যকর্ম্মের অনুষ্ঠানই বিধেয়—"কর্ম্মজ্যায়োহ্যকর্ম্মণঃ" (৪-৮)। কামনামূলক বা আসক্তিযুক্তকর্ম্মই বন্ধন হেতু হয়। নতুবা যে কর্ম্ম যজ্ঞার্থে বা ভগবদুদ্দেশ্যে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনাসক্তভাবে করা হয় তাহা অফলপ্রসূ, অতএব অবন্ধক, হয়। সৃষ্টিকর্ত্তা যজ্ঞসহ প্রজাবর্গ সৃষ্টি করিয়া যজ্ঞের দ্বারা অভিবৃদ্ধি ও অভীষ্ট ফললাভ করিতে বলিয়াছিলেন; যজ্ঞের দ্বারা দেবগণ অভিনন্দিত হইবেন এবং অভিনন্দিত দেবগণ তোমাদিগকে সম্বর্দ্ধিত করিবেন এইরূপে পরস্পর সম্বর্দ্ধনা করিয়া পরম মঙ্গল বা মুক্তি লাভ করিবে (১১)। দেবতাপ্রদত্ত ইষ্টভোগ্য সকল লাভ করিয়া দেবতার প্রদত্ত বস্তু আবার দেবতার উদ্দেশে অর্পণ করিবে। তাহা না করিয়া যে উপভোগ করে, যে যজ্ঞাবশিষ্টভোজী নয়, অনিবেদিত বস্তু আত্মসুখের জন্য গ্রহণ করিতে অভ্যস্ত, সে দেবস্বাপহারী তস্কর (১২)। অতএব যে যজ্ঞের দ্বারা সৃষ্টিধারা চলে, যাহাতে ব্রহ্ম নিত্য প্রতিষ্ঠিত, তাহা কর্ম্মোদ্ভূত এবং "কর্ম্ম ব্রহ্মোদ্ভবং" বলিয়া জানিবে (১৫)। তবে যিনি আত্মারাম আত্মতৃপ্ত তাঁহার অবশ্য নিজ প্রয়োজনে কার্য্য বা করণীয় কিছুই থাকে না (১৭)। তাঁহার কৃতকার্য্যের দ্বারা কোনও স্বার্থ লাভ বা স্বার্থহানি সাধিত হয় না, যেহেতু সর্ব্বভূতের সহিত তাঁহার আর প্রয়োজন সম্বন্ধ অর্থাৎ লাভালাভের সম্বন্ধ বা স্বার্থসম্বন্ধ থাকে না। তিনি সর্ব্বভূতের সহিত একাত্মতা লাভ করেন। অতএব হে অর্জ্জুন, তুমি অনাসক্তভাবে কর্ত্তব্যকার্য্য সম্পাদন কর। জানিও, অনাসক্তভাবে কর্ম্মযোগ সাধন করিয়া পুরুষ মোক্ষলাভ করিতে পারে (১৭-১৯)। পূর্ব্বে জনকাদি কর্ম্মের দ্বারা (বা কর্ম্মসহ অর্থাৎ কর্ম্মত্যাগ না করিয়াও) সম্যক্ সিদ্ধিলাভ করিয়াছেন। অতএব তোমারও "লোকসংগ্রহার্থ" কর্ম্ম করা উচিত। কারণ—ইতর ব্যক্তিগণ শ্রেষ্ঠব্যক্তিগণেরই অনুসরণ করিয়া থাকে। আমি ভগবান্ ত্রিলোকে আমার কিছু অপ্রাপ্ত বা অপ্রাপ্য না থাকিলেও আমি নিয়ত কর্ম্মে নিরত থাকি, নতুবা এই লোকসকল উৎসন্ন যাইবে (২০-২৪)। অজ্ঞ ও কর্ম্মাসক্তগণের বুদ্ধিভেদ উৎপাদন করা, তাহাদের কর্ম্মানুষ্ঠানে বিরত করা, উচিত নহে। তাহারা যেমন আসক্তিসহকারে কর্ম্ম করে, বিদ্বান্ অনাসক্ত ও সমাহিত হইয়া সেইভাবে (অর্থাৎ অনুরূপ আগ্রহে) সর্ব্ব কর্ম্ম সম্পাদন করিয়া যাহারা অবিদ্বান্ তাহাদের কর্ম্মে প্রবৃত্ত রাখিবেন (২৫-২৬)। ফলতঃ প্রকৃতিগুণের দ্বারাই সকল কর্ম্ম সম্পাদিত হয়, অহঙ্কারবিমূঢ়ব্যক্তিই কেবল "আমি কর্ত্তা" এই ভ্রান্ত ধারণা করিরা থাকে ও গুণকর্ম্মে আসক্ত হয়; কিন্তু যিনি তত্ত্ববিদ্ তিনি ব্যবহারিক কর্ম্মমাত্রই প্রকৃতিগুণের কার্য্য, ইন্দ্রিয় ও বিষয়সংযোগে উৎপন্ন, মনে করেন এবং কোন কর্ম্মেই আসক্ত হন না। অতএব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ময়ি সর্ব্বাণি কর্ম্মাণি সন্ন্যস্যাধ্যাত্মচেতসা।
নিরাশী র্নির্ম্মমো ভূত্বা যুধ্যস্ব বিগতজ্বরঃ ॥ ৩০

আর

যে মে মতমিদং নিত্যমনুতিষ্ঠন্তি মানবাঃ।
শ্রদ্ধাবন্তোঽনসূয়ন্তো মুচ্যন্তে তেঽপি কর্ম্মভিঃ ॥ ৩১

যাঁহারা অসূয়া ত্যাগ করিয়া শ্রদ্ধাসহকারে আমার এই মতানুসারে নিত্যকর্ম্মানুষ্ঠান করেন তাঁহারা ফলাকাঙ্খাশূন্য ও মমত্ববর্জ্জিত কর্ম্মের দ্বারাই (কর্ম্ম করিয়াও) মুক্তিলাভ করেন। (৩১)।

প্রত্যুত কর্ম্ম যখন প্রকৃতিগুণের কার্য্য যখন "প্রকৃতিংযান্তি ভূতানি", জ্ঞানবান্ ব্যক্তিও স্বীয় প্রকৃতি অনুসারে কার্য্য করিয়া থাকেন, তখন নিগ্রহ (repression) নিষ্ফল বটে (৩৩)। তবে ইন্দ্রিয়গ্রাহ্য বিষয়ে রাগদ্বেষ পরিহার্য্য যেহেতু তাহা মোহের কারণ, মুক্তির পরিপন্থী, হয়। অতএব প্রত্যেকের প্রকৃতিবিহিত কর্ম্ম, 'স্বভাবজ কর্ম্ম', 'সহজ কর্ম্ম', 'স্বধর্ম্ম' সর্ব্বথা পালনীয়। এমন স্বধর্ম্মপালনে মৃত্যুও শ্রেয়স্কর কিন্তু 'পরধর্ম্ম ভয়াবহ'। স্বভাব নিয়ত বা নির্দ্দিষ্ট কর্ম্ম করিয়া পাপভাজন হইতে হয় না (১৮।৪৭)।

অর্জ্জুনের প্রশ্ন: তাহা হইলে পাপ কর্ম্মের প্রয়োজকই বা কে এবং অধর্ম্মাচরণের প্ররোচনাই বা কোথা হইতে আসে? অর্জ্জুনের এই প্রশ্নোত্তরে শ্রীভগবান্ বলিতেছেন, রজোগুণ সমুদ্ভূত কাম এবং (কামের রূপান্তর অর্থাৎ প্রতিহত কামস্বরূপ) ক্রোধই ইহার কারণ। ইহাকে শত্রু বলিয়া জানিবে (৩৭)। দেহীর ইন্দ্রিয়গ্রাম এমন কি মন ও বুদ্ধি আশ্রয় করিয়া এই কামই তাহার জ্ঞানকে আবৃত, অভিভূত করে। অতএব পূর্ব্বাধ্যায়ের উপদেশ পুনরাবৃত্তি করিয়া শ্রীভগবান্ বলিতেছেন সর্ব্বাগ্রে ইন্দ্রিয়গ্রাম সুসংযত করিয়া কামরূপ শত্রুকে পরিহার কর (৩৮-৪১)।

কিন্তু কামও প্রকৃতিজাত, ইন্দ্রিয়, মন, বুদ্ধি ইহারাও ত প্রকৃতিবিকার। অতএব কোথা হইতে ইন্দ্রিয়নিয়মন, চিত্তসংযম, বুদ্ধি সংস্কারের বা সংযমের শক্তি আসিবে? শ্রীভগবান্ বলিতেছেনঃ ইন্দ্রিয়গ্রাম একহিসাবে শ্রেষ্ঠ অর্থাৎ প্রবল শক্তি সম্পন্ন হইলেও ইন্দ্রিয়ের শ্রেষ্ঠ যে মন, মন অপেক্ষা পরতর যে বুদ্ধি, বুদ্ধির অতীত যে আত্মা সেই আত্মার দ্বারা আত্মশক্তি উদ্বোধিত এবং নিজেকে সুসংযত করিয়া কামরূপ দুর্দ্ধর্ষ শত্রুর বিনাশ সাধন কর (৪২-৪৩)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তৃতীয়োঽধ্যায়ঃ ।

(কর্ম্মযোগঃ)

অর্জ্জুন উবাচ

জ্যায়সী চেৎ কর্ম্মণস্তে মতা বুদ্ধির্জ্জনার্দ্দন !
তৎ কিং কর্ম্মণি ঘোরে মাং নিয়োজয়সি কেশব ! ॥ ১

অধ্যায়োক্ত বিষয় নির্দ্দেশ

আত্মস্বরূপং জ্ঞানসাধনং চোক্তং পূর্ব্বত্র। জ্ঞানসাধনত্বেনাকর্ম্ম বিনিন্দ্য কর্ম্ম বিধীয়তে উত্তরাধ্যায়ে। (মা)॥ সংখ্যাযোগৌ নিরূপ্যাদৌ তৃতীয়ে ধর্ম্মনির্ণয়ঃ। ত্যাগাত্যাগবিভেদেন ত্যাগাদত্যাগ উত্তমঃ। যাবচ্ছরীরসম্বন্ধং ত্যাগংকর্ত্তুং ন শক্যতে, অতো ভগবদাজ্ঞাতস্তদর্থে কৃতিরুত্তমা (বভ)। নিষ্কামমর্পিতং কর্ম্ম তৃতীয়েতু প্রপঞ্চ্যতে। কামক্রোধজিগীষায়াং বিবেকোঽপি প্রদর্শ্যতে (বি)॥

অর্জ্জুন উবাচ

(১)

অন্বয়। (হে) জনার্দ্দন ! যদি কর্ম্ম অপেক্ষা বুদ্ধি শ্রেষ্ঠ (ইহাই) তোমার মত, তবে (হে) কেশব ! কেন আমাকে হিংসাত্মক কর্ম্মে নিযুক্ত করিতেছ ?

টীকা। 'শাস্ত্রস্য প্রবৃত্তিনিবৃত্তিবিষয়ভূতে দ্বে বুদ্ধী ভগবতা নির্দ্দিষ্টে সাংখ্যবুদ্ধির্যোগবুদ্ধিরিতি। তত্র সাংখ্যবুদ্ধ্যাশ্রিতানাং সন্ন্যাসকর্ত্তব্যতামুক্ত্বা তেষাং তন্নিষ্ঠতয়ৈব কৃতার্থতোক্তা "এষা ব্রাহ্মী স্থিতিরিতি" অর্জ্জুনায় চ "কর্ম্মণ্যেবাধিকারস্তে" "মাতে সঙ্গোঽস্ত্বকর্ম্মণি" ইতি কর্ম্মৈব কর্ত্তব্যমুক্তবান্ যোগবুদ্ধিমাশ্রিত্য, ন তত এব শ্রেয়ঃপ্রাপ্তিমুক্তবান্। তদেতদালক্ষ্য পর্য্যাকুলীভূতবুদ্ধিঃ অর্জ্জুন উবাচ 'কথং মাং কর্ম্মণি দৃষ্টানেকানর্থযুক্তে অনৈকান্তিকশ্রেয়ঃপ্রাপ্তিফলে নিযুঞ্জ্যাদিতি (শ)। যদ্যপি পূর্ব্বং ভগবতা 'এষা তেঽভিহিতা সাংখ্যে বুদ্ধির্যোগে ত্বিমাং শৃণু' ইত্যাদৌ যোগবুদ্ধিরুপক্রান্তা তত্র চ যোগে স্বকর্ম্মোপদিষ্টং, তথাপ্যন্তে স্থিরধীপ্রসঙ্গে পুনস্ত্যাগমতিরেবোপসংহৃতেতি নির্ণয়মজানন্ পৃচ্ছতি (বভ)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যামিশ্রেণেব বাক্যেন বুদ্ধিং মোহয়সীব মে।*
তদেকং বদ নিশ্চিত্য যেন শ্রেয়োঽহমাপ্নুয়াম্॥ ২

(১ শ্লোকের টীকা)

শ্রীভগবান্ অর্জ্জুনের প্রশ্নোত্তরে তাহাকে যুদ্ধে প্রবৃত্ত করাইবার জন্য পূর্ব্বাধ্যায়ে প্রথমে সাংখ্যযোগের দিক্ দিয়া আত্মতত্ত্ব সম্বন্ধে উপদেশ দেন অর্থাৎ আত্মা যে অজ, অমর, অবিনাশী তাহা ব্যাখ্যা করেন এবং তদনুক্রমে "বুধ্যস্ব ভারত" উপদেশ দেন (২।১৮) এবং যেহেতু আত্মা নিত্য ও অবধ্য অতএব শোকেরও কারণ নাই বলেন। তাহার পরে অর্জ্জুনের "স্বধর্ম্ম" বিচার করিয়া "ধর্ম্ম্যাদ্ধি যুদ্ধাচ্ছ্রেয়োঽন্যৎ ক্ষত্রিয়স্য ন বিদ্যতে" (২।৩১) অভিমত প্রকাশ করিয়াও "সুখদুঃখে সমে কৃত্বা লাভালাভৌ জয়াজয়ৌ। ততো যুদ্ধায় যুজ্যস্ব নৈবং পাপমবাপ্স্যসি" (২।৩৮) উপদেশ প্রদান করেন। তাহার পরে কর্ম্মযোগের দিক্ দিয়া বলেন "কর্ম্মণ্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন। মাকর্ম্মফলহেতুর্ভূর্ম্মাতে সঙ্গোঽস্ত্বকর্ম্মণি (২।৪৭)। কিন্তু কর্ম্ম করিয়াও কর্ম্মফলমুক্ত থাকা সম্ভব কিরূপে? বলিলেন সে "কৌশল" আয়ত্ত, সে সিদ্ধিলাভ, করিতে হইলে "বুদ্ধৌশরণমন্বিচ্ছ" (২।৪৯) বুদ্ধিযোগযুক্ত হও, কারণ—"দূরেণ হ্যবরং কর্ম্ম বুদ্ধিযোগাদ্ধনঞ্জয়" (২।৪৯)। আর বুদ্ধি অচলভাবে সমাহিত হইলে বুদ্ধিযোগ লাভ হয়। অতএব একদিকে যুদ্ধ করিবার, কর্ম্মত্যাগ না করিবার, পক্ষান্তরে কর্ম্ম নিকৃষ্ট অতএব বুদ্ধিযোগের শরণ লইবার—প্রথম বোধে পরস্পরবিরোধী—উপদেশ পাইয়া বর্ত্তমান অধ্যায়ে অর্জ্জুনের প্রথম প্রশ্ন হইতেছে কর্ম্ম বা কর্ম্মযোগ অপেক্ষা বুদ্ধি বা বুদ্ধিযোগ যদি শ্রেয়স্কর বা প্রশস্ত হয় তাহা হইলে আমাকে যুদ্ধের মত ভয়ঙ্কর কর্ম্মে নিযুক্ত করেন কেন?

জ্যায়সী—শ্রেয়সী (শ)। অধিকতরা শ্রেষ্ঠা (শ্রী)।
ঘোরে—হিংসাত্মকে (শ্রী)। **নিযোজয়সি**—প্রবর্ত্তয়সি (শ্রী)।

(২)

অন্বয়। ব্যামিশ্রেণ ইব ব্যক্যেন মে বুদ্ধিংমোহয়সি ইব তৎ একং নিশ্চিত্য বদ যেন অহং শ্রেয়ঃ আপ্নুয়াম্।

অনুবাদ। সন্দেহজনক বক্যের মত অস্পষ্ট (অর্থাৎ কখনও কর্ম্মের প্রশংসা

* ব্যামিশ্রেণৈব ইতি পাঠান্তরম্।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীভগবান্ উবাচ

লোকেঽস্মিন্ দ্বিবিধা নিষ্ঠা পুরা প্রোক্তাময়ানঘ ॥
জ্ঞানযোগেন সাংখ্যানাং কর্ম্মযোগেন যোগিনাম্ ॥ ৩

(২ শ্লোকের টীকা)

কথনও বা জ্ঞানের প্রশংসাসূচক) বাক্যের দ্বারা আমার বুদ্ধি যেন (তুমি) মোহাচ্ছন্ন করিতেছ, তুমি নিশ্চয় করিয়া তাহার মধ্যে একটি উপায় নির্দ্দেশ কর যাহার দ্বারা আমি শ্রেয়ঃ লাভ করিতে পারি।

টীকা। **ব্যামিশ্রেণেব বাক্যেন**—ক্বচিৎ কর্ম্মপ্রশংসা ক্বচিৎ জ্ঞানপ্রশংসা ইত্যেবং ব্যামিশ্রং সন্দেহোৎপাদকমিব যদ্বাক্যং তেন (শ্রী)। অর্জ্জুন সম্ভবতঃ পূর্ব্বাধ্যায়ের ৩১, ৩৮, ৪৮ শ্লোকের উপদেশ কর্ম্মপ্রশংসা ও ৪৯, ৫১ ও ৫৩ শ্লোকের উপদেশ জ্ঞান প্রশংসা মনে করিয়া সন্দিগ্ধচিত্তে বিস্পষ্ট উপদেশ প্রার্থনা করিতেছেন।

মোহয়সীব মে—'মম মন্দবুদ্ধের্ব্যামিশ্রমিব ভগবদ্বাক্যং প্রতিভাতি' 'মম বুদ্ধিব্যামোহাপনয়নায় প্রবৃত্তস্ত্বং তু কথং মোহয়সি, অতো ব্রবীমি মোহয়সীব মে' (শ)। পরমকারুণিকস্য তব মোহকত্বং নাস্ত্যেব, তথাপি ভ্রান্ত্যা মমৈবং ভাতি ইতীবশব্দেনোক্তম্ (শ্রী)। **শ্রেয়ঃ আপ্নুয়াম্**—মোক্ষং প্রাপ্স্যামি (শ্রী)।

(৩)

অন্বয়। (হে) অনঘ! অস্মিন্ লোকে দ্বিবিধা নিষ্ঠা ময়া পুরা প্রোক্তা জ্ঞানযোগেন সাংখ্যানাং কর্ম্মযোগেন যোগিনাম্ (ইতি)।

শ্রীভগবান কহিলেন !

অনুবাদ। (হে) নিস্পাপ (অর্জ্জুন)! ইহলোকে দুই প্রকার নিষ্ঠা বা (সাধন পন্থা) আমার দ্বারা পূর্ব্বে কথিত হইয়াছে। জ্ঞানযোগের দ্বারা সাংখ্য-(জ্ঞান) যোগাধিকারিদিগের এবং কর্ম্মযোগের দ্বারা যোগীদিগের সিদ্ধিলাভ বা মোক্ষপ্রাপ্তি হয়।

টীকা। **দ্বিবিধা নিষ্ঠা**—নিষ্ঠা ব্রহ্মনিষ্ঠা মোক্ষপরতা (শ্রী)। স্থিতিঃ জ্ঞান-পরতা চ (ম)। একস্যাএব ব্রহ্মনিষ্ঠায়াঃ প্রকারদ্বয়মুক্তমধিকারিভেদেন (নী)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন কর্ম্মণামনারম্ভান্নৈষ্কর্ম্ম্যং পুরুষোঽশ্নুতে।
ন চ সন্ন্যসনাদেব সিদ্ধিং সমধিগচ্ছতি ॥ ৪

(৩ শ্লোকের টীকা)

নিষ্ঠেত্যেকবচনেন একাত্মোদ্দেশ্যত্বাদেকৈব নিষ্ঠা সাধ্যসাধনদশাদ্বয়ভেদেন দ্বিপ্রকারা নতু দ্বে নিষ্ঠে ইতি সূচ্যতে (ব)। নিতরাং স্থিতিমর্য্যাদা (বি)। "নিষ্ঠা শব্দের পূর্ব্বে 'মোক্ষ' শব্দ অধ্যাহৃত আছে। নিষ্ঠা শব্দের অর্থ—যে মার্গে চলিলে শেষে মোক্ষলাভ হয় সেই মার্গ বুঝায়" (তি)।

পুরা—সর্গাদৌ (শ)। পূর্ব্বাধ্যায়ে (শ্রী)।

সাংখ্যানাং—আত্মানাত্মবিষয়বিবেকজ্ঞানবতাং ব্রহ্মচর্য্যাশ্রমাদেব কৃত-সন্ন্যাসানাং বেদান্তবিজ্ঞানসুনিশ্চিতার্থানাং পরমহংসপরিব্রাজকানাং ব্রহ্মণি এব স্থিতানাম্ (শ)। সম্যক্‌খ্যায়তে আত্মতত্ত্বমনয়েতি সংখ্যা বুদ্ধিস্তন্নিষ্ঠাঃ সাংখ্যা-স্তেষাম (ক)। **যোগিনাং**—কর্ম্মিণাম্ (শ)। নিষ্কামকর্ম্মবতাম্ (ব)।

(৪)

অন্বয়। পুরুষঃ কর্ম্মণাম্ অনারম্ভাৎ নৈষ্কর্ম্ম্যং ন অশ্নুতে চ সন্ন্যসনাৎ এব সিদ্ধিং ন সমধিগচ্ছতি।

অনুবাদ। পুরুষ কর্ম্মানুষ্ঠান না করিলেই নৈষ্কর্ম্ম্যলাভ করে না এবং কেবলমাত্র সন্ন্যাস হইতেই সিদ্ধিপ্রাপ্ত হয় না।

টীকা। বিষমমনসমর্জ্জুনং কর্ম্ম নারভে ইত্যেবং মন্বানমালক্ষ্যাহ ভগবান্ ন কর্ম্মণামনারম্ভাদিতি। অথবা জ্ঞানকর্ম্মনিষ্ঠয়োঃ পরস্পরবিরোধাদেকেন পুরুষেণ যুগপদনুষ্ঠাতুমশক্যত্বে সতি ইতরেতরানপেক্ষয়োরেব পুরুষার্থহেতুত্বে প্রাপ্তে কর্ম্মনিষ্ঠায়া জ্ঞাননিষ্ঠাপ্রাপ্তিহেতুত্বেন পুরুষার্থহেতুত্বং ন স্বাতন্ত্র্যেণ, জ্ঞাননিষ্ঠা তু কর্ম্মনিষ্ঠোপায়লব্ধাত্মিকাসতী স্বাতন্ত্র্যেণ পুরুষার্থহেতুরন্যানপেক্ষ্যেত্যেতমর্থং প্রদর্শয়িষ্যন্নাহ ভগবান্ (শ)। যতোঽনভিসংহিতফলস্য পরমপুরুষারাধনবিষয়স্য কর্ম্মণঃ সিদ্ধিরাত্মনিষ্ঠা, ততস্তেন বিনা তাং ন প্রাপ্নোতি (রা)। অতঃ সম্যক্ চিত্তশুদ্ধ্যর্থং জ্ঞানোৎপত্তিপর্য্যন্তং বর্ণাশ্রমোচিতানি কর্ম্মাণি কর্ত্তব্যানি অন্যথা চিত্ত-শুদ্ধ্যভাবেন জ্ঞানানুৎপত্তেরিত্যাহ ন কর্ম্মণামিতি (শ্রী। কর্ম্মণাং জ্ঞানার্থং বিনিয়োগ ইত্যুক্তং তদভাবে ন জ্ঞানপ্রাপ্তিরিত্যাহ (ক)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনারম্ভাৎ—অননুষ্ঠানাৎ (শ্রী)।

নৈষ্কর্ম্ম্যং—নিষ্কর্ম্মভাবং নিষ্ক্রিয়াত্মস্বরূপেণৈবাবস্থানমিতি যাবৎ (শ)। জ্ঞান-নিষ্ঠাম্ (শ্রী)। কাম্যকর্ম্মপরিত্যাগেন নিষ্কর্ম্মতাম্ (মা)। কর্ম্মরাহিত্যং জ্ঞানম্ (ক)।

" 'নৈষ্কর্ম্ম্য পদের 'জ্ঞান' অর্থ মানিয়া লইয়া সন্ন্যাসমার্গী টীকাকারগণ এই শ্লোকের অর্থ নিজেদের সম্প্রদায়ের এইভাবে অনুকূল করিয়া লয়েন—'কর্ম্মের আরম্ভ না হইলে জ্ঞান হয় না অর্থাৎ কর্ম্ম হইতেই জ্ঞান হয়, কারণ কর্ম্ম জ্ঞান লাভের সাধন'। কিন্তু এই অর্থ সরলও নহে, আর ঠিকও নহে। "নৈষ্কর্ম্ম্য" শব্দের উপযোগ বেদান্ত ও মীমাংসা শাস্ত্রদ্বয়ে কয়েকবার করা হইয়াছে".... "নৈষ্কর্ম্মের এই তত্ত্ব কিছু নূতন নহে। পারা প্রয়োগ করিবার পূর্ব্বে উহাকে মারিয়া বৈদ্যগণ যেমন শুদ্ধ করিয়া লয়েন, সেইরূপ কর্ম্ম করিবার পূর্ব্বে এমন উপায় করিতে হয় যাহাতে উহার বন্ধকত্ব বা দোষ কাটিয়া যায় এবং এইভাবে কর্ম্ম করিবার অবস্থাকেই 'নৈষ্কর্ম্ম্য' বলে। নৈষ্কর্ম্ম্য কর্ম্মশূন্যতা নহে।"*

আর শ্রীঅরবিন্দ বলেন : "*Naiskarmya*, a calm voidness from works is no doubt that to which the soul, the Purusha, has to attain ; for it is Prakriti which does the work and the soul has to rise above involution in the activities of the being and attain to a free serenity and poise watching over the operations of the Prakriti, bnt not affected by them. That, and not cessation of the works of Prakriti, is what is really meant by the soul's *naiskarmya*."**

মন্তব্য

এই শ্লোকে দুইটি বিষয় লক্ষ্য করিবার আছে। প্রথমতঃ বলা হইয়াছে যে কর্ম্ম না করিলেই যে 'নৈষ্কর্ম্ম্য' লাভ হয় তাহা নহে। 'নৈষ্কর্ম্ম্য' পদের অর্থ কর্ম্মহীনতা বা কর্ম্মশূন্যতা নহে। 'জ্ঞান' অর্থও নিতান্ত কষ্টকল্পনা। দ্বিতীয়তঃ বলা হইয়াছে 'সন্ন্যাসের অর্থাৎ কর্ম্মসন্ন্যাসের বা কর্ম্মত্যাগের দ্বারা সিদ্ধিলাভ

---

* বালগঙ্গাধর তিলকপ্রণীত 'গীতারহস্যম্' (জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরকৃত বঙ্গানুবাদ) ৬৫৮-৬৫৯ পৃঃ

** Essays on the Gita by Shri Aurobindo Ghose (First Series) : P. 153.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নহি কশ্চিৎক্ষণমপি জাতু তিষ্ঠত্যকর্ম্মকৃৎ।
কার্য্যতে হ্যবশঃ কর্ম্ম সর্ব্বঃ প্রকৃতিজৈর্গুণৈঃ॥ ৫

(৪ শ্লোকের টীকা)

হয় না। গীতার সিদ্ধি সন্ন্যাস বা কর্ম্মত্যাগে লভ্য নহে ইহা বলাই বাহুল্য। তাহা হইলে 'নৈষ্কর্ম্ম্য' পদের অর্থ কি? ইহা বিশেষভাবে বুঝিবার বিষয় বলিয়াই আগামী অধ্যায়ের সপ্তদশ শ্লোকে গীতা 'অকর্ম্মণশ্চ বোদ্ধব্যং' বলিয়া অফলপ্রসূকর্ম্মাধিকারীর সংজ্ঞা নিম্নোদ্ধৃতরূপে নির্দ্দেশ করিয়া অকর্ম্মতত্ত্ব পরিস্ফুট করিবেন যথা—

ত্যক্ত্বা কর্ম্মফলাসঙ্গং নিত্যতৃপ্তোনিরাশ্রয়ঃ।
কর্ম্মণ্যভিপ্রবৃত্তোঽপি নৈব কিঞ্চিৎ করোতি সঃ॥ (৪।২০)।

যিনি কর্ম্মফলে আসক্তিশূন্য, নিত্যতৃপ্ত অর্থাৎ সুখেদুঃখে সমভাবাপন্ন থাকেন, আত্মা ভিন্ন আর কিছু যাঁহার আশ্রয়ণীয় থাকেনা, তিনি কর্ম্ম করিয়াও কোন কর্ম্ম করেন না অর্থাৎ কর্ম্ম করিলেও কর্ম্মফলে আবদ্ধ হন না, দ্বিতীয় অধ্যায়ে উল্লিখিত 'কর্ম্মসু কৌশলম্' তাঁহারই আয়ত্ত হইয়াছে, তাঁহারই কর্ম্ম 'অকর্ম্ম'। তৎপরে গীতা আরও বলিবেন।

গতসঙ্গস্য মুক্তস্য জ্ঞানাবস্থিতচেতসঃ।
যজ্ঞায়াচরতঃকর্ম্ম সমগ্রং প্রবিলীয়তে॥ (৪।২৩)।

তৎ কিং কর্ম্মণি ঘোরে মাং নিয়োজয়সি কেশব ॥ ১

যদি কর্ম্ম হেয় আর 'বুদ্ধিঃ' অর্থাৎ বুদ্ধিযোগই প্রশস্যতর ও সাধনীয় হয়, তাহা হইলে যুদ্ধের মত ভয়ঙ্কর মারাত্মক কর্ম্মে আমাকে নিযুক্ত করিতেছ কেন ?

প্রশ্নের অবকাশ ও কারণ হইয়াছে বিগত অধ্যায়ে শ্রীভগবান্ অর্জ্জুনকে যে বলিয়াছেন 'দূরেণহ্যবরং কর্ম্ম বুদ্ধিযোগাৎ' তাহাতে অর্জ্জুনের কর্ম্মপথ অবলম্বনে অধিকতর দ্বিধায়—বিশেষতঃ যুদ্ধের ন্যায় মারাত্মক কর্ম্ম অবশ্য নিকৃষ্ট ধারণায়। অধিকন্তু বেদের ফলশ্রুতিপূর্ণ কর্ম্মকাণ্ডবিহিত কর্ম্মও পূণ্যফল কামনায় করিলে যদি ব্রহ্মবিজ্ঞানের দিক দিয়াও তাহাও মূল্যহীন হয় অর্থাৎ মুক্তিপ্রদ না হয়, তাহা হইলে অশ্রেয়স্কর কর্ম্মমার্গ অবলম্বন করিবার, বুদ্ধিযোগের পথ ত্যাগ করিয়া কর্ম্মযোগ সাধন কবিবার যুক্তি বা প্রয়োজন থাকিতে পারে কি ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২)

অর্জ্জুনের প্রশ্ন শুনিয়া শ্রীভগবান্ তদুত্তরে বলিলেন—

লোকেঽস্মিন্ দ্বিবিধা নিষ্ঠা পুরা প্রোক্তা ময়ানঘ।
জ্ঞানযোগেন সাংখ্যানাং কর্ম্মযোগেন যোগিনাম্॥ (৩)

এখানে দ্রষ্টব্য এই যে দ্বিবিধা নিষ্ঠার অর্থাৎ সাধনমার্গের এবং কোন সাধনপন্থার কাহারা পথিক তাহার নির্দ্দেশ ব্যতীত কোন নিষ্ঠার বা সাধনপন্থার হেয়ত্ব বা উপাদেয়ত্ব, বা মোক্ষলাভে অল্পযোগ্যতার বা প্রশস্ততার উল্লেখ নাই, অথবা কোন্‌টি যে নিম্নাধিকারীর বা উচ্চাধিকারীর আচরণীয়, চরমফল বা অল্পফলপ্রদ এমন কোন নির্দ্দেশ বা ইঙ্গিতও নাই। বরং পরবর্ত্তী শ্লোকেই বলা হইতেছে—

ন কর্ম্মণামনারম্ভান্নৈষ্কর্ম্ম্যং পুরুষোঽশ্নুতে।
ন চ সংন্যসনাদেব সিদ্ধিং সমধিগচ্ছতি॥ (৪)

ইহার শব্দগত সরলার্থ বা তাৎপর্য্য এই যে কর্ম্মত্যাগ করিলেই যেমন একপক্ষে 'নৈষ্কর্ম্ম্য' অর্থাৎ অফলপ্রসূ কর্ম্ম করিবার ভূমিকা লাভ হয় না, তেমনই অপরপক্ষে সন্ন্যাসগ্রহণ করিলেই, অর্থাৎ দণ্ডকমণ্ডলুধারণ করিয়া গৃহাশ্রম ত্যাগ করিলেই সিদ্ধিলাভ হয় না। শ্রীমৎ শঙ্করাচার্য্য 'নৈষ্কর্ম্ম্য' শব্দের 'জ্ঞান' বা আত্ম-স্বরূপে 'নিষ্ক্রিয়াবস্থিতি' অর্থ গ্রহণ করিয়া 'কর্ম্মনিষ্ঠায়াঃ জ্ঞাননিষ্ঠাপ্রাপ্তিহেতুত্বেন পুরুষার্থহেতুত্বং ন স্বাতন্ত্র্যেণ, জ্ঞাননিষ্ঠাতু কর্ম্মনিষ্ঠোপায়লব্ধাত্মিকা সতী স্বাতন্ত্র্যেণ পুরুষার্থহেতুরন্যানপেক্ষ্যেত্যেতমর্থং দর্শয়িষ্যন্নাহ ভগবান্ ন কর্ম্মণেতি'— ভগবদ্ বাক্যের তাৎপর্য্য বলিয়া ব্যাখ্যা করিয়াছেন। 'নৈষ্কর্ম্ম্য' অর্থে গীতা যে অবস্থায় বা ভূমিলাভে কর্ম্মযোগী 'কৃত্বাপি ন নিবধ্যতে' বলেন তাহা না বুঝিয়া 'জ্ঞানই' বা বুঝিতে হইবে কেন? আর পূর্ব্ব শ্লোকেই শ্রীভগবান্ দ্বিবিধা নিষ্ঠার উল্লেখ করিয়া অব্যবহিত পরবর্ত্তী শ্লোকেই শুধু কর্ম্মনিষ্ঠার সিদ্ধিলাভে ন্যূনতা বা অল্পযোগ্যতার উল্লেখ করিতেছেন ইহাই বা বুঝিতে হইবে কেন? বরং ইহার প্রথম চরণে কর্ম্মাধিকারী বা কর্ম্মযোগীর পক্ষে কর্ম্মত্যাগের দ্বারা এবং দ্বিতীয় চরণে জ্ঞানাধিকারী বা জ্ঞানযোগীর পক্ষে প্রৈষমন্ত্র উচ্চারণ করিয়া গৃহাশ্রম ত্যাগের দ্বারা সিদ্ধিলাভ হয় না—শ্লোকে ব্যবহৃত শব্দানুগত এইরূপ অর্থ গ্রহণ করাই সঙ্গত মনে হয়। আর 'সংন্যাসাৎ' অর্থে আচার্য্যকৃত 'কর্ম্মসন্ন্যাসাৎ' অর্থ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গ্রহণ করিলেও 'সিদ্ধি' লাভের পক্ষে কর্ম্মমার্গের বা কর্ম্মযোগের অল্পযোগ্যতা বা ন্যূনতা দূরের কথা অপরিহার্য্যতাই প্রতিপন্ন হয়, নতুবা শ্লোকোক্ত উপদেশের 'কর্ম্মযোগস্য জ্ঞানযোগোপায়ত্বং প্রতিপাদিতম্ ইহাপি চ' তাৎপর্য্য ব্যাখ্যা প্রসঙ্গবিরোধী অতিবাদ হইয়া দাঁড়ায়। গীতার মতে জ্ঞানযোগই যে আত্মসাক্ষাৎকার বা আত্মলাভরূপ সিদ্ধিতে উত্তীর্ণ হইবার একমাত্র রাজপথ তাহাও ত নহে (১)। কর্ম্মযোগের আরব্ধ উপদেশধারা অনুসরণ করিলে কি দেখা যায়? পরবর্ত্তী শ্লোকেই শ্রীভগবান্ বলিতেছেন—

নহি কশ্চিৎ ক্ষণমপি জাতু তিষ্ঠত্যকর্ম্মকৃৎ।
কার্য্যতে হ্যবশঃ কর্ম্ম সর্ব্বঃ প্রকৃতিজৈর্গুণৈঃ ॥ (৫)

ইহা কি অস্বীকার্য্য যে প্রকৃতি অধিকারে দেহরক্ষার জন্য সকলেরই কিছু না কিছু কর্ম্ম করিতে হয়? বল্লভাচার্য্য সম্প্রদায় ত এমনও বলিতে চাহেন: 'জীবন্মুক্তিকৈর্গুণৈর্ব্বা মুক্তেনাপি প্রারব্ধকর্ম্মাশ্রয়দেহবত্ত্বেন কর্ম্মকরণদর্শনাৎ অতোঽবশঃ সর্ব্বঃ প্রকৃতিজৈর্গুণৈর্বা কর্ম্ম কার্য্যতে এব'। অবশ্য এ-ব্যাখ্যাও এইস্থলে গ্রহণ করা কঠিন, কারণ গীতার মতে ত্রিগুণাতীত হইলে জীবন্মুক্তি লাভ হয়। 'গুণানেতানতীত্য ত্রীন্ দেহী,' 'অমৃতমশ্নুতে' (২)। কাজেই এখানে অনুক্ত অবিদ্বান জনসাধারণের কথাই বলা হইতেছে—অর্জ্জুনকে কর্ম্মানুষ্ঠানে প্রবৃত্ত করাইবার জন্য। কিন্তু গীতা ত শিখাইতে চাহেন 'কর্ম্মসু কৌশলম্'। অতএব অসংযতচিত্তের বাহ্যিক কর্ম্মোপরতির এবং অন্তরে ইন্দ্রিয়গ্রাহ্য বিষয় সমূহের ভাবনারূপ মিথ্যাচারের নিন্দা—

কর্ম্মেন্দ্রিয়াণি সংযম্য য আস্তে মনসা স্মরন্।
ইন্দ্রিয়ার্থান্ বিমূঢ়াত্মা মিথ্যাচারঃ স উচ্যতে ॥ (৬)

আর, কোন্ সাধনপন্থার পথিক বা কিরূপ নিষ্ঠাবান্ সাধক প্রশংসনীয়? ভগবদ্বাণী —

---

(১) ধ্যানেনাত্মনি পশ্যন্তি কেচিদাত্মানমাত্মনা।
অন্যে সাংখ্যেন যোগেন কর্ম্মযোগেন চাপরে ॥
অন্যেত্বেবমজানন্তঃ শ্রুত্বাঽন্যেভ্য উপাসতে।
তেঽপি চাতিতরন্ত্যেব মৃত্যুং শ্রুতিপরায়ণাঃ ॥ (১৩।২৫-২৬)

(২) ১৪।২০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যস্ত্বিন্দ্রিয়াণি মনসা নিয়ম্যারভতেঽর্জ্জুন !
কর্ম্মেন্দ্রিয়ৈঃ কর্ম্মযোগমসক্তঃ স বিশিষ্যতে ॥ (৭)

এইভাবে মনঃসংযমসিদ্ধ অনাসক্ত কর্ম্মযোগীর প্রশংসা করিয়া তৎপরে অর্জ্জুনকে—

নিয়তং কুরু কর্ম্ম ত্বং কর্ম্মজ্যায়োহ্যকর্ম্মণঃ। (৮)

বলিয়া 'নিয়তং কর্ম্ম' অর্থাৎ শাস্ত্র বিহিত কর্ত্তব্য কর্ম্ম সম্পাদনের আদেশ দিয়াছেন এবং কর্ম্মের অপরিহার্য্যতা সম্বন্ধে ন্যূনতম যুক্তি দিয়াছেন—

শরীরযাত্রাপি চ তে ন প্রসিধ্যেদকর্ম্মণঃ। (৮)

কিন্তু এখানে 'তে' পদ যে অর্জ্জুকে নিম্নাধিকারী বলিয়া ব্যবহৃত হইয়াছে এরূপ মনে করিবার সঙ্গত কারণ থাকিতে পারে না। জ্ঞানাধিকারিগণের বা জ্ঞান যোগী সন্ন্যাসিদেরও শরীর রক্ষার্থ কর্ম্ম করিতে, ভিক্ষাচর্য্যা করিতে, হয়। জ্ঞান-বাদিগণ বলেন 'দেহযাত্রামাত্রার্থং কর্ম্ম নৈব কর্ম্মেতি'। তাহা হইলে ত অর্জ্জুনকেও নিম্নাধিকারী বলিয়া ঐরূপ উপদেশ দেওয়া হইয়াছে বলা যায় না। আগামী জ্ঞানযোগাধ্যায়েও শ্রীভগবান্ বলিবেন—

'নিরাশীর্যতচিত্তাত্মা ত্যক্তসর্ব্বপরিগ্রহঃ।
শারীরং কেবলংকর্ম্ম কুর্ব্বন্নাপ্নোতি কিল্বিষম্ ॥ ২১

কিন্তু শরীরযাত্রানির্ব্বাহক কর্ম্মমাত্র ত মানুষের আদর্শ হইতে পারে না, তাই পরক্ষণেই অফলপ্রসূ ও আদর্শ কর্ম্মের নির্দ্দেশ—

যজ্ঞার্থাৎ কর্ম্মণোঽন্যত্র লোকোঽয়ং কর্ম্মবন্ধনঃ।
তদর্থং কর্ম্ম কৌন্তেয় ! মুক্তসঙ্গঃ সমাচর ॥ (৯)

আর শ্রেয়োজ্ঞানপ্রার্থী (৩) অর্জ্জুনকে পরম শ্রেয়ঃ লাভের পক্ষে ইহা যে বিশিষ্ট উপায় তাহাও

সহযজ্ঞাঃ প্রজাঃসৃষ্ট্বা পুরোবাচ প্রজাপতিঃ।
অনেন প্রসবিষ্যধ্বমেষ বোঽস্ত্বিষ্টকামধুক্ ॥ (১০)।

---

(৩) 'যচ্ছ্রেয়ঃস্যান্নিশ্চিতং ব্রূহি তন্মে' (২।৬)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেবান্ ভাবয়তানেন তে দেবা ভাবয়ন্তু বঃ।
পরস্পরং ভাবয়ন্তঃ শ্রেয়ঃ পরমবাপ্স্যথ ॥ (১১)

বলিয়া উপদেশও দিয়াছেন যেমন অষ্টাদশ অধ্যায়ে গিয়া সুদৃঢ়সিদ্ধান্ত হিসাবে এবং অধিকতর উদাত্তস্বরে পুনঃ স্মরণ করাইয়া দিবেন—

যজ্ঞদানতপঃ কর্ম্ম ন ত্যাজ্যং কার্য্যমেব তৎ।
যজ্ঞোদানং তপশ্চৈব পাবনানি মনীষিণাম্ ॥ (১৮।৫)
এতান্যপি তু কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা ফলানি চ।
কর্ত্তব্যানীতি মে পার্থ! নিশ্চিতং মতমুত্তমম্ ॥ (১৮।৬)

এক্ষণে প্রশ্ন হইতেছে: আসক্তি ফলাকাঙ্ক্ষা শূন্য হইয়া অবন্ধকযজ্ঞকর্ম্ম করিবার উপদেশের অবতারণা যাহা বর্ত্তমান কর্ম্মযোগাধ্যায়ের নবমশ্লোকে করা হইয়াছে তাহা কি নিম্নাধিকারী কর্ম্মযোগানুষ্ঠানকারিদের প্রতি উপদেশ, না সকল সাধন-পন্থার পথিক, কর্ম্মযোগী জ্ঞানযোগী সকলের সম্বন্ধেই প্রদত্ত উপদেশ? সকলের সম্বন্ধে প্রযোজ্য ও পালনীয় না হইলে, শ্রীভগবান সার্ব্বজনীনভাবে

এবং প্রবর্ত্তিতং চক্রং নানুবর্ত্তয়তীহ যঃ।
অঘায়ুরিন্দ্রিয়ারামো মোঘং পার্থ! স জীবতি ॥ (১৬)

বলিতেন না।

আরও প্রশ্ন হইতেছে: যজ্ঞ যাহার এত মাহাত্ম্য তাহা কি? এবং 'যজ্ঞার্থ কর্ম্ম'ই বা কাহাকে বলে?

প্রাচীন টীকা ভাষ্যকারগণের মধ্যে শ্রীমৎ শঙ্করাচার্য্য নবম শ্লোকের টীকা-প্রসঙ্গে বলিয়াছেন "'যজ্ঞো বৈ বিষ্ণুঃ' ইতিশ্রুতের্যজ্ঞ ঈশ্বরঃ" এবং তাঁহার অনুসরণ করিয়া অপরাপর টীকাকারগণ প্রায় সকলেই 'যজ্ঞ' শব্দের ঈশ্বর, পরমেশ্বর বা বিষ্ণু অর্থ করিয়াছেন। বল্লভ সম্প্রদায়ের ভাষ্যে কিন্তু 'ইজ্যতে-ঽনেন সাবয়বো ভগবানিতি যজ্ঞঃ'? এইরূপ অর্থ করা হইয়াছে এবং শ্রীমন্নীল-কণ্ঠও '"যজ্ঞঃ পরমেশ্বরারাধনং যজ্ দেবপূজায়াম্" ইতি ধাত্বর্থানুগমাৎ' বলিয়া ব্যাখ্যা করিয়াছেন; আর, শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী বলেন 'বিষ্ণ্বর্পিতং নিষ্কামকর্ম্ম এব যজ্ঞ উচ্যতে'।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আধুনিক ভাষ্যকারগণের মধ্যে লোকমান্য তিলক বলেন—

"কোন কোন টীকাকার যজ্ঞ-বিষ্ণু এইরূপ অর্থ করিয়া বলেন যে 'যজ্ঞার্থ' শব্দের অর্থ বিষ্ণুপ্রীত্যর্থ বা পরমেশ্বরার্পণপূর্ব্বক, কিন্তু আমার মতে এই অর্থ টানাবুনা ও ক্লিষ্ট"। টানাবুনা বা ক্লিষ্ট কেন হইবে? শ্রীভগবান্ ত পরে বলিবেন 'অহং ক্রতুরহং যজ্ঞঃ' (৯।১৬)। সে যাহা হউক, লোকমান্য বলেন :—

যজ্ঞার্থাৎ কর্ম্মণোঽন্যত্র লোকোঽয়ং কর্ম্মবন্ধনঃ।
তদর্থং কর্ম্ম কৌন্তেয়! মুক্তসঙ্গঃ সমাচর ॥ ৯

"এই শ্লোকের প্রথম চরণে মীমাংসকদিগের এবং দ্বিতীয়চরণে গীতার সিদ্ধান্ত উক্ত হইয়াছে"। "মীমাংসকদিগের কথা এই যে 'যজ্ঞ' করিতে হইবে ইহা বেদের আদেশ, এইজন্য যজ্ঞার্থ যে যে কর্ম্ম করা হইবে, সে সমস্ত ঈশ্বর সম্মত হইবে; অতএব ঐ সকল কর্ম্মের দ্বারা কর্ত্তা বদ্ধ হইতে পারে না"। "যজ্ঞার্থের অতিরিক্ত অন্য কর্ম্ম অর্থাৎ 'পুরুষার্থ' কর্ম্মের যাহা কিছু ভাল বা মন্দ ফল হয় তাহা মনুষ্যের ভোগ করিতে হয়—এই সিদ্ধান্তই উক্ত শ্লোকের প্রথম পংক্তিতে আছে"। "এই সিদ্ধান্তে ভগবদ্‌গীতা আরও এই সংস্কার আনিয়া দিয়াছেন যে, যে কর্ম্ম যজ্ঞার্থকৃত হয় তাহাও ফলাশা ছাড়িয়া", আসক্তি ত্যাগ করিয়া, "করিতে হইবে।"

"এই প্রকরণে পাঠকদিগের স্মরণ রাখিতে হইবে যে 'যজ্ঞ' শব্দ এখানে কেবল শ্রৌতযজ্ঞেরই অর্থে প্রযুক্ত নহে, কিন্তু উহাতে স্মার্ত্তযজ্ঞের এবং চাতুর্ব্বর্ণ্যাদির যথাধিকার সমস্ত ব্যবহারিক কর্ম্মের সমাবেশ আছে"। "এই যজ্ঞচক্র পরে বিংশতিতম শ্লোকে বর্ণিত 'লোকসংগ্রহেরই' এক আকার।" (১)

ভারতীয় ধর্ম্মশাস্ত্রে যজ্ঞের মাহাত্ম্য সুপ্রচারিত হইলেও যজ্ঞের মৌলিক তত্ত্ব রামেন্দ্র সুন্দর ত্রিবেদী মহাশয় স্বল্প কথায় যেরূপ ব্যাখ্যা করিয়াছেন তাহা স্মরণীয়। ত্রিবেদী মহাশয় বলেন—"বিশ্বব্যাপার এক মহাযজ্ঞ বিশ্বকর্ম্মার সম্পাদিত যজ্ঞ। যজ্ঞ ত্যাগাত্মক—যাজ্ঞিকের পরিভাষায় দেবোদ্দেশে দ্রব্যত্যাগের নাম যজ্ঞ, কাজেই জীব যে জীবত্ব গ্রহণ করিয়া জগতে উপস্থিত আছেন সংসার করিতেছেন তাহা যখন মূলেই ত্যাগ, তখন যে যে কর্ম্ম ত্যাগের উপর প্রতিষ্ঠিত তাহাই বিশ্বযজ্ঞের অনুকূল। প্রকৃতির বশে জীব সবই গ্রহণ করিতে

(১) বালগঙ্গাধর তিলক প্রণীত 'গীতারহস্য' (জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর কৃত বঙ্গানুবাদ) পৃঃ ৬৬২, ৬৬৩, ৬৬৪।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চায়—প্রবৃত্তিকে নিরোধ করিতে উপদেশ দিয়া তাহাকে ত্যাগ শিখাইতে হইবে, ত্যাগাত্মক কর্ম্মই ধর্ম্ম।" "ভারতীয় ধর্ম্মশাস্ত্রে এই ত্যাগাত্মক কর্ম্মের নাম যজ্ঞ।"*

শ্রুতির বর্ণনা অনুসারে সৃষ্টিতত্ত্বের সহিত যজ্ঞতত্ত্ব এক সূত্রে গ্রথিত করিয়া গীতার উপদেষ্টা বলিতেছেন—

সহযজ্ঞাঃ প্রজাঃ সৃষ্ট্বা পুরোবাচ প্রজাপতিঃ।
অনেন প্রসবিষ্যধ্বমেষ বোঽস্ত্বিষ্টকামধুক্ ॥ ১০

আবার ইহা যে কেবল সৃষ্টি প্রকরণের কথা নহে, জগচ্চক্র সচল রাখায়, বিশ্বপ্রবাহ বজায় রাখায়, যজ্ঞের যে বৈশিষ্ট্য ও বিশেষ সার্থকতা আছে তাহাও প্রচার করিতে গিয়া বলিয়াছেন—

অন্নাদ্ভবন্তি ভূতানি পর্জ্জন্যাদন্নসম্ভবঃ।
যজ্ঞাদ্ ভবতি পর্জ্জন্যো যজ্ঞঃ কর্ম্মসমুদ্ভবঃ ॥ ১৪
কর্ম্ম ব্রহ্মোদ্ভবং বিদ্ধি ব্রহ্মাক্ষরসমুদ্ভবম্।
তস্মাৎ সর্ব্বগতং ব্রহ্ম নিত্যং যজ্ঞে প্রতিষ্ঠিতম্ ॥ ১৫

এখানে প্রশ্ন হইতেছে: পঞ্চদশ শ্লোকে উল্লিখিত এই 'সর্ব্বগতং ব্রহ্ম' কে বা এই ব্রহ্মশব্দের অর্থ কি? এই ব্রহ্ম যে অক্ষর ব্রহ্ম নহেন তাহা 'অক্ষরসমুদ্ভবম্' অক্ষরজাত বর্ণনা দ্বারা বুঝা যায়। শ্রীমৎ শঙ্করাচার্য্য এখানে ব্রহ্ম শব্দের 'অক্ষর সমুদ্ভবং ব্রহ্ম বেদ ইত্যর্থঃ' করিয়াছেন। কেননা 'যস্মাৎ সাক্ষাৎ পরমাত্মাখ্যাদক্ষরাৎ তৎপুরুষনিঃশ্বাসবৎ সমুদ্ভবং' আর 'সর্ব্বার্থপ্রকাশকত্বাৎ সর্ব্বগতম্'। তাঁহার অনুসরণ ও সমর্থন করিয়া শ্রীধর স্বামীপাদ প্রভৃতি অনেকেই "অস্য মহতোভূতস্য নিঃশ্বসিতমেতদৃগ্বেদো যজুর্ব্বেদঃ সামবেদোঽথর্ব্বোঽঙ্গিরসঃ" ইত্যাদি শ্রুতিবাক্য

---

* রামেন্দ্রসুন্দর ত্রিবেদী: কর্ম্মকথা ২০৩—২০৫ পৃঃ। ত্রিবেদী মহাশয়ের মতের প্রমাণ স্বরূপে ঈশোপনিষদের প্রথম দুইটি শ্লোক উদ্ধৃত করা যাইতে পারে—

ঈশাবাস্যমিদং সর্ব্বম্ যৎকিঞ্চ জগত্যাং জগৎ।
তেন ত্যক্তেন ভুঞ্জীথা মা গৃধঃ কস্যস্বিদ্ধনম্ ॥ ১
কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি জিজীবিষেচ্ছতং সমাঃ।
এবং ত্বয়ি নান্যথেতোঽস্তি ন কর্ম্ম লিপ্যতে নরে ॥ ২

'ঈশবাস্যমিদং সর্ব্বম্' ধারণায় ত্যাগাত্মক কর্ম্ম করিলে তাহা বন্ধন সৃষ্টি করে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উদ্ধার করিয়াছেন, আর শ্রীমন্মধুসূদন সরস্বতী তাহাতে 'ইতিহাসঃ পুরাণং বিদ্যা উপনিষদঃ শ্লোকঃ সূত্রাণ্যনুব্যাখ্যানানিব্যাখ্যানান্যস্যৈবৈতানি নিঃশ্বসিতানি" যোগ করিয়া আরও ব্যাপক অর্থ করিয়াছেন। আগামী চতুর্থ অধ্যায়ে বহুবিধ যজ্ঞের বর্ণনা অন্তে শ্রীভগবান্ যে বলিবেন—

এবং বহুবিধা যজ্ঞা বিততা ব্রহ্মণো মুখে।
কর্ম্মজান্ বিদ্ধি তান্ সর্ব্বানেবংজ্ঞাত্বা বিমোক্ষ্যসে ॥ ৩২

তাহার দ্বারাও এখানে বেদ অর্থ সমর্থিত হয় বটে। কিন্তু আমরা দেখিয়াছি এখানেও সকল টীকাভাষ্যকার এক মত নহেন। শ্রীমৎ রামানুজাচার্য্যের টীকা হইতেছে 'কর্ম্মব্রহ্মোদ্ভবমত্র ব্রহ্মশব্দেন নির্দ্দিষ্টং প্রকৃতিপরিণামরূপং শরীরং "তদেতদ্ব্রহ্ম নামরূপমন্নং চ জায়তে" ইতি ব্রহ্মশব্দেন প্রকৃতির্নির্দ্দিষ্টা", ইহাপি "মমযোনির্মহদ্ব্রহ্ম" ইত্যুচ্যতে অতঃ কর্ম্মব্রহ্মোদ্ভবমিতি প্রকৃতিপরিণামরূপ-শরীরোদ্ভবং কর্ম্মেত্যুক্তং ভবতি।' লোকমান্য তিলক বলেন "রামানুজভাষ্যে এই অর্থ করা হইয়াছে যে 'ব্রহ্ম শব্দে জগতের মূল প্রকৃতি বিবক্ষিত" "এই অর্থ আমারও ঠিক মনে হইতেছে"। কিন্তু রামানুজভাষ্যে 'ব্রহ্মশব্দেন প্রকৃতি নির্দ্দিষ্টা' বলিয়াও এখানে 'প্রকৃতিপরিণামরূপ শরীরং' অর্থ করা হইয়াছে দেখা যায়। তাহা হইলে শ্লোকটির শব্দগত বা আক্ষরিক অর্থ হয়ঃ কর্ম্ম শরীর জাত, শরীর অক্ষর সমুদ্ভূত এবং সেই হেতু সর্ব্বব্যাপী যে প্রকৃতি তাহা নিত্য যজ্ঞে প্রতিষ্ঠিত, এইরূপ করা হইলে কিছুটা অর্থহীন হইয়া দাঁড়ায় নাকি? রামানুজভাষ্যের অনুসরণ ও বিস্তার করিয়া শ্রীমৎ কেশবকাশ্মিরী "ব্রহ্মশব্দ নির্দ্দিষ্টপ্রকৃতিপরিণামরূপশরীরোদ্ভবং কর্ম্মেতি যুক্তম্ 'কার্য্যকারণকর্তৃত্বে হেতুঃ প্রকৃতিরুচ্যতে' ইতি প্রকৃতেঃ কর্ম্মহেতুত্বেন বক্ষ্যমাণত্বাৎ। তচ্চ শরীররূপেণৈব সম্ভবতি। ব্রহ্ম উক্তস্বরূপমক্ষরসমুদ্ভবম্। অত্র অক্ষরশব্দেন পুরুষক্ষেত্রজ্ঞা-দিশব্দবাচ্যো জীবাত্মোচ্যতে "কূটস্থোঽক্ষর উচ্যতে" ইতি বক্ষ্যমাণত্বাৎ। তেনাধি-ষ্ঠিতং শরীররূপং প্রকৃত্যাখ্যং ব্রহ্ম কর্ম্মোৎপাদনে যোগ্যং ভবতি। কার্য্যোৎ-পাদনযোগ্যতৈব সমুদ্ভবশব্দেনাভিহিতা অতো ব্রহ্মাক্ষরসমুদ্ভবমিত্যুক্তং। প্রকৃতিরপি ক্ষেত্রজ্ঞাধিষ্ঠিতৈব কার্য্যোৎপাদনে সমর্থা ন কেবলা'। আর 'যস্মাদক্ষরশব্দবাচ্যং জীবাধিষ্ঠিতং শরীরাত্মনা পরিণতং প্রকৃত্যাখ্যং ব্রহ্ম যজ্ঞহেতুভূতকর্ম্মোৎপাদকং তস্মাৎ সর্ব্বগতং যজ্ঞাদিকর্ম্মসু সর্ব্বাধিকারেগতং প্রাপ্তম্' বলিয়া যে ব্যাখ্যা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিয়াছেন তাহাতে ব্রহ্ম ও অক্ষর উভয়ই প্রকৃতিজাত শরীর ও শরীরধারী জীবাত্মা হইয়া দাঁড়ায়, ব্রহ্মযজ্ঞের বিশেষ কোন গৌরবই থাকে না। সে কারণ আমরা মনে করি শ্রুতিবর্ণিত বিশ্বসৃষ্টির ক্রমানুসারে গীতার এই শ্লোকের অর্থ বুঝিবার চেষ্টা করিলে ব্রহ্মবাদানুগত প্রকৃতিবাদাত্মক ব্যাখ্যা অপেক্ষাকৃত সরল ও সার্থক হয়। মুণ্ডকোপনিষদে বিশ্বসৃষ্টির ক্রম এইরূপ বর্ণিত হইয়াছে ঃ

তপসাচীয়তে ব্রহ্ম ততোঽন্নমভিজায়তে।
অন্নাৎ প্রাণো মনঃ সত্যং লোকাঃ কর্ম্মসু চামৃতম্॥
(১মু।১খ।৮ শ্লোক)

অর্থাৎ অক্ষর বা পরমব্রহ্মের জ্ঞানময় তপস্যা হইতে অন্ন অর্থাৎ অব্যাকৃত প্রকৃতি (১) তাহা হইতে প্রাণ, প্রাণ হইতে মন, মন হইতে সত্য (সূক্ষ্মপঞ্চভূত) (২) তাহা হইতে পৃথিব্যাদিলোক সমূহ এবং লোক সমূহে কর্ম্ম এবং কর্ম্ম হইতে অমৃত সমুৎপন্ন বা উদ্ভূত হয়। উপনিষদের এই বর্ণনা অনুসারে আমরা গীতার আলোচ্য শ্লোকে উল্লিখিত কর্ম্ম কেন যে 'ব্রহ্মোদ্ভবং' অর্থাৎ প্রকৃতিজাত এবং 'ব্রহ্ম' 'অক্ষর সমুদ্ভবং' বলা হইয়াছে তাহা সহজেই বুঝিতে পারি এবং কর্ম্মের সহিত মুক্তির ঘনিষ্ঠ সম্বন্ধ—'কর্ম্মসু কৌশলং' যে মুক্তি-দায়ক—যাহা গীতার প্রতিপাদ্য তাহাও—অনুধাবন করিতে পারি। শ্রীমৎ শঙ্করাচার্য্য অবশ্য 'অমৃতম্' পদের মুক্তি অর্থ গ্রহণ করেন না তিনি 'অমৃতম্' শব্দের 'কর্ম্মজং ফলম্' অর্থ করিয়াছেন, আর যুক্তি দিয়াছেন—'যাবৎ কর্ম্মাণি কল্পকোটীশতৈরপি ন বিনশ্যতি তাবৎ ফলং ন বিনশ্যতীত্যমৃতম্'। কিন্তু 'অমৃতম্' শব্দের সাধারণ অর্থ গ্রহণ না করিয়া কেন ভিন্ন অর্থ গ্রহণ করা সঙ্গত হইবে? এই মুণ্ডকোপনিষদেই ত কিছুপরে দেখিতে পাই—

ভিদ্যতে হৃদয়গ্রন্থি শ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ।
ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি তস্মিন্ দৃষ্টে পরাবরে॥ (২।২।৯)

আর এই শ্লোকেরই ভাষ্যের মুখবন্ধে আচার্য্যপাদ "হৃদয়গ্রন্থির" অর্থ করিয়াছেন 'অবিদ্যাবাসনাময়ঃ বুদ্ধ্যাশ্রয়ঃ কামঃ'। গীতায় উপদেষ্টা ত দ্বিতীয় অধ্যায়

---

(১) 'অদ্যতে ভুজ্যতে ইত্যন্নমব্যাকৃতম্' শাঙ্কর ভাষ্য
(২) 'সত্যাখ্যম্ আকাশাদিভূতপঞ্চকম্' ঐ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইতেই 'জন্মবন্ধবিনির্ম্মুক্তঃ' হইবার জন্য ফলকামনারূপ 'হৃদয় গ্রন্থি' ছেদনের উপদেশ দিতে আরম্ভ করিয়া পৌনঃপুনিক ভাবে সেই উপদেশ দিতে দিতেই চলিয়াছেন এবং 'কামরূপং দুরাসদং' 'শত্রুং' যাহা ইন্দ্রিয়-মন-বুদ্ধি আশ্রয় করিয়া থাকে, সংযত ও আত্মসমাহিত হইয়া, তাহার ধ্বংসসাধনপূর্ব্বক কর্ম্মযোগে অমৃতলাভের বা মোক্ষপ্রাপ্তির পথনির্দ্দেশ করিয়া এই অধ্যায় সমাপ্ত করিয়াছেন। আর যজ্ঞরূপ ত্যাগাত্মক কর্ম্ম-সাধনের ফল সম্বন্ধে আগামী অধ্যায়ে শ্রীভগবান্ স্পষ্টই বলিবেন 'যজ্ঞশিষ্টামৃতভুজো যান্তি ব্রহ্ম সনাতনম্'। কাজেই উপনিষদ্-বর্ণিত বিশ্বসৃষ্টির ক্রম এবং কর্ম্মোদ্ভব অমৃতলাভের উপদেশের সহিত গীতার উপদেশের পার্থক্য কোথায়?

গীতার আধুনিক ব্যাখ্যাতৃগণের মধ্যে শ্রীঅরবিন্দের পূর্ব্বোদ্ধৃত ব্যাখ্যা আমরা অনেকাংশে উৎকৃষ্ট ও গ্রহণীয় মনে করি। কিন্তু ব্যাখ্যা প্রসঙ্গে তাঁহার দুইটি মন্তব্যের তাৎপর্য্য গ্রহণ করা কঠিন। আমরা তাঁহার ব্যাখ্যা যতদূর উদ্ধৃত করিয়াছি তাহার প্রথমাংশে তিনি বলিতেছেন—

"If the sacrifice (yagna) is simply the Vedic sacrifice, if the work from which it is born is Vedic rule of works, and if the 'brahman' from which the work itself is born is 'sabda brahman', in the sense of the letter of the Veda, then all the positions of the Vedic dogma are conceded."*

কিন্তু গীতা কি আগামী অধ্যায়েই—

এবং বহুবিধা যজ্ঞা বিততা ব্রহ্মণোমুখে।
কর্ম্মজান্ বিদ্ধি তান্ সর্ব্বানেবং জ্ঞাত্বা বিমোক্ষ্যসে॥ (৪।৩২)

বলিয়া **"Vedic dogma concede"** করেন নাই?

তথাকথিত **"Vedic dogma concede"** করিলেও গীতার বিশেষ উপদেশ এই নহে কি যে—যজ্ঞাদিও ফলকামনা ত্যাগ করিয়া, আসক্তিশূন্য হইয়া, করিতে হইবে তাহা করিলে 'সত্ত্বশুদ্ধি'ও 'মোক্ষপ্রাপ্তি' হইবে? আর বেদ অপৌরুষেয়, **revelation**, হইলেও শ্রুতি ত বেদবিদ্যাকে অপরাবিদ্যার পর্য্যায়ভুক্ত করিয়াছেন।

---

* **Essays on the Gita (First series) by Shri Aurobindo Ghose p. 166,**

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১)। কাজেই Vedic dogmatism বা কোথায়? বৈষ্ণবাচার্য্যগণ, যাঁহারা 'যজ্ঞকর্ম্ম ব্রহ্মোদ্ভবং বিদ্ধি' উক্তিতে ব্রহ্মশব্দ 'মহদ্‌ব্রহ্ম' বলিয়া ব্যাখ্যা করিয়াছেন তাঁহারাও বেদবাণীর উপরে নির্ভর করিয়াছেন। আর, 'Prakriti in its true nature a sacrifice, yagna, with the Divine Being as the enjoyer of all energisms and works' ইহা গীতার অভিমত বলা যাইতে পারে কিনা সে সম্বন্ধে সন্দেহের অবকাশ আছে। শ্রীভগবান্ 'সর্ব্বলোক-মহেশ্বরম্' হইলেও 'ভোক্তারং যজ্ঞতপসাম্' বলিয়াই আত্মপরিচয় দিয়াছেন। নতুবা পরমপুরুষ বা ঈশ্বর জীবের ফলকামনাযুক্ত কর্ম্মসকলও উপভোগ করেন একথা কি বলা যায়? বলিলে—

'দ্বা সুপর্ণা সযুজা সখায়া সমানং বৃক্ষং পরিষস্বজাতে।
তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্যনশ্নন্নন্যোঽভিচাকশীতি॥ (২)

শুধু এই শ্রুতি বচনের বিরুদ্ধ হয় না, পরন্তু গীতাতেও তাহার সমর্থন পাওয়া কঠিন।

যাহা হউক—গীতা জগচ্চক্র (Cosmic order) কে ব্রহ্মযজ্ঞরূপে বর্ণনান্তে একদিকে বলিয়াছেন—

এবং প্রবর্ত্তিতং চক্রং নানুবর্ত্তয়তীহ যঃ।
অঘায়ুরিন্দ্রিয়ারামো মোঘং পার্থ স জীবতি॥ ১৬

এই জগচ্চক্রের ব্রহ্মযজ্ঞের অনুসরণ যে না করে সে বৃথাই জীবন ধারণ করে, পক্ষান্তরে বলিয়াছেন—

যস্ত্বাত্মরতিরেব স্যাদাত্মতৃপ্তশ্চ মানবঃ।
আত্মন্যেব চ সন্তুষ্টস্তস্য কার্য্যং ন বিদ্যতে॥ ১৭

কিন্তু যে মানব ইন্দ্রিয়বশ্যতা পরিহার করিয়া, প্রকৃতির অধিকার মুক্ত হইয়া,

---

(১) শৌনকের প্রশ্নোত্তরে ঋষি অঙ্গিরার উক্তি :—
"তত্রাপরা ঋগ্বেদো যজুর্ব্বেদঃ সামবেদোঽথর্ব্ববেদঃ
শিক্ষাকল্প ব্যাকরণং নিরুক্তং ছন্দোজ্যোতিষমিতি"
মুণ্ডকোপনিষৎ ১মু।১।৫

(২) ৩য়মু।১খ।১ শ্লোক।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মরতি, আত্মতৃপ্তি লাভ করিয়াছেন, ব্রহ্মানন্দপ্রাপ্ত হইয়াছেন, দ্রষ্টার স্বরূপে অবস্থিতিপূর্ব্বক আত্মারাম হইয়াছেন, ভূমার সন্ধান যাঁহার মিলিয়াছে, তাঁহার আর শ্রেয়ঃ ও প্রেয়েঃর দ্বৈতপ্রতীতিমূলক বা শাস্ত্রবিধিবিহিত কোন কার্য্য বা কর্ত্তব্য বলিয়া কিছু থাকে না। তখন প্রতীচ্য দার্শনিকের ভাবায়ও "Morality presses forward beyond itself to super-moral sphere where it ceases as such to exist" (১)। আর তখন—

নৈব তস্য কৃতেনার্থো নাকৃতেনেহ কশ্চন।
ন চাস্য সর্ব্বভূতেষু কশ্চিদর্থব্যপাশ্রয়ঃ॥ ১৮

তখন আত্মলাভ করিয়া অহঙ্কারপরিশূন্য হইয়া, সিদ্ধসাধকের কর্ম্মাকর্ম্ম নিজ প্রয়োজনাতীত হইয়া দাঁড়ায় এবং ভূত জগতের সহিত তাঁহার আর কোন প্রয়োজনসম্বন্ধ বা বাহিরের যোগ থাকে না। সমস্ত pragmatic বা utilitarian relations ঘুচিয়া যায়। সর্ব্বভূতই তখন আত্মব্যূহরূপে প্রকাশ পায়, 'সর্ব্বভূতস্থমাত্মানং সর্ব্বভূতানি চাত্মনি' দেখেন। তাহা হইলে সে অবস্থায় কি আর কোন কর্ম্মই থাকে না? গীতার মতে থাকে। তাঁহার সে অবস্থার সমস্ত কর্ম্মই তখন আত্মপ্রেরণার প্রকাশ, ভগবল্লীলার বিকাশ হইয়া দাঁড়ায়। তিনি ভাগবত কর্ম্মের 'নিমিত্তমাত্র' হইয়া কর্ম্মসম্পাদন করেন। 'অর্থব্যপাশ্রয়' না হইয়া ভগবদ্ব্যপাশ্রয় তেমন কর্ম্মীর কি মহাফল লাভ হয়?

সর্ব্বকর্ম্মাণ্যপি সদা কুর্ব্বাণো মদ্ব্যপাশ্রয়ঃ।
মৎপ্রসাদাদবাপ্নোতি শাশ্বতং পদমব্যয়ম্॥ (১৮।৫৬)

অতএব গীতার উপদেশ কর্ম্মযোগসাধন অবস্থায়—

অসক্তঃ সততং কার্য্যং কর্ম্ম সমাচর।

কেন?

অসক্তো হ্যাচরন্ কর্ম্ম পরমাপ্নোতি পূরুষঃ॥ ১৯

অনাসক্ত হইয়া সর্ব্বদা কর্ত্তব্য কর্ম্ম সম্পন্ন কর। আসক্তি রহিত হইয়া কর্ত্তব্য সম্পাদন করিতে থাকিলে পরমপুরুষার্থ অর্থাৎ মুক্তিলাভ হয়।

---

(১) F. H Bradley: Ethical Studies p. 235.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মোটকথা এই যে, গীতার মতে ফলকামনামুক্ত কর্ম্ম হেয় নহে, করণীয়—অনাসক্তের, অফলাকাঙ্ক্ষীর, অহঙ্কারমুক্তের কর্ম্ম পরমপুরুষার্থপ্রাপক। 'কর্ম্ম-নিষ্ঠায়াঃ জ্ঞাননিষ্ঠাপ্রাপ্তিহেতুত্বেন পুরুষার্থহেতুত্বং ন স্বাতন্ত্র্যেণ' বলিলে ভগবদ্‌-বাণীতে অতিরিক্ত শব্দ প্রক্ষিপ্ত করিয়া বলিতে হয়, সরলার্থবিরোধী এবং সিদ্ধান্ত বিরোধীও হয়। এই অধ্যায়েই শ্রীভগবান্ কিছু পরে দৃষ্টান্তসহ বলিয়াছেন—

'কর্ম্মণৈব হি সংসিদ্ধিমাস্থিতা জনকাদয়ঃ'। ২০

প্রশ্ন হইতে পারে, আসক্তিরহিত হইয়া উল্লিখিত নির্দ্দেশ অনুসারে সর্ব্বদা কর্ত্তব্য সম্পাদন কি জন্যই বা করিতে হইবে? মাত্র কর্ম্মযোগীর পক্ষে মহা-ফলের আশায়? না—'আত্মনঃ মোক্ষায়', 'জগদ্ধিতায় চ'—গীতার ভাষায় 'লোকসংগ্রহার্থম্'—

লোকসংগ্রহমেবাপি সংপশ্যন্ কর্ত্তুমর্হসি। ২০

অন্যে দূরের কথা, স্বয়ং পূর্ণকাম ভগবান, 'সর্ব্বলোকমহেশ্বর', সর্ব্বভূতের 'সুহৃদ্', লোকরক্ষার জন্য অনুক্ষণ কর্ম্মরত রহিয়াছেন। ভগবদুক্তি—

'ন মে পার্থাস্তি কর্ত্তব্যং ত্রিষু লোকেষু কিঞ্চন।
নানবাপ্তমবাপ্তব্যং বর্ত্তএব চ কর্ম্মণি ॥ ২২

যদি হ্যহং ন বর্ত্তেয়ং জাতু কর্ম্মণ্যতন্দ্রিতঃ।
মম বর্ত্মানুবর্ত্তন্তে মনুষ্যাঃ পার্থ! সর্ব্বশঃ ॥ ২৩

উৎসীদেয়ুরিমে লোকা ন কুর্য্যাং কর্ম্মচেদহম্।
সঙ্করস্য চ কর্ত্তা স্যামুপহন্যামিমাঃ প্রজাঃ ॥ ২৪

তাই তিনি নিজেই নিরলস আদর্শ কর্ম্মী। সেজন্য কর্ম্মযোগের দিক্ দিয়া শুধু সাধকের প্রতি নহে, সিদ্ধ পক্ষেও, আত্মবিদ্ বিদ্বানের পক্ষেও তাঁহার উপদেশ—

সক্তাঃ কর্ম্মণ্যবিদ্বাংসো যথা কুর্ব্বন্তি ভারত!
কুর্য্যাদ্বিদ্বাংস্তথাসক্তশ্চিকীর্ষুর্লোকসংগ্রহম্ ॥ ২৫

আর, বিদ্বান্ যে নিজেই শুধু আগ্রহ সহকারে কর্ম্ম করিবেন তাহাও নহে, অপিচ

—অজ্ঞানাং কর্ম্মসঙ্গিনাম্।
যোজয়েৎ সর্ব্বকর্ম্মাণি বিদ্বান্ যুক্তঃ সমাচরন্ ॥ ২৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিদ্বান্ যোগযুক্ত হইয়া অথচ আগ্রহ সহকারে সর্ব্বকর্ম্মের অনুষ্ঠান করিয়া অজ্ঞান ব্যক্তিগণকে কর্ম্মে প্রবৃত্ত রাখিবেন। প্রত্যুত প্রকৃতিগুণে কর্ম্মসকল সম্পাদিত হইয়া থাকে, কিন্তু অহঙ্কার বশে মূঢ় ব্যক্তিগণ কর্তৃত্বাভিমানী ও গুণ-কর্ম্মাসক্ত হয়। পক্ষান্তরে গুণকর্ম্মবিভাগের তত্ত্বজ্ঞ ইন্দ্রিয়গণ স্ব স্ব বিষয়ে প্রবৃত্ত হয় মনে করিয়া অনাসক্ত থাকেন। প্রকৃতিপরবশতা যেমন নিগ্রহের (repression) দ্বারা ঘুচে না, রাগদ্বেষপুরঃসরা প্রকৃতির সেবায়ও তেমনই শ্রেয়োলাভ হয় না। বরং সুখ দুঃখ পরিহার করিয়া, 'সুখানুশয়ীরাগ' এবং 'দুঃখানুশয়ী দ্বেষ' পরিত্যাগ করিয়া স্বভাবনিয়ত কর্ম্ম বা স্বধর্ম্মের অনুষ্ঠান করাই গীতার মতে মৃত্যুপণেও কর্ত্তব্য।

শ্রেয়ান্ স্বধর্ম্মো বিগুণঃ পরধর্ম্মাৎ স্বনুষ্ঠিতাৎ।
স্বধর্ম্মে নিধনং শ্রেয়ঃ পরধর্ম্মো ভয়াবহঃ ॥ ৩৫

আর,—

স্বভাবনিয়তং কর্ম্ম কুর্ব্বন্নাপ্নোতি কিল্বিষম্ ॥ (১৮।৪৭)

শুধু নহে, পরন্তু—

যতঃ প্রবৃত্তির্ভূতানাং যেন সর্ব্বমিদং ততম্।
স্বকর্ম্মণা তমভ্যর্চ্য সিদ্ধিং বিন্দতি মানবঃ ॥ (১৮।৪৬)

অতএব, শ্রীভগবান্ বলিতেছেন হে অর্জ্জুন!

ময়ি সর্ব্বাণি কর্ম্মাণি সংন্যস্যাধ্যাত্মচেতসা ॥
নিরাশীর্নির্ম্মমো ভূত্বা যুধ্যস্ব বিগতজ্বরঃ ॥ ৩০

'মচ্ছরীরতয়া মৎপ্রবর্ত্ত্যাত্মস্বরূপানুসন্ধানেন সর্ব্বাণি কর্ম্মাণি ময়ৈব ক্রিয়মাণানীতি ময়ি পরমপুরুষে সন্ন্যস্য তানি চ কেবলং মদারাধনানীতি কৃত্বা তৎফলে নিরাশীস্ততএব তত্র কর্ম্মণি মমতারহিতোভূত্বা বিগতজ্বরো যুদ্ধাদিকং কুরুস্ব' (রামানুজ)। আমারই দেহরূপে আমারই প্রবর্ত্তিত আত্মস্বরূপানুসন্ধানপূর্ব্বক সর্ব্বকর্ম্ম আমার দ্বারাই অনুষ্ঠিত হইতেছে—এই বিবেচনা করিয়া পরমপুরুষ আমাতে সমস্ত কর্ম্ম সমর্পণ কর। আর সকল কর্ম্ম আমারই আরাধনা এই মনে করিয়া তৎফলে আকাঙ্খাশূন্য হইয়া অহঙ্কার, মমতা ও শোকসন্তাপমুক্ত হইয়া যুদ্ধে প্রবৃত্ত হও।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আর—,

যে মে মতমিদং নিত্যমনুতিষ্ঠন্তি মানবাঃ।
শ্রদ্ধাবন্তোঽনসূয়ন্তো মুচ্যন্তে তেঽপি কর্ম্মভিঃ॥ (৩১)

যাহারা শ্রদ্ধাবান্ ও অসূয়ারহিত হইয়া আমার এই মতানুসারে সর্ব্বদা কর্ম্মানুষ্ঠান করে তাহারা কর্ম্মের দ্বারা বন্ধনপ্রাপ্ত হয় না অর্থাৎ কর্ম্মফলমুক্ত থাকে; অপিচ 'কর্ম্মভিঃ মুচ্যন্তে' কর্ম্ম করিয়াও কর্ম্মের দ্বারাই মুক্তি লাভ করে। এমন অফলপ্রসূ কর্ম্ম তাহাদের মুক্তির উপায় স্বরূপ হয়। ইহাই দ্বিতীয় অধ্যায়ে উল্লিখিত 'কর্ম্মসু কৌশলং', ইহাকেই কর্ম্মযোগ বলে।

নিষ্কাম কর্ম্মতত্ত্বের বা কর্ম্মযোগের এবং তৎপ্রসঙ্গে যজ্ঞের মাহাত্ম্য সম্বন্ধে উপদেশ ব্যতীত আরও একটী বিষয়ে অর্থাৎ প্রকৃতিতত্ত্ব সম্বন্ধে এই অধ্যায়ে আলোচনার সূত্রপাত করা হইয়াছে দেখা যায়।

অধ্যায়ের একপ্রকার সূচনাতেই শ্রীভগবান্ বলিয়াছেন—

নহি কশ্চিৎ ক্ষণমপি জাতু তিষ্ঠত্যকর্ম্মকৃৎ।
কার্য্যতে হ্যবশঃ কর্ম্ম সর্ব্বঃ প্রকৃতিজৈর্গুণৈঃ॥ ৫

তাহার পরে বলা হইয়াছে—

প্রকৃতেঃ ক্রিয়মাণানি গুণৈঃ কর্ম্মাণি সর্ব্বশঃ।
অহঙ্কারবিমূঢ়াত্মা কর্ত্তাহমিতি মন্যতে॥ ২৭*

তত্ত্ববিত্তু মহাবাহো! গুণকর্ম্মবিভাগয়োঃ।
গুণাগুণেষু বর্ত্তন্ত ইতি মত্বা ন সজ্জতে॥ ২৮

কিন্তু—

প্রকৃতের্গুণসংমূঢ়াঃ সজ্জন্তে গুণকর্ম্মসু।
তানকৃৎস্নবিদো মন্দান্ কৃৎস্নবিন্ন বিচালয়েৎ॥ ২৯

আর শুধু মূঢ় মন্দমতিগণ নহে—

সদৃশং চেষ্টতে স্বস্যাঃ প্রকৃতের্জ্ঞানবানপি।
প্রকৃতিং যান্তি ভূতানি নিগ্রহঃ কিং করিষ্যতি॥ ৩৩

এই জ্ঞানবান্ অবশ্য তত্ত্বজ্ঞানবান্ নহেন, ইতর জ্ঞানে জ্ঞানবান্, যে জ্ঞান সাত্ত্বিক, রাজসিক, তামসিক ভেদে ত্রিবিধ বলিয়া অষ্টাদশ অধ্যায়ে বর্ণিত হইবে।

---

* যেমন শক্তিবাদী বলেন: 'তোমার কর্ম্ম তুমি কর মা, লোকে বলে করি আমি'।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এক্ষণে প্রশ্ন হইতেছে এই মহাশক্তিমতী প্রকৃতি কি?

আগামী ত্রয়োদশ অধ্যায়ে শ্রীভগবান্ বলিবেন—

প্রকৃতিং পুরুষঞ্চৈব বিদ্ধ্যনাদী উভাবপি।
বিকারাংশ্চ গুণাংশ্চৈব বিদ্ধি প্রকৃতিসম্ভবান্॥ (১৩।১৯)

আর মধ্যে বলিবেন—

প্রকৃতিং স্বামবষ্টভ্য বিসৃজামি পুনঃ পুনঃ।
ভূতগ্রামমিমং কৃৎস্নমবশং প্রকৃতের্বশাৎ॥ (৯।৮)

আর —

সর্ব্বভূতানি কৌন্তেয় প্রকৃতিং যান্তি মামিকাম্।
কল্পক্ষয়ে পুনস্তানি কল্পাদৌ বিসৃজাম্যহম্॥ (৯।৭)

কিন্তু কাপিল দর্শনের এই মতবাদ গীতায় স্থান পাইলেও গীতা যে কাশীনাথ এ্যম্বক তেলাঙ্গের উক্তি অনুসারে হিন্দুদর্শনশাস্ত্র ছয়ভাগে বিভাগের পূর্ব্বে প্রচারিত তাহার আরও একটি প্রমাণ এই যে গীতা প্রকৃতির গুণবন্ধনকে 'দৈবীহ্যেষা গুণময়ী দুরত্যয়া মম মায়া' বলিয়াও প্রচার করিয়াছেন যেমন উপনিষৎ 'মায়াস্তু প্রকৃতিং বিদ্যান্মায়িনন্তু মহেশ্বরম্' বলিয়া বর্ণনা করিয়াছেন দেখা যায়।

অতএব গীতার মতে সমগ্র ভূতজগতের এবং যাবতীয় লৌকিক কর্ম্মের জননীই প্রকৃতি এবং প্রকৃতি অধিকারে অর্থাৎ ত্রিগুণাধিকারে 'পরাপ্রকৃতি' জীবাত্মার যে কর্তৃত্ব উপলব্ধি হয় তাহা অহঙ্কারের কার্য্য। অবিদ্যাহেতু অধ্যাস বা আরোপিত কর্তৃত্ব মাত্র। সে কর্ত্তা **metaphysical soul** নহে, **emperical self**। প্রকৃতি-গুণে তাহার ত্রৈবিধ্য আছে—পরে (১৮ অঃ ১৯, ২৬, ২৭, ২৮ শ্লোকে) তাহা বর্ণিত দেখিতে পাইব। আর গীতার মতে এই যে মায়াধীনের ভ্রমাত্মক কর্তৃত্ব-অভিমান—সম্যগ্ জ্ঞানোদয়ে ইহার অবসান হয়। একথা শুনিলে কর্তৃত্বাভিমানী আমাদের মনে রূঢ় আঘাত লাগে বটে কিন্তু আধুনিক পাশ্চাত্য দর্শনই বা কি বলেন? যাঁহারা প্রকৃতিবাদী (**naturalist, determinist**) তাঁহারা ত মানুষের কর্ম্ম প্রাকৃতিক নিয়মানুসারে কার্য্যকারণ পরম্পরায় সম্পাদিত হয় বলিয়া থাকেন। আর প্রতীচ্য জ্ঞানবাদী আদর্শবাদীরাই (**rationalist idealists**) বা কি বলেন? **Green** এর উক্তি:—"**Free will is either a name for**

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

you know not what, or it is included, is the essential factor, in character" (১)। "It must be a mistake to regard the will as a faculty which a man possesses along with other faculties—those of desire, emotion, thought, etc.—and which has the singular privilege of acting independently of other faculties, so that, given a man's character as it at any time results from the direction taken by those other faculties, the will remains something apart which may issue in action different from that prompted by the character. The will is simply the man. An act of will is the expression of the man as he at the time is." (২)। কিন্তু এই "man as he at the time is" ইহাত কর্ম্মফলাবদ্ধ বা কর্ম্ম সংস্কার গঠিত ঐতিহাসিক মানুষ। যতই ইহাকে 'whole self' ইত্যাদি বলা হউক না কেন ইহা কখনই সেই আত্মপদবাচ্য self-conscious principle নহে Greenই যাহা অজ, শাশ্বত বলিয়া অঙ্গীকার করিয়াছেন (৩)।

কিন্তু তাই বলিয়া অর্থাৎ গীতার মতে প্রকৃতিগুণে বা স্বভাব অনুসারে সংসারী মানুষকে কার্য্য করিতে হয় বলিয়া, মানুষের বর্ত্তমান প্রকৃতি তাহার পূর্ব্ব-কর্ম্মার্জ্জিত সংস্কারের ফল বলিয়া, কি কর্ম্মানুষ্ঠানে তাহার কোন দায়িত্ব বা স্বাধীনতা নাই? যদি তাহাই না থাকিবে তাহা হইলে গীতা প্রতিষিদ্ধ কর্ম্ম-ত্যাগ করিতে পক্ষান্তরে সর্ব্বকর্ম্ম ভগবানে সমর্পণ করিতে বলিবার তাৎপর্য্যই বা কি? আর পরে যে বলিবেন—

> উদ্ধরেদাত্মনাত্মানং নাত্মানমবসাদয়েৎ।
> আত্মৈব হ্যাত্মনো বন্ধু রাত্মৈব রিপুরাত্মনঃ ॥ (৬।৫)

তাহারই বা সার্থকতা কি? আর কর্ম্ম, বিকর্ম্ম, অকর্ম্মতত্ত্ব বিভাগের মূল্যই বা কি থাকে?

---

(১)। T. H Green : Prolegomena to Ethics P. 127
(২)। T. H Green : Prologomena to Ethics Pp 178-79
(৩)। 'It has no original' 'It never began because it never was not,'—Ibid : P 134.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইহার তাৎপর্য্য বুঝিতে হইলে আমাদের আর একটু অনুধাবন করিয়া দেখিতে হইবে 'প্রকৃতি' ও 'স্বভাবের' সংজ্ঞা গীতা কিরূপ নিরূপণ করিয়াছেন। ত্রয়োদশ অধ্যায়ে আমরা দেখিতে পাইব যে গীতা প্রকৃতির পরিচয় দিতে বলিয়াছেন,

'কার্য্যকারণকর্তৃত্বে হেতুঃ প্রকৃতিরুচ্যতে' (১৩।২১)

আর অষ্টম অধ্যায়ে 'স্বভাব'কে 'অধ্যাত্ম' অর্থাৎ আত্মাধিকৃত বলিয়া পরিচিত করিয়াছেন; অর্থাৎ প্রকৃতি হইতেছে সেই আদিকারণ বা বাসনা—যাহা একদিকে বুদ্ধি অহঙ্কার ও একাদশ ইন্দ্রিয়ের আশ্রয়ভূত শরীরের এবং অপরদিকে কার্য্য-কারণ-সম্বন্ধ-বিলসিত ভূতজগতের কারণ; আর 'স্বভাব' হইতেছে সেই প্রকৃতি যাহা আত্মাধিকৃত ['অধ্যাত্মমুচ্যতে' (৮।৩)] যাহা মানুষের স্বকর্ম্মের প্রাপক এবং স্বধর্ম্মের বিধায়ক, যাহা মানুষের ব্যক্তিগত জীবনে চারিত্র্য ও সামাজিক সংস্থানে বর্ণধর্ম্ম বা সঙ্ঘধর্ম্ম বা জাতীয়তারূপে প্রকটিত হয়—যে আত্মাধিকৃত প্রকৃতি বা স্বভাবের বিধান বা নির্দ্দেশ অনুসরণে পাপভাজন হইতে হয় না—('স্বভাবনিয়তং কর্ম্ম কুর্ব্বন্নাপ্নোতি কিল্বিষম্')—বরং যাহার পালনে মৃত্যুও বরণীয়। অতএব এই যে প্রকৃতি যাহা জীবের পূর্ব্বজন্মার্জ্জিত কর্ম্মসংস্কারের নামান্তর—'প্রকৃতির্নাম পূর্ব্বকৃতধর্ম্মাধর্ম্মাদিসংস্কারঃ বর্ত্তমানজন্মন্যভিব্যক্তঃ' (শঙ্কর)—যাহার প্রভাবে তাহার বর্ত্তমান জন্ম ও কর্ম্মপ্রাপ্তি ইহার অন্ধনিগ্রহ যে নিষ্ফল তাহা সহজেই উপলব্ধি হইতে পারে। যতদিন মানুষের আত্মসাক্ষাৎকার ও আত্মলাভ না ঘটে, ততদিন 'সহজকর্ম্ম' বা স্বধর্ম্মপালনের মধ্য দিয়া মানুষের প্রকৃতি উত্তরোত্তর আত্মাধিকৃত বা আত্মগত হইতে থাকে; কিন্তু তাহা হইলেও যতদিন সম্যক্ প্রকৃতিজয় বা বাসনাক্ষয় ঘটে না, ততদিন মানুষের রাগদ্বেষের বশীভূত হইবার সম্ভাবনা থাকিয়া যায় (১)। আত্মবিমুখ হইয়া,

---

(১) "The man's self and his character never quite coincide. Character is the second nature but besides that there is something of the first nature left. The raw materiai of the disposition is not all systematised in the character but some element or elements probably ramain beside the conscious self which affirms itself in the world. Hence given some external condition, some strange psychical combination and the so-to-speak underground self comes to light as a felt want or known desire and the result of the volition is uncertain" (Bradley : Ethical Studies. P.53)। আধুনিক Psycho-analysis এর সিদ্ধান্ত অনুসারে Sub-conscious এবং Pre-conscious এর ব্যাপ্তি ও প্রভাব Conscious এর সীমা অপেক্ষা ন্যূন নহে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কামপ্ররোচিত হইয়া, রাগদ্বেষপ্রণোদিত হইয়া ইন্দ্রিয়ার্থ অনুসরণই ত ইতর বা মূঢ় জীবের কার্য্য। মানুষের কর্ত্তব্য স্বতন্ত্র বলিয়াই শ্রীভগবান অর্জ্জুনকে বলিতেছেন —

ইন্দ্রিয়স্যেন্দ্রিয়স্যার্থে রাগদ্বেষৌব্যবস্থিতৌ।
তয়োর্ন বশমাগচ্ছেৎ তৌ হ্যস্য পরিপন্থিনৌ ॥ ৩৪

অনন্তর প্রশ্ন হইতেছে—কাহার প্রেরণায় মানুষ তবে পাপাচরণ করে? 'অথ কেন প্রযুক্তোঽয়ং পাপঞ্চরতি পুরুষঃ'? গীতা বলিতেছেন—কামের তাড়নায়, ক্রোধের বশে পুরুষ পাপাচরণ করে—

কাম এষ ক্রোধ এষ রজোগুণসমুদ্ভবঃ।
মহাশনো মহাপাপ্মা বিদ্ধ্যেনমিহ বৈরিণম্ ॥ ৩৭

রজোগুণজাত এই যে কাম আর প্রতিহত কামরূপ ক্রোধ, তৃপ্তিহীন এবং অত্যুগ্র, ইহাকে বা ইহাদেরই, সংসারে শত্রু বলিয়া জানিবে। এই কামের অধিষ্ঠান (vehicle বা agent) যে কেবল ইন্দ্রিয়গ্রাম তাহা নহে 'ইন্দ্রিয়েভ্যঃ পরং' যে 'মনঃ' এবং 'মনসস্তু পরা' যে 'বুদ্ধিঃ' তাহাদেরও ইহা আশ্রয় করিয়া থাকে। তাহাদের অবলম্বন করিয়া ইহা জ্ঞান বা বিচার বুদ্ধি (understanding) ও বিজ্ঞান বা অপরোক্ষানুভূতি (intuition) বিনষ্ট করে। অতএব কেমন করিয়া এই কামরূপ শত্রুনাশ হয়, ইহার প্রভাব হইতে মুক্তিলাভ করা যায়, তাহাই হইতেছে মোক্ষশাস্ত্রের প্রধান প্রশ্ন। শুধু তথাকথিত Freedom of will নহে (ইচ্ছা ত প্রকৃতি অধিকারে চিত্তবৃত্তি মাত্র), পরন্তু spiritual freedom। আত্মার স্বাধিকার লাভ ও অনাত্মবন্ধনবিলয় কিরূপে হইবে তাহাই হইতেছে শ্রেষ্ঠ জিজ্ঞাসা। সেই জিজ্ঞাসার উত্তর স্বরূপে শ্রীভগবান্ বলিতেছেন—

এবং বুদ্ধেঃ পরং বুদ্ধ্বা সংস্তভ্যাত্মানমাত্মনা।
জহি শত্রুং মহাবাহো! কামরূপং দুরাসদম্ ॥ ৪৩

কেন? শ্রুতিবাক্য পুনঃ স্মরণ করা যাইতে পারে—

যদা সর্ব্বে প্রমুচ্যন্তে কামা যেঽস্য হৃদি শ্রিতাঃ।
অথ মর্ত্ত্যোঽমৃতো ভবত্যত্র ব্রহ্ম সমশ্নুতে ॥*

* কঠোপনিষৎ—২।৩।১৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi .

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চতুর্থ অধ্যায়

(জ্ঞানযোগ)

(পূর্ব্বাভাস)

পূর্ব্বাধ্যায়ে শ্রীভগবান্ আসক্তিমুক্ত হইয়া সতত বিহিত কর্ম্ম করিবার এবং ঐভাবে কর্ম্ম করিলে যে পরমার্থ লাভ হয়, পূর্ব্বে জনকাদি রাজর্ষিগণ যে ঐভাবে কর্ম্ম করিয়া সম্যক্‌সিদ্ধি বা মুক্তি লাভ করিয়াছিলেন এবং লোক-সংগ্রার্থ কর্ম্ম করা উচিত এবং তাঁহার কোন কিছু অপ্রাপ্ত না থাকিলেও তিনি যে তন্দ্রাহীন হইয়া লোকরক্ষার্থ কর্ম্ম করিয়া যাইতেছেন, কর্ম্মযোগ বিষয়ে এইরূপ উপদেশ দিয়াছিলেন। সেই যোগোপদেশের অনুক্রমে শ্রীভগবান্ এই অধ্যায়ের সূচনায় বলিতেছেন যে-এই কর্ম্মযোগের উপদেশ পূর্ব্বে আমি দিয়াছিলাম সূর্য্যকে, সূর্য্য মনুকে, মনু ইক্ষ্বাকুকে উপদেশ দিয়াছিলেন এবং এইভাবে পরম্পরাক্রমে জনকাদি রাজর্ষিগণও এই উপদেশ প্রাপ্ত হইয়াছিলেন। কিন্তু দীর্ঘকালক্রমে তাহা লুপ্ত হইয়াছে; অতএব হে অর্জ্জুন! তোমাকে আজ সেই পুরাতন যোগোপদেশ পুনরায় দিতেছি। ইহাতে অর্জ্জুন বলিলেন, আপনার জন্ম ত সূর্য্যের পরে হইয়াছে, আপনি সৃষ্টির আদিতে কেমন করিয়া সূর্য্যকে উপদেশ দিয়াছিলেন বুঝিব (১—৪)? তদুত্তরে শ্রীভগবান্ বলিতেছেন, অতীতে আমার বহুজন্ম গ্রহণ করিতে হইয়াছে তাহা আমি জানি কিন্তু তুমি জান না। আমি অজ জন্মাদিরহিত হইলেও, ভূত জগতের ঈশ্বর বা প্রভু হইলেও, এই জগতে ধর্ম্মের গ্লানি এবং অধর্ম্মের অভ্যুত্থান হইলে সাধুগণের উদ্ধার এবং দুষ্কৃতিকারিগণের বিনাশের জন্য যুগে যুগে নিজমায়া প্রভাবে জন্মগ্রহণ করি। আমার এই দিব্য অর্থাৎ অপ্রাকৃত জন্মকর্ম্মতত্ত্ব যে জানে, সে দেহত্যাগ করিয়া আর পুনর্জ্জন্ম গ্রহণ করে না, আমি ভগবান্ আমাকেই প্রাপ্ত হয় (৫—৯)। আর আসক্তিভয়ক্রোধশূন্য, ভগবৎসর্ব্বস্ব, ভগবদেকশরণ, জ্ঞানতপঃপূত এমন অনেকেই ভগবদ্‌ভাব প্রাপ্ত হইয়াছেন। যে, যে সাধনপথ অবলম্বন করুক না কেন, যে আমার একান্তশরণ লয় তাহাকেই আমি অনুগ্রহ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করি। সকল সাধনপথই আমাকে পাইবার পথ। গুণকর্ম্মানুসারে আমিই চতুর্ব্বর্ণাত্মক সমাজ সৃষ্টি করিয়াছি, কিন্তু তাহার সৃষ্টিকর্ত্তা আমাকে অবিনাশী এবং অকর্ত্তা বলিয়াই জানিবে। কর্ম্মফলে আমার স্পৃহা নাই, কর্ম্মেও আমি লিপ্ত হই না, আমাকে এমন নির্লেপ কর্ম্মী বলিয়া যিনি জানেন, তিনি সেইভাবে কর্ম্ম করিয়া ফলমুক্ত থাকেন—কর্ম্মফল দ্বারা আবদ্ধ হন না। পূর্ব্বের মুমুক্ষুগণ আমাকে এইভাবে জানিয়া কর্ম্ম করিয়া গিয়াছেন, তুমিও ঐরূপ পূর্ব্বগামীদের কৃত কর্ম্মধারানুসারে কর্ম্ম করিয়া যাও (১০-১৫)। কি যে কর্ম্ম, কি যে অকর্ম্ম মেধাবী ব্যক্তিরাও তৎসম্বন্ধে অজ্ঞ, অতএব আমি তোমাকে কর্ম্মতত্ত্ব সম্বন্ধে এমন উপদেশ দিতেছি—যাহা জানিয়া তুমি সংসারবন্ধন হইতে মুক্তিলাভ করিবে। কর্ম্মতত্ত্ব এমন দুজ্ঞের্য় যে কর্ম্ম কাহাকে বলে, অকর্ম্মই বা কাহাকে বলে, আর বিকর্ম্মই বা কি—ত্রিতত্ত্বই তোমার বুঝিতে হইবে। যিনি কর্ম্ম অর্থাৎ (ফলাকাঙ্খায়কৃত) কর্ম্মকে অকর্ম্ম মনে করেন এবং অফলপ্রসূ কর্ম্মকেই করণীয় মনে করেন, তিনিই মানবসমাজে বুদ্ধিমান্ এবং তিনিই নিখিলকর্ম্মকৃৎ যোগী, আর যাঁহার সমস্ত কর্ম্ম কামসঙ্কল্পবর্জ্জিত এমন যে জ্ঞানাগ্নিদগ্ধকর্ম্মা তিনিই বিদ্বজ্জনসমাজে পণ্ডিত বলিয়া খ্যাত। আর কে কর্ম্ম করিয়াও কর্ম্ম করেন না—'নৈষ্কর্ম্ম্য'সিদ্ধি লাভ করেন—২০ হইতে ২৩ শ্লোকে তাহার বিশদ বর্ণনা অন্তে ২৪ হইতে ৩২ শ্লোকে শ্রীভগবান্ বেদোক্ত বিবিধ যজ্ঞের পরিচয় দিয়াছেন এবং তৎপরে সমস্ত দ্রব্যময় যজ্ঞ অপেক্ষা জ্ঞানযজ্ঞের শ্রেষ্ঠতা ঘোষণা করিয়াছেন—বলিয়াছেন সর্ব্ব কর্ম্ম জ্ঞানে পরিসমাপ্তি লাভ করে (৩৩)। সে জ্ঞান কিভাবে লাভ করিতে হয়, তাহার ফলে কি যে দৃষ্টির উন্মেষ হয় (অর্থাৎ সর্ব্বত্র ভগবৎসাক্ষাৎকার লাভ হয়), তাহা যে সমস্ত কর্ম্ম অর্থাৎ কর্ম্মফল ধ্বংস করে এবং তাহার ফলে যে পরমশান্তি লাভ হয় ৩৪ হইতে ৪০ শ্লোকে তাহার বর্ণনা অন্তে—

যোগসংন্যস্তকর্ম্মাণং জ্ঞানসংছিন্নসংশয়ম্।
আত্মবন্তং ন কর্ম্মাণি নিবধ্নন্তি ধনঞ্জয়! (৪১)

বলিয়া নির্ব্বীজ কর্ম্মতত্ত্বের ব্যাখ্যা সমাপ্ত করিয়াছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চতুর্থোঽধ্যায়ঃ।

(জ্ঞানযোগঃ)

শ্রীভগবানুবাচ

ইমং বিবস্বতে যোগং প্রোক্তবানহমব্যয়ম্।
বিবস্বান্ মনবে প্রাহ মনুরিক্ষ্বাকবেঽব্রবীৎ॥ ১

অধ্যায়োক্ত বিষয় নির্দ্দেশ।

তৃতীয়েঽধ্যায়ে প্রকৃতিসংসৃষ্টস্য মুমুক্ষোঃ সহসা জ্ঞানযোগানধিকারাৎ কর্ম্ম-যোগ এব কার্য্যঃ, জ্ঞানযোগাধিকারিণোঽপি অকর্ত্তৃত্বানুসন্ধানপূর্ব্বককর্ম্মযোগ এব শ্রেয়ানিতি সহেতুকমুক্তং, বিশিষ্টতয়া ব্যপদেশ্যস্য তু বিশেষতঃ কর্ম্মযোগ এব কার্য্য ইতি চোক্তং, চতুর্থেত্বিদানীমস্যৈব কর্ম্মযোগস্য' 'কর্ত্তব্যতাং দৃঢ়য়িত্বান্তর্গত জ্ঞানতয়াস্যৈব জ্ঞানযোগাকারতাং কর্ম্মযোগস্য প্রদর্শ্য কর্ম্মযোগস্বরূপং তদ্ভেদাঃ কর্ম্মযোগে জ্ঞানাংশস্যৈব প্রাধান্যং চ প্রোচ্যতে (রা)। বুদ্ধেঃ পরস্য মাহাত্ম্যং কর্ম্ম-ভেদো জ্ঞানমাহাত্ম্যং চোচ্যতেঽস্মিন্নধ্যায়ে (মা)। পূর্ব্বাধ্যায়াভ্যামুক্তং জ্ঞানযোগং কর্ম্মযোগঞ্চৈকফলত্বাদেকীকৃত্য তদ্বংশং কীর্ত্তয়ন্ স্তৌতি ভগবান্ ইমমিতি (ব)।

শ্রীভগবান্ উবাচ

(১)

অন্বয়। অহং বিবস্বতে ইমং অব্যয়ং যোগং প্রোক্তবান্, বিবস্বান্ মনবে, প্রাহ, মনুঃ ইক্ষ্বাকবে অব্রবীৎ।

অনুবাদ। শ্রীভগবান্ কহিলেন, আমি সূর্য্যকে এই অক্ষয় যোগ সম্বন্ধে বলিয়াছিলাম, সূর্য্য মনুকে বলিয়াছিলেন, মনু ইক্ষ্বাকুকে বলিয়াছিলেন।

টীকা। যোঽয়ং যোগোঽধ্যায়দ্বয়েনোক্তো জ্ঞাননিষ্ঠালক্ষণঃ স সন্ন্যাসঃ কর্ম্মযোগোপায়ঃ, যস্মিন্ বেদার্থঃ পরিসমাপ্তঃ প্রবৃত্তিলক্ষণো নিবৃত্তিলক্ষণশ্চ গীতাসু চ সর্ব্বাস্বয়মেব যোগো বিবক্ষিতো ভগবতা, অতঃ পরিসমাপ্তং বেদার্থং মন্বানস্তং বংশকথনেন স্তৌতি শ্রীভগবান্ ইমমিতি (শ)। ইদানীং চতুর্থেঽধ্যায়ে কর্ম্মযোগস্যৈব জ্ঞানানুসন্ধানপ্রকারং জ্ঞানফলকত্বং কর্ম্মস্বরূপং তদ্ভেদাংশ্চ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এবং পরম্পরাপ্রাপ্তমিমং রাজর্ষয়ো বিদুঃ।
স কালেনেহ মহতা যোগো নষ্টঃ পরন্তপ ! ॥ ২

(১ শ্লোকের টীকা)

বক্তুং শ্রেষ্ঠজনাধিকারিকত্বেন পরম্পরাপ্রাপ্তমিত্যুক্তকর্ম্মযোগং প্রশংসন্ শ্রীভগবানুবাচ (ক)। আবির্ভাবতিরোভাবাযাবিষ্কর্ত্তুং স্বয়ং হরিঃ! তত্ত্বম্পদ বিবেকার্থং কর্ম্মযোগং প্রশংসতি (শ্রী)।

ইমং যোগং—অধ্যায়দ্বয়েনোক্তং যোগং (শ)। জ্ঞাননিষ্ঠালক্ষণং কর্ম্মনিষ্ঠো-পায়লভ্যং যোগং (আ)। কর্ম্মযোগোপায়কজ্ঞানযোগো মোক্ষসাধনত্বেনোক্তস্তম্ (শ্রী)। কর্ম্মযোগম্ (ক)।

অব্যয়ম্—অব্যয়ফলত্বাদস্য সম্যগ্ দর্শননিষ্ঠালক্ষণস্য মোক্ষাখ্যং ফলং ব্যেতি (শ)। পরমশ্রেয়ঃসাধনতয়া অব্যয়ং (ক)। অবিচ্ছিন্নসম্প্রদায়ং, তেন অনাদিত্বমপি (নী)। নিত্যং, বেদার্থত্বান্নব্যেতি স্বফলাদিত্যব্যভিচারিফলত্বাচ্চ (ম)। মোক্ষপ্রাপ্তিহেতুকম্ (৩।১৯)।

বিবস্বতে—সূর্য্যায়…সর্ব্বেষাং ক্ষত্রিয়াণাং আদিভূতায় (নী)। উক্তযোগস্য কৃতিত্বশঙ্কানিবৃত্তয়ে বংশকথনপূর্ব্বিকাং স্তুতিং ভগবানুক্তবান্ (আ)। কেবলং যুদ্ধ-প্রোৎসাহনায় ইদানীমুদিত ইতি ন মন্তব্যম্ (রা)।

(২)

অন্বয়। এবং পরম্পরাপ্রাপ্তং ইমং (যোগং) রাজর্ষয়ঃ বিদুঃ। (হে) পরন্তপ! সঃ যোগঃ ইহ মহতা কালেন নষ্টঃ (অভূৎ)।

অনুবাদ। এইরূপে পরম্পরাগত ইহা রাজর্ষিগণ জানিতেন। (হে) শত্রু-মর্দ্দনকারি! সেই যোগ ইহলোকে দীর্ঘকালক্রমে নষ্ট হইয়া গিয়াছে।

টীকা। যথোক্তে যোগে পরম্পরাগতে বিশিষ্টজনসম্মতিমুদাহরতি এবমিতি (আ)।

এবং পরম্পরাপ্রাপ্তং—ক্ষত্রিয়পরম্পরাপ্রাপ্তম্ (শ)। উক্তপ্রকারেণ শিষ্যপরম্পরাপ্রাপ্তম্ (ক)।

রাজর্ষয়ঃ…রাজানশ্চ তে ঋষয়শ্চ (শ)। নিমিপ্রমুখাঃ (শ্রী)। জনকাজাত-শত্রুকৈকেয়প্রভৃতয়ঃ (নী)।

মহতা—দীর্ঘেণ ধর্ম্মহ্রাসকরেণ (ম)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স এবায়ং ময়া তেঽদ্য যোগঃ প্রোক্তঃ পুরাতনঃ।
ভক্তোঽসি মে সখা চেতি রহস্যং হ্যেতদুত্তমম্ ॥ ৩

অর্জ্জুন উবাচ।
অপরং ভবতো জন্ম পরং জন্ম বিবস্বতঃ।
কথমেতদ্ বিজানীয়াং ত্বমাদৌ প্রোক্তবানিতি ॥ ৪

(৩)

অন্বয়। ত্বং মে ভক্তঃ সখা চ অসি ইতি (হেতোঃ) সঃ এব অয়ং পুরাতনঃ যোগঃ অদ্য ময়া তে প্রোক্তঃ, হি এতৎ উত্তমং রহস্যম্।

অনুবাদ। তুমি আমার ভক্ত এবং সখা হইতেছ এই (কারণে) সেই একই পুরাতন যোগ বিষয়ে অদ্য আমি তোমাকে বলিলাম যেহেতু ইহা উত্তম (শ্রেষ্ঠ) গূঢ় তত্ত্ব।

টীকা। রহস্যম্—গুপ্তপ্রকাশং (হ)। গুহ্যং (৯।১)। অনধিকারিণো গোপনীয়ম্ (ক)। অভক্তাদিভ্যো ন দেয়ম্। (১৮।৬৭—৬৮)।

উত্তমম্—নিরুপমম্ (হ)। পরমম্ (১৮।৬৮)।

উত্তমং রহস্যম্—জ্ঞানমিত্যর্থঃ (শ)। অতি গোপ্যম্ (ম)। রাজগুহ্যম্ (৯।২)। পরমং গুহ্যম্ (১৮।৬৮)।

(৪)

অর্জ্জুন উবাচ,

অন্বয়। ভবতঃ জন্ম অপরং (তু) বিবস্বতঃ জন্ম পরং, ত্বম্ আদৌ (বিবস্বতে) প্রোক্তবান্ ইতি এতৎ কথং বিজানীয়াম্।

অর্জ্জুন কহিলেন,

অনুবাদ। আপনার জন্ম অল্পকালীন (কিন্তু) সূর্য্যের জন্ম বহু পূর্ব্বে হইয়াছে আপনি প্রথমে (সূর্য্যকে) বলিয়াছিলেন ইহা কিরূপে জানিব ?

টীকা। অপরং—অর্ব্বাচীনম্ (শ্রী)। অল্পকালীনম্ (ম)।

পরং—প্রাক্‌কালীনম্ (শ্রী)। বহুকালীনম্ (ম)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীভগবানুবাচ।

বহূনি মে ব্যতীতানি জন্মানি তব চার্জ্জুন!
তান্যহং বেদ সর্ব্বাণি ন ত্বং বেত্থ পরন্তপ!॥ ৫
অজোঽপি সন্নব্যয়াত্মা ভূতানামীশ্বরোঽপি সন্।
প্রকৃতিং স্বামধিষ্ঠায় সম্ভবাম্যাত্মমায়য়া॥ ৬

(৫)

অন্বয়। [হে] পরন্তপ অর্জ্জুন! মে বহূনি জন্মানি ব্যতীতানি, তব চ, অহং তানি সর্ব্বাণি বেদ, ত্বং (তু) ন বেত্থ।

অনুবাদ। [হে] অরিন্দম অর্জ্জুন! আমার অনেক জন্ম অতীত হইয়াছে তোমারও, আমি সেই সমস্ত জানি, তুমি (কিন্তু) জান না।

টীকা। যা বাসুদেবেঽনীশ্বরাসর্ব্বজ্ঞাশঙ্কা মূর্খাণাং তাং পরিহরন্ শ্রীভগবানুবাচ (শ)।

মে জন্মানি—অবতারাঃ (বভ)।

অহং বেদ—নিত্যশুদ্ধবুদ্ধমুক্তসত্যস্বভাবাদনাবরণজ্ঞানশক্তিরিতি (শ)।

ত্বং ন বেত্থ—অবিদ্যাবৃতত্বাৎ (শ্রী)। (৭।২৭ শ্লোক দ্রষ্টব্য)।

(৬)

অন্বয়। অজঃ অপি সন্ অব্যয়াত্মা (অপি সন্) ভূতানামীশ্বরঃ অপি সন্ (অহং) স্বাং প্রকৃতিং অধিষ্ঠায় আত্মমায়য়া সম্ভবামি।

অনুবাদ। জন্ম রহিত হইয়াও, অনশ্বর স্বভাব (অচ্যুত বা অক্ষয় স্বরূপ হইয়াও) সর্ব্বভূতের ঈশ্বর হইয়াও (আমি) স্বকীয় প্রকৃতিতে অধিষ্ঠিত হইয়া নিজমায়াপ্রভাবে আবির্ভূত হই।

টীকা। আত্মনোঽবতারপ্রকারং দেহযাথাত্ম্যং জন্মহেতুঞ্চাহ (রা)।

অজঃ—ইতরপুরুষসাধারণং জন্মাকুর্ব্বন্ (রা)। "জীববৎ কর্ম্মনিমিত্তজন্মরহিতঃ" (ক)।

অব্যয়াত্মা—অক্ষীণজ্ঞানশক্তিস্বভাবঃ (শ)। অনশ্বরস্বভাবঃ (শ্রী)। অক্ষরঃ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকৃতিং স্বাং—মম মায়াং বৈষ্ণবীং ত্রিগুণাত্মিকাম্ (শ)। প্রকৃতিঃ স্বভাবঃ স্বমেবস্বভাবং (রা)। শুদ্ধসত্ত্বাত্মিকাং (শ্রী)। 'স্বং স্বভাবং'। 'কেচিত্তু' প্রকৃতিং স্বাম্' 'মম বৈষ্ণবীং ত্রিগুণাত্মিকাং' ব্যাখ্যায়ন্তে, ভগবদ্বিগ্রহস্য ত্রিগুণমায়িকত্বাঙ্গীকারে ভৌতিকত্বং মিথ্যাত্বং চাপ্যঙ্গীকৃতং স্যাৎ' (ক)। অসাধারণ স্বরূপং বা সচ্চিদানন্দমাত্রং নিত্যসিদ্ধজ্ঞানক্রিয়াশক্ত্যাশ্রয়ং ষড়্‌গুণাশ্রয়ং (ব)।

অধিষ্ঠায়—বশীকৃত্য (শ)। স্বীকৃত্য (শ্রী)। অপরিত্যজ্য (ক)। অবলম্ব্য (ব)।

"The action implied in the word 'adhishthaya' (as distinguished from 'abashtabbya' in IX.8) "is a dwelling in but also a standing upon and over the Nature, a conscious control and government by the indwelling Godhead 'adhistatridevata' in which the Purusha is not helplssly driven by the Prakriti through ignorance, but rather the Prakriti is full of the light and the will of the 'Purusha.'"*

সম্ভবামি—অবতরামি (শ্রী)। আবির্ভবামি (ব)।

আত্মমায়য়া—ন পরমার্থতঃ (শ)। আত্মীয়েন জ্ঞানেন, আত্মসঙ্কল্পেন, জ্ঞানপর্য্যায়োঽত্রমায়াশব্দঃ (রা)। স্বেচ্ছয়া (শ্রী)।'মীয়তে কার্য্যমনয়েতি মায়া জ্ঞানং সঙ্কল্পো বা', 'আত্মসঙ্কল্পেন' (ক)। ভজজ্জীবানুকম্পয়া হেতুনা তদুদ্ধারায়েত্যর্থঃ 'মায়াদম্ভে কৃপায়াঞ্চ' ইতি বিশ্বঃ (ব)।

"Maya is the means of the creation or manifestation, but in the divine birth it is by self-Maya, not the involution in the lower Maya of the ignorance, but the conscious action of the self-existent Godhead in its phenomenal self-representation, well aware of its operation and its purpose—that which the Gita calis elsewhere 'Yogamaya' "†

* Essays on the Gita, (First Series), by Shri Aurobindo Ghose, p. 226.
† Essays on the Gita, (First Series), by Shri Aurobindo Ghose, p. 226.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যদা যদা হি ধর্ম্মস্য গ্লানির্ভবতি ভারত।
অভ্যুত্থানমধর্ম্মস্য তদাত্মানং সৃজাম্যহম্ ॥ ৭
পরিত্রাণায় সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাম্।
ধর্ম্মসংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে ॥ ৮

(৭)

অন্বয়। [হে] ভারত! যদা যদা হি ধর্ম্মস্য গ্লানিঃ অধর্ম্মস্য অভ্যুত্থানং ভবতি তদা অহম্ আত্মানম্ সৃজামি।

অনুবাদ। [হে] ভারত! যে যে সময়ে ধর্ম্মের গ্লানি, অধর্ম্মের অভ্যুদয় ঘটে, তখন আমি আপনাকে সৃজন করি।

টীকা। জন্মকালমাহ যদা যদা হীতি (রা)। সচ্চিদানন্দস্য কদা, কিমর্থং বা দেহিবদ্ব্যবহারঃ? (ম)।

ধর্ম্মস্য গ্লানিঃ—হানির্বর্ণাশ্রমাদিলক্ষণস্য প্রাণিনামভ্যুদয়নিঃশ্রেয়সসাধনস্য (ধর্ম্মস্য) অভাবঃ (শ)। ন চাত্র ধর্ম্মশব্দেন বেদোদিতবর্ণাশ্রমনিবন্ধনঃ সামান্যধর্ম্মো বিবক্ষিতঃ........কিন্তু ভগবদ্ভক্তিবিরোধ্যসুররাজন্যবাহুল্যেন ভাগবতধর্ম্মস্যোচ্ছিন্নপ্রায় এবাবতারঃ (ক)।

আত্মানং সৃজাম্যহং—দেহং সৃজামি নিত্যসিদ্ধমেবং সৃষ্টমিব, দর্শয়ামি মায়য়া (ম)। প্রকটয়ামি (ব)।

"In the divine birth, that which is loosed forth self-created, is the self-conscious, self-existent being atmanam"*

(৮)

অন্বয়। সাধূনাং পরিত্রাণায়, দুষ্কৃতাং বিনাশায় ধর্ম্মসংস্থাপনার্থায় চ যুগে যুগে (অহং) সম্ভবামি।

অনুবাদ। সাধুগণের পরিত্রাণের জন্য পাপীগণের বিনাশের জন্য এবং ধর্ম্মসংস্থাপনের উদ্দেশ্যে (আমি) প্রতি যুগে আবির্ভূত হই।

টীকা। পুনঃ জন্মনঃ প্রয়োজনমাহ (রা)।

সাধূনাং—সন্মার্গস্থানাম্ (শ)। দুষ্কৃতাং—পাপকারিণাম্ (শ)।

* Essays on the Gita (First Series) by Shri Aurovindo Ghose, p. 226

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জন্ম কর্ম্ম চ মে দিব্যমেবং যো বেত্তি তত্ত্বতঃ।
ত্যক্ত্বা দেহং পুনর্জন্ম নৈতি মামেতি সোঽর্জ্জুন!॥ ৯

(৮ শ্লোকের টীকা)

ধর্ম্মসংস্থাপনার্থায়—ক্ষীণস্য বৈদিকস্য ধর্ম্মস্য মদারাধনরূপস্যারাধ্যস্বরূপ-প্রদর্শনেন স্থাপনায় (রা)। ধর্ম্মং স্থিরীকর্তুং (শ্রী)। শুদ্ধভক্তিযোগস্য বৈদিক-স্যাপি মদিতরৈঃ প্রচারয়িতুমশক্যস্য সংস্থাপনায় সম্প্রচারায়েত্যেতৎ (ব)।

"To give a 'dharma', a religion—not a mere creed but a method of inner and outer living—a way, a rule and law of self-moulding by which (man) can grow towards divinity". "To uphold or restore the great dharma of the Godward law in man's nature, to prepare even, however far off, the kingdom of God"*

(৯)

অন্বয়। [হে] অর্জ্জুন! মে এবং দিব্যং জন্ম কর্ম্ম চ যঃ তত্ত্বতঃ বেত্তি স দেহং ত্যক্ত্বা পুনঃ জন্ম ন এতি (কিন্তু) মাম্ এতি।

অনুবাদ। [হে] অর্জ্জুন! আমার এইরূপ অলৌকিক জন্ম কর্ম্ম যিনি তত্ত্বতঃ জানেন, তিনি দেহত্যাগ করিয়া আবার জন্মলাভ করেন না (পরন্তু) আমাকে প্রাপ্ত হন।

টীকা। এতেন ভগবতো জন্মানি কর্ম্মাণি চ ভগবৎপ্রাপ্তিকামেন জ্ঞেয়ানীতি দর্শিতম্ (নী)।

দিব্যং—অপ্রাকৃতমৈশ্বরম্ (শ)। অলৌকিকম্ (শ্রী)। 'লোকানাং প্রকৃতি-সৃষ্টত্বাৎ অলৌকিকশব্দস্যাপ্রাকৃতত্বমেবার্থঃ' 'অতএবাপ্রাকৃতত্বেন গুণাতীতত্বাদ্ ভগবজ্জন্মকর্ম্মণো নিত্যত্বম্' (বি)।

জন্মকর্ম্ম দিব্যং—ন মমায়ং সংভবঃ প্রাকৃতস্যেব, কর্ম্ম বা মায়িকং কিন্তু (জন্ম) নিত্যাপরিচ্ছিন্নতনৌপ্রাকট্যং, (কর্ম্ম) ঐচ্ছিকং (বভ)।

"That the divine birth is that of the conscious God-head

*Essays on the Gita, (First Series) by Shri Aurobindo Ghose, p. 231

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বীতরাগভয়ক্রোধা মন্ময়া মামুপাশ্রিতাঃ।
বহবো জ্ঞানতপসা পূতা মদ্ভাবমাগতাঃ ॥ ১০

(৯ শ্লোকের টীকা)

in our humanity" "not a physical phenomenon but a soul birth". "It is the Soul's coming into birth as the self-existent Being controlling consciously its becoming and not lost to self-knowledge in the cloud of the ignorance. It is the soul born into the body as Lord of Nature, standing above and operating in her freely by its will not entangled and helplessly driven round and round in the mechanism; for it works in the knowledge and not, as most do, in the ignorance" "throngh a phenomenal subjection to Nature.*"

তত্ত্বতঃ—তত্ত্বেন যথাবৎ (শ)। 'তত্ত্বত' ইতি বিশেষণাচ্চ সর্ব্বজ্ঞানমাপভতি (মা)।

সঃ মামেতি—মাং ভগবন্তং........এতি, আত্মনোঽপি তত্ত্বস্ফুরণাৎ সংসারান্মুচ্যতে ইত্যর্থঃ (ম)। এতেন ভগবতো জন্মানি কর্ম্মাণি চ ভগবৎপ্রাপ্তিকামেন জ্ঞেয়ানীতি দর্শিতম্ (নী)।

"There are two aspects of the divine birth, one is a descent, the birth of God in humanity, the Godhead manifesting itself in the human form and nature, the eternal Avatar, the other is an aseent, the birth of man into the Godhead, man rising into the divine nature and consciousness. The Avatar comes" "in order that human nature may" "transfigure itself into the divine".†

(১০)

অন্বয়। বীতরাগভয়ক্রোধাঃ মন্ময়া মাম্ (এব) উপাশ্রিতাঃ জ্ঞানতপসা পূতাঃ বহবঃ মদ্ভাবম্ আগতাঃ।

অনুবাদ। আসক্তি ভয় ও ক্রোধশূন্য আমাময় আমারই শরণাগত জ্ঞানতপঃপূত অনেকে আমার ভাব প্রাপ্ত হইয়াছেন।

---

* Essays on the Gita (First Series) by Shri Aurobindo Ghose, p. 227.
টীকা। তস্মাৎ—যস্মাৎ কর্ম্মযোগানুষ্ঠানাৎ অশুদ্ধিক্ষয়হেতুকজ্ঞানসংছিন্নসংশয়ো ন নিবধ্যতে কর্ম্মভির্জ্ঞানাগ্নিদগ্ধকর্ম্মত্বাদেব, ধর্ম্মাচ্চ জ্ঞানকর্ম্মানুষ্ঠানবিষয়ে সংশয়বান্ বিনশ্যতি তস্মাৎ (শ)। যস্মাৎ সর্ব্বানর্থহেতুঃ সংশয়ঃ তস্মাৎ (নী)।

যোগম্—সম্যক্দর্শনোপায়ংকর্ম্মানুষ্ঠানম্ (শ)। নিষ্কামকর্ম্মযোগম্ (বি)।

আতিষ্ঠ—আশ্রয় (শ্রী)।

উত্তিষ্ঠ—যুদ্ধায় চ স্বকর্ম্মণি উদ্যুক্তোভব (বভ)।

"গীতার এই দুই (৪০, ৪১) শ্লোকে জ্ঞান ও (কর্ম্ম) যোগের পৃথক উপযোগ দেখাইয়া উহাদের অর্থাৎ জ্ঞান ও যোগের সমুচ্চয়েই কর্ম্ম করিবার বিষয়ে অর্জ্জুনকে উপদেশ দেওয়া হইয়াছে। এই দুইয়ের পৃথক্ পৃথক্ উপযোগ এই যে নিষ্কামবুদ্ধির দ্বারা কর্ম্ম করিলে পর উহাদের বন্ধন টুটিয়া যায়, এবং উহা মোক্ষের প্রতিবন্ধক হয় না এবং জ্ঞানের দ্বারা মনের সন্দেহ দূর হইয়া মোক্ষলাভ হয় অতএব শেষ উপদেশ এই যে, জ্ঞান-কর্ম্মসমুচ্চয়াত্মক কর্ম্মযোগের আশ্রয় করিয়া যুদ্ধ কর।"... জ্ঞান ও যোগের এই মিলনই "জ্ঞানযোগব্যবস্থিতঃ" পদের দ্বারা দৈবী সম্পত্তির লক্ষণে (১৬।১) আবার বলা হইয়াছে।"*

* বালগঙ্গাধর তিলক প্রণীত "গীতা রহস্য" (জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর কৃত বঙ্গানুবাদ) ৬২৮-৯৯ পৃষ্ঠা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চতুর্থ অধ্যায়।

(জ্ঞানযোগ)

পরিশিষ্ট

গীতার বর্ত্তমান অধ্যায়টিকে কেহ (১) 'ব্রহ্মার্পণযোগ', কেহ (২) 'জ্ঞান-কর্ম্মসন্ন্যাসযোগ,' কেহ বা (৩) 'জ্ঞানযোগ' নামে অভিহিত করিয়াছেন। কিন্তু বর্ত্তমান অধ্যায়ের উপদেশাবলী আলোচনা করিলে দেখা যায় এই অধ্যায়ের প্রথমাংশের সহিত পূর্ব্বগামী কর্ম্মযোগাধ্যায় যেমন শৃঙ্খলিত, ইহার শেষাংশ তেমনই আগামী 'সন্নাসযোগা'ধ্যায়ের প্রস্তুতি। শ্রীভগবান্ 'ইমং বিবস্বতে যোগং প্রোক্তবানহমব্যয়ম্' বলিয়া এই অধ্যায়ের মুখবন্ধ করায় বিগত অধ্যায়ে প্রদত্ত কর্ম্মযোগের উপদেশ ধারার যে এখানে অনুবর্ত্তন করা হইতেছে তাহা সুস্পষ্ট। 'ইমং যোগং' শব্দদ্বয়ের 'জ্ঞানযোগং' অর্থ করিয়া তাহার ক্রমভঙ্গ করিবার উপায় নাই। প্রারম্ভেই এই যোগোপদেশের প্রাচীনত্ব বিষয়ে উল্লেখ করিয়া কর্ম্মযোগকে গৌরবদান করিবার অভিপ্রায়ে শ্রীভগবান্ অর্জ্জুনকে ইহা জানাইয়া দিলেন যে তিনিই এই সাধনমার্গের প্রথম উপদেষ্টা বা প্রবর্ত্তক, সূর্য্য এ বিষয়ে তাঁহার নিকট প্রথম উপদেশ প্রাপ্ত হন এবং সূর্য্য স্বপুত্র মনুকে, মনু স্বপুত্র ইক্ষ্বাকুকে প্রদত্ত উপদেশ অনুসারে সূর্য্যবংশের রাজর্ষিগণ পরম্পরাক্রমে প্রাপ্ত উপদেশের অনুসরণ করিয়া এই সাধনপন্থার সিদ্ধিলাভ করিয়া গিয়াছেন; তাহার পরে মহাকালপ্রভাবে যখনই ইহা বিনষ্ট হইয়া অধর্ম্মের অভ্যুত্থান ঘটিয়াছে তখনই শ্রীভগবান্ আত্মমায়া অবলম্বনে অবতীর্ণ হইয়া বা 'দিব্য' জন্মগ্রহণ করিয়া দুষ্কৃতকারিগণের বিনাশ পূর্ব্বক ধর্ম্মের গ্লানি দূর এবং সাধুগণের পরিত্রাণ সাধনপূর্ব্বক ধর্ম্ম-সংস্থাপন করিয়াছেন (৮)। সকলেই যে ভগবানের 'দিব্য' কর্ম্মের আদর্শে নিষ্কাম কর্ম্মযোগের সাধন করে তাহা নহে, যাহারা নিম্নাধিকারী কর্ম্মফললাভের আশায় বিভিন্ন দেবতার পূজা করিয়া থাকে

(১) শ্রীমন্মধুসূদন সরস্বতী, (২) বালগঙ্গাধর তিলক. (৩) আচার্য্য শঙ্কর প্রমুখ জ্ঞান-বাদিগণ এমন কি শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তীও বলেন 'জ্ঞানমত্র প্রশস্যতে'।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাহারা, যে যে-ভাবে ভগবদুপাসনা করুক না কেন, সকলেই আত্মনিবেদন-ফলে ভগবদনুগ্রহ লাভ করে। তাই এই অধ্যায়ের একাদশ শ্লোকে আমরা পাই পরমোদার মহাবাণী—

যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম্।
মম বর্ত্মানুবর্ত্তন্তে মনুষ্যাঃ পার্থ! সর্ব্বশঃ ॥ (১১)

হালের প্রাদেশিক ভাষায় 'যত মত তত পথ'। সেকালের ভারত এই উদার মতাবলম্বী থাকায়, ধর্ম্মতত্ত্ব বা মতবাদ লইয়া যতই কেন বিচার বিতর্ক ও বাদানুবাদ করিয়া থাকুক তাহা কখনও নরমেধ যজ্ঞে পর্য্যবসিত হয় নাই।*

অতঃপর শ্রীভগবান্ মানুষের সমাজজীবনে যে বর্ণবৈচিত্র্য ও কর্ম্মবৈচিত্র্য আছে তাঁহার দৈবীমায়া প্রকৃতির গুণকর্ম্মানুসারে তাহার সৃষ্টি হইলেও, মায়াধীশ তিনি যে 'অব্যয়', অবিকারী, কর্ম্মফলে স্পৃহাশূন্য 'অকর্ত্তা', তাহা জানাইয়া ইহাও জানাইয়া দিয়াছেন যে,

ন মাং কর্ম্মাণি লিম্পন্তি ন মে কর্ম্মফলে স্পৃহা।
ইতি মাং যোঽভিজানাতি কর্ম্মভির্ন স বধ্যতে ॥ ১৪

এবং তাহার অপর দৃষ্টান্ত উল্লেখ করিয়া অর্জ্জুনকে সুস্পষ্ট উপদেশ দিয়াছেন দেখিতে পাই—

এবং জ্ঞাত্বা কৃতং কর্ম্ম পূর্ব্বৈরপি মুমুক্ষুভিঃ।
কুরু কর্ম্মৈব তস্মাত্ত্বং পূর্ব্বৈঃ পূর্ব্বতরং কৃতম্ ॥ ১৫

---

* "It is an extremely significant fact that before the coming of the Mohammedans, there was virtually no persecution in India. The Chinese pilgrim Hiuen Tsiang who visited India in the first half of the seventh century and has left a circumstantial account of the fourteen-year stay in the country makes it clear that Hindus and Buddhists lived side by side without any show of violence. Each party attempted conversion of the other, but the methods used were those of persuation and argume nt not those of force. Neither Hinduism nor Buddhism is disgraced by anything corresponding to the Inquisition ; neither was ever guilty of such iniquities as the Albigension crusade or such criminal lunacies as the religious wars of the sixteenth and seventeenth centuries" (Aldous Huxley : Ends and Means. pp. 245-46)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust, Funding by MoE-IKS

এখানেও কর্ম্মযোগী হইবার উপদেশ, আর কর্ম্মযোগ যে চিরপ্রসিদ্ধ মুক্তির পথ সে উপদেশ, শেষ হয় নাই। পরন্তু দুর্জ্ঞেয় যে কর্ম্মতত্ত্ব মেধাবী ব্যক্তিগণও যাহা অবগত নহেন। কিন্তু যাহা জানিলে সংসার ত্যাগ না করিয়াও সংসার বন্ধন হইতে মুক্তিলাভ করা যায়, তাহা বুঝাইতে অগ্রসর হইয়া বলিতেছেন—

কর্ম্মণোহ্যপি বোদ্ধব্যম্ বোদ্ধব্যঞ্চ বিকর্ম্মণঃ।
অকর্ম্মণশ্চ বোদ্ধব্যং গহনা কর্ম্মণো গতিঃ। ১৭
কর্ম্মণ্যকর্ম্ম যঃ পশ্যেদকর্ম্মণি চ কর্ম্ম যঃ।
স বুদ্ধিমান্ মনুষ্যেষু স যুক্তঃ কৃৎস্নকর্ম্মকৃৎ ॥ ১৮

কর্ম্মের অর্থাৎ শাস্ত্রবিহিত কর্ম্মের তত্ত্ব কি বিকর্ম্মের অর্থাৎ প্রতিবিদ্ধ কর্ম্মের তত্ত্ব কি, অকর্ম্মেরই বা তত্ত্ব কি তাহা বুঝিতে হইবে, কারণ কর্ম্মের তত্ত্ব দুর্জ্ঞেয়। কর্ম্মের তত্ত্ব যে দুর্জ্ঞেয় সে বিষয়ে সন্দেহ থাকিতে পারেনা। গীতা দ্বিতীয় অধ্যায়ে 'যোগঃ কর্ম্মসু কৌশলং' বলার পরে অধ্যায়ের পর অধ্যায়ে তাহার ব্যাখ্যা করিতে করিতে চলিয়াছেন। বাস্তবিক কর্ম্ম, বিকর্ম্ম, অকর্ম্মের, শব্দগত অর্থ টীকাভাষ্যকারগণ যেরূপ নানাভাবে করিয়াছেন তাহাতে উল্লিখিত কর্ম্ম ত্রিতয়ের শব্দার্থ সম্বন্ধেও নিঃসংশয় হওয়া কঠিন। কাজেই এবিষয়ে গীতার বাণীর শরণ লওয়া ব্যতীত গত্যন্তর দেখা যায় না। গীতার মতে—

"জ্ঞানং জ্ঞেয়ং পরিজ্ঞাতা ত্রিবিধা কর্ম্মচোদনা।
করণং কর্ম্ম কর্ত্তেতি ত্রিবিধঃ কর্ম্মসংগ্রহঃ॥ (১৮।১৮)"

প্রকৃতি পর্য্যায়ে বা গুণাধিকারে এই কর্ম্ম সাত্ত্বিক, রাজসিক, তামসিক ত্রিবিধ হইয়া থাকে (১৮।২৩,২৪,২৫)। অতএব যতদিন প্রকৃতিপরবশতা আছে ততদিন অধোগমন নিবারণ করিতে হইলে নিয়মানুবর্ত্তিতা প্রয়োজন—

তস্মাচ্ছাস্ত্রং প্রমাণং তে কার্য্যাকার্য্যব্যবস্থিতৌ।
জ্ঞাত্বা শাস্ত্রবিধানোক্তং কর্ম্ম কর্ত্তুমিহার্হসি॥ (১৬।২৪)

শাস্ত্রবিধান external code বা objective standard, অনুসারে কর্ত্তব্য অকর্ত্তব্য নিরূপণ করিয়া এ জগতে কাজকরিয়া যাওয়া উচিত। ইহা স্বীকার করিলে 'কর্ম্ম' অর্থে শাস্ত্রবিহিত কর্ম্ম, 'বিকর্ম্ম' অর্থে শাস্ত্র বিগর্হিত বা প্রতিষিদ্ধ কর্ম্ম বুঝিতে হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আচার্য্য শঙ্কর প্রমুখ জ্ঞানবাদিগণ কর্ম্ম ও বিকর্ম্মের এতদুভয় অর্থই গ্রহণ করিয়াছেন। কিন্তু 'অকর্ম্মে'র অর্থ কি? শ্রীমচ্ছঙ্করাচার্য্য প্রমুখ অনেকেই 'অকর্ম্মণঃ' 'তুষ্ণীম্ভাবস্থ', রামানুজাচার্য্য 'অকর্ম্ম তস্মিন্ কর্ম্মণি জ্ঞানে চ' এবং বল্লভাচার্য্য সম্প্রদায় 'নিষিদ্ধকর্ম্মণঃ' ইত্যাদি অর্থ করিয়াছেন। 'অকর্ম্ম' যদি কর্ম্মহীনতাই হয় তাহা হইলে কর্ম্মপদবাচ্য, বা অকর্ম্মে কর্ম্ম দৃষ্টির কথা উত্থাপিত, হইতে পারে কিরূপে? আর—

যস্য সর্ব্বে সমারম্ভাঃ কামসংকল্পবর্জ্জিতাঃ।
জ্ঞানাগ্নিদগ্ধকর্ম্মাণং তমাহুঃ পণ্ডিতং বুধাঃ॥ ১৯

এই উপদেশের মধ্যেও অন্তর্বিরোধ দাঁড়াইয়া যায়। 'সর্ব্ব সমারম্ভ' কামসঙ্কল্প-বর্জ্জিত হইলে তাহা কর্ম্মের প্রকার ভেদ ব্যতীত 'তুষ্ণীম্ভাব' বা কর্ম্মহীনতা হইতে পারে কিরূপে? তৃতীয় অধ্যায়ের মুখবন্ধে আমরা এমনও শুনিয়াছি—

ন কর্ম্মণামনারম্ভান্নৈষ্কর্ম্ম্যং পুরুষোঽশ্নুতে।
ন চ সংন্যসনাদেব সিদ্ধিং সমধিগচ্ছতি॥ (৩।৪)

যদি কর্ম্মে প্রবৃত্ত না হইলে 'নৈষ্কর্ম্ম্য' লাভ করা সম্ভব না হয় তাহা হইলে "সমারম্ভ" "কাম-সঙ্কল্প-বর্জ্জিত" হইলেই তাহা গীতার মতে তুষ্ণীম্ভাব বা কর্ম্মহীনতা হইতে পারে না। প্রত্যুত গীতা 'নৈষ্কর্ম্ম্য' পদ ব্যবহার করিয়া যাহা বুঝাইতে চাহিয়াছেন এখানে 'অকর্ম্ম' বলিতে তাহাই বুঝিতে হয় অর্থাৎ অফল-প্রসূ অবন্ধক কর্ম্ম যাহা 'কৃত্বাপি ন নিবধ্যতে'। বল্লভাচার্য্য সম্প্রদায় তাহাই বুঝিয়াছেন যথা :—

"এবম্ভূতঃ" (অর্থাৎ কামসঙ্কল্পবর্জ্জিতঃ) "সকর্ম্মাপ্যকর্ম্মৈব যতো ব্রহ্ম-জ্ঞানেনাগ্নিনা দগ্ধকর্ম্মা কর্ম্মবীজবন্ধনশূন্য ইত্যকর্ম্মোচ্যতে অধেনুগোবৎ তং, পণ্ডা বিবেকবতীবুদ্ধিঃ সংজাতা যস্য তথাবিধমাহুর্বুধাঃ"।

অব্যবহিত পরবর্ত্তী শ্লোক চতুষ্টয়ের উপদেশেই তাহা সুস্পষ্ট হইয়া উঠিয়াছে—

ত্যক্ত্বা কর্ম্মফলাসঙ্গং নিত্যতৃপ্তো নিরাশ্রয়ঃ।
কর্ম্মণ্যভিপ্রবৃত্তোঽপি নৈব কিঞ্চিৎকরোতি সঃ॥ ২০
নিরাশীর্যতচিত্তাত্মা ত্যক্তসর্ব্বপরিগ্রহঃ।
শারীরং কেবলং কর্ম্ম কুর্ব্বন্নাপ্নোতি কিল্বিষম্॥ ২১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust, Funding by MoE-IKS

যদৃচ্ছালাভসন্তুষ্টো দ্বন্দ্বাতীতো বিমৎসরঃ।
সমঃ সিদ্ধাবসিদ্ধৌ চ কৃত্বাঽপি ন নিবধ্যতে ॥ ২২
গতসঙ্গস্য মুক্তস্য জ্ঞানাবস্থিতচেতসঃ।
যজ্ঞায়াচরতঃ কর্ম্ম সমগ্রং প্রবিলীয়তে ॥ ২৩

বল্লভাচার্য্য সম্প্রদায়ের তত্ত্বদীপিকায় এই শ্লোক চতুষ্টয়েরও নিম্নোদ্ধৃত ব্যাখ্যা করা হইয়াছে—

"ক্রিয়ানির্বর্ত্ত্যে "কর্ম্মণি"-যজ্ঞাদৌ "ফলং" স্বর্গাদি প্রাকৃতং তত্র "সঙ্গং" প্রাকৃতং স্বস্য কর্ত্তৃত্বাভিনিবেশনং চ ত্যক্ত্বা" অর্থাৎ অপ্রাকৃতং বস্তু যথাভূততয়া সর্ব্বং বিভাব্য "কর্ম্মণি প্রবৃত্তোঽপি নৈব কিঞ্চিৎ করোতি" অকর্ম্মৈব স যথাব্রহ্মাকর্ম্মোক্তং। তথৈব নিত্যানন্দেন তৃপ্তঃ প্রাকৃতাশ্রয়রহিতশ্চ তত্ত্বদস্তনি ব্রহ্মভাবনাদিতি বক্ষ্যতি।" ২০ ॥

নিরাশীরিতি "স্বর্গাদ্যাশিঃপরাঙ্মুখঃ, যোগেন যতং চিত্তং আত্মা দেহশ্চ যস্য সঃ, ত্যক্তঃ সর্ব্বপরিগ্রহো লোকভাবো যেন সঃ কেবলং শরীরনির্ব্বর্ত্ত্যং কর্ম্ম কুর্ব্বন্ন চাত্মাহংকারকৃতং কুর্ব্বন্ ভবতি, স চৈবমনহংকারাদিনা কেবলশরীরমাত্রেণ কুর্ব্বন্ কিল্বিষং শুভেতরোত্থং প্রত্যবায়সংজ্ঞং পাপং নাপ্নোতি ইত্যকর্ম্মত্বং কর্ত্তৃত্বাভিনিবেশাভাবাৎ ব্রহ্মভাবনাচ্চ" (২১)। অপিচ "সিদ্ধাবসিদ্ধৌ চ সম ইতি পূর্ব্বোক্তসাংখ্যযোগার্থঃ প্রদর্শিতঃ। ন নিবধ্যতে ইতি অকর্ম্মত্বং সূচিতম্ (২২)। তথাচাসৌঽকর্ম্মা যোগী সর্ব্বতো মুক্তোঽখণ্ডব্রহ্মযাথাত্ম্য-জ্ঞানেনাবস্থিতচেতাঃ যজ্ঞায় ব্রহ্মণে ব্রহ্মকর্ম্মাচরন্ ভবতি, তৎসর্ব্বং কর্ম্ম-প্রবিলীয়তে অকর্ম্মভাবমাপদ্যতে (২৩)।"

তত্ত্বদীপিকার ব্যাখ্যা ব্যতিরেকেও কেবলমাত্র শ্লোকগুলির শব্দার্থ এই নহে কি? যে—যিনি ফলাসক্তিমুক্ত, আনন্দে সুপ্রতিষ্ঠিত, নিরহঙ্কার, নিরভিমান তিনি কর্ম্ম করিলেও তাহা কর্ম্মপদবাচ্য নহে? যিনি আশাশূন্য সংযতচিত্ত সমস্ত ভোগ সাধনবর্জ্জিত তিনি কেবলমাত্র শরীর রক্ষার্থ কর্ম্ম করিলেও কোন কর্ম্ম করেন না? যিনি অযাচিত প্রাপ্তিতেই সন্তুষ্ট দ্বন্দ্বরহিত, বৈরিতাশূন্য, সিদ্ধি-অসিদ্ধিতে সমভাবাপন্ন তিনি কর্ম্ম করিয়াও ফলবন্ধনমুক্ত থাকেন? আর সমস্ত আসক্তি-শূন্য প্রকৃতিপরবশতামুক্ত তত্ত্বজ্ঞানী যজ্ঞার্থ (ত্যাগাত্মক বা বিষ্ণুপ্রীত্যর্থ) কর্ম্ম করিলে তাঁহার সমস্ত কর্ম্ম বিলয়প্রাপ্ত বা নির্ব্বীজ হয়? ইহা সুস্পষ্ট যে এই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্লোকচতুষ্টয়ে কর্ম্মহীনতার বা তুষ্ণীম্ভাবের প্রসঙ্গই নাই বরং কাহার কৃতকর্ম্ম সাধারণ প্রাকৃতজনের কর্ম্ম নহে অর্থাৎ ফলবন্ধন সৃষ্টি করে না, অতএব 'অকর্ম্ম', তাহাই বারংবার বলা হইয়াছে।

শ্রীমৎশঙ্করাচার্য্য কিন্তু ত্রয়োবিংশ শ্লোকের ভিন্ন অর্থ করেন। তিনি বলেন "সমগ্রং সহাগ্রেণ ফলেন সহ বর্ত্ততে ইতি সমগ্রং কর্ম্ম তৎসমগ্রং প্রবিলীয়তে বিনশ্যতীত্যর্থঃ"। আচার্য্য "মুক্তস্য কর্ম্ম" স্বীকার করেন না। তাঁহার মতে "শ্রুতয়ো ব্রহ্মবিদ্যানন্তরং মোক্ষং দর্শয়ন্ত্যো মধ্যে তৎকর্ত্তৃকং কার্য্যান্তরং বারয়ন্তি"। গীতা কিন্তু ভাগবত কর্ম্ম, এবং জীবন্মুক্তের কর্ম্ম স্বীকার করেন। তৃতীয় অধ্যায়ের ২২ হইতে ২৪ শ্লোকে শ্রীভগবান্ স্বয়ং যে নিস্পৃহ, অতন্দ্রিত, কর্ম্মী তাহার পরিচিয় দিয়া এবং তাঁহার পক্ষেও লোকসংগ্রহার্থ কর্ম্মের আবশ্যকতা বর্ণনা করিয়া 'বিদ্বানের' পক্ষে অনাসক্তভাবে লোকসংগ্রহার্থ কর্ম্মের বিধান করিয়াছেন দেখিয়াছি। অতএব 'বিদ্বান্' শব্দের অর্থ যদি হয় যাঁহার ব্রহ্মবিদ্যালাভ হইয়াছে তাহা হইলে গীতার মতে যিনি ব্রহ্মবিদ্যাসম্পন্ন তাঁহার ও লোকসংগ্রহার্থ কর্ম্ম করণীয় বটে।

সক্তাঃ কর্ম্মণ্যবিদ্বাংসো যথা কুর্ব্বন্তি ভারত !
কুর্য্যাদ্বিদ্বাংস্তথাসক্তশ্চিকীর্ষুর্লোকসংগ্রহম্॥ (৩।২৫)

"ব্রহ্মবিদ্‌ব্রহ্মৈব ভবতি" * বটে, কিন্তু শ্রুতি ইহাও বলেন "তত্র যোনিং কৃন্বসে নহি পূর্ত্তমক্ষিপৎ"। আর গীতাও ইহা বলেন—

এষা ব্রাহ্মী স্থিতিঃ পার্থ নৈনাং প্রাপ্য বিমুহ্যতি।
স্থিত্বাস্যামন্তকালেঽপি ব্রহ্মনির্ব্বাণমৃচ্ছতি॥ (২।৭২)

অতএব ব্রাহ্মীস্থিতিকালে মোহমুক্ত অবস্থায় কর্ম্ম থাকিবে যেহেতু 'ব্রহ্মনির্ব্বাণ' বিদেহমুক্তি ত দেহাবসানে লভ্য তৎপূর্ব্বে নহে।

যাহা হউক 'মুক্তস্য' কর্ম্মের পরিচয় দিয়া গীতা তৃতীয় অধ্যায়ে বলিয়াছিলেন—

যজ্ঞার্থাৎ কর্ম্মণোঽন্যত্র লোকোঽয়ং কর্ম্মবন্ধনঃ।
তদর্থং কর্ম্ম কৌন্তেয় মুক্তসঙ্গঃ সমাচর॥ (৩।৯)

---

* মুণ্ডক ৩২।৯ শ্বেতাশ্বতর ২।৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যদৃচ্ছালাভসন্তুষ্টো দ্বন্দ্বাতীতো বিমৎসরঃ।
সমঃ সিদ্ধাবসিদ্ধৌ চ কৃত্বাঽপি ন নিবধ্যতে ॥ ২২
গতসঙ্গস্য মুক্তস্য জ্ঞানাবস্থিতচেতসঃ।
যজ্ঞায়াচরতঃ কর্ম্ম সমগ্রং প্রবিলীয়তে ॥ ২৩

বল্লভাচার্য্য সম্প্রদায়ের তত্ত্বদীপিকায় এই শ্লোক চতুষ্টয়েরও নিম্নোদ্ধৃত ব্যাখ্যা করা হইয়াছে—

"ক্রিয়ানির্ব্বর্ত্ত্যে "কর্ম্মণি"-যজ্ঞাদৌ "ফলং" স্বর্গাদি প্রাকৃতং তত্রা "সঙ্গং" প্রাকৃতং স্বস্য কর্তৃত্বাভিনিবেশনং চ ত্যক্ত্বা" অর্থাৎ অপ্রাকৃতং বস্তু যথাভূততয়া সর্ব্বং বিভাব্য "কর্ম্মণি প্রবৃত্তোঽপি নৈব কিঞ্চিৎ করোতি" অকর্ম্মৈব স যথাব্রহ্মাকর্ম্মোক্তং। তথৈব নিত্যানন্দেন তৃপ্তঃ প্রাকৃতাশ্রয়রহিতশ্চ তত্তদ্বস্তুনি ব্রহ্মভাবনাদিতি বক্ষ্যতি।" ২০ ॥

নিরাশীরিতি "স্বর্গাদ্যাশিঃপরাঙ্মুখঃ, যোগেন যতং চিত্তং আত্মা দেহশ্চ যস্য সঃ, ত্যক্তঃ সর্ব্বপরিগ্রহো লোকভাবো যেন সঃ কেবলং শরীরনির্ব্বর্ত্ত্যং কর্ম্ম কুর্ব্বন্নপ্যাত্মাহংকারকৃতং কুর্ব্বন্ ভবতি, স চৈবমনহংকারাদিনা কেবলশরীরমাত্রেণ কুর্ব্বন্ কিল্বিষং শুভেতরোত্থং প্রত্যবায়সংজ্ঞং পাপং নাপ্নোতি ইত্যকর্ম্মত্বং কর্তৃত্বাভিনিবেশাভাবাৎ ব্রহ্মভাবনাচ্চ" (২১)। অপিচ "সিদ্ধাবসিদ্ধৌ চ সম ইতি পূর্ব্বোক্তসাংখ্যযোগার্থঃ প্রদর্শিতঃ। ন নিবধ্যতে ইতি অকর্ম্মত্বং সূচিতম্ (২২)। তথাচাসৌঽকর্ম্মা যোগী সর্ব্বতো মুক্তোঽখণ্ডব্রহ্মযাথাত্ম্য-জ্ঞানেনাবস্থিতচেতাঃ যজ্ঞায় ব্রহ্মণে ব্রহ্মকর্ম্মাচরন্ ভবতি, তৎসর্ব্বং কর্ম্ম-প্রবিলীয়তে অকর্ম্মভাবমাপদ্যতে (২৩)।"

তত্ত্বদীপিকার ব্যাখ্যা ব্যতিরেকেও কেবলমাত্র শ্লোকগুলির শব্দার্থ এই নহে কি? যে—যিনি ফলাসক্তিমুক্ত, আনন্দে সুপ্রতিষ্ঠিত, নিরহঙ্কার, নিরভিমান তিনি কর্ম্ম করিলেও তাহা কর্ম্মপদবাচ্য নহে? যিনি আশাশূন্য সংযতচিত্ত সমস্ত ভোগ সাধনবর্জ্জিত তিনি কেবলমাত্র শরীর রক্ষার্থ কর্ম্ম করিলেও কোন কর্ম্ম করেন না? যিনি অযাচিত প্রাপ্তিতেই সন্তুষ্ট দ্বন্দ্বরহিত, বৈরিতাশূন্য, সিদ্ধি-অসিদ্ধিতে সমভাবাপন্ন তিনি কর্ম্ম করিয়াও ফলবন্ধনমুক্ত থাকেন? আর সমস্ত আসক্তি-শূন্য প্রকৃতিপরবশতামুক্ত তত্ত্বজ্ঞানী যজ্ঞার্থ (ত্যাগাত্মক বা বিষ্ণুপ্রীত্যর্থ) কর্ম্ম করিলে তাঁহার সমস্ত কর্ম্ম বিলয়প্রাপ্ত বা নির্ব্বীজ হয়? ইহা সুস্পষ্ট যে এই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্লোকচতুষ্টয়ে কর্ম্মহীনতার বা তুষ্ণীম্ভাবের প্রসঙ্গই নাই বরং কাঁহার কৃতকর্ম্ম সাধারণ প্রাকৃতজনের কর্ম্ম নহে অর্থাৎ ফলবন্ধন সৃষ্টি করে না, অতএব 'অকর্ম্ম', তাহাই বারংবার বলা হইয়াছে।

শ্রীমৎশঙ্করাচার্য্য কিন্তু ত্রয়োবিংশ শ্লোকের ভিন্ন অর্থ করেন। তিনি বলেন "সমগ্রং সহাগ্রেণ ফলেন সহ বর্ত্ততে ইতি সমগ্রং কর্ম্ম তৎসমগ্রং প্রবিলীয়তে বিনশ্যতীত্যর্থঃ"। আচার্য্য "মুক্তস্য কর্ম্ম" স্বীকার করেন না। তাঁহার মতে "শ্রুতয়ো ব্রহ্মবিদ্যানন্তরং মোক্ষং দর্শয়ন্ত্যো মধ্যে তৎকর্ত্তৃকং কার্য্যান্তরং বারয়ন্তি"। গীতা কিন্তু ভাগবত কর্ম্ম, এবং জীবন্মুক্তের কর্ম্ম স্বীকার করেন। তৃতীয় অধ্যায়ের ২২ হইতে ২৪ শ্লোকে শ্রীভগবান্ স্বয়ং যে নিস্পৃহ, অতন্দ্রিত, কর্ম্মী তাহার পরিচিয় দিয়া এবং তাঁহার পক্ষেও লোকসংগ্রহার্থ কর্ম্মের আবশ্যকতা বর্ণনা করিয়া 'বিদ্বানের' পক্ষে অনাসক্তভাবে লোকসংগ্রহার্থ কর্ম্মের বিধান করিয়াছেন দেখিয়াছি। অতএব 'বিদ্বান্' শব্দের অর্থ যদি হয় যাঁহার ব্রহ্মবিদ্যালাভ হইয়াছে তাহা হইলে গীতার মতে যিনি ব্রহ্মবিদ্যাসম্পন্ন তাঁহার ও লোকসংগ্রহার্থ কর্ম্ম করণীয় বটে।

সক্তাঃ কর্ম্মণ্যবিদ্বাংসো যথা কুর্ব্বন্তি ভারত।
কুর্য্যাদ্বিদ্বাংস্তথাসক্তশ্চিকীর্ষুর্লোকসংগ্রহম্॥ (৩।২৫)

"ব্রহ্মবিদ্ব্রহ্মৈব ভবতি" * বটে, কিন্তু শ্রুতি ইহাও বলেন "তত্র যোনিং ক্লন্সে নহি পূর্ত্তমক্ষিপৎ"। আর গীতাও ইহা বলেন—

এষা ব্রাহ্মী স্থিতিঃ পার্থ নৈনাং প্রাপ্য বিমুহ্যতি।
স্থিত্বাস্যামন্তকালেঽপি ব্রহ্মনির্ব্বাণমৃচ্ছতি॥ (২।৭২)

অতএব ব্রাহ্মীস্থিতিকালে মোহমুক্ত অবস্থায় কর্ম্ম থাকিবে যেহেতু 'ব্রহ্মনির্ব্বাণ' বিদেহমুক্তি ত দেহাবসানে লভ্য তৎপূর্ব্বে নহে।

যাহা হউক 'মুক্তস্য' কর্ম্মের পরিচয় দিয়া গীতা তৃতীয় অধ্যায়ে বলিয়াছিলেন—

যজ্ঞার্থাৎ কর্ম্মণোঽন্যত্র লোকোঽয়ং কর্ম্মবন্ধনঃ।
তদর্থং কর্ম্ম কৌন্তেয় মুক্তসঙ্গঃ সমাচর॥ (৩।৯)

---

* মুণ্ডক ৩।২।৯ শ্বেতাশ্বতর ২।৭

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আরও জানাইয়াছিলেন—

তস্মাৎ সর্ব্বগতং ব্রহ্ম নিত্যং যজ্ঞে প্রতিষ্ঠিতম্। (৩।১৫)

এখানেও—

গতসঙ্গস্য মুক্তস্য জ্ঞানাবস্থিতচেতসঃ।
যজ্ঞায়াচরতঃ কর্ম্ম সমগ্রং প্রবিলীয়তে॥ (২৩)

বলিয়া, তদনন্তর বলিতেছেন—

ব্রহ্মার্পণং ব্রহ্ম হবির্ব্রহ্মাগ্নৌ ব্রহ্মণা হুতম্।
ব্রহ্মৈব তেন গন্তব্যং ব্রহ্মকর্ম্মসমাধিনা॥ (২৪)

এই শ্লোকের তাৎপর্য্য কি? শ্রীমৎশঙ্করাচার্য্য বলেন ইহার তাৎপর্য্য এই যে "যে স্রুবর্পণাদিষু প্রতিমায়াং বিষ্ণুদৃষ্টিবৎ ব্রহ্মদৃষ্টিঃ ক্ষিপ্যতে নামাদিষ্বিবচেতি ব্রুবতে, ন তেষাং ব্রহ্মবিদ্যোক্তেহ বিবক্ষিতা স্যাদর্পণাদিবিষয়ত্বাৎ জ্ঞানস্য, ন চ দৃষ্টি-সম্পাদনজ্ঞানেন মোক্ষফলং প্রাপ্যতে, ব্রহ্মৈব তেন গন্তব্যমিতি চোচ্যতে, বিরুদ্ধঞ্চ সম্যগ্‌দর্শনমন্তরেণ মোক্ষফলং প্রাপ্যতে ইতি প্রকৃতবিরোধশ্চ, সম্যগ্‌দর্শনঞ্চ প্রকৃতং "কর্ম্মণ্যকর্ম্ম যঃ পশ্যেৎ" ইত্যত্রান্তে চ সম্যগ্‌দর্শনং তস্যৈবোপ-সংহারাৎ"। পক্ষান্তরে শ্রীমৎরামানুজাচার্য্য বলেন—"ইদানীং সর্ব্বস্য সপরিকরস্য কর্ম্মণঃ পরব্রহ্মরূপপুরুষাত্মকত্বানুসন্ধানযুক্ততয়া জ্ঞানাত্মকত্বমাহ ব্রহ্মার্পণমিতি"। "মুমুক্ষূণাং ক্রিয়মাণং কর্ম্ম পরব্রহ্মাত্মকমেবেত্যনুসন্ধানযুক্ততয়া জ্ঞানাকারং সাক্ষাদাত্মাবলোকনসাধনং ন জ্ঞাননিষ্ঠাব্যবধানেনেত্যর্থঃ"। শ্রী হনুমান্ 'অত্র-শ্লোকে বিদুষোঽর্পণাদিপঞ্চকেব্রহ্মদৃষ্টিঃ কর্ত্তব্যতয়োপদিশ্যতে,' অর্থ করেন; আর শ্রীমদ্ বল্লভাচার্য্য সম্প্রদায়ের মতে এখানে 'প্রবিলয়স্বরূপমাহ ভাবাদ্বৈতং ক্রিয়াদ্বৈতং দ্রব্যাদ্বৈতমুচ্যতে ভগবান্ স্বমুখেন।' অর্থাৎ এই শ্লোকে পূর্ব্বগামী শ্লোকে প্রচারিত উপদেশের দৃষ্টান্ত জ্ঞাপন করা হইয়াছে এবং তাহার পরে ২৫ হইতে ২৯ শ্লোকে বহুবিধ যজ্ঞের পরিচয় দিয়া বলা হইয়াছে—

সর্ব্বেঽপ্যেতে যজ্ঞবিদো যজ্ঞক্ষয়িতকল্মষাঃ।
যজ্ঞশিষ্টামৃতভুজো যান্তি ব্রহ্ম সনাতনম্॥ (৩০)

আর তাহার পরেও—

এবং বহুবিধাযজ্ঞা বিততাব্রহ্মণোমুখে।
কর্ম্মজান্ বিদ্ধি তান্ সর্ব্বানেবং জ্ঞাত্বা বিমোক্ষ্যসে। (৩২)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বলিয়া যজ্ঞ সংক্রান্ত উপদেশমালার উপসংহার করা হইয়াছে। শ্রীভগবানের এই উক্তির তাৎপর্য্য লইয়া টীকা ভাষ্যকারগণের মধ্যে যে প্রবল মতভেদ আছে তাহা আমরা পূর্ব্বেই দেখিয়াছি—দেখিয়াছি যে, শ্রীমৎ শঙ্করাচার্য্য এবং তাঁহার অনুসরণপূর্ব্বক একাধিক প্রাচীন টীকাকার এখানে যজ্ঞকর্ম্ম "অনাত্মজ্ঞ" অতএব হেয় এবং তাহা ত্যাগ করিয়া জ্ঞাননিষ্ঠ হইবার উপদেশই এখানে অভিপ্রেত বা উদ্দিষ্ট বলিয়া গ্রহণ করিলেও প্রাচীন আচার্য্যগণের মধ্যে রামানুজাচার্য্য, মধ্বাচার্য্য প্রভৃতি এবং বর্ত্তমানকালে বালগঙ্গাধর তিলক প্রভৃতি যথোক্ত প্রকারে যজ্ঞকর্ম্মাচরণপূর্ব্বক মুক্তিলাভ করিতে হইবে এমনই বুঝিয়াছেন। প্রত্যুত বিগত অধ্যায়ে বিবৃত যজ্ঞতত্ত্ব আমরা যেভাবে বুঝিবার চেষ্টা করিয়াছি তাহাতে এখানে ফলকামনাহীন যজ্ঞরূপ ত্যাগাত্মক কর্ম্ম ত্যাগ করিয়া কেবলমাত্র জ্ঞাননিষ্ঠ হইবার উপদেশ দানই শ্রীভগবানের উদ্দেশ্য—পূর্ব্বাধ্যায়ের ৯, ১০, ১৩, ১৫ শ্লোকে যজ্ঞের বিশেষ মাহাত্ম্য খ্যাপন করিয়া, পুনরায় বর্ত্তমান অধ্যায়ে বিবিধ যজ্ঞের বর্ণনান্তে শ্রীভগবান্—

যজ্ঞশিষ্টামৃতভুজো যান্তি ব্রহ্ম সনাতনম্। (৩০)

বলিয়া যাহার মহাফল জানাইয়া দিয়াছেন এবং পরেও 'অহং ক্রতুরহং যজ্ঞঃ' (৯।১৮) বলিয়া যাহার উল্লেখ করিবেন, আর—

অফলাকাঙ্ক্ষিভির্যজ্ঞো বিধিদিষ্টো য ইজ্যতে।
যষ্টব্যমেবেতিমনঃ সমাধায় স সাত্ত্বিকঃ॥ (১৭।১১)

বলিয়া সাত্ত্বিকভাবে অনুষ্ঠিত যজ্ঞের প্রশস্ততা বর্ণনা করিবেন, সেই যজ্ঞ আত্মলাভের বা ব্রহ্মভূত হইবার সাধন নহে এরূপ ব্যাখ্যা গ্রহণ করা কঠিন। আর কর্ম্মমার্গত্যাগ করিয়া জ্ঞানমার্গ অবলম্বন করিতে বলা বা জ্ঞানমার্গ অপরিহার্য্য বলাই যদি এখানে গীতার উদ্দেশ্য হয় তাহা হইলে এই ৩২ শ্লোকে 'জ্ঞাত্বা'পদ ব্যবহার না করিয়া 'ত্যক্ত্বা'পদ ব্যবহার করিবার কোন বাধা ছিলনা। কাজেই আমরা এখানে যজ্ঞার্থ কৃত নিষ্কামকর্ম্মধারা অনুসরণ করিয়া তদনন্তর জ্ঞানযোগে ব্রহ্মপদ বা মুক্তিলাভ করিতে হইবে এরূপ ব্যাখ্যা গ্রহণে দ্বিধাবোধ করি। প্রশ্ন হইবে আগামী শ্লোকেই না শ্রীভগবান্ বলিবেন—

শ্রেয়ান দ্রব্যময়াদ্ যজ্ঞাজ্ জ্ঞানযজ্ঞঃ পরন্তপ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বলিবেন সত্য, কিন্তু তৎপরেই বলিতে দেখি—

সর্ব্বং কর্ম্মাখিলং পার্থ! জ্ঞানে পরিসমাপ্যতে॥ (৩৩)

কাজেই বুঝিতে হয় জ্ঞানযজ্ঞের অর্থ জ্ঞানাত্মক যজ্ঞ জ্ঞানমার্গ নয়—২৩, ২৪ শ্লোকে বর্ণিত জ্ঞানাবস্থিতচিত্তের 'ব্রহ্মার্পণং ব্রহ্মহবিঃ' .'সর্ব্বং খল্বিদং ব্রহ্ম' এই ব্রহ্মদৃষ্টিতে কৃত যজ্ঞ যাহাও ৩০ শ্লোকে 'কর্ম্মজ' বলিয়া উল্লিখিত হইয়াছে। প্রত্যুত শ্রীমৎ রামানুজাচার্য্য "অনুগতজ্ঞানতয়া কর্ম্মণো জ্ঞানাকারত্বমুক্তম্। তত্রান্তর্গতজ্ঞানে কর্ম্মণি জ্ঞানাংশস্যৈব প্রাধান্যমাহ-শ্রেয়ানিতি" বলিয়া এই শ্লোকের যথাযথ তাৎপর্য্য নির্দ্দেশ করিয়াছেন মনে হয়। বল্লভাচার্য্য সম্প্রদায়ের তত্ত্ব দীপিকার ব্যাখ্যাও হইতেছেঃ 'সর্ব্বযজ্ঞেভ্যো ব্রহ্মাত্মকজ্ঞানযজ্ঞস্য শ্রেষ্ঠতামাহ সাংখ্যযোগয়োরেকার্থরূপো ব্রহ্মাত্মকত্বজ্ঞানযজ্ঞোঽন্যতঃ শ্রেষ্ঠঃ যতস্তত্রাখিলং ফল-সহিতং সর্ব্বং কর্ম্ম পরিসমাপ্যতে অন্তর্ভবতি॥' ইহাতে জ্ঞানকর্ম্ম সমুচ্চয় হইল কেহ বলিলে বলিতে পারেন কিন্তু এই সমুচ্চয় সাধন পর্য্যায়ে নহে সিদ্ধিতে বটে।

এই পরম পবিত্র জ্ঞান যাহাকে ইংরাজীতে Absolute Knowledge বলা যাইতে পারে তাহা কেমন করিয়া লাভ করিতে হইবে? যখন 'কর্ম্মজান্ বিদ্ধি তান্ সর্ব্বান্' তখন 'তদেতদ্বিশিষ্টং জ্ঞানং তর্হি কেন প্রাপ্যতে' (শ)? 'কেন' অর্থাৎ 'কেনোপায়েন' (আ)? 'আত্মজ্ঞানে সাধনমাহ তদিতি' (শ্রী)—

তদ্বিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়া।
উপদেক্ষ্যন্তি তে জ্ঞানং জ্ঞানিনস্তত্ত্বদর্শিনঃ॥ ৩৪

ইহার সাধনপদ্ধতি (discipline) হইতেছেঃ 'প্রণিপাত', 'পরিপ্রশ্ন', 'সেবা'। ইহা মন বা চিত্তবৃত্তিকে বিশ্লেষণপটু এবং বুদ্ধিকে তর্ককুশলমাত্র করিয়া আয়ত্ত করিবার নহে। ইহার সাধককে হইতে হইবে 'সংযতেন্দ্রিয়', 'শ্রদ্ধাবান' 'তৎপরায়ণ', (৩৯) এবং ইহার উপদেষ্টা শুধু তথাকথিত পণ্ডিত বা শাস্ত্রজ্ঞ হইলেই চলিবে না, গীতার মতে তাঁহাকে 'তত্ত্বদর্শী', 'অপরোক্ষানু-ভবসম্পন্ন' হইতে হইবে (৩৪)। আবার শুধু শাস্ত্রাধ্যায়ন ও আচার্য্যের উপদেশ-দ্বারা ইহা আয়ত্ত হইবে না, 'তৎস্বয়ং যোগসংসিদ্ধঃ কালেনাত্মনি বিন্দতি' (৩৮)—'one has to grow into it'। সে যোগ কি? নিষ্কাম কর্ম্মযোগ? শ্রীধর স্বামী, মধুসূদন সরস্বতী, বলদেব বিদ্যাভূষণ, বিশ্বনাথ চক্রবর্ত্তী বলেন হাঁ, তাহাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রামানুচার্য্যের মতে 'জ্ঞানাকারকর্মযোগেন'। আচার্য্য শঙ্করের মতে শুধু কর্ম্মযোগে নহে—'কর্ম্মযোগেন সমাধিযোগেন চ'; আর নীলকণ্ঠের মতে 'কর্ম্মযোগেন সমাধিযোগেন' বা। আমরা আলোচনাক্রমে দেখিয়াছি এবং আগামী অধ্যায়ারম্ভেই দেখিতে পাইব, গীতার সুস্পষ্ট অভিমত 'কর্ম্মযোগেন'। কিন্তু ইহাও স্বীকার্য্য যে তত্ত্বজ্ঞানলাভের কোন প্রথিত সাধনপথ বা মার্গই গীতা বিপথ বলিয়া ত্যাগ করিতে বলেন না বা শেষ পর্য্যন্ত বলিবেন না। সাংখ্যযোগ বা জ্ঞান-যোগ, কর্ম্মযোগ, ধ্যানযোগ, ভক্তিযোগ—সকল যোগমার্গকেই একই জ্ঞানে বা গন্তব্যে অর্থাৎ পূর্ণজ্ঞানস্বরূপ ব্রহ্মতত্ত্বে বা 'ব্রহ্মণো হি প্রতিষ্ঠা' শ্রীভগবানে উপনীত হইবার বিভিন্ন রাজপথ বলিয়া ঘোষণা করিতেছেন ও করিবেন;

সে জ্ঞানের বৈশিষ্ট্য বর্ণনা এখানে হইতেছে—

যজ্‌জ্ঞাত্বা ন পুনর্মোহমেবং যাস্যসি পাণ্ডব !
যেন ভূতান্যশেষেণ দ্রক্ষ্যস্যাত্মন্যথো ময়ি ॥ ৩৫

এমন জ্ঞান যাহা অধিকৃত হইলে আর মোহ প্রাপ্তির সম্ভাবনা থাকে না—যে জাগরণের পরে আর নিদ্রা নাই, যে সমাধির পরে আর ব্যুত্থান নাই—যাহার ফলে এমন সম্যগ্‌দর্শন লাভ হয়, যাহাতে দ্রষ্টা ও দৃশ্যের বিরোধ বা বিভেদ থাকে না, সর্ব্বভূত আত্মায় প্রতিষ্ঠিত, আত্মা সর্ব্বভূতে ওতপ্রোত প্রতীত হয় এবং সমস্তই এক অখণ্ড ভগবৎলীলার অঙ্গীভূত হইয়া দেখা দেয়। ফলে, কর্ম্মযোগে প্রতিষ্ঠা লাভ করিলে যেমন সম্যগ্‌জ্ঞান প্রাপ্তি হয়—

"সর্ব্বং কর্ম্মাখিলং পার্থ! জ্ঞানে পরিসমাপ্যতে।" (৩৩)

তেমনই জ্ঞানমার্গে যিনি সিদ্ধিলাভ করেন অর্থাৎ জীবন্মুক্ত হন তিনি আত্ম-বান্ ছিন্নসংশয় হইয়া সমস্ত কাম্যকর্ম্মবন্ধন হইতে মুক্তিলাভ করেন। কর্ম্ম-ফলের বন্ধন হইতে মুক্তিলাভ করেন বলিয়া তাঁহার যে আর কোন কর্ম্ম থাকে না তাহা নহে—তিনি "নিমিত্তমাত্র" হইয়া লোকসংগ্রহার্থ ভাগবত কর্ম্মই সম্পাদন করেন। আর সেরূপ—

যোগসংন্যস্তকর্ম্মাণং জ্ঞানসংছিন্নসংশয়ম্।
আত্মবন্তং ন কর্ম্মাণি নিবধ্নন্তি ধনঞ্জয় ॥ ৪১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাঁহার যদি কর্ম্মই না থাকে বা থাকা সম্ভবপর না হয় তাহা হইলে শ্রীভগবানের 'ন কর্ম্মাণি নিবধ্নন্তি' এই উক্তি অর্থহীন হইয়া দাঁড়ায়। অতএব এই উক্তির তাৎপর্য্য ইহাই যে "জীব সাধারণের কর্ম্ম ত্রিবিধই হইয়া থাকে" "তাহা হয় পুণ্য ফলদায়ক, না হয় পাপজনক, নচেৎ পাপপুণ্য উভয় ফলজনক হইয়া থাকে।" কিন্তু আত্মবান্ যোগীর কোন কর্ম্মই ফলোৎপাদক বা বন্ধন-হেতু হয় না। যোগীর "নির্ম্মলচিত্ত সর্ব্বথা স্বগত ভেদাবগাহী। তাহা হইতে যে কর্ম্মসকল প্রকাশ পায় তাহা ধর্ম্ম কিম্বা অধর্ম্ম অথবা তদুভয়াত্মক সংস্কারশূন্য"। "ঐরূপ কর্ম্ম কখনও কর্ম্মাশয়প্রচয়ের হেতু হইতে পারে না" (ক)। তাই যোগসূত্রকার ঋষি বলিয়াছেন—

"কর্ম্মাশুক্লাকৃষ্ণং যোগিনস্ত্রিবিধমিতরেষাম্" (যোগসূত্র ৪।৭)

ইহাই যোগশাস্ত্র গীতার অকর্ম্মতত্ত্ব। দ্বিতীয় অধ্যায়ে—

"যোগঃ কর্ম্মসু কৌশলম্"

বলিয়া কর্ম্মযোগের সংজ্ঞা নির্দ্দেশ করার পর হইতে গীতা এই অকর্ম্মতত্ত্ব ব্যাখ্যা ও প্রতিপাদন করিতে করিতেই চলিয়াছেন। পরে ইহার সম্বন্ধে আরও অনেক কথাই শুনিতে পাইব।

(ক) সাধনসমর আশ্রম প্রকাশিত 'যোগরহস্যম্' ৪৩৩ পৃষ্ঠা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পঞ্চম অধ্যায়।

(সন্ন্যাসযোগ)

পূর্ব্বাভাস

পূর্ব্বাধ্যায়ে শ্রীভগবান্ একদিকে কর্ম্ম (১৪—২৩) এবং যজ্ঞতত্ত্ব (৩০—৩২) সম্পর্কে এবং অপরদিকে যে 'জ্ঞানাগ্নিঃ সর্ব্বকর্ম্মাণি ভস্মসাৎ কুরুতে' সেই জ্ঞান-লাভের বিষয়ে উপদেশ দিয়া অবশেষে জ্ঞানাসির দ্বারা সর্ব্বসংশয় ছিন্ন করিয়া (কর্ম্ম) যোগাশ্রয়পূর্ব্বক যুদ্ধার্থ উদ্যোগী হইবার উপদেশ দিয়াছেন (৪২)। তাই বর্ত্তমান অধ্যায়ারম্ভেই অর্জ্জুনের নিবেদন—কর্ম্মসন্ন্যাস (জ্ঞানযোগ) ও কর্ম্মযোগ উভয়ের মধ্যে যাহা শ্রেয়ঃ তাহাই সুনিশ্চিত করিয়া বলুন। উত্তরে শ্রীভগবান্ প্রথমেই বলিতেছেন—সন্ন্যাস ও কর্ম্মযোগ উভয়ই নিঃশ্রেয়স্কর মুক্তি-দায়ক বটে, কিন্তু তন্মধ্যে 'কর্ম্মযোগো বিশিষ্যতে' (২) কর্ম্মযোগই অধিকতর বিশিষ্টতাসম্পন্ন বা উৎকৃষ্ট। আর সন্ন্যাস বলিলেই যে কর্ম্মসন্ন্যাস বা সর্ব্বকর্ম্ম-ত্যাগ বুঝিতে হইবে তাহা নহে। পরন্তু তিনিই 'নিত্যসন্ন্যাসী' যিনি দ্বেষ ও আকাঙ্ক্ষামুক্ত। আর নির্দ্বন্দ্ব হইতে পারিলে সংসারবন্ধন হইতে সহজে মুক্তিলাভ করা যায়। অপিচ সাংখ্য (জ্ঞানযোগ) ও (কর্ম্ম) যোগ পরিণামে বা ফলে একই স্থানের প্রাপক, একই গন্তব্যে উপনীত করিয়া দেয় (৪—৫)। তবে কর্ম্মযোগের বৈশিষ্ট্য কোথায়?

সন্ন্যাসস্তু মহাবাহো দুঃখমাপ্তুমযোগতঃ।
যুগযুক্তো মুনির্ব্রহ্ম ন চিরেণাধিগচ্ছতি ॥ (৬)

অযুক্তের সন্ন্যাস দুঃখের কারণ হয়. পক্ষান্তরে কর্ম্মযোগযুক্ত সন্ন্যাসী অচিরে ব্রহ্মলাভ করেন। আর

যোগযুক্তো বিশুদ্ধাত্মা বিজিতাত্মা জিতেন্দ্রিয়ঃ।
সর্ব্বভূতাত্মভূতাত্মা কুর্ব্বন্নপি ন লিপ্যতে ॥ (৭)

অর্থাৎ এমন কর্ম্মযোগারূঢ় ব্যক্তি কর্ম্ম করিয়াও কর্ম্মফলে আবদ্ধ হন না—কোন কার্য্যে তাঁহার কর্ত্তৃত্বাভিমান থাকে না যেহেতু সমস্ত কর্ম্মই তিনি ইন্দ্রিয়গ্রাম ও ইন্দ্রিয়গ্রাহ্য বিষয় ব্যাপার বলিয়া মনে করেন (৭—৯)। যোগীর কর্ম্মে আর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাধারণ কর্ম্মীর কর্ম্মে কৃত না তাই প্রভেদ! তত্ত্বজ্ঞানসম্পন্ন কর্ম্মযোগী অহঙ্কার-আসক্তিমুক্ত হইয়া বিষয়বিনিবৃত্ত (অর্থাৎ বাহ্যবিষয়ে অনাকৃষ্ট) ইন্দ্রিয়গণের দ্বারা কর্ম্ম করিয়াও নিষ্ঠাজনিত শান্তি লাভ করেন এবং স্বচ্ছন্দে অবস্থান করেন—আর অযুক্তকর্ম্মী কামনামূলক, ফলাশাপূর্ণ কর্ম্ম করিয়া কর্ম্মফলে আবদ্ধ হয় (১১—১৩)। প্রত্যুত কর্ম্ম, কর্ত্তৃত্ব ও কর্ম্মফলসংযোগ আত্মার কার্য্য নহে। প্রকৃতির গুণময়ী মায়া প্রভাবে, অজ্ঞানের ফলে, সংসারী সাধারণ কর্ম্মী মোহপ্রাপ্ত ও কর্ম্মফলে আবদ্ধ হয় ('Punished by ignorance') (১৪—১৫)। জ্ঞানের দ্বারা জীবাত্মার সেই অজ্ঞান-আবরণ দূরীভূত হইলে পরব্রহ্ম প্রকাশ পান (১৬)। তখন

তদ্‌বুদ্ধয়স্তদাত্মানস্তন্নিষ্ঠাস্তৎপরায়ণাঃ।
গচ্ছন্ত্যপুনরাবৃত্তিং জ্ঞাননির্দ্ধূতকল্মষাঃ॥ (১৭)

আর, সমদর্শী হইয়া এ জীবনেই জন্মবন্ধনমুক্ত হইয়া ব্রাহ্মীস্থিতি ও বুদ্ধিস্থৈর্য্য লাভ করিয়া, 'ব্রহ্মযোগযুক্তাত্মা'র অক্ষয়সুখলাভ করেন (১৮—২১)। তিনি বাহ্য-বিষয়সংস্পর্শজনিত অচিরস্থায়ী সুখভোগে আর আকৃষ্ট, আসক্ত হন না—কামক্রোধজয়ী হইয়া প্রকৃত সুখ লাভ করেন (২২—২৩)॥ 'আত্মারাম' 'অন্তর্জ্যোতিঃ' তিনি ব্রহ্মভূত হইয়া, ব্রাহ্মীস্থিতি লাভ করিয়া, অবশেষে 'ব্রহ্মনির্ব্বাণ' প্রাপ্ত হন। এমন সংযতচিত্ত, পাপমুক্ত, ছিন্নসংশয় ঋষিগণও যে ব্রহ্মনির্ব্বাণ লাভ করেন তাহা কর্ম্মত্যাগ করিয়া নহে, পরন্তু 'সর্ব্বভূতহিতেরতাঃ' থাকিয়া ব্রহ্মনির্ব্বাণ বা বিদেহমুক্তি লাভ করেন (২২—২৫)। প্রত্যুত যিনি ব্রহ্মভূত হইয়াছেন, ব্রাহ্মীস্থিতি লাভ করিয়াছেন, তাঁহার পক্ষে ব্রহ্মনির্ব্বাণপ্রাপ্তি সুলভ ও আসন্ন হয় (২৬)।

অতঃপর আগামী অধ্যায়ে ধ্যানযোগমার্গের উপদেশের অবতারণা করিবার অভিপ্রায়ে ঐ মার্গে যেরূপ সাধক বা মুনি জীবন্মুক্তি লাভ করেন সংক্ষেপে তাহার পূর্ব্ব-পরিচয় দিয়া শ্রীভগবান্ যে সকল যজ্ঞতপস্যার 'ভোক্তা', আর, 'সর্ব্ব-লোকমহেশ্বর', হইয়াও যে তাঁহার সৃষ্টিভরা সর্ব্বভূতের সুহৃৎ এবং তাঁহার তত্ত্বজ্ঞান লাভ করিলে যে পরমাশান্তি প্রাপ্ত হওয়া যায় (২৯) তাহা স্মরণ করাইয়া দিয়া বর্ত্তমান অধ্যায়ের উপদেশ সমাপ্ত করিয়াছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পঞ্চমোঽধ্যায়ঃ ।

(সন্ন্যাস যোগঃ)

অর্জ্জুন উবাচ

সন্ন্যাসং কর্ম্মাণাং কৃষ্ণ ! পুনর্যোগঞ্চ শংসসি ।
যচ্ছ্রেয় এতয়োরেকং তন্মে ব্রূহি সুনিশ্চিতম্ ॥ ১

অধ্যায়োক্ত বিষয় নির্দ্দেশ ।

চতুর্থেঽধ্যায়ে কর্ম্মযোগস্য জ্ঞানাকারতাপূর্ব্বকস্বরূপভেদো জ্ঞানাংশস্য চ প্রাধান্যমুক্তম্........ইদানীং কর্ম্মযোগস্যাত্মপ্রাপ্তিসাধনত্বে জ্ঞাননিষ্ঠায়াঃ শ্রৈষ্ঠ্যং কর্ম্মযোগান্তর্গতাকর্তৃত্বানুসন্ধানপ্রকারঞ্চ প্রতিপাদ্য তন্মূলং জ্ঞানঞ্চ পরিশোধ্যতে (রা)। প্রোক্তং জ্ঞানাদপি শ্রেষ্ঠং কর্ম্ম তদ্দার্ঢ্যসিদ্ধয়ে। তৎপদার্থস্য চ জ্ঞানং সাম্যাদ্যা অপি পঞ্চমে (বি)। ইদানীং পঞ্চমষষ্ঠয়োরজ্ঞানিনা জ্ঞানার্থিনা বৈরাগ্যোৎপত্তেঃ প্রাক্ কর্ম্মৈবানুষ্ঠেয়ং, সম্পন্নে তু বৈরাগ্যে দৃষ্টবিক্ষেপনিবৃত্ত্যর্থং কর্ম্মসন্ন্যাসং কৃত্বা জ্ঞানোৎপত্ত্যর্থং যোগোঽনুষ্ঠেয় ইত্যুচ্যতে (নী)। "চতুর্থ-অধ্যায়ের সিদ্ধান্তসম্বন্ধে সন্ন্যাসমার্গীয়দের যে সংশয় হইতে পারে তাহাই অর্জ্জুনের মুখে প্রশ্নরূপে বসাইয়া এই অধ্যায়ে ভগবান্ তাহার স্পষ্ট উত্তর দিয়াছেন।" (তিলক : 'গীতা রহস্য' ৬৯৯ পৃষ্ঠা)।

অর্জ্জুন কহিলেন

অনুবাদ। (হে) কৃষ্ণ ! (আপনি) সর্ব্বকর্ম্মত্যাগের কথা (বলিয়াছেন) পুনরায় যোগানুষ্ঠানের কথা বলিয়াছেন। এতদুভয়ের যেটি আমার পক্ষে শ্রেয়স্কর সেইটি সুনিশ্চিত করিয়া বলুন।

টীকা। 'সাংখ্যযোগৈকার্থমতং স্বকর্ম্মকরণং বহিঃ। ইত্যবুদ্ধা নিজশ্রেয়ো নিশ্চয়ে পৃচ্ছতি ক্ষমম্ ॥' (বভ)।

শ্রীভগবান্ পূর্ব্বাধ্যায়ের ১৮ শ্লোকে 'অকর্ম্মের', ৩৩ শ্লোকে জ্ঞানযোগের, ৩৬।৩৭।৩৮ সংখ্যক শ্লোকে 'জ্ঞানের' এবং ৪২ শ্লোকে 'কর্মসন্ন্যাসের' প্রশংসা এবং ঐ অধ্যায়ের ২০।২১।২২।২৩ শ্লোকে কর্ম্ম কোন স্থলে পাপজনক ও বন্ধনহেতু হয় না নির্দ্দেশ করিয়া ৪২ শ্লোকে (কর্ম্ম)যোগাশ্রয় করিতে বলায় বর্ত্তমান

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীভগবানুবাচ।

সন্ন্যাসঃ কর্ম্মযোগশ্চ নিঃশ্রেয়সকরাবুভৌ।
তয়োস্তু কর্ম্মসন্ন্যাসাৎ কর্ম্মযোগো বিশিষ্যতে॥ ২

(১ শ্লোকের টীকা)

অধ্যায়ের সূচনায়ই অর্জ্জুনের এই প্রশ্ন 'সন্ন্যাস ও কর্ম্মযোগের মধ্যে কোনটি আমার পক্ষে শ্রেয়স্কর সুনিশ্চিত ভাবে বলুন'।

শংসসি—প্রশংসসি, কথয়সি (শ)।

(২)

শ্রীভগবান্ উবাচ

অন্বয়। সন্ন্যাসঃ কর্ম্মযোগঃ চ উভৌ নিঃশ্রেয়সকরৌ, তু তয়োঃ কর্ম্মসন্ন্যাসাৎ কর্ম্মযোগঃ বিশিষ্যতে।

শ্রীভগবান্ কহিলেন

অনুবাদ। কর্ম্মসন্ন্যাস ও কর্ম্মযোগ উভয়ই মুক্তিদায়ক কিন্তু এতদুভয়ের মধ্যে কর্ম্মত্যাগ অপেক্ষা কর্ম্মযোগ শ্রেষ্ঠ।

টীকা। **সন্ন্যাসঃ**—কর্ম্মণাং পরিত্যাগঃ (শ)। জ্ঞানযোগঃ (রা)।

বিশিষ্যতে—বিশিষ্টো ভবতি (শ্রী)। শ্রেষ্ঠো ভবতি (ক)।

তাৎপর্য্য

এই ভগবদুক্তির তাৎপর্য্য কি? বিভিন্ন টীকাকারগণ বলেন: কর্ম্মযোগং পরমাত্মজ্ঞানোপায়ভূতম্ (শ্রী)। কর্ম্মণাং জ্ঞানফলত্বেন বিশেষবিধানাৎ 'স্বকর্ম্মণাতমভ্যর্চ্চ্য সিদ্ধিংবিন্দতি' (হ)। অধিকারসম্পাদকত্বেন (ম)। চিত্তশুদ্ধিদ্বারা বৈরাগ্যহেতুত্বাৎ (নী)। তত্ত্বজ্ঞানিনোঽপি লোকানুগ্রহার্থং কর্ম্মকরণপ্রবণাৎ (বভ)। সুকরত্বাদপ্রমাদত্বাজ্ জ্ঞানগর্ভত্বাচ্চ। ন খলু লব্ধজ্ঞানস্যাপি কর্ম্মযোগো দোষাবহঃ কিন্তু জ্ঞানগর্ভত্বাজ্ জ্ঞানদার্ঢ্যকৃদেব (ব)। কর্ম্মযোগের বিশিষ্টতার কারণ আগামী ষষ্ঠ শ্লোকেই সুস্পষ্টভাবে উল্লিখিত হইবে। পূর্ব্বগত ৩য় অধ্যায়ের ৪, ৭ ও ২০ শ্লোকও স্মরণীয়। কিন্তু কর্ম্মযোগের বিশিষ্টতার সুস্পষ্ট উল্লেখ থাকায় শ্রীমৎশঙ্করাচার্য্য 'কর্ম্মযোগং স্তৌতি' স্বীকার করিয়াও বলেন 'কেবলাৎ কর্ম্মসন্ন্যাসাৎ কর্ম্মযোগো

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জ্ঞেয়ঃ স নিত্যসন্ন্যাসী যো ন দ্বেষ্টি ন কাঙ্ক্ষতি।
নির্দ্বন্দ্বো হি মহাবাহো! সুখং বন্ধাৎ প্রমুচ্যতে ॥ ৩

(২ শ্লোকের তাৎপর্য্য)

বিশিষ্যতে'; অর্থাৎ জ্ঞানযোগ বা জ্ঞানযোগীর কর্ম্মসন্ন্যাস অপেক্ষা বিশিষ্ট বা প্রশস্ত নহে। শ্রীমৎ আনন্দগিরি আচার্য্যের অভিপ্রায় পরিস্ফুট করিয়া বলেন 'জ্ঞানসহায়স্য কর্ম্মসন্ন্যাসস্য কর্ম্মযোগাপেক্ষয়া বিশিষ্টত্ববিবক্ষয়া বিশিনষ্টি কেবলাদিতি'। আর শ্রীধর স্বামী, এই শ্লোকের টীকায় 'অয়ং ভাবঃ নহি বেদান্তবেদ্যাত্মতত্ত্বজ্ঞং প্রতি কর্ম্মযোগমহং ব্রবীমি' বলিয়া, আগামী ষষ্ঠ শ্লোকের ব্যাখ্যা স্থলে বলিয়াছেন 'চিত্তশুদ্ধেঃ প্রাক্ কর্ম্মযোগ এব কর্ম্মসন্ন্যাসাৎ বিশিষ্যতে'। জ্ঞানবাদিগণ সকলেই যেমন এক পক্ষে আচার্য্য শঙ্করের মতানুযায়ী ব্যাখ্যা করিয়াছেন, পক্ষান্তরে রামানুজাচার্য্য তেমনই স্পষ্টতঃ 'জ্ঞানযোগাৎ কর্ম্মযোগ এব বিশিষ্যতে' বলায় অপরাপর বৈষ্ণবাচার্য্যগণ সকলেই প্রায় তাঁহার অনুগামী হইয়াছেন। বর্ত্তমান যুগে লোকমান্য তিলক বলেন: "উক্ত প্রশ্ন ও উত্তর উভয় নিঃসন্দিগ্ধ ও স্পষ্ট"। "দুই মার্গের তারতম্যবিষয়ক অর্জ্জুনের প্রশ্নেরই এই উত্তর যে 'কর্ম্মযোগো বিশিষ্যতে'—কর্ম্মযোগের যোগ্যতা অধিক। তথাপি এই সিদ্ধান্ত সাংখ্যমার্গের ইষ্ট নহে, কারণ উহার কথা এই যে, জ্ঞানের পরে সমস্ত কর্ম্মের স্বরূপতঃ সন্ন্যাসকরাই উচিত; এই কারণে এই স্পষ্ট অর্থবিশিষ্ট প্রশ্নোত্তরের ব্যর্থ টানাবুনা কেহ কেহ করিয়াছেন।" "তাহারা" "কোন-প্রকারে নিজেদের সমাধান করিয়া লইলেন যে, 'বিশিষ্যতে' পদের দ্বারা ভগবান্ কর্ম্মযোগের অর্থবাদাত্মক অর্থাৎ কেবলমাত্র স্তুতি করিয়া দিয়াছেন—আসলে ভগবানের ঠিক অভিপ্রায় এরূপ নহে।" "গীতা ইহা বলেন না যে উপনিষদে বর্ণিত" "সন্ন্যাস মার্গ মোক্ষপ্রদ নহে"। "দুই মার্গ একই প্রকার মোক্ষপ্রদ, তথাপি" "জগতের ব্যবহার বিচার করিবার উপর গীতার ইহা স্থির মত যে জ্ঞানের পরেও নিষ্কাম বুদ্ধিতে কর্ম্ম করিতে থাকিবার মার্গই অধিক প্রশস্ত বা শ্রেষ্ঠ।"*

(৩)

অন্বয়। হে মহাবাহো! যঃ ন দ্বেষ্টি ন কাঙ্ক্ষতি (চ) সঃ নিত্যসন্ন্যাসী জ্ঞেয়ঃ, হি নির্দ্বন্দ্বঃ সুখং বন্ধাৎ প্রমুচ্যতে।

* বালগঙ্গাধর তিলক প্রণীত 'গীতা রহস্য' জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর কৃত বঙ্গানুবাদ (৭০০—৭০১ পৃষ্ঠা।)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাংখ্যযোগৌ পৃথগ্‌বালাঃ প্রবদন্তি ন পণ্ডিতাঃ।
একমপ্যাস্থিতঃ সম্যগুভয়োর্বিন্দতে ফলম্॥ ৪

(৩ শ্লোকের টীকা)

অনুবাদ। হে বাহুবলশালী (অর্জ্জুন)! যিনি দ্বেষ করেন না, আকাঙ্খা করেন না তিনি নিত্যসন্ন্যাসী বলিয়া জানিবে, যেহেতু দ্বন্দ্বপরিশূন্য ব্যক্তিই সুখে (অক্লেশে) (সংসার বা কর্ম্ম) বন্ধন হইতে মুক্তি লাভ করেন।

টীকা। সন্ন্যাসিত্বেন কর্ম্মযোগিনং স্তবন্ তস্য শ্রেষ্ঠত্বং দর্শয়তি জ্ঞেয় ইতি (শ্রী)। তমেব কর্ম্মযোগং স্তৌতি জ্ঞেয় ইতি ত্রিভি ঃ (ম)।

সঃ—কর্ম্মযোগী (শ)। কর্ম্মণি প্রবৃত্তোঽপি (ম)।

বন্ধাৎ—সংসারাৎ (শ্রী)। অন্তঃকরণাশুদ্ধিরূপাৎ জ্ঞানপ্রতিবন্ধাৎ (ম)। কর্ম্মবন্ধাৎ (বভ)।

(৪)

অন্বয়। বালাঃ সাংখ্যযোগৌ পৃথক্ ইতি প্রবদন্তি (তু) পণ্ডিতাঃ ন। (উভয়োঃ মধ্যে) একমপি সম্যক্ আস্থিতঃ (সন্) উভয়োঃ ফলং বিন্দতে।

অনুবাদ। অর্ব্বাচীন বা অজ্ঞ ব্যক্তিগণই জ্ঞানযোগ ও কর্ম্মযোগ বিভিন্ন বলিয়া থাকে পণ্ডিতেরা নহে। উভয়ের মধ্যে একটিতেও সম্যক্‌রূপে অবস্থিত বা আরূঢ় হইলে (যোগী) উভয়ের ফললাভ করেন।

টীকা। জ্ঞানযোগকর্ম্মযোগয়োরাত্মপ্রাপ্তিসাধনভাবেঽন্যোন্যনৈরপেক্ষ্যমাহ সাংখ্যযোগাবিতি (রা)। ইদানীং (কর্ম্ম) যোগস্য সন্ন্যাসযোগত্বাৎ স্বরূপৈক্যেণ ফলৈক্যং দর্শয়িতুমাহ সাঙ্খ্যযোগাবিতি (হ)। যঃ শ্রেয় এতয়োরেকমিতি ত্বদ্বাক্যঞ্চ ন ঘটত ইত্যাহ সাঙ্খ্যেতি (ব)।

সাংখ্যযোগৌ—সাংখ্যযোগশব্দবাচ্যৌ সন্ন্যাসকর্ম্মযোগৌ (শ)।

বালাঃ—শাস্ত্রার্থবিবেকশূন্যাঃ (শ)। অজ্ঞাঃ (শ্রী)।

আস্থিতঃ—অনুষ্ঠিতবান্ (শ)। অনুতিষ্ঠন্ (নী)।

উভয়োঃ ফলম্—নিঃশ্রেয়সং ফলম্, ন ফলে বিরোধোঽস্তি (শ)। আত্মজ্ঞানম্ (বভ)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যৎ সাংখ্যৈঃ প্রাপ্যতে স্থানং তদ্‌যোগৈরপি গম্যতে।
একং সাংখ্যঞ্চ যোগঞ্চ যঃ পশ্যতি স পশ্যতি ॥ ৫

(৪ শ্লোকের টীকা)

মন্তব্য

শ্রীভগবান্ পরেও বলিবেন :

ধ্যানেনাত্মনি পশ্যন্তি কেচিদাত্মানমাত্মনা।
অন্যে সাংখ্যেন যোগেন কর্ম্মযোগেন চাপরে॥ (১৩।২৫)

(৫)

অন্বয়। সাংখ্যৈঃ যৎ স্থানং প্রাপ্যতে যোগৈরপি তৎ গম্যতে, যঃ সাংখ্যং চ যোগং চ একং পশ্যতি সঃ পশ্যতি।

অনুবাদ। সাংখ্য (সাংখ্যমতাবলম্বী অর্থাৎ জ্ঞাননিষ্ঠ সন্ন্যাসীগণ) যে (মোক্ষাখ্য) স্থান প্রাপ্ত হন, (কর্ম্ম) যোগিগণ কর্ত্তৃকও সেই স্থানই অধিকৃত হয়, যিনি সাংখ্যযোগ ও কর্ম্মযোগকে অভিন্ন (অর্থাৎ একফলদায়ক) দেখেন তিনিই (যথার্থ) দর্শন করেন (অর্থাৎ প্রকৃত দ্রষ্টা)।

টীকা। সাংখ্যযোগং চৈকফলত্বেনৈকং যঃ পশ্যতি স সম্যগ্‌দর্শনঃ (বভ)।

সাংখ্যৈঃ—জ্ঞাননিষ্ঠৈঃ সন্ন্যাসিভিঃ (শ)। সন্ন্যাসেন (বি)।

স্থানং—মোক্ষাখ্যম্ (শ)।

যোগৈঃ—অর্শ আদিত্বান্মত্বর্থীয়োঽচ্ প্রত্যয়ো দ্রষ্টব্যঃ, কর্ম্মযোগিভিঃ (শ্রী)। নিষ্কামকর্ম্মণা (বহুবচনং গৌরবেণ) (বি)। ভগবদর্পণবুদ্ধ্যা ফলাভিসন্ধিরাহিত্যেন কৃতানি কর্ম্মাণি শাস্ত্রীয়াণি যোগাস্তে যেষাং সন্তি তেঽপি যোগাঃ তৈঃ (ম)।

গম্যতে—পরমার্থজ্ঞানসন্ন্যাসপ্রাপ্তিদ্বারেণ গম্যতে (শ)। প্রাপ্যতে স্বাতন্ত্র্যেণ ফলদত্বাত্তয়োরেকবিষয়ত্বাৎ (বভ)।

একং—একফলত্বেনৈকং বৈকল্পিকম্ (রা)।

মন্তব্য

"এই শ্লোকই অল্পশব্দভেদে মহাভারতে দুইবার আসিয়াছে (শাং ৩০৫, ১৯, ৩১৬, ৪)। সন্ন্যাসমার্গে জ্ঞানকে প্রধান মানিয়া লইলেও এই জ্ঞানের সিদ্ধি-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সন্ন্যাসস্তু মহাবাহো ! দুঃখমাপ্তুমযোগতঃ ।
যোগযুক্তো মুনির্ব্রহ্ম ন চিরেণাধিগচ্ছতি ॥ ৬

(৫ শ্লোকের টীকা)

কর্ম্ম না করিলে হয় না, এবং কর্ম্মযোগে কর্ম্ম করিতে হইলেও তাহা জ্ঞানপূর্ব্বক কৃত হয় এই কারণে ব্রহ্মপ্রাপ্তি বিষয়ে কোনও বাধা হয় না (৬।২), তখন দুই মার্গ ভিন্ন ভিন্ন বলিয়া ঝগড়া বাড়াইয়া লাভ কি ?"*

(৬)

অন্বয়। [হে] মহাবাহো ! অযোগতঃ সন্ন্যাসঃ দুঃখম্ আপ্তুম্ (ভবতি) তু যোগযুক্তঃ মুনিঃ ন চিরেণ ব্রহ্ম অধিগচ্ছতি ।

অনুবাদ। [হে] মহাবাহো ! কর্ম্মযোগভিন্ন সন্ন্যাস দুঃখলাভের হেতু (হয়); কিন্তু কর্ম্মযোগযুক্ত মুনি শীঘ্র ব্রহ্মপ্রাপ্ত হন।

টীকা। জ্ঞানযোগস্য দুষ্করত্বাৎ সুকরঃ কর্ম্মযোগঃ শ্রেয়ানিত্যাহ সন্ন্যাসস্তু। (ব)।

অযোগতঃ—কর্ম্মযোগং বিনা (শ্রী)।

আপ্তুং—প্রাপ্তুম্ (শ)।

যোগযুক্তঃ—ঈশ্বরসমর্পিতরূপেণ ফলনিরপেক্ষেণ কর্ম্মযোগেন যুক্তঃ (শ)। নতু কেবলসন্ন্যাসী (নী)।

মুনিঃ—মননাদীশ্বরস্বরূপস্য মুনিঃ (শ)। আত্মমননশীলঃ (রা)। সন্ন্যাসী ভূত্বা (শ্রী)। সাংখ্যীয়োমুনিরপি (ক)।

ব্রহ্ম অধিগচ্ছতি—পরমাত্মজ্ঞাননিষ্ঠালক্ষণত্বাৎ প্রকৃতঃ সন্ন্যাসঃ ব্রহ্মোচ্যতে 'ন্যাস ইতি ব্রহ্ম ব্রহ্মহি পরঃ' ইতি শ্রুতেঃ, "ব্রহ্ম" পরমার্থসন্ন্যাসং........প্রাপ্নোতি (শ)। আত্মানং প্রাপ্নোতি (রা)। অপরোক্ষং জানাতি (শ্রী)। সত্যজ্ঞানাদিলক্ষণমাত্মানং সাক্ষাৎ করোতি (ম)। নির্দ্দোষসমত্বাদিনা ব্রহ্মসমানধর্ম্মো ভবতি (ক)।

* বালগঙ্গাধর তিলক প্রণীত 'গীতারহস্য' (জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর কৃত বঙ্গানুবাদ) ৭০২ পৃষ্ঠা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যোগযুক্তো বিশুদ্ধাত্মা বিজিতাত্মা জিতেন্দ্রিয়ঃ।
সর্ব্বভূতাত্মভূতাত্মা কুর্ব্বন্নপি ন লিপ্যতে ॥ ৭

(৭)

অন্বয়। যোগযুক্তঃ বিশুদ্ধাত্মা বিজিতাত্মা, জিতেন্দ্রিয়ঃ সর্ব্বভূতাত্মভূতাত্মা (কর্ম্ম) কুর্ব্বন্ অপি ন লিপ্যতে।

অনুবাদ। যোগযুক্ত, বিশুদ্ধচিত্ত, বশীকৃতদেহ, জিতেন্দ্রিয় এবং সর্ব্বভূতের আত্মায় যিনি স্বপ্রতিষ্ঠ (অথবা সর্ব্বভূত যাঁহার আত্মার আত্মীয়) তিনি কর্ম্ম করিলেও (কর্ম্মে অর্থাৎ কর্ম্মফলে) লিপ্ত হন না (অর্থাৎ কর্ম্মফলমুক্ত থাকেন)।

টীকা। কর্ম্মযোগাদিক্রমেণ ব্রহ্মাধিগমে সত্যপি তদুপরিতনেন কর্ম্মণা বন্ধঃ স্যাদেবেত্যাশঙ্ক্যাহ (শ্রী)। ননু কর্ম্মণো বন্ধহেতুত্বাৎ যোগযুক্তো মুনি র্ব্রহ্মাধিগচ্ছতি ইত্যনুপপন্নমিত্যত আহ যোগযুক্ত ইতি (ম)। কঃ পুনঃ কৃত্বাপি ন নিবধ্যতে অকর্ম্মতাং প্রাপ্নোতি ? যোগযুক্ত ইতি।

যোগযুক্তঃ—কর্ম্মযোগযুক্তঃ (শ)। যোগে নিষ্কামকর্ম্মণি যুক্তো নিরতঃ (ব)। নির্ব্বিকল্পসমাধিনা যুক্তঃ (নী)।

বিশুদ্ধাত্মা—বিশুদ্ধচিত্তঃ (শ)। প্রাপ্তসত্ত্বশুদ্ধিঃ (হ)। নির্ম্মলবুদ্ধিঃ (ব)। বৃত্তিসারূপ্যদোষেণ হীনঃ (নী)।

বিজিতাত্মা—বিজিতদেহঃ (শ)। স্ববশীকৃতদেহঃ (ম)। রাগদ্বেষাভ্যা-মনাক্রম্যমাণঃ (হ)। বশীকৃতমনাঃ (ব)। বিজিতচিত্তঃ (নী)।

সর্ব্বভূতাত্মভূতাত্মা—সর্ব্বেষাং ভূতানাং ব্রহ্মাদীনাং স্তম্বপর্য্যন্তানাং ভূতানামাত্মভূত আত্মা প্রত্যক্‌চেতনো যস্য সঃ সম্যগ্‌দর্শীত্যর্থঃ (শ)। সর্ব্বভূত আত্মভূতশ্চাত্মা স্বরূপং যস্য স তথা জড়াজড়াত্মকং সর্ব্বমাত্মমাত্রং পশ্যন্নিত্যর্থঃ (ম)। সর্ব্বেষাং ভূতানাং জীবানামাত্মভূতঃ প্রেমাস্পদতাং গত আত্মা দেহো যস্য সঃ (ব)। সর্ব্বেষু ভূতেষ্বাত্মৈকঃ তদ্দর্শী (হ)। "His mastery over things is because he has become one soul with all things."*

কুর্ব্বন্নপি—কর্ম্ম কুর্ব্বন্নপি (শ, রা)। লোকসংগ্রহার্থং স্বাভাবিকং বা কর্ম্ম (শ্রী)। (৪।২২ ও ৪।৩৫ শ্লোক দ্রষ্টব্য)।

* Essays on the Gita (First Series) by Aurobindo Ghose, p. 303.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নৈব কিঞ্চিৎ করোমীতি যুক্তো মন্যেত তত্ত্ববিৎ।
পশ্যন্ শৃণ্বন্ স্পৃশন্ জিঘ্রন্নশ্নন্ গচ্ছন্ স্বপন্ শ্বসন্ ॥ ৮
প্রলপন্ বিসৃজন্ গৃহ্ণন্নুন্মিষন্নিমিষন্নপি।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেষু বর্ত্তন্ত ইতি ধারয়ন্ ॥ ৯

(৭ শ্লোকের টীকা)

তাৎপর্য্য

শ্রীমৎ রামানুজাচার্য্য এই শ্লোকের তাৎপর্য্য নিম্নলিখিতরূপ ব্যাখ্যা করিয়াছেন ঃ—

'প্রকৃতিবিযুক্তঃ সর্ব্বত্র দেবাদিদেহেষু জ্ঞানৈকাকারতয়া সমানাকার ইতি নির্দ্দোষং হি সমং ব্রহ্মেত্যানন্তরং বক্ষ্যতে, স এবম্ভূতঃ কর্ম্ম কুর্ব্বন্নপ্যনাত্মন্যাত্মাভিমানে ন লিপ্যতে সম্বধ্যতে অতো ন চিরেণাত্মানমাপ্নোতি 'ইত্যর্থঃ যতঃ সৌকর্য্যাৎ শ্রৈষ্ঠ্যাচ্চ কর্ম্মযোগ এব শ্রেয়ান্'।

(৮-৯)

অন্বয়। যুক্তঃ তত্ত্ববিৎ পশ্যন্ শৃণ্বন্ স্পৃশন্ জিঘ্রন্ অশ্নন্ গচ্ছন্ স্বপন্ শ্বসন্ প্রলপন্ বিসৃজন্ গৃহ্ণন্ উন্মিষন্ নিমিষন্ অপি ইন্দ্রিয়াণি ইন্দ্রিয়ার্থেষু বর্ত্তন্তে ইতি ধারয়ন্ (অহং) কিঞ্চিৎ এব ন করোমি ইতি মন্যেত।

অনুবাদ। (যোগ) যুক্ত তত্ত্ববিদ্ দর্শন, শ্রবণ, স্পর্শ, ঘ্রাণ, ভোজন, গমন, নিদ্রা, শ্বাসপ্রশ্বাস, কথোপকথন, ত্যাগ, গ্রহণ, উন্মীলন ও নিমীলন করিয়াও, ইন্দ্রিয়গণ ইন্দ্রিয়বিষয়ে প্রবৃত্ত হইতেছে এইরূপ ভাবিয়া (আমি) কিছুই করিতেছি না—এইরূপ মনে করেন।

টীকা। কর্ম্ম কুর্ব্বন্নপি ন লিপ্যতে ইত্যেতদ্বিরুদ্ধমিত্যাশঙ্ক্য কর্ত্তৃত্বাভিমানাভাবান্নেত্যাহ নৈবেতি দ্বাভ্যাম্ (শ্রী)।

মন্যেত—কর্ত্তৃত্বাভিমানাভাবাৎ (শ্রী)।

যুক্তঃ—সমাহিতঃ (শ)। কর্ম্মযোগেন যুক্তঃ (শ্রী)। নিষ্কামকর্ম্মী (ব)।

বর্ত্তন্তে—প্রবর্ত্তন্তে (ম)।

তাৎপর্য্য

বিজ্ঞানসুখৈকরসস্য মমানাদিবাসনাহেতুকপ্রাধানিকদেহাদিসম্বন্ধনির্ম্মিতং তদীদৃশকর্ম্মকর্ত্তৃত্বম্ নতু স্বরূপৈকনির্ম্মিতমিতি মন্যতে (ব)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রহ্মণ্যাধায় কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা করোতি যঃ।
লিপ্যতে ন স পাপেন পদ্মপত্রমিবাম্ভসা ॥ ১০

শ্রীউমাশঙ্কর সরকার

(১০)

অন্বয়। যঃ কর্ম্মাণি ব্রহ্মণি আধায় সঙ্গং ত্যক্ত্বা করোতি, সঃ অম্ভসা পদ্মপত্রমিব পাপেন ন লিপ্যতে।

অনুবাদ। যিনি সকল কর্ম্ম ব্রহ্মে অর্পণ করিয়া (কর্ম্মে বা কর্ম্মফলে) আসক্তি ত্যাগ করিয়া কর্ম্ম করেন, তিনি জলের দ্বারা পদ্মপত্রের ন্যায় পাপের দ্বারা লিপ্ত হন না।

টীকা। ব্রহ্মণি—ঈশ্বরে (শ)। ইন্দ্রিয়াকারেণাবস্থিতায়াং প্রকৃতৌ (রা০)। পরমেশ্বরে (শ্রী)। দেহেন্দ্রিয়াদিরূপতয়া পরিণতে প্রধানে (ব)। তস্যৈব (প্রধানস্য) এতানি ন তু তদ্বিবিক্তস্য শুদ্ধস্য মমেতি নির্দ্ধার্য্য (ব)।

আধায়—নিক্ষিপ্য (শ)। সমর্প্য (ম)।

(পূর্ব্বগত ৪র্থ অধ্যায়ের ২০—২৩ শ্লোক দ্রষ্টব্য)

তাৎপর্য্য

"The true Sannyasa of action" "is the reposing of all works on the Brahman". "It is perfectly true that all actions as well as fruits of action have to be given up, to be renounced, but inwardly not outwardly, not into the inertia of 'Nature' but to the lord in sacrifice, into the calm and joy of the Impersonal from whom all action proceeds without disturbing his peace". "Where works are thus 'reposed on the Brahman' the personality of the doer ceases".*

---

* Essays on the Gita (First Series) by Shri by Aurobindo Ghose, p. 269

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কায়েন মনসা বুদ্ধ্যা কেবলৈরিন্দ্রিয়ৈরপি।
যোগিনঃ কর্ম্ম কুর্ব্বন্তি সঙ্গং ত্যক্ত্বাত্মশুদ্ধয়ে ॥ ১১

যুক্তঃ কর্ম্মফলং ত্যক্ত্বা শান্তিমাপ্নোতি নৈষ্ঠিকীম্।
অযুক্তঃ কামকারেণ ফলে সক্তো নিবধ্যতে ॥ ১২

(১১)

অন্বয়। যোগিনঃ আত্মশুদ্ধয়ে সঙ্গং ত্যক্ত্বা কায়েন মনসা বুদ্ধ্যা কেবলৈঃ ইন্দ্রিয়ৈঃ অপি কর্ম্ম কুর্ব্বন্তি।

অনুবাদ। (কর্ম্ম) যোগিগণ চিত্তশুদ্ধির জন্য (কর্ম্মফলে) আসক্তি ত্যাগ করিয়া কায়, মন ও কেবল (অর্থাৎ মমত্ববর্জ্জিত) ইন্দ্রিয়গণের দ্বারা কর্ম্ম করিয়া থাকেন।

টীকা। বন্ধকত্বাভাবমুক্ত্বা মোক্ষহেতুত্বং সদাচারেণ দর্শয়তি কায়েনেতি (শ্রী)। এই শ্লোকে কর্ম্মযোগীর কর্ম্মধারা বা কর্ম্মানুষ্ঠানের বৈশিষ্ট্য বর্ণিত হইতেছে।

কেবলৈঃ—মমত্ববর্জ্জিতৈঃ (শ)। অভিনিবেশরহিতৈঃ (বভ)। স্বাভাবিক-বিষয়াসক্তিশূন্যৈঃ (ক)। কেবলৈরিতি বিপরিণামেন সর্ব্বত্র সম্বন্ধনীয়ম্ (নী)।

আত্মশুদ্ধয়ে—সত্ত্বশুদ্ধয়ে (শ)। আত্মগতপ্রাচীনকর্ম্মবন্ধনবিনাশায় (রা)। সমত্বায় (বভ)।

'কায়েন' আসনাদিনা মনসা' ধ্যানাদিনা 'বুদ্ধ্যা' তত্ত্বনিশ্চয়াদিনা অভিনিবেশ-রহিতৈরিন্দ্রিয়ৈঃ' যোগিনঃ 'কর্ম্ম' 'সঙ্গং ত্যক্ত্বা আত্মনঃ শুদ্ধয়ে সমত্বায় কুর্ব্বন্তি' (বভ)।

(১২)

অন্বয়। যুক্তঃ কর্ম্মফলংত্যক্ত্বা নৈষ্ঠিকীং শান্তিং আপ্নোতি, অযুক্তঃ কামকারেণ ফলে সক্তঃ (সন্) নিবধ্যতে।

অনুবাদ। (কর্ম্ম). যোগী (বা কর্ম্মযোগারূঢ় ব্যক্তি) কর্ম্মফল ত্যাগ করিয়া ব্রহ্মনিষ্ঠাজনিতশান্তি প্রাপ্ত হন। অযুক্ত ফলকামনাযুক্ত কর্ম্ম করিয়া ফলে আসক্ত (ও) আবদ্ধ হন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সর্ব্বকর্ম্মাণি মনসা সংন্যস্যাস্তে সুখং বশী।
নবদ্বারে পুরে দেহী নৈব কুর্ব্বন্ন কারয়ন্॥১৩

(১২ শ্লোকের টীকা)

টীকা। ননু কথং তেনৈব কর্ম্মণা কশ্চিন্মুচ্যতে কশ্চিদ্বধ্যতে ইতি ব্যবস্থা অত আহ (শ্রী)। এবং চ যোগেন কর্ম্মকরণে মোক্ষং বিপরীতে বন্ধনং চাহ যুক্ত ইতি।

যুক্তঃ—ঈশ্বরায় কর্ম্মাণি করোমি ন মম ফলায়েতি এবং সমাহিতঃ সন্ (শ)। আত্মব্যতিরিক্তফলেষ্বচপলঃ আত্মৈকপ্রবণঃ (রা)। পরমেশ্বরনিষ্ঠঃ সন্ (শ্রী)। ঈশ্বরাজ্ঞায়াং নিরতঃ (ক)। 'ব্রহ্মণ্যাধায়' ইত্যাদিনা উক্তলক্ষণঃ (নী)। যোগী নিষ্কামকর্ম্মীত্যর্থঃ (বি)।

শান্তিং—মোক্ষাখ্যাং (শ)। নির্বৃতিং (রা)। আত্মাবলোকলক্ষণাং শান্তিম্ (ব)।

নৈষ্ঠিকীম্—নিষ্ঠায়াং ভবাং, সত্ত্বশুদ্ধিজ্ঞানপ্রাপ্তিসর্ব্বকর্ম্মসন্ন্যাসজ্ঞাননিষ্ঠা-ক্রমেণেতি বাক্যশেষঃ (শ)। স্থিরাত্মানুভবরূপাম্ (রা)। আত্যন্তিকীম্ (শ্রী)। সত্ত্বশুদ্ধ্যাদিক্রমপ্রাপ্তব্রহ্মনিষ্ঠাফলভূতাম্ (নী)। স্থিরাং নিষ্ঠাজনিতাং নতু 'নির্ব্বাণপরমাং' এইরূপ অর্থ গ্রহণ করা আমরা সঙ্গত মনে করি।

কামকারেণ—কামতঃ প্রবৃত্ত্যা (শ্রী)।

মন্তব্য

১১ ও ১২ এই দুই শ্লোকে 'যোগী' অর্থাৎ যোগসাধননিষ্ঠ এবং 'যুক্ত' অর্থাৎ যোগারূঢ় বা যোগসিদ্ধ উভয়ের বৈষম্য উল্লিখিত হইয়াছে।

(১৩)

অন্বয়। বশী দেহী মনসা সর্ব্বকর্ম্মাণি সংন্যস্য নবদ্বারে পুরে ন এব কুর্ব্বন্ ন (এব) কারয়ন্ সুখং আস্তে।

অনুবাদ। বশী (অর্থাৎ জিতেন্দ্রিয়) দেহী, মন দ্বারা সর্ব্ব (সকাম) কর্ম্ম সন্ন্যাস করিয়া (অর্থাৎ কর্ম্মাসক্তি ত্যাগ করিয়া) নবদ্বার বিশিষ্ট পুরে (অর্থাৎ মমতাশূন্য শরীরে) কোনও কর্ম্ম (আত্মকর্ত্তৃত্ববোধ সহকারে) না করিয়া এবং আমি কাহাকেও (কর্ম্ম) করাইতেছি মনে না করিয়া সুখে অবস্থান করেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

টীকা। সর্ব্বকর্ম্মাণি মনসা সংন্যস্য—নিত্যং নৈমিত্তিকং কাম্যং প্রতিষিদ্ধঞ্চ তানি সর্ব্বাণি কর্ম্মাণি মনসা বিবেকবুদ্ধ্যা কর্ম্মাদৌ অকর্ম্মসন্দর্শনেন সন্ত্যজ্য (পরিত্যজ্য) ইত্যর্থঃ (শ)। মনসা সর্ব্বকর্ম্মসন্ন্যাসেঽপি লোকসংগ্রহার্থং বহিঃ সর্ব্বং কর্ম্ম কর্ত্তব্যম্ ইতি প্রাপ্তং প্রত্যাহ নৈবেতি। তান্যেব সর্ব্বাণি কর্ম্মাণি পরিত্যজ্যানি বিশিনষ্টি নিত্যমিতি (আ)। দেহাকারেণ পরিণতায়াং প্রকৃতৌ কর্ত্তৃত্বসন্ন্যাস উচ্যতে (রা)। মনসেতি বিশেষণাৎ অভিমানত্যাগঃ (মা)। বিবেকবতা মনসা তাদৃশি প্রধানে সর্ব্বকর্ম্মাণি সন্ন্যস্যার্পয়িত্বা দেহাদিনা বহিস্তানি কুর্ব্বন্নপি (ব)। অতো যোগে মনসৈব কর্ম্মত্যাগো বাহ্যতঃ কর্ম্মকরণং চাভিপ্রেতম্ (বভ)। (পূর্ব্বগত দশ শ্লোকের টীকায় শ্রীঅরবিন্দকৃত ব্যাখ্যা দ্রষ্টব্য।)

সুখং—অনায়াসেন (ম)। নির্ব্বিকল্পসংবিন্মাত্ররূপেণ (নী)।

বশী—জিতেন্দ্রিয়ঃ (শ)। স্ববশীকৃতকার্য্যকরণসংঘাতঃ (ম)। লব্ধজ্ঞানো জীবঃ (ব)। 'স্থিতপ্রজ্ঞঃ' 'বশে হি যস্য ইন্দ্রিয়াণি' (২।৬১)। আত্মবশীভূতঃ (৬।২৬, ২৭)। স্বস্থঃ (১৪।২৪)।

নবদ্বারপুরে—নেত্রকর্ণনাসিকামুখপায়ূপস্থাত্মকনবদ্বারবতি দেহাত্মকে পুরে পুরবদহন্তাবর্জ্জিতে (ক)। শরীরাখ্যে (নী)।

দেহী—'দেহাদিসংঘাতব্যতিরিক্তাত্মদর্শিনঃ দেহ ইব দেহ আস ইতি প্রত্যয় উপপদ্যতে' (শ)। 'প্রারব্ধফলকর্ম্মসংস্কারশেষানুবৃত্ত্যা দেহ এব বিশেষবিজ্ঞানোৎপত্তে র্দেহ এবাস্ত ইত্যন্যেব বিশেষণফলং' (শ)। দেহভিন্নাত্মদর্শী (ম)। লব্ধজ্ঞানো জীবঃ (ব)।

নৈবকুর্ব্বন্ন কারয়ন্—ইদমহং করোমীত্যহঙ্কারাভাবাৎ স্বয়ং নৈব কুর্ব্বন্, অন্যত্র দেহপর্য্যন্তে মমকারাভাবান্নৈব কারয়ন্নাস্তেঽতো ন বধ্যতে ইতি ভাবঃ (ক)। দেহাদিবিবিক্তস্য আত্মনঃ কর্ম্মসু কর্ত্তৃত্বং কারয়িতৃত্বঞ্চ নাস্তি ইতি বিজানন্ (ব)। স্বয়ং নৈব কুর্ব্বন্ মনসা ত্যাগাৎ, ইন্দ্রিয়ৈরপি ন কারয়ন্নিতি সাংখ্যাদ্ভেদোঽপি সূচিতঃ (বভ)। 'ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেষু বর্ত্তন্ত ইতি ধারয়ন্' (৫।৯) 'গুণাগুণেষু বর্ত্তন্ত ইতি মত্বা ন সজ্জতে' (৩।২৮) এখানে স্মরণীয়।

মন্তব্য

'ইদানীং শুদ্ধচিত্তস্য সন্ন্যাসঃ শ্রেষ্ঠ ইত্যাহ' (শ্রী) 'অশুদ্ধচিত্তস্য কেবলাৎ সন্ন্যাসাৎ কর্ম্মযোগঃ শ্রেয়ানিতি পূর্ব্বোক্তং প্রপঞ্চ্য অধুনা শুদ্ধচিত্তস্য সর্ব্বকর্ম্ম-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন কর্ত্তৃত্বং ন কর্ম্মাণি লোকস্য সৃজতি প্রভুঃ।
ন কর্ম্মফলসংযোগং স্বভাবস্তু প্রবর্ত্ততে॥ ১৪

(১৩ শ্লোকের টীকা)

সন্ন্যাসী এব শ্রেয়ানিত্যাহ' (ম) ইহা মানিয়া লইলে ষষ্ঠ অধ্যায়োক্ত'যোগীর' বা যোগযুক্তের সহিত এই শ্লোকোক্ত 'বশীর' অবস্থা বা অধিকারভেদ স্বীকার এবং অশুদ্ধচিত্তের পক্ষে 'কর্ম্মযোগোবিশিষ্যতে' ইত্যাদি অতিরিক্ত কল্পনা এবং ৩।২৫,২৬ শ্লোকের উপদেশের বিরোধী কল্পনাও করিতে হয়। শ্রীভগবানের নিজের এবং জনকাদির দৃষ্টান্তও 'অবিদ্বান্' ও 'অশুদ্ধচিত্তের' পক্ষে প্রযোজ্য ধরিতে হয়। পক্ষান্তরে 'পুনঃ সন্ন্যাসশব্দার্থং স্পষ্টয়তি' (মা), 'যোগে মনসৈব কর্ম্মত্যাগো বাহ্যতঃ কর্ম্মকরণং চাভিপ্রেতং অন্যথা মিথ্যাচার ইতি তত্ত্বং স্পষ্টয়তি' (বভ), ' "অনাসক্তঃ কর্ম্মাণি কুর্ব্বন্নপি জ্ঞেয়ঃ স নিত্যসন্ন্যাসী" ইতি পূর্ব্বোক্তবৎ বস্তুতঃ সন্ন্যাসী এবোচ্যতে' (বি), এই শ্লোকের এমন অভিপ্রায় কল্পনা করিয়া 'পরমেশ্বরে' অধ্যাত্মচেতসা সর্ব্বাণি কর্ম্মাণি সংন্যস্য' সমর্প্য (৩।৩০) 'ব্রহ্মণ্যাধায় কর্ম্মাণি' (৫।১০) অর্থ গ্রহণ করিলে গীতার পূর্ব্বাপর উপদেশাবলীর সহিত সামঞ্জস্য রক্ষা করা যাইতে পারে। শাঙ্করভাষ্যেও যখন দেখিতে পাই 'দেহাদিসংঘাতব্যতিরিক্তাত্মদর্শিনো দেহ ইব দেহ আস ইতি প্রত্যয়ঃ সংভবতি' তখন সে প্রত্যয় থাকা পর্য্যন্ত কর্ম্মের উচ্ছেদ হইতে পারে না, বরং ইহা অফলপ্রসূ, লোকসংগ্রহার্থ কর্ম্মের অধিকারী ব্রহ্মভূত যোগীর বর্ণনাই বুঝিতে হয়।

২। দেহকে নবদ্বারপুররূপে এবং দেহীপরামাত্মাকে পুরবাসীরূপে কল্পনা ও বর্ণনা শ্বেতাশ্বতর উপনিষদেও দেখা যায়—

নবদ্বারে পুরে দেহী হংসো লেলায়তে বহিঃ।
বশী সর্ব্বস্য লোকস্য স্থাবরস্য চরস্য চ। (৩।১৮)

(১৪)

অন্বয়। প্রভুঃ লোকস্য ন কর্ত্তৃত্বং ন কর্ম্মাণি ন কর্ম্মফলসংযোগং সৃজতি, স্বভাবঃ তু প্রবর্ত্ততে।

অনুবাদ। প্রভু (আত্মা) কাহারও না কর্ত্তৃত্ব, না কর্ম্ম, না কর্ম্মফলসংযোগ (অর্থাৎ কোনটিই সৃজন) করেন না। স্বভাব (আত্মাধিকৃত প্রকৃতি বা পূর্ব্বকর্ম্মসংস্কারজনিত দেহাকার প্রকৃতি) কর্ম্মানুষ্ঠানে প্রবৃত্ত হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

টীকা। ননূক্তলক্ষণো বিবেকী কর্ম্মভির্ন-বধ্যতে অজ্ঞস্তু কামকারেণ শুভাশুভ কর্ম্মভির্বধ্যতে ইত্যুক্তং তত্র কস্য বা গুণঃ কস্য বা দোষঃ? প্রয়োজক-কর্ত্তুঃ পরমেশ্বরস্য কিং? ন কর্তৃত্বমিতি। (ক)

প্রভুঃ—আত্মা (শ)। অকর্ম্মবশ্যঃ স্বাভাবিকস্বরূপেণাবস্থিত আত্মা (রা)। ঈশ্বরঃ (শ্রী)। দেহেন্দ্রিয়াণাং স্বামী জীবঃ (ব)। "The all-pervading (impersonal) Lord". (A)।

লোকস্য—জীবলোকস্য (শ্রী)। দেহাদেঃ (ম)। জনস্য (ক)। প্রাকৃতশরীরাভিমানিনঃ (বভ)।

কর্ম্মফলসংযোগং—কর্ম্মণা সহ তৎফলসম্বন্ধম্।

স্বভাবঃ—স্বোভাবঃ স্বভাবোঽবিদ্যালক্ষণা প্রকৃতিঃ মায়া দৈবীহীত্যাদিনা বক্ষ্যমাণা (শ)। প্রকৃতির্বাসনা, অনাদিকালপ্রবৃত্তপূর্ব্বকর্ম্মজনিতদেহাদ্যাকার-প্রকৃতিসংসর্গকৃততত্তদাত্মাভিমানজনিতবাসনাকৃতমীদৃশং কর্ত্তৃত্বাদিকং ন স্বরূপ-প্রযুক্তম্ (রা)। স্বভাবো লোকনিষ্ঠঃ (বভ) (৮।৩ শ্লোক দ্রষ্টব্য)। "The nature of man, swabhaba, his principle of self-becoming as the word literally means.*

"এই দুই শ্লোকের তত্ত্ব আসলে সাংখ্যশাস্ত্রের"। "সাংখ্যবাদী সমগ্র কর্ত্তৃত্ব প্রকৃতির বলেন এবং আত্মা উদাসীন বলেন, কিন্তু দ্বৈতবাদী বেদান্তী ইহার পর আগাইয়া স্বীকার করেন যে এই দু'য়েরই মূলে এক নির্গুণ পরমেশ্বর এবং তিনি উদাসীন অকর্ত্তা এবং সমস্ত কর্ত্তৃত্ব মায়ার (অর্থাৎ প্রকৃতির)" (তিলক: 'গীতা রহস্য' ৭০৫)।

মন্তব্য

এই শ্লোকে বলা হইতেছে 'কর্ত্তৃত্ব,' 'কর্ম্ম,' 'কর্ম্মফল' কাহার সৃষ্টি। গীতা বলিতেছেন এই সকল আত্মার অর্থাৎ পরমাত্মার সৃষ্টি নহে পরন্তু 'স্বভাবের'। স্বভাব কাহাকে বলে? অষ্টম অধ্যায়ের মুখ-বন্ধে সেই প্রশ্নের উত্তরে শ্রীভগবান্ বলিবেন 'স্বভাবোঽধ্যাত্মমুচ্যতে'—আত্মাধিকৃত প্রকৃতিকে স্বভাব বলে (৮।৩ শ্লোক) অর্থাৎ কর্ম্মসংস্কারগঠিত জীবদেহগত প্রকৃতি।

---

* Essays on the Gita (First Series) by Shri Aurobindo Ghose, p. 270

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নাদত্তে কস্যচিৎ পাপং ন চৈব সুকৃতং বিভুঃ।
অজ্ঞানেনাবৃতং জ্ঞানং তেন মুহ্যন্তি জন্তবঃ॥ ১৫

জ্ঞানেন তু তদজ্ঞানং যেষাং নাশিতমাত্মনঃ।
তেষামাদিত্যবজ্ জ্ঞানং প্রকাশয়তি তৎপরম্॥ ১৬

(১৫)

অন্বয়। বিভুঃ কস্যচিৎ ন পাপং ন চ সুকৃতং এব আদত্তে, অজ্ঞানেন জ্ঞানং আবৃতং তেন (হেতুনা) জন্তবঃ মুহ্যন্তি।

অনুবাদ। পরমেশ্বর কাহারও পাপ এবং পুণ্যও গ্রহণ করেন না। অজ্ঞানের দ্বারা জ্ঞান আবৃত সেইজন্য জন্তুগণ মোহপ্রাপ্ত হয়।

নাদত্তে—ন গৃহ্লাতি (শ)। পরমার্থতো জীবস্য কর্ত্তৃত্বাভাবাৎ পরমেশ্বরস্য কারয়িতৃত্বাভাবাৎ (ম)। **বিভুঃ**—পরমেশ্বরঃ (ম)।

জন্তবঃ—জীবাঃ (শ্রী)। জননশীলাঃ সংসারিণঃ (ম)।

অজ্ঞানেন—মায়াখ্যেন (ম)। অবিদ্যয়া (বি)।

(১৬)

অন্বয়। তু আত্মনঃ জ্ঞানেন যেষাং তৎ অজ্ঞানং নাশিতং তেষাং জ্ঞানম্ আদিত্যবৎ তৎপরম্ প্রকাশয়তি।

অনুবাদ। কিন্তু আত্মজ্ঞানদ্বারা যাঁহাদের সেই অজ্ঞান বিনষ্ট হইয়াছে তাঁহাদের জ্ঞান সূর্য্যবৎ সেই পর (ব্রহ্ম) কে প্রকাশ করে।

টীকা। কুতঃ সংসারনিবৃত্তিরিতি তত্রাহ জ্ঞানেনেতি (আ)। 'সর্ব্বং জ্ঞানপ্লবেনৈব বৃজিনং সন্তরিষ্যসি" "জ্ঞানাগ্নিঃ সর্ব্বকর্ম্মাণি ভস্মসাৎ কুরুতে তথা" তথা "নহি জ্ঞানেন সদৃশংপবিত্রমিহ বিদ্যতে" ইতি পূর্ব্বোক্তং স্বকালে সঙ্গময়তি জ্ঞানেনেতি (রা)। ভগবৎপ্রদত্তাত্মবিদ্যাবন্তস্তু ন মুহ্যন্তি ইত্যাহ জ্ঞানেনেতি (বভ)।

তেষাং—জন্তূনাম্ (শ)। তেষামাদিত্যবজ্ জ্ঞানমিতি বিনষ্টাজ্ঞানানাং বহুত্বাভিধানাদাত্মস্বরূপবহুত্বং 'ন ত্বেবাহং জাতু নাসং নত্বং নেমে' ইত্যুপক্রমাবগত-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তদ্বুদ্ধয়স্তদাত্মানস্তন্নিষ্ঠাস্তৎপরায়ণাঃ।
গচ্ছন্ত্যপুনরাবৃত্তিং জ্ঞাননির্দ্ধূতকল্মষাঃ ॥১৭

(১৬ শ্লোকের টীকা)

মত্র স্পষ্টতরমুক্তং, ন চেদং বহুত্বমুপাধিকৃতং বিনষ্টাজ্ঞানানামুপাধিগন্ধাভাবাৎ (রা)। যেষামিতিবহুবচনেনানিয়মো দর্শিতঃ (ম)।

তৎপরম্—পরমার্থতত্ত্বম্ (শ)। পরিপূর্ণমীশ্বরস্বরূপম্ (শ্রী)। সত্য-জ্ঞানানন্তানন্দরূপমেকমেবাদ্বিতীয়ং পরমাত্মতত্ত্বম্ (ম)। "The Soul supreme above the instruments of nature"*

জ্ঞানং—ব্রহ্মজ্ঞানম্ (ম)। "The Knowledge of which the Gita speaks is not an intellectual activity of the mind; it is a luminous growth into the highest state of being by the out-shining of the light of the Divine sun of Truth......of which the Rigveda speaks '*satyam suryam tamasi kshiyantam*' " †

(১৭)

অন্বয়। তদ্বুদ্ধয়ঃ তদাত্মানঃ তন্নিষ্ঠাঃ তৎপরায়ণাঃ জ্ঞাননির্দ্ধূতকল্মষাঃ (সন্তঃ) অপুনরাবৃত্তিং গচ্ছন্তি।

অনুবাদ। তাঁহাতেই যাঁহাদের বুদ্ধি সমর্পিত (এবং) তাঁহাতেই যাঁহাদের আত্মা সমাহিত (অর্থাৎ পরব্রহ্মের সহিত যাঁহারা একাত্মতা লাভ করিয়াছেন) তাঁহাতেই যাঁহাদের নিষ্ঠা (অবস্থিতি বা অভিনিবেশ) তিনিই যাঁহাদের পরমাগতি তাঁহারা জ্ঞানদ্বারা নিষ্পাপ হইয়া অপুনরাবৃত্তি (অর্থাৎ মুক্তি) প্রাপ্ত হন।

টীকা। এবম্ভূতেশ্বরোপাসকানাং ফলমাহ (শ্রী)। মুক্তিপ্রাপক জ্ঞানলাভ কাহারা করেন?

তদ্বুদ্ধয়ঃ—তস্মিন্ পরমাত্মনি গতা বুদ্ধিঃ যেষাং তে (শে)। জ্ঞানেন পরমাত্মতত্ত্বপ্রকাশে সতি তস্মিন্ জ্ঞানপ্রকাশিতে পরমাত্মতত্ত্বে সচ্চিদানন্দ-

* Essays on the Gita (first series) by Sri Aurobindo Ghosh p. 270

† Ibid p. 294.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঘন এব·······পর্য্যবসিতা বুদ্ধিরন্তঃকরণবৃত্তিঃ সাক্ষাৎকারলক্ষণা যেষাং তে তদ্বুদ্ধয়ঃ (ম)।

তদাত্মনঃ—তদেব পরং ব্রহ্ম আত্মা যেষাং তে (শ)। তদ্বিষয়মনসঃ (রা)। তস্মিন্নেব আত্মা প্রযত্নো যেষাং তে (শ্রী)। তদেব আত্মা প্রত্যকৃতত্ত্বং যেষাং তে (নী)।

তন্নিষ্ঠাঃ—নিষ্ঠা অভিনিবেশস্তাৎপর্য্যং সর্ব্বাণি কর্ম্মাণি সন্ন্যস্য ব্রহ্মণ্যেবাবস্থানং যেষাং তে (শ ও হ)। তদভ্যাসনিরতাঃ (রা)। 'তত্রৈব নিষ্ঠা বিজাতীয়বৃত্ত্যনন্তরিতসজাতীয়বৃত্তিপ্রবাহো যেষাং তে' (নী)। তদেকনিষ্ঠাঃ (বি)।

তৎপরায়ণাঃ—তদেব পরায়ণং পরাগতির্যেষাং ভবতি তে, কেবলাত্মরতয়ঃ (শ)। তদেব পরময়নমাশ্রয়ো যেষাম্ তে (শ্রী)।

অপুনরাবৃত্তিং গচ্ছন্তি—পুনঃ দেহসম্বন্ধং ন গৃহ্নন্তি (শ)। মুক্তিং লভন্তে (শ)।

জ্ঞাননির্দ্ধূতকল্মষাঃ—জ্ঞানেন নির্দ্ধূতং নাশিতং কল্মষং পাপাদিসংসারকারণদোষঃ যেষাংতে (শ)। অত্র তদ্বুদ্ধয় ইত্যনেন সাক্ষাৎকার উক্তঃ, তদাত্মান ইত্যাত্মাভিমানরূপবিপরীতভাবনানিবৃত্তিফলকো নিদিধ্যাসনপরিপাকঃ, তন্নিষ্ঠা ইত্যনেন সর্ব্বকর্ম্মসন্ন্যাসপূর্ব্বকো····বেদান্তবিচার ঃ শ্রবণমননপরিপাকরূপঃ, তৎপরায়ণা ইত্যনেন বৈরাগ্যপ্রকর্ষ ইত্যুত্তরোত্তরস্য পূর্ব্বপূর্ব্বহেতুত্বং দ্রষ্টব্যম্ (ম)।

তাৎপর্য্য

তৎপদবাচ্য ব্রহ্মজ্ঞানের ফল, অজ্ঞাননাশ, পাপহানি, অপুনরাবৃত্তি বা মোক্ষপ্রাপ্তি। সেই জ্ঞান কি উপায়ে লাভ হয়? চতুর্থ অধ্যায়ের উপদেশ অনুসারে সাধক পক্ষে "প্রণিপাতেন, পরিপ্রশ্নেন, সেবয়া" (৪।৩৪)। সিদ্ধি লাভ হয় কিরূপে? তৎ স্বয়ং যোগসংসিদ্ধঃ আত্মনি বিন্দতি" (৪।৩৮)। সে জ্ঞানের অধিকারী কে? "শ্রদ্ধাবান্ লভতে জ্ঞানং তৎপরঃ সংযতেন্দ্রিয়ঃ" (৪।৩৯)। সে জ্ঞান কি অবস্থায় লাভ হয় তাহাই বর্ত্তমান শ্লোকে বর্ণিত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিদ্যাবিনয়সম্পন্নে ব্রাহ্মণে গবি হস্তিনি।
শুনি চৈব শ্বপাকে চ পণ্ডিতাঃ সমদর্শিনঃ ॥১৮

ইহৈব তৈর্জ্জিতঃ সর্গো যেষাং সাম্যে স্থিতং মনঃ।
নির্দ্দোষং হি সমং ব্রহ্ম তস্মাদ্ ব্রহ্মণি তে স্থিতাঃ ॥১৯

(১৮)

অন্বয়। পণ্ডিতাঃ বিদ্যাবিনয়সম্পন্নে ব্রাহ্মণে গবি হস্তিনি শুনি শ্বপাকে চ এব সমদর্শিনঃ (ভবন্তি)।

অনুবাদ। পণ্ডিতগণ বিদ্যাবিনয় সম্পন্ন ব্রাহ্মণ, গো, হস্তী, কুক্কুর এবং অত্যন্ত অধম ব্যক্তিতেও সমদর্শী হইয়া থাকেন।

টীকা। কীদৃশাস্তে জ্ঞানিনো যেঽপুনরাবৃত্তিং মুক্তিং গচ্ছন্তীত্যপেক্ষায়ামাহ বিদ্যেতি (শ্রী)। দেহপাতাদূর্দ্ধং বিদেহকৈবল্যরূপং জ্ঞানফলমুক্ত্বা প্রারব্ধ-কর্ম্মবশাৎ সত্যপি দেহে জীবন্মুক্তিরূপং তৎফলমাহ (ম)।

বিদ্যা--বেদার্থপরিজ্ঞানং ব্রহ্মবিদ্যা বা (ম)। **বিনয়ঃ**—নিরহঙ্কারত্বং (ম)।

বিদ্যাবিনয়সম্পন্নে—ব্রহ্মবিদি বিনীতে চ ব্রাহ্মণে (ম)।

শ্বপাকে চ—অত্যন্ততামসে সর্ব্বাধমেঽপি (ম)।

(১৯)

অন্বয়। যেষাং মনঃ সাম্যে স্থিতং তৈঃ ইহৈব সর্গঃ জিতঃ, হি ব্রহ্ম নির্দ্দোষং সমং তস্মাৎ তে ব্রহ্মণি স্থিতাঃ।

অনুবাদ। যাঁহাদের মন সাম্যে অবস্থিত এইস্থানেই (বা ইহ কালেই) তাঁহারা সংসার (পুনর্জ্জন্ম) জয় করেন, যে হেতু ব্রহ্ম নির্দ্দোষ সম (সম্যক্ সাম্যভাবাপন্ন) সেই হেতু তাঁহারা (অর্থাৎ যাঁহারা সমত্বলাভ করিয়াছেন) ব্রহ্মেই স্থিতিলাভ করেন।

টীকা। যেষাং মনঃ সাম্যে স্থিতং তে ব্রহ্মণি স্থিতাএব। ব্রহ্মণি স্থিতি র্হি সংসারজয়ঃ (ক)। যদি মনোঽপি নিরোধে সমং স্যাত্তদা ব্রহ্মৈব তাদাত্ম্যাৎ সিদ্ধ্যসিদ্ধ্যোঃসমত্বং, সমত্বং যোগ ইত্যুক্তত্বাৎ (বভ)। ১৯।২০।২১ শ্লোকে ব্রাহ্মীস্থিতির ও জীবন্মুক্তের বর্ণনা করা হইয়াছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন প্রহৃষ্যেৎ প্রিয়ং প্রাপ্য নোদ্বিজেৎ প্রাপ্য চাপ্রিয়ম্।
স্থিরবুদ্ধিরসংমূঢ়ো ব্রহ্মবিদ্ ব্রহ্মণি স্থিতঃ ॥ ২০

(১৯ শ্লোকের টীকা)

ইহৈব—জীবনদশায়ামেব (ম)। জীবদ্ভিরেব (শ্রী)।

সর্গঃ—জন্ম (শ)। সৃজ্যতে ইতি সর্গঃ সংসারঃ (শ্রী)।

জিতঃ—বশীকৃতঃ (শ)। নিরস্তঃ (শ্রী)।

নির্দ্দোষং—নির্গুণত্বাৎ (শ)। প্রকৃতিসংসর্গদোষবিমুক্ততয়া (রা)। সর্ব্ববিকারশূন্যম্ (ম)।

সমং—কূটস্থং নিত্যমেকম্ চ (ম)।

তস্মাৎ—দেহাদিসংঘাতাত্মদর্শনাভিমানাভাবাৎ (শ)।

ব্রহ্মণি স্থিতাঃ—ব্রহ্মভাবংপ্রাপ্তাঃ (শ্রী)। ব্রহ্মণিস্থিতির্হি সংসারজয়ঃ (ক)। এতেন বিষমাকারদর্শিনামেব সংসারধর্ম্মভাগিত্বং, নতু ব্রহ্মভূতাত্মস্বরূপদর্শিনামিতি সমাধানমুক্তম্ (ক)।

(২০)

অন্বয়। স্থিরবুদ্ধিঃ অসংমূঢ়ঃ ব্রহ্মবিৎ ব্রহ্মণি স্থিতঃ (সন্) প্রিয়ং প্রাপ্য ন প্রহৃষ্যেৎ অপ্রিয়ং চ প্রাপ্য ন উদ্বিজেৎ।

অনুবাদ। বুদ্ধিস্থৈর্য্যপ্রাপ্ত সর্ব্বমোহমুক্ত ব্রহ্মজ্ঞানী ব্রহ্মে স্থিতি লাভ করিয়া ইষ্ট লাভে আনন্দিত, অনিষ্ট লাভে বিষন্ন, হন না।

টীকা। দেহমাত্রাত্মদর্শিনাং হি প্রিয়াপ্রিয়প্রাপ্তী হর্ষবিষাদৌ কুর্ব্বাতে ন কেবলাত্মদর্শিনঃ, তস্য প্রিয়াপ্রিয়প্রাপ্ত্যসম্ভবাৎ (শ)। যেন প্রকারেণাবস্থিতস্য কর্ম্মযোগিনঃ সমদর্শনরূপো জ্ঞানবিপাকো ভবতি তং প্রকারমুপদিশতি ন প্রহৃষ্যেদিতি (রা)। ব্রহ্মপ্রাপ্তস্য (ব্রহ্মণি স্থিতস্য—ব) লক্ষণমাহ নেতি (শ্রী)। 'তাদৃশস্য' (ব্রহ্মণিস্থিতস্য) পরমানন্দাবাপ্তিগমকং লক্ষণমাহ দ্বাভ্যাং ন প্রহৃষ্যেদিতি (বভ)। "the Gita after speaking of the perfect equality of the Brahman knower who has risen into the Brahman conciousness develops in nine verses that follow its ideas of the Brahmayoga and of 'Nirvan' in the Brahman".*

* Essays on the Gita (first series) by Shri Aurobindo Ghose, pp. 344-45.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাহ্যস্পর্শেষ্বসক্তাত্মা বিন্দত্যাত্মনি যৎ সুখম্।
স ব্রহ্মযোগযুক্তাত্মা সুখমক্ষয়মশ্নুতে ॥*২১

(২০ শ্লোকের টীকা)

প্রহৃষ্যেৎ—হর্ষং কুর্য্যাৎ (শ)। **নোদ্বিজেৎ**—ন বিষীদতি (শ্রী)।

স্থিরবুদ্ধিঃ—স্থিরা নিশ্চলা (স্বাত্মনি—ব) বুদ্ধির্যস্য সঃ (শ্রী)। স্থিতপ্রজ্ঞঃ।

অসংমূঢ়ঃ—সংমোহবর্জ্জিতঃ (শ)। ধ্যানজসাক্ষাৎকারেণ নির্গতমোহঃ (নী)।

ব্রহ্মবিৎ—ব্রহ্মসাক্ষাৎকারবান্ (ম)।

ব্রহ্মণি স্থিতঃ—সমাধিপরিপাকেণ ব্রহ্মণ্যেব স্থিতঃ (ম)। বুত্থানাবস্থায়ামপি (নী)।

তাৎপর্য্য

নিদিধ্যাসনস্য বিজাতীয়প্রত্যয়ানন্তরিতসজাতীয়প্রত্যয়প্রবাহস্য পরিপাকেণ বিপরীতভাবনাখ্যসংমোহরহিতঃ ততঃ সর্ব্বপ্রতিবন্ধাপগমাৎ ব্রহ্মবিৎ ব্রহ্ম-সাক্ষাৎকারবান্ ততশ্চ সমাধিপরিপাকেণ নির্দ্দোষে সমে ব্রহ্মণ্যেব স্থিতো নান্যত্রেতি ব্রহ্মণি স্থিতো জীবন্মুক্ত ইত্যর্থঃ (ম)।

(২১)

অন্বয়। বাহ্যস্পর্শেষু অসক্তাত্মা আত্মনি যৎ সুখং বিন্দতি স ব্রহ্মযোগ-যুক্তাত্মা (সন্) অক্ষয়ং (তৎ) সুখম্ অশ্নুতে।

অনুবাদ। বাহ্যবিষয়ে অনাসক্তচিত্ত (ব্যক্তি) অন্তঃকরণে যে সুখ লাভ করেন, তিনি ব্রহ্মে (সমাধি যোগদ্বারা) যুক্তাত্মা (হইয়া সেই) সুখ অক্ষয়রূপে লাভ করেন।

টীকা। **বাহ্যস্পর্শেষু**—বাহ্যেন্দ্রিয়বিষয়েষু (শ্রী)।

সুখং অক্ষয়ম্ অশ্নুতে—যতঃ নৈনং প্রাপ্য বিমুহ্যতি (২।৭২) যোগী মূলাবিদ্যায়া নষ্টত্বাদক্ষয্যং সুখম্ অশ্নুতে (নী)।

তাৎপর্য্য

এবমুক্তেন প্রকারেণ বাহ্যস্পর্শেষ্বাত্মব্যতিরিক্তবিষয়ানুভবেষু অসক্তমনা অন্তরাত্মন্যেব যঃ সুখং বিন্দতি লভতে, স প্রকৃত্যভ্যাসং বিহায় ব্রহ্মযোগযুক্তাত্মা ব্রহ্মাভ্যাসযুক্তমনা ব্রহ্মানুভবরূপমক্ষয়ং নিবৃত্তিসুখং প্রাপ্নোতি (রা)।

---

* সুখমক্ষয্যমশ্নুতে ইতি পাঠান্তরম্।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে হি সংস্পর্শজা ভোগা দুঃখযোনয় এব তে।
আদ্যন্তবন্তঃ কৌন্তেয়! ন তেষু রমতে বুধঃ॥ ২২

(২২)

অন্বয়। কৌন্তেয়! সংস্পর্শজাঃ যে ভোগাঃ তে হি দুঃখযোনয়ঃ এব আদ্যন্তবন্তঃ (চ), বুধঃ তেষু ন রমতে।

অনুবাদ। কুন্তিনন্দন! বিষয়েন্দ্রিয়সংস্পর্শজনিত যে সকল ভোগ তাহারা দুঃখেরই কারণ (এবং) আদিঅন্তযুক্ত, পণ্ডিত ব্যক্তি তাহাতে অনুরক্ত হন না।

টীকা। বাহ্যবিষয়ান্তাসক্তিরেব কথংস্যাদিত্যাশঙ্ক্য তেষু দোষদর্শনাদিত্যাহ (ক)।

সংস্পর্শজাঃ—বিষয়েন্দ্রিয়সংস্পর্শেভ্যঃ জাতাঃ (শ)।

দুঃখযোনয়ঃ—অবিদ্যাকৃতত্বাৎ, দৃশ্যন্তে হ্যাধ্যাত্মিকাদীনি দুঃখানি তন্নিমিত্তানি (শ)। স্পর্দ্ধাসূয়াদিব্যাপ্তত্বাদ্দুঃখস্যৈব যোনয়ঃ কারণভূতাঃ (শ্রী)। দুঃখহেতবঃ (ম)।

আদ্যন্তবন্তঃ—অনিত্যাঃ (শ)। আগমাপায়িনঃ (২।৪১)।

মন্তব্য

শ্রীমন্মধুসূদন সরস্বতী এই শ্লোকের ব্যাখ্যাকল্পে ইহার সহিত পাতঞ্জল যোগ শাস্ত্রের সাধন পাদের ১৫ সংখ্যক 'পরিণামতাপসংস্কারদুঃখৈর্গুণবৃত্তিবিরোধাচ্চ দুঃখমেব সর্ব্বং বিবেকিনঃ' সূত্রের তুলনা করিয়া যোগশাস্ত্রোল্লিখিত 'অবিদ্যাস্মিতারাগদ্বেষাভিনিবেশ' রূপ পঞ্চক্লেশতত্ত্ব এবং মূলীভূত ক্লেশ 'অবিদ্যা' বর্ত্তমান থাকিলে 'তদ্বিপাকোজাত্যায়ুর্ভোগাঃ' যে অবশ্যম্ভাবী তাহা সবিস্তারে বুঝাইয়াছেন। যোগশাস্ত্র বলিয়াছেন "ধ্যানহেয়াস্তদবৃত্তয়ঃ" (সা ১১ সূ) অর্থাৎ পঞ্চবিধ ক্লেশের বহুবিধ যে বৃত্তি বা বিকাশ ধ্যানের দ্বারা তাহার নিবৃত্তি বা বিলয় সাধন করিতে হইবে। গীতাও আগামী অধ্যায়ে সেই জন্য ধ্যানযোগের অবতারণা করিবেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শক্নোতীহৈব যঃ সোঢ়ুং প্রাক্ শরীরবিমোক্ষণাৎ।
কামক্রোধোদ্ভবং বেগং সঃ যুক্ত স সুখী নরঃ॥ ২৩

যোহন্তঃসুখোহন্তরারামস্তথান্তর্জ্যোতিরেব যঃ।
স যোগী ব্রহ্মনির্ব্বাণং ব্রহ্মভূতোহধিগচ্ছতি॥২৪

(২৩)

অন্বয়। যঃ শরীরবিমোক্ষণাৎ প্রাক্ ইহৈব কামক্রোধোদ্ভবং বেগং সোঢ়ুং শক্নোতি সঃ নরঃ যুক্তঃ সঃ সুখী চ।

অনুবাদ। যিনি দেহপাতের পূর্ব্বে জীবিত কালেই কামক্রোধজনিত বেগ সহ্য করিতে পারেন (অর্থাৎ কাম ক্রোধের দ্বারা বিচলিত হন না) তিনি (যোগ) যুক্ত এবং তিনিই সুখী।

টীকা। এবং অক্ষয়সুখহেতুশুদ্ধাত্মনিষ্ঠায়া দৃঢ়ীকরণায় বিষয়সুখস্য দুঃখহেতুত্বমভিধায় ..পূর্ব্বোক্তমপি শ্রেয়োমার্গে প্রধানপ্রতিপক্ষং স্মৃত্বা তন্নিবারণায় পুনঃ নির্দিশতি (ক)।

সোঢ়ুং—নিরোদ্ধুম্ (ব)।

প্রাক্‌শরীরবিমোক্ষণাৎ—আমরণাৎ (শ)। প্রাগ্‌দেহপাতাৎ...মরণাৎ প্রাগপি (শ্রী)।

ইহৈব—জীবন্নেব (শ)। সাধনদশায়ামেব। (রা)।

"A perfect spiritual freedom is to be won here upon the earth and possessed and enjoyed in the human life."(A.E—G.I.P. 345)

(২৪)

অন্বয়। যঃ অন্তঃসুখঃ অন্তরারামঃ, তথা যঃ অন্তর্জোতিঃ স এব যোগী ব্রহ্মভূতঃ (সন্) ব্রহ্মনির্ব্বাণম্ অধিগচ্ছতি।

অনুবাদ। যিনি আত্মাতেই সুখী, আত্মাতেই যাঁহার ক্রীড়া এবং আত্মা যাঁহার প্রকাশমান সেই যোগী ব্রহ্মভূত (হইয়া অর্থাৎ ব্রহ্মত্ব লাভ করিয়া) ব্রহ্মনির্ব্বাণ প্রাপ্ত হন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

টীকা। ন কেবলং কামক্রোধবেগসহনমাত্রেণ মোক্ষপ্রাপ্তিরপিতু যোঽন্তরিতি (বভ)। অথ কামক্রোধবেগসহনানন্তরমাত্মসাক্ষাৎকারং প্রতি যদন্তরঙ্গসাধনং তদাহ য ইতি (ক)। কোঽসৌ যোগী যো মুখ্যঃ সুখীত্যুক্তং তত্রাহ য ইতি (নী)।

অন্তঃসুখঃ—আত্মানুভবৈকসুখঃ (রা) বাহ্যবিষয়নিরপেক্ষমেব সুখং যস্য সঃ বাহ্যবিষয়সুখশূন্যঃ (ম)।

আরামঃ—ক্রীড়া (শ)। **অন্তরারামঃ**—আত্মরতিঃ।

জ্যোতিঃ—প্রকাশঃ (শ)। দৃষ্টিঃ (শ্রী)। **অন্তর্জ্যোতিঃ**-অন্তরাত্মৈব জ্যোতিঃ প্রকাশঃ যস্য সঃ (শ)। আত্মৈকজ্ঞানঃ (রা)।

ব্রহ্মভূতঃ—জীবন্নেব ব্রহ্মভূতঃ সন্ (শ)। জীবন্নেব ব্রহ্মদর্শনেন ব্রহ্মভাবং গতঃ (নী)। জীবন্মুক্তঃ (বভ)। মায়াদোষশূন্যঃ (ক)। লব্ধশুদ্ধজৈবস্বরূপঃ (ব)। (গীতার ও অন্যান্য উপনিষদের মতে ইহা ব্রহ্মনির্ব্বাণ প্রাপ্তির পূর্ব্বাবস্থা)।

ব্রহ্মনির্ব্বাণং অধিগচ্ছতি—ব্রহ্মণি নির্বৃতিং মোক্ষং....প্রাপ্নোতি (শ)। ব্রহ্মৈব সন্ ব্রহ্মনিলয়ং প্রাপ্নোতি (শ্রী)। ব্রহ্মাপ্যেতি ইতি শ্রুতেঃ (ম) "সংসারস্য লয়ো মুক্তৌ ন প্রপঞ্চস্য কর্হিচিৎ" (বভ)।

"It is not the Buddhist's Nirvana in a blissful negation of being, but the Vadantic loss of a partial in a perfect being." *

"Here very clearly Nirvana means the extinction of the ego in the higher spiritual inner self" *

(ব্রহ্মভূত হইবার যোগ্যতা, ব্রহ্মভূতের অবস্থা ও ব্রহ্মভূতের অধিকার সম্বন্ধে ১৮।৫৩, ৫৪, ৫৫ শ্লোক দ্রষ্টব্য)।

---

* Essays on the Gita (first series) by Shri Aurobindo Ghose. pp. 341, 345.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

লভন্তে ব্রহ্মনির্ব্বাণমৃষয়ঃ ক্ষীণকল্মষাঃ।
ছিন্নদ্বৈধা যতাত্মানঃ সর্ব্বভূতহিতে রতাঃ ॥ ২৫

(২৫)

অন্বয়। ক্ষীণকল্মষাঃ ছিন্নদ্বৈধাঃ যতাত্মানঃ সর্ব্বভূতহিতে রতাঃ ঋষয়ঃ ব্রহ্ম-নির্ব্বাণং লভন্তে।

অনুবাদ। বিগতপাপ সংশয়রহিত জিতেন্দ্রিয় সর্ব্বভূতহিতে রত ঋষিগণ ব্রহ্মনির্ব্বাণ লাভ করেন।

টীকা। তত্র সত্যমাচরণং প্রমাণয়তি (বভ)।

ব্রহ্মনির্ব্বাণং—মোক্ষং (শ)। অন্তকালে বিদেহমুক্তিং (গীতা ২।৭২ শ্লোক)।

ঋষয়ঃ—সম্যগ্দর্শিনঃ (শ) দ্রষ্টারঃ (ব)। ক্ষীণকল্মষাঃ—ক্ষীণপাপাদি-দোষাঃ (শ)।

ছিন্নদ্বৈধাঃ—বিনষ্টসংশয়াঃ (ব)। শীতোষ্ণাদিদ্বন্দ্বৈর্বিমুক্তাঃ (রা)।

যতাত্মানঃ—সংযতেন্দ্রিয়াঃ (শ)। আত্মন্যেব নিয়মিতমনসঃ (রা)।

মন্তব্য

তাহা হইলে গীতার মতে সর্ব্বভূতহিতকর কার্য্য করিয়াও ব্রহ্মনির্ব্বাণ লাভ হয়। এতদ্বিধ কর্ম্ম ব্রহ্মনির্ব্বাণ বা বিদেহ মুক্তি লাভের অন্তরায় নহে পরন্তু জীবন্মুক্ত অবস্থার কর্ম্ম। 'আত্মক্রীড়' 'আত্মরতি' বরিষ্ঠ ব্রহ্মবিদেরও যে ক্রিয়াবান্ হইবার বাধা নাই শ্রুতিতেও তাহা দেখিতে পাই,—

প্রাণোহ্যেষ যঃ সর্ব্বভূতৈর্বিভাতি
বিজানন্ বিদ্বান্ ভবতে নাতিবাদী।
আত্মক্রীড় আত্মরতিঃ ক্রিয়াবান্
এষ ব্রহ্মবিদাং বরিষ্ঠঃ ॥ (মুণ্ডক ৩।১।৪)

"The Nirvana is clearly compatible with world consciousness and with action in the world. The sages who possess it are......occupied with the good of all creatures" *

* Essays on the Gita (first series) *by* Shri Aurobindo Ghose, Pp. 346-47.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কামক্রোধবিমুক্তানাং যতীনাং যতচেতসাম্।
অভিতো ব্রহ্মনির্ব্বাণং বর্ত্ততে বিদিতাত্মনাম্ ॥ ২৬

(২৬)

অন্বয়। কামক্রোধবিমুক্তানাং যতচেতসাং বিদিতাত্মনাং যতীনাং অভিতঃ ব্রহ্মনির্ব্বাণং বর্ত্ততে।

অনুবাদ। কামক্রোধশূন্য সংযতচিত্ত (ধ্যানধারণাসমাধিসম্পন্ন) আত্মজ্ঞান-বিশিষ্ট যতিগণের উভয় ক্ষেত্রেই (অর্থাৎ জীবদ্দশায় এবং দেহান্তে) ব্রহ্মনির্ব্বাণ (অর্থাৎ মোক্ষপ্রাপ্তি) হইয়া থাকে। (অথবা ব্রহ্মনির্ব্বাণ বা বিদেহমুক্তি অতিসুলভ বা অত্যাসন্ন হইয়া থাকে)।

টীকা। ননু দর্শিতধিশেষবতাং মৃতানামেব মোক্ষো ন তু জীবতামিতি চেৎ ন ইত্যাহ অভিত ইতি (আ)। উক্তগুণানাং ব্রহ্ম অত্যন্ত সুলভমিত্যাহ (রা)।

যতচেতসাম্—সংযতান্তঃকরণানাম্ (শ)। নিয়মিতমনসাম্ (রা)। উপরতমনসাম্ (বি)। বিক্ষেপশূন্যমনসাম্; চিত্তবৃত্তিনিরুদ্ধানাম্।

যতীনাম্—সন্ন্যাসিনাম্ (শ)। যত্নশীলানাম্ (রা)।

বিদিতাত্মনাম্—সম্যগ্‌দর্শিনাম্ (শ)। সাক্ষাৎকৃতপরমাত্মনাম্ (ম)।

অভিতঃ—(ইহলোকে, পরলোকেঽপি) উভয়তো জীবতাং মৃতানাঞ্চ (শ), (শ্রী), (ম), (নী)। হস্তস্থং (রা)। সাক্ষাদিহৈব (ক)। ব্রহ্মনির্ব্বাণে তস্য নৈবাতিবিলম্বমিতি (বি)।

ব্রহ্মনির্ব্বাণম্—মোক্ষঃ (ক)। বিদেহমুক্তিঃ।

তাৎপর্য্য

"Nirvana is not only the Brahman consciousness which lives secret within us but the Brahman consciousness in which we live". "It is not only within us but all around".*

---

* Essays on the Gita (first series) by Shri Aurobindo Ghose, p. 349

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্পর্শান্ কৃত্বা বহির্বাহ্যাংশ্চক্ষুশ্চৈবান্তরে ভ্রুবোঃ।
প্রাণাপানৌ সমৌ কৃত্বা নাসাভ্যন্তরচারিণৌ ॥ ২৭

যতেন্দ্রিয়মনোবুদ্ধির্মুনি র্মোক্ষপরায়ণঃ।
বিগতেচ্ছাভয়ক্রোধো যঃ সদা মুক্ত এব সঃ ॥ ২৮

(২৭-২৮)

অন্বয়। বাহ্যান্ স্পর্শান্ বহিঃ কৃত্বা চক্ষুঃ চ ভ্রুবোঃ অন্তরে এব কৃত্বা নাসাভ্যন্তর-চারিণৌ প্রাণাপানৌ সমৌ কৃত্বা যতেন্দ্রিয়মনোবুদ্ধিঃ মোক্ষপরায়ণঃ যঃ মুনিঃ বিগতেচ্ছাভয়ক্রোধো (ভবতি) সঃ সদা মুক্ত এব।

অনুবাদ। বাহ্যবিষয়গুলিকে (মনের) বাহিরে রাখিয়া এবং চক্ষুর্দ্বয়কে ভ্রূযুগলের (মধ্যেই) স্থাপন করিয়া, নাসিকার অভ্যন্তরচারী প্রাণ ও অপান (বায়ু) সমান (অর্থাৎ কুম্ভক) করিয়া, ইন্দ্রিয় মনঃ বুদ্ধি সংযমপূর্ব্বক যে মোক্ষপরায়ণ মুনি ইচ্ছাভয়ক্রোধশূন্য হইয়াছেন, তিনি সর্ব্বদাই (অর্থাৎ সাধন সাধ্য সকল অবস্থাতেই) মুক্ত (জীবন্মুক্ত) বটে।

টীকা। অথ ইদানীং ধ্যানযোগং সম্যগ্দর্শনস্যান্তরঙ্গং বিস্তরেণ বক্ষ্যামীতি তস্য সূত্রস্থানীয়ান্ শ্লোকানুপদিশতি স্ম ভগবান্ বাসুদেবঃ স্পর্শানিতি (শ)।

বাহ্যান্ স্পর্শান্—রূপরসগন্ধাদীন্ শব্দাদীন্ (শ)। বিষয়স্পর্শান্ (রা)।

বহিঃকৃত্বা—বিষয়েভ্যো মনঃ প্রত্যাহৃত্য (ব)।

প্রাণাপানৌ সমৌকৃত্বা—উচ্ছাসনিঃশ্বাসৌ সমগতী কৃত্বা (রা)। ঊর্দ্ধাধো-গতিরোধেন সমৌ (তুল্যৌ) কৃত্বা কুম্ভকং কৃত্বা ইত্যর্থঃ (শ্রী)। কুম্ভয়িত্বা (বভ)।

যতেন্দ্রিয়মনোবুদ্ধিঃ—যতাঃ সংযতা ইন্দ্রিয়মনোবুদ্ধয়ো যস্য সঃ (ম)।

মুনিঃ—সন্ন্যাসী (শ)। আত্মাবলোকনশীলঃ (রা)।

মোক্ষপরায়ণঃ—মোক্ষৈকপ্রয়োজনঃ (রা)।

সদা—সাধ্যদশায়ামিব সাধনদশায়ামপি (রা)। জীবন্নপি (শ্রী)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভোক্তারং যজ্ঞতপসাং সর্ব্বলোকমহেশ্বরম্।
সুহৃদং সর্ব্বভূতানাং জ্ঞাত্বা মাং শান্তিমৃচ্ছতি ॥ ২৯

ইতি শ্রীমদ্ভগবদ্গীতাসু উপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুনসম্বাদে সন্ন্যাসযোগো নাম পঞ্চমোঽধ্যায়ঃ।

(২৯)

অন্বয়। (সঃ) মাং যজ্ঞতপসাং ভোক্তারং সর্ব্বলোকমহেশ্বরম্ সর্ব্বভূতানাং সুহৃদং জ্ঞাত্বা শান্তিম্ ঋচ্ছতি।

অনুবাদ। (তিনি) আমাকে সকল যজ্ঞ ও তপস্যার ভোক্তা, সর্ব্বলোক-মহেশ্বর, সর্ব্বভূতের সুহৃৎ জানিয়া শান্তিলাভ করেন।

টীকা। এবং সমাহিতচিত্তেন কিং বিজ্ঞেয়মিতি চোদ্যতে ভোক্তারমিতি (শ)। ননু এবমিন্দ্রিয়াদিসংযমমাত্রেণ কথং মুক্তঃ স্যাদিত্যাশঙ্ক্য ন তন্মাত্রেণ কিন্তু ভগবন্মাহাত্ম্যজ্ঞানদ্বারেণেত্যাহ ভোক্তারমিতি (শ্রী ও বভ)।

১। **ভোক্তারং**—কর্ত্তৃরূপেণ দেবতারূপেণ চ (শ)। 'অহং হি সর্ব্ব-যজ্ঞানাং ভোক্তা চ প্রভুরেব চ' (৯।২৪)।

২। **সর্ব্বলোকমহেশ্বরং**—'মমভূতমহেশ্বরম্ পরং ভাবম্' (৯।১১)।

৩। **সুহৃদং**—প্রত্যুপকারনিরপেক্ষতয়োপকারিণং সর্ব্বভূতানাং হৃদয়েশং (শ)।

৪। **জ্ঞাত্বা**—তত্ত্বতঃ জ্ঞাত্বা (১৮।৫৫)। আত্মত্বেন সাক্ষাৎ কৃত্বা (ম)। স্বারাধ্যতয়ানুভূয় (ব)।

৫। **শান্তিং**—সর্ব্বসংসারোপরতিং (শ)। 'পরাং নির্ব্বাণপরমাং মৎ-সংস্থাম্' (৬।১৫)।

তাৎপর্য্য

যজ্ঞতপসাং ভোক্তৃত্বেন জ্ঞাতঃ কর্ম্মকাণ্ডতাৎপর্য্যভূতঃ, সর্ব্বলোকমহেশ্বর ইত্যুপাসনাতাৎপর্য্যভূতঃ, সর্ব্বভূনামাত্মাচেতিজ্ঞানকাণ্ডতাৎপর্য্যভূত ইতি মাং জ্ঞাত্বা শান্তিমুক্তাং শ্রোতব্যশ্রুতবিষয়াং কর্ম্মফলান্নির্ব্বেদরূপাং প্রাপ্নোতি (বভ)।

"We get back to the great idea of the Gita the idea of Purushottama" "It is always that which Krishna means

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

by his 'I' and 'me'". "He is the enjoyer of all sacrifice and of all 'Tapasyas', therefore, shall the seeker of liberation do works as a 'sacrifice' and as a 'tapasya'; he is the Lord of all the worlds manifested in Nature and in these beings, therefore shall the liberated man still do works for the right government and leading on of the peoples in these worlds *Loka-sangraha*; he is the friend of all existences", "therefore too, even when he has found oneness with the Divine" "is he still capable" "of divine love for man and of love for the Divine, of 'bhakti'".*

* Essays on the Gita (First-Series) by Shri Aurobindo Ghose pp. 350-351.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পঞ্চম অধ্যায়

(সন্ন্যাসযোগ)

পরিশিষ্ট

পূর্ব্বাগত তৃতীয় ও চতুর্থ অধ্যায়ে শ্রীভগবান্ কর্ম্মযোগ ও জ্ঞানযোগ সম্বন্ধে উপদেশ শুধু যে এক সূত্রে বাঁধিয়া দিয়াছেন তাহা নহে পরন্তু চতুর্থ-অধ্যায়ান্তে সে উপদেশ ধারার নিম্নোদ্ধৃত রূপ উপসংহার করিয়াছেন—

যোগসংন্যস্তকর্ম্মাণং জ্ঞানসংচ্ছিন্নসংশয়ম্।
আত্মবন্তং ন কর্ম্মাণি নিবধ্নন্তি ধনঞ্জয়॥ ৪১

তস্মাদজ্ঞানসম্ভূতং হৃৎস্থং জ্ঞানাসিনাত্মনঃ।
ছিত্ত্বৈনং সংশয়ং যোগমাতিষ্ঠোত্তিষ্ঠ ভারত॥ ৪২

অর্জ্জুন কিন্তু এই উপসংহারেও নিঃসংশয় হইতে না পারিয়া পূর্ব্বে তৃতীয় অধ্যায়ের সূচনায় যেমন প্রশ্ন করিয়াছিলেন কর্ম্ম (যোগ) ও বুদ্ধি (জ্ঞান) যোগ উভয়ের মধ্যে 'একং বদ নিশ্চিত্য যেন শ্রেয়োঽহমাপ্নুয়াম্' তেমনই পঞ্চম অধ্যায়ের আরম্ভেই আবার জিজ্ঞাসা করিতেছেন—

"সন্ন্যাসং কর্ম্মণাং কৃষ্ণ! পুনর্যোগঞ্চ শংসসি।
যচ্ছ্রেয় এতয়োরেকং তন্মে ব্রূহি সুনিশ্চিতম্॥ (১)"

অর্জ্জুন বোধ হয় ভাবিলেন বাস্তবিক জ্ঞানের মত পবিত্র যদি আর কিছু না থাকে (৪।৩৮) এবং জ্ঞান লাভ করিয়া অচিরে যদি পরাশান্তি লাভ করা যায় (৪।৩৯) তাহা হইলে কর্ম্মত্যাগ করিয়া সন্ন্যাস অবলম্বনপূর্ব্বক কুরুক্ষেত্রের যুদ্ধের নিদারুণ সঙ্কট সহজেই এড়ানো যাইতে পারে। কিন্তু শ্রীভগবান্ অর্জ্জুনের এই সূচনার প্রশ্নের উত্তরে প্রথমেই তৃতীয় অধ্যায়ের উপদেশের অর্থাৎ—

যস্ত্বিন্দ্রিয়াণি মনসা নিয়ম্যারভতেঽর্জ্জুন!
কর্ম্মেন্দ্রিয়ৈঃ কর্ম্মযোগমসক্তঃ স বিশিষ্যতে॥ (৩।৭)

এই উত্তরের এক প্রকার প্রতিধ্বনি করিয়া স্পষ্টতরভাবে কর্ম্মযোগের শ্রেষ্ঠতা জানাইয়া দিলেন—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সন্ন্যাসঃ কর্ম্মযোগশ্চ নিঃশ্রেয়সকরাবুভৌ।
তয়োস্তু কর্ম্মসন্ন্যাসাৎ কর্ম্মযোগো বিশিষ্যতে॥ ২

জ্ঞানবাদিগণ গীতার এই সরল সুস্পষ্ট উক্তির ব্যাখ্যা করেন যে এখানে জ্ঞান-পূর্ব্বক সন্ন্যাসের অপেক্ষা কর্ম্মযোগের বিশিষ্টতা খ্যাপন করা হইতেছে না, পরন্তু অজ্ঞানের বা অজ্ঞের সন্ন্যাস,—"কেবল" কর্ম্মসন্ন্যাস অপেক্ষা কর্ম্মযোগের বিশিষ্টতা খ্যাপন করা হইতেছে মাত্র। কিন্তু কেবল কর্ম্মসন্ন্যাসকে যখন "নিঃশ্রেয়স্কর" বলা যায় না তখন ঐরূপ ব্যাখ্যা গ্রহণ করা কঠিন। শুধু তাহাই নহে। গীতার মতে সন্ন্যাস যে প্রৈষমন্ত্র উচ্চারণপূর্ব্বক গৃহ বা কর্ম্মত্যাগ করিয়া চতুর্থ আশ্রম অবলম্বন করা নহে, সন্ন্যাসী অর্থে গীতা যে কর্ম্মত্যাগী না বুঝিয়া অন্যরূপ বুঝিতে বলেন, সন্ন্যাসীর এক বিশেষ সংজ্ঞা নির্দ্দেশ করেন, তাহা অব্যবহিত পরবর্ত্তী শ্লোকেই নিত্যসন্ন্যাসীর সংজ্ঞা নির্দ্দেশ করিয়া অর্থাৎ

জ্ঞেয়ঃ স নিত্যসন্ন্যাসী যো ন দ্বেষ্টি ন কাঙ্খতি।
নির্দ্বন্দ্বো হি মহাবাহো! সুখং বন্ধাৎ প্রমুচ্যতে॥ ৩

বলিয়া জানাইয়া দিয়াছেন। আগামী ষষ্ঠ অধ্যায়ের আরম্ভেও গীতা আবার বলিবেন—

অনাশ্রিতঃ কর্ম্মফলং কার্য্যং কর্ম্ম করোতি যঃ।
স সন্ন্যাসী চ যোগী চ ন নিরাগ্নির্নচাক্রিয়ঃ॥

এবং শেষ পর্য্যন্ত গীতা স্বরূপতঃ সর্ব্বকর্ম্মত্যাগ নহে, পরন্তু নিখিল কাম্যকর্ম্ম-ত্যাগই সন্ন্যাসের লক্ষণ স্থির রাখিয়া—

'কাম্যানাং কর্ম্মণাং ন্যাসং সন্ন্যাসং কবয়ো বিদুঃ। (১৮।২)

বলিয়া অষ্টাদশ অধ্যায়ের উপদেশধারা প্রবর্ত্তন করিবেন। অতএব দেখা যাইতেছে—গীতা এখান হইতে শেষ পর্য্যন্ত সন্ন্যাসীর বাহ্য লক্ষণ নির্দ্দেশ না করিয়া তাঁহার অন্তরের লক্ষণ বা মানস লক্ষণই নির্দ্দেশ করিয়াছেন। আর তাঁহার নিকট হইতে সর্ব্বকর্ম্মোপরতি দাবী না করিয়া সর্ব্বকর্ম্মের ফলাকাঙ্খা-ত্যাগ—অবশেষে যাবতীয় কাম্যকর্ম্মত্যাগ এবং সর্ব্বকর্ম্ম শ্রীভগবানে সমর্পণই চাহিয়াছেন। অতএব এই সন্ন্যাসযোগাধ্যায়ের প্রথমেই পুনরাবৃত্তি করিতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইতেছে যে গীতা চাহেন—সর্ব্বসঙ্কল্পসন্ন্যাসী কর্ম্মী, কর্ম্মসন্ন্যাসী (কর্ম্মত্যাগী) নহে। আর শুধু তাহাও নহে। কর্ম্মযোগের বিশিষ্টতা উল্লেখ করিতে গিয়া গীতা আর একধাপ অগ্রসরও হইয়াছেন। পূর্ব্বে দ্বিতীয় অধ্যায়ে বলা হইয়াছিল বটে 'লোকেঽস্মিন্ দ্বিবিধা নিষ্ঠা'—'জ্ঞানযোগেন সাংখ্যানাং কর্ম্মযোগেন যোগিনাম্' কিন্তু নিষ্ঠা বা সাধনপন্থা (devotional discipline) হিসাবে দ্বিবিধ হইলেও উভয় নিষ্ঠার ফল, উভয় যোগীর গন্তব্যস্থান যে একই, তাহা সুস্পষ্টভাবে

যৎসাংখ্যৈঃ প্রাপ্যতে স্থানং তদ্‌যোগৈরপি গম্যতে।
একং সাংখ্যঞ্চ যোগঞ্চ যঃ পশ্যতি স পশ্যতি॥ ৫

বলিয়া এখানে জানাইয়া দিয়াছেন। কিন্তু ফলে এক হইলেও সাংখ্যমার্গীয় সন্ন্যাসের তুলনায় কর্ম্মযোগের অধিকতর যোগ্যতা বা প্রশস্ততা এই যে—

সন্ন্যাসস্তু মহাবাহো! দুঃখমাপ্তুমযোগতঃ।
যোগযুক্তো মুনির্ব্রহ্ম ন চিরেণাধিগচ্ছতি॥ ৬

প্রাচীন ভাষ্যকারদিগের মধ্যে কেহ কেহ জ্ঞানকর্ম্মসমুচ্চয়েরও আশঙ্কা করিয়া এখানে গীতার উপদেশের সরলার্থ গ্রহণের প্রতিকূলে ব্যাখ্যা করিয়াছেন। আমরা কিন্তু এখানে গীতার বাণীর সরলার্থ গ্রহণের বাধা দেখিনা, বরং চাই, যখন ব্রহ্মলাভ বা আত্মলাভ এবং তাহা যখন সাংখ্য (জ্ঞান) মার্গে এবং কর্ম্মমার্গে উভয় পথেই সম্ভব, তখন, কর্ম্মযোগনিষ্ঠায় বা সাধনে অধিকতর সহজ-লভ্য এবং লোকসংগ্রার্থে প্রয়োজন হইলে, কর্ম্মযোগী সন্ন্যাসী হইবার উপদেশের তাৎপর্য্য সহজেই উপলব্ধিযোগ্য মনে হয় অর্থাৎ আমাদের মনে হয়, গীতা এখানে কর্ম্মযোগ ও জ্ঞানযোগ কোনটির সার্থকতা অস্বীকার না করিয়া বরং অধিকারীভেদে প্রত্যেকটির বিশিষ্টযোগ্যতা ফুটাইয়া তুলিয়া পরিশেষে উভয়কেই মিলাইয়া দিতেছেন। বলিতেছেন যিনি—

যোগযুক্তো বিশুদ্ধাত্মা বিজিতাত্মা জিতেন্দ্রিয়ঃ।
সর্ব্বভূতাত্মভূতাত্মা— ৭।

অর্থাৎ জীবন্মুক্ত তিনিই—অবন্ধককর্ম্মের যোগ্যতাসম্পন্ন—'কুর্ব্বন্নপি ন লিপ্যতে' (৭)॥ তৎপরে তৃতীয় অধ্যায়ে যেমন বলিয়াছিলেন—

তত্ত্ববিত্তু মহাবাহো! গুণকর্ম্মবিভাগয়োঃ।
গুণা গুণেষু বর্ত্তন্ত ইতি মত্বা ন সজ্জতে॥ (৩।২৮)

এখানেও তেমনই কর্ম্মযোগযুক্ত 'তত্ত্ববিৎ' কর্ম্ম করিয়াও কিরূপ অহঙ্কারমুক্ত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এবং অনাসক্ত থাকেন এবং 'ব্রহ্মোদ্ভবং' কর্ম্মজাত ব্রহ্মার্পণপূর্ব্বক সম্পাদন করিয়া পাপমুক্ত থাকেন গীতা তাহার বর্ণনায় বলিতেছেন—

নৈব কিঞ্চিৎ করোমীতি যুক্তো মন্যেত তত্ত্ববিৎ।
পশ্যন্ শৃণ্বন্ স্পৃশন্ জিঘ্রন্নশ্নন্গচ্ছন্ শ্বসন্ স্বপন্॥ (৮)
প্রলপন্ বিসৃজন্ গৃহ্নন্নুন্মিষন্নিমিষন্নপি।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেষু বর্ত্তন্ত ইতি ধারয়ন্॥ (৯)

আর—

ব্রহ্মণ্যাধায় কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা করোতি যঃ।
লিপ্যতে ন স পাপেন পদ্মপত্রমিবাম্ভসা॥ (১০)

এইভাবে কর্ম্ম করিয়া 'যুক্ত' ব্যক্তি লাভ করেন 'নৈষ্ঠিক শান্তি' এবং সম্যক বশিত্ব, আর সর্ব্ব কর্ম্মের মানসিক সন্ন্যাস জন্য বশিত্বের সুখ।

সর্ব্বকর্ম্মাণি মনসা সংন্যস্যাস্তে সুখংবশী।
নবদ্বারে পুরে দেহী নৈব কুর্ব্বন্নকারয়ন্॥ (১৩)

এই শ্লোকের তাৎপর্য্য লইয়া যে যথেষ্ট মতভেদ আছে তাহাও আমরা পূর্ব্বে দেখিয়াছি অর্থাৎ 'কর্ম্মযোগো বিশিষ্যতে' বলিয়া যে উপদেশধারা প্রবর্ত্তিত হইয়াছিল ইহা তাহার চূড়ান্ত কথা, না এই শ্লোক হইতে সর্ব্বকর্ম্ম পরিহার-পূর্ব্বক জ্ঞাননিষ্ঠ সন্ন্যাসী হইবার উপদেশ আরম্ভ করা হইয়াছে? এই শ্লোকেরই বা যথাযথ অর্থ কি? স্বরূপতঃ সর্ব্বকর্ম্মত্যাগ? না সঙ্কল্পিত সকল কর্ম্মের পরিহার? আমরা দেখিয়াছি জ্ঞানবাদিগণ এই শ্লোকে সর্ব্বকর্ম্মপরিহারপূর্ব্বক জ্ঞাননিষ্ঠ হইবার উপদেশ প্রদত্ত হইয়াছে বলিয়া বুঝিতে ও বুঝাইতে চাহেন, পক্ষান্তরে কর্ম্মবাদিগণ এমন কি ভক্তিমার্গীয় টীকাকারগণ অনেকেই সে অর্থ গ্রহণ করেন না। শ্লোকটির প্রথম চরণে 'মনসা সংন্যস্য' শব্দ দুইটির বিশেষ তাৎপর্য্য স্বীকার করিলে এবং 'নৈব কুর্ব্বন্ ন কারয়ন্' শব্দগুলির অর্থ কোন কোন টীকাকার যথা কেশবকাশ্মীরীপাদ যেভাবে গ্রহণ করিয়াছেন তাহা করিলে অর্থাৎ "ইদমহং করোমীত্যহঙ্কারাভাবাৎ স্বয়ং নৈব কুর্ব্বন্, অন্যত্র দেহপর্যন্তে মমকারাভাবান্নৈব কারয়ন্নাস্তেঽতো ন বধ্যতে ইতি ভাবঃ" এইভাবে তাৎপর্য্য গ্রহণ করিলে এই শ্লোকটির কোন অংশ অর্থহীন হয় না এবং গীতার পূর্ব্বগত ও পরবর্ত্তী উপদেশাবলীর সহিত সঙ্গতি রক্ষা করাও সম্ভব হয়। অর্থাৎ বশীদেহী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বাহ্যতঃ সর্ব্বকর্ম্মত্যাগ না করিয়াও মনের দ্বারা সর্ব্বকর্ম্ম ত্যাগ করেন—আসক্তি সহকারে এমন কি ফলাশায় সঙ্কল্পপূর্ব্বক কোন কার্য্য করেন না, কর্ত্তৃত্বাভিনিবেশ ও সম্পূর্ণ পরিহার করেন এবং এইভাবে পূর্ব্বঅধ্যায়ান্তে কথিত—'যোগ-সংন্যস্তকর্ম্মা' হন।

এক্ষণে 'যোগসংন্যস্তকর্ম্মা'র বর্ণনা শেষ করিয়া কর্ম্মযোগায়ত্ত যে সন্ন্যাস দুঃখের কারণ হয় না, যাহার দ্বারা অজ্ঞানতমোনাশ হয়, সর্ব্বসংশয়ের উচ্ছেদ হয়, গীতা সেই সন্ন্যাসের পরিচয় দিতে অগ্রসর হইয়া তৃতীয় অধ্যায়ে যে—বলিয়াছিলেন—

প্রকৃতেঃ ক্রিয়মাণানি গুণৈঃ কর্ম্মাণি সর্ব্বশঃ।
অহঙ্কারবিমূঢ়াত্মা কর্ত্তাহমিতিমন্যতে॥ (৩।২৭)

এখানেও সেই সাংখ্যসিদ্ধান্তের সুরেই বলিতেছেন—

ন কর্ত্তৃত্বং ন কর্ম্মাণি লোকস্য সৃজতিপ্রভুঃ।
ন কর্ম্মফলসংযোগং স্বভাবস্তুপ্রবর্ত্ততে॥ (১৪)

আত্মা জীবের কর্ত্তৃত্ববোধ বা সঙ্কল্পিত কোন কর্ম্ম বা কর্ম্মের সহিত তাহার ফল-সম্বন্ধ কিছুই সৃষ্টি করেন না, পরন্তু জীবের "স্বভাবই" কার্য্য করে। "স্বভাব" বলিতে কি বুঝিতে হইবে? গীতা আগামী অষ্টম অধ্যায়ে 'স্বভাবোঽধ্যাত্ম-মুচ্যতে' বলিয়া তাহা নির্দ্দেশ করিয়াছেন অর্থাৎ গীতার মতে 'স্বভাব' হইতেছে প্রকৃতিসংসৃষ্ট বা দেহাধিকারী আত্মার অর্থাৎ জীবের বৈশিষ্ট্য বিধায়ক প্রকৃতি। অষ্টাদশ অধ্যায়ে চূড়ান্ত উপদেশ দিবার সময়েও শ্রীভগবান্ বলিবেন—

ব্রাহ্মণক্ষত্রিয়বিশাং শূদ্রাণাঞ্চ পরন্তপ!
কর্ম্মাণি প্রবিভক্তানি স্বভাবপ্রভবৈগুণৈঃ॥ (৪১)
স্বে স্বে কর্ম্মণ্যভিরতঃ সংসিদ্ধিংলভতে নরঃ। (৪৫)
স্বভাবনিয়তং কর্ম্ম কুর্ব্বন্নাপ্নোতি কিল্বিষম্। (৪৭)
স্বভাবজেন কৌন্তেয়! নিবদ্ধঃ স্বেন কর্ম্মণা।
কর্ত্তুংনেচ্ছসি যন্মোহাৎ করিষ্যস্যবশোঽপিতৎ॥ (৬০)

অতএব গীতার মতে 'স্বভাব' স্বকর্ম্মপ্রাপক, স্বধর্ম্মবিধায়ক যাহার প্রেষণা বা প্রেরণামূলক কর্ম্ম অহঙ্কার আসক্তিমুক্ত হইয়া মমত্ব পরিহার করিয়া "সুখ-দুঃখে সমে কৃত্বা লাভালাভৌ জয়াজয়ৌ" "ব্রহ্মণ্যাধ্যায়" করণীয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিন্তু তাহা হইলেও প্রশ্ন থাকিয়া যায় পুণ্যকর্ম্ম, পাপকর্ম্ম, সুকৃত, দুষ্কৃত, বলিয়া কি কিছু নাই? আছে বৈকি। তবে গীতা বলেন—

নাদত্তে কস্যচিৎ পাপং ন চৈব সুকৃতং বিভুঃ।
অজ্ঞানেনাবৃতং জ্ঞানং তেন মুহ্যন্তি জন্তবঃ॥ ১৫

অর্থাৎ অজ্ঞানই মোহ বা পাপের কারণ। পক্ষান্তরে

জ্ঞানেন তু তদজ্ঞানং যেষাং নাশিতমাত্মনঃ।
তেষামাদিত্যবজ্‌জ্ঞানং প্রকাশয়তি তৎপরম্॥ ১৬
তদ্‌বুদ্ধয়স্তদাত্মানস্তন্নিষ্ঠাস্তৎপরায়ণাঃ।
গচ্ছন্ত্যপুনরাবৃত্তিং জ্ঞাননির্দ্ধূতকল্মষাঃ॥ ১৭

ইহাই গীতোক্ত জ্ঞানযোগের উপদেশ। ইহা যে সাংখ্য-সন্ন্যাসমার্গীয় উপদেশ তাহা সহজেই বুঝিতে পারা যায়। প্রচলিত সাংখ্যদর্শনেও আমরা দেখিতে পাই—

নিয়তকারণাৎ তদুচ্ছিত্তির্ধ্বান্তবৎ। (১।৫৬ সূ)

অপি চ

মুক্তিরন্তরায়ধ্বস্তের্নাপরঃ। (৬।২০ সূ)

কিন্তু গীতার জ্ঞানযোগীরও সিদ্ধি ত কেবল অপুনরাবৃত্তি বা বিদেহ মুক্তি বলিয়া বিবৃত নহে। তাঁহাকেও জীবন্মুক্তি আয়ত্ত বা অর্জ্জন করিতে ('ইহৈব জিতঃ সর্গঃ' হইতে) হইবে, আর 'সর্ব্বভূতহিতে রত' থাকিয়া 'ব্রহ্মনির্ব্বাণ' লাভ করিতে হইবে। এমন জ্ঞানযোগারূঢ় জীবন্মুক্তের যোগ্যতা ও লক্ষণ নির্দ্দেশকল্পে গীতা বলিতেছেন, তিনি লাভ করেন শুধু অজ্ঞান ও সর্ব্বপাপক্ষয় নহে, পরন্তু সমদৃষ্টি (১৮) সমত্ব, ব্রাহ্মীস্থিতি (১৯) দ্বন্দ্বহীনতা, বুদ্ধিস্থৈর্য্য (২০) এবং ব্রহ্মযোগযুক্তাত্মার অক্ষয় সুখ বা আনন্দ (২১)। আর জ্ঞানসূর্য্যের আলোকে উদ্ভাসিত অন্তরে তিনি আত্মারাম, সর্ব্বসংশয়মুক্ত, বিগতপাপ ব্রহ্মভূত হইয়াও বাহিরে বা ইহ সংসারে সর্ব্বভূতহিতে রত থাকিয়া জীবনান্তে বা মরণে ব্রহ্মনির্ব্বাণ অর্থাৎ বিদেহমুক্তি লাভ করেন।

যোঽন্তঃসুখোঽন্তরারামস্তথান্তর্জ্যোতিরেব যঃ।
স যোগী ব্রহ্মনির্ব্বাণং ব্রহ্মভূতোঽধিগচ্ছতি॥ (২৪)
লভন্তে ব্রহ্মনির্ব্বাণমৃষয়ঃ ক্ষীণকল্মষাঃ।
ছিন্নদ্বৈধা যতাত্মানঃ সর্ব্বভূতহিতে রতাঃ॥ (২৫)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উপনিষদ্‌ও বলেন—

বেদান্তবিজ্ঞানসুনিশ্চিতার্থাঃ
সন্ন্যাসযোগাদ্ যতয়ঃ শুদ্ধসত্ত্বাঃ।
তে ব্রহ্মলোকেষু পরান্তকালে
পরামৃতাঃ পরিমুচ্যন্তি সর্ব্বে॥*

অতএব দেখা যাইতেছে গীতায় ও উপনিষদে জ্ঞানপ্রাপ্তি ও সন্ন্যাসযোগের ফল প্রায় একই সুরে বর্ণিত হইয়াছে। উভয়ক্ষেত্রেই ব্রহ্মভূত বা জীবন্মুক্ত হইবার পরে 'অন্তকালে' বা 'পরান্তকালে' পরামুক্তি বা ব্রহ্মনির্ব্বাণ উদ্‌ঘোষিত। গীতার দ্বিতীয় অধ্যায়ের অন্তিম শ্লোকে যোগী অব্যাহত ব্রাহ্মীস্থিতির ফলে দেহান্তকালে 'ব্রহ্মনির্ব্বাণমৃচ্ছতি' বলা হইয়াছে। এই অধ্যায়ে 'মুক্তস্থ কর্ম্ম'বাদী গীতা এক নূতন কথা সংযোগ করিয়াছেন দেখা যায়, অর্থাৎ সন্ন্যাসযোগী ব্রাহ্মী স্থিতি লাভ করিয়া বা ব্রহ্মভূত হইয়া পাপমুক্ত, ছিন্নসংশয় অবস্থায় শুধু নহে, 'সর্ব্বভূতহিতে রতাঃ' থাকিয়া 'ব্রহ্মনির্ব্বাণ' লাভ করেন বলা হইয়াছে। শ্রীমৎ শঙ্করাচার্য্য 'অভিতো ব্রহ্মনির্ব্বাণম্ বর্ত্ততে'র অর্থ করিয়াছেন 'জীবতাং মৃতানাঞ্চ মোক্ষো বর্ত্তন্তে', আর উপনিষদের ভাষ্যে 'পরামৃতাঃ পরিমুচ্যন্তি' শব্দদ্বয়ের ব্যাখ্যা করিয়াছেন 'জীবন্ত এব ব্রহ্মভূতাঃ সন্তঃ সমন্তাৎ মুচ্যন্তে' জীবদ্দশায়ই ব্রহ্মভূত হইয়া সম্যক্ মুক্তিলাভ করেন। আর যাঁহারা গীতার দ্বিতীয় অধ্যায়ের সমাপ্তি শ্লোক অনুসারে ব্রহ্মনির্ব্বাণের বিদেহমুক্তি অর্থ স্থির রাখিতে চাহেন, তাঁহারা শ্রীমৎ রামানুজাচার্য্যকৃত 'অভিতো ব্রহ্মনির্ব্বাণং বর্ত্ততে'র ব্রহ্মনির্ব্বাণম্ 'হস্তস্থং' অর্থ বা শ্রীমৎ বিশ্বনাথ চক্রবর্ত্তীকৃত 'ব্রহ্মনির্ব্বাণে তস্থ নাস্তি বিলম্বং' অর্থাৎ তাঁহাদের ব্রহ্মনির্ব্বাণ আসন্ন এইরূপ অর্থ গ্রহণ করিবেন।

এই অধ্যায়ের উপসংহারে দেখা যায় আগামী ধ্যানযোগাধ্যায়ে প্রদত্ত উপদেশের পূর্ব্বাভাস নিম্নলিখিত দুইটি শ্লোকে সূত্রাকারে প্রদত্ত হইয়াছে—

স্পর্শান্ কৃত্বা বহির্বাহ্যাংশ্চক্ষুশ্চৈবান্তরে ভ্রুবোঃ।
প্রাণাপানৌ সমৌ কৃত্বা নাসাভ্যন্তরচারিণৌ॥ ২৭
যতেন্দ্রিয়মনোবুদ্ধির্মুনির্মোক্ষপরায়ণঃ।
বিগতেচ্ছাভয়ক্রোধো যঃ সদা মুক্ত এব সঃ॥ ২৮

---

* মুণ্ডকোপনিষৎ—৩।২।৬ শ্লোক।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আর, অধ্যায় সমাপ্ত হইয়াছে,—

ভোক্তারং যজ্ঞতপসাং সর্ব্বলোকমহেশ্বরম্।
সুহৃদং সর্ব্বভূতানাং জ্ঞাত্বা মাং শান্তিমৃচ্ছতি। ২৯

উপদেশে। অধ্যায় আরম্ভ হইয়াছিল কর্ম্মযোগের বৈশিষ্ট্য বর্ণনায়, তাহার পরে জ্ঞানযোগেরও মাহাত্ম্য বর্ণনা দেখিয়াছি, এক্ষণে ধ্যানযোগের অবতারণা করিবার তাৎপর্য্য কি? শ্রীমৎ শঙ্করাচার্য্য বলেন, "অথ ইদানীং ধ্যানযোগং সম্যগ্‌দর্শনস্যান্তরঙ্গং বিস্তরেণ বক্ষ্যামীতি তস্য সূত্রস্থানীয়ান্ শ্লোকানুপদিশতি স্ম ভগবান্ বাসুদেবঃ স্পর্শানিতি।" শ্রীমদ্ বিশ্বনাথ চক্রবর্ত্তী বলেন, 'ইদানীং নিষ্কাম-কর্ম্মযোগেন শুদ্ধান্তঃকরণস্যাষ্টাঙ্গযোগং ব্রহ্মানুভবসাধনং জ্ঞানযোগাদপ্যুৎকৃষ্টত্বেন ষষ্ঠাধ্যায়ে এব বক্তুং তৎসূত্ররূপং শ্লোকত্রয়মাহ স্পর্শানিতি।' যে গীতা বলেন—

'সন্ন্যাসঃ কর্ম্মযোগশ্চ নিঃশ্রেয়সকরাবুভৌ'॥ (৫।২)

অপি চ

'ধ্যানেনাত্মনি পশ্যন্তি কেচিদাত্মানমাত্মনা।
অন্যে সাংখ্যেন যোগেন কর্ম্মযোগেন চাপরে'॥ (১৩।২৪)

সেই গীতার মতে কর্ম্মযোগ, জ্ঞানযোগ, ধ্যানযোগের মধ্যে আত্মসাক্ষাৎকারের সাধনমার্গ হিসাবে উৎকৃষ্টাপকৃষ্টের বিচার করা চলিতে পারে না। আমাদের মনে হয় আলোচ্য শ্লোক দুইটির যাথার্থ্য উপলব্ধি করিতে হইলে ইহা লক্ষ্য করিতেই হয় যে গীতা এখানে ধ্যানযোগের পথে কিরূপে 'সদামুক্ত' অবস্থায় উত্তীর্ণ হওয়া যায় তাহারই উপায় সংক্ষেপে নির্দ্দেশ করিয়াছেন। মহাভারতের টীকাকার শ্রীমৎ নীলকণ্ঠ সূরি পাতঞ্জল যোগসূত্রানুসারে ২৭।২৮ শ্লোক দুইটির যে ব্যাখ্যা করিয়াছেন তাহার মুখবন্ধে লিখিয়াছেন ঃ—

"অত্র উত্তরার্দ্ধেন প্রাণায়াম উক্তঃ, স্পর্শান্‌কৃত্বা বহির্বাহ্যানিতি প্রত্যাহার উক্তঃ, ভ্রুবোরন্তরে চক্ষুঃকৃত্বেতি ধারণা উক্তা, বিগতেচ্ছাভয়ক্রোধ ইতি সাধন-ভূতাঃফলভূতাশ্চ দ্বিবিধা যমা নিয়মাশ্চ উক্তাঃ, যতেন্দ্রিয় ইতি বিতর্কাখ্যঃ সম্প্রজ্ঞাতঃ, যতমন ইতি বিচারাখ্যঃ, যতবুদ্ধিরিত্যানন্দাস্মিতাখ্যৌ, মোক্ষ-পরায়ণ ইত্যসম্প্রজ্ঞাত উক্তঃ শেষেণ যোগফলমিতি বিভাগঃ।"

আর স্বয়ং আচার্য্য শঙ্কর ২৯ শ্লোকের নিম্নলিখিত তাৎপর্য্য ব্যাখ্যা করিয়াছেন—

"এবং সমাহিতচিত্তেন কিং বিজ্ঞেয়মিতি চোচ্যতে ভোক্তারমিতি। ভোক্তারং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যজ্ঞানাং তপসাঞ্চ কর্ত্তৃরূপেণ দেবতারূপেণ চ। সর্ব্বলোকমহেশ্বরং সর্ব্বেষাং লোকানাং মহান্তমীশ্বরং সর্ব্বলোকমহেশ্বরং। সুহৃদং সর্ব্বভূতানাং সর্ব্বপ্রাণিনাং প্রত্যুপকারনিরপেক্ষতয়োপকারিণং সর্ব্বভূতানাং হৃদয়েশ্বরং সর্ব্বকর্ম্মফলাধ্যক্ষং সর্ব্বপ্রত্যয়সাক্ষিণং মাং নারায়ণং জ্ঞাত্বা শান্তিং সর্ব্বসংসারোপরতিমৃচ্ছতি প্রাপ্নোতি।"

শ্রীমন্নীলকণ্ঠ আচার্য্যের অনুসরণে অধিকতর অগ্রসর হইয়া বলেন, "নারায়ণং মাং প্রত্যগভেদেন সাক্ষাৎকৃত্য" "শান্তিং নিরুপাখ্যাং কৈবল্যসংজ্ঞামৃচ্ছতি প্রাপ্নোতি। এবঞ্চ সোপাধিব্রহ্মভাবপ্রাপ্তিপূর্ব্বিকৈব নিরুপাধিপ্রাপ্তিরিতি গম্যতে"

পক্ষান্তরে শ্রীমৎ রামানুজাচার্য্য বলেন—

কর্ম্মযোগস্য যোগশিরস্কস্য সুশকতামাহ ভোক্তারমিতি। যজ্ঞতপসাং ভোক্তারং সর্ব্বলোকমহেশ্বরং সর্ব্বভূতানাং সুহৃদং মাং জ্ঞাত্বা শান্তিমৃচ্ছতি—কর্ম্মযোগকরণ এব সুখমৃচ্ছতি। সর্ব্বলোকমহেশ্বরং সর্ব্বেসাং লোকেশ্বরেশ্বরাণামপীশ্বরম্ "তমীশ্বরাণাং পরমং মহেশ্বরং" ইতি শ্রুতেঃ, মাং সর্ব্বলোকমহেশ্বরং সর্ব্বসুহৃদং জ্ঞাত্বা মদারাধনরূপঃ কর্ম্মযোগ এব সুখেন তত্র প্রবর্ত্ততে ইত্যর্থঃ"।

আর শ্রীধরস্বামী এই শ্লোক "যোগসাংখ্যয়োঃ সমুচ্চয়ঃ ক্রমেণোক্তঃ" মন্তব্য প্রকাশ করায় বল্লভাচার্য্য সম্প্রদায়ের তত্ত্বদীপিকা আরও বিস্তার করিয়া বলেন যে—

'ইন্দ্রিয়াদিসংযমমাত্রেণ কথং মুক্তঃ স্যাদিত্যাশঙ্ক্য ন তাবন্মাত্রেণ কিন্তু ভগবন্মাহাত্ম্যজ্ঞানদ্বারেণেত্যাহ ভোক্তারমিতি। যজ্ঞতপসাং ভোক্তৃত্বেন জ্ঞাতঃ কর্ম্মকাণ্ডতাৎপর্য্যভূতঃ, সর্ব্বলোকমহেশ্বর ইত্যুপাসনাতাৎপর্য্যভূতঃ, ইতি মাং জ্ঞাত্বা শান্তিমুক্তাং শ্রোতব্যশ্রুতবিষয়াং কর্ম্মফলনির্ব্বেদরূপাং প্রাপ্নোতি।'

টীকাভাষ্যকারদিগের দার্শনিক তত্ত্বগত ও দৃষ্টিভঙ্গীগত পার্থক্যের দুরূহ সমাধান আমাদের পক্ষে করা সম্ভব নহে। তবে গীতার পূর্ব্বাপর উপদেশ অনুসারে এই শ্লোকনিচয়ের তাৎপর্য্য কিভাবে গ্রহণীয় হয়, তাহাতে উল্লিখিত ব্যাখ্যাগুলির কোনটির কতটুকু গ্রহণ করা যায় তাহাই বলিতে পারি। সপ্তবিংশ ও অষ্টাবিংশ শ্লোকের পরে এই শ্লোকগুলির অবতারণার কারণ কি? এই শ্লোকগুলিতে সংক্ষেপে যে ধ্যানযোগের উপদেশ দেওয়া হইয়াছে তাহা অনস্বীকার্য্য, এক প্রকার সর্ব্বসম্মত। সে যোগের কোন্ অঙ্গের পর্য্যন্ত উপদেশ আমরা ২৭।২৮ শ্লোক দুইটিতে পাইয়াছি? আচার্য্য শঙ্করের মতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সম্প্রজ্ঞাত সমাধি পর্য্যন্ত মনে করিতে হয়, কিন্তু শ্রীমন্নীলকণ্ঠ বলেন, অসম্প্রজ্ঞাত সমাধি—'মৎপরায়ণঃ ইত্যসম্প্রজ্ঞাতঃ'। কিন্তু এই সমাধিসিদ্ধিলাভ হইবে কিরূপে ? যোগশাস্ত্র বলেন—

সমাধিসিদ্ধিরীশ্বরপ্রণিধানাৎ (সাঃ পাঃ ৪৫ সূত্র)

অর্থাৎ "ঈশ্বরার্পিতসর্ব্বভাবস্য ভক্ত্যেব যোগসিদ্ধির্ভবতি" (মণিপ্রভা) "ঈশ্বরে অকামনয়া সকলকর্ম্মসমর্পণাৎ সমাধিসিদ্ধিঃ" (যোগসুধাকর)।

এখানেও দেখিতে পাই শ্রীভগবান্‌ও ধ্যানযোগে সিদ্ধিলাভের জন্য তদ্রূপ উপদেশই দিয়াছেন—

ভোক্তারং যজ্ঞতপসাং সর্ব্বলোকমহেশ্বরম্
সুহৃদং সর্ব্বভূতানাং জ্ঞাত্বা মাং শান্তিমৃচ্ছতি॥ (২৯)

ধ্যানযোগাবলম্বনে কর্ম্মজ্ঞানভক্তিরূপ ত্রিকাণ্ডের তাৎপর্য্যভূত, ত্রিধারার সঙ্গমতীর্থ তাঁহাকে জানিয়া শান্তিলাভ করিতে হইবে। এই শান্তির অর্থ বা তাৎপর্য্য কি ? শ্রীমৎ শঙ্করাচার্য্য বলেন 'শান্তিম্' 'সর্ব্বসংসারোপরতিম্'। শ্রীমৎ রামানুজাচার্য্য বলেন : 'মদারাধনারূপকর্ম্মযোগ এব সুখেন তত্র প্রবর্ত্ততে', বল্লভাচার্য্য সম্প্রদায় বলেন : 'শান্তিং কর্ম্মফলনির্ব্বেদরূপাং প্রাপ্নোতি। অপরাপর টীকাকার 'মুক্তিম্', 'কৈবল্যম্' অর্থও গ্রহণ করিয়াছেন। আমরা বলিতে চাই 'সংসারোপরিতম্' ত বটে, কিন্তু সংসার কর্ম্মক্ষেত্র ত্যাগ করিয়া নহে। উঠেন গীতার ভাষায় 'অত উর্দ্ধং ন সংশয়ঃ', ফলে 'লোকসংগ্রহার্থ,' লোকরক্ষার্থ নিষ্কাম নির্বীজ কর্ম্ম, 'মুক্তস্য কর্ম্ম', ভগবানের 'নিমিত্তমাত্র' হইয়া কর্ম্ম করিবার যোগ্যতাপন্ন হন। পাতঞ্জল-যোগসূত্রের ভাষায় 'কৃতার্থতা' লাভ করেন—অবিদ্যাদিপঞ্চক্লেশের অবসানে 'ক্লেশকর্ম্মনিবৃত্তিঃ' হয়, 'অশুক্লাকৃষ্ণ' কর্ম্মের যোগ্যতা লাভ করেন। প্রশ্ন হইতে পারে—তাহার অবকাশ থাকে কি যোগশাস্ত্রকার ঋষি বলেন থাকে 'কৃতার্থং প্রতি নষ্টমপ্যনষ্টং তদন্যসাধারণত্বাৎ' (১) কৃতার্থের নিকট সংসারোচ্ছেদ হইলেও, ক্লিষ্টকর্ম্মের, ফলপ্রসূ কর্ম্মের, অবসান হইলেও, গীতার ভাষায় 'মুক্তস্য কর্ম্মের, শ্রীভগবান্ বিদ্বানের পক্ষে যে ভাগবত কর্ম্ম করিবার উপদেশ দিয়াছেন (২), তাহা করিয়া জীবন্মুক্তির ভূমিজয়লব্ধ সুখশান্তি —শুধু বশীত্বের সুখ বা—

যুক্তঃ কর্ম্মফলং ত্যক্ত্বা শান্তিমাপ্নোতি নৈষ্ঠিকীম্ (৫।১২)

(১) যোগসূত্র : ২।২২ (২) ৩।২৫ শ্লোক।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

'নৈষ্ঠিক' যে 'শান্তি' তাহা নহে, পরন্তু—

শান্তিং নির্ব্বাণপরমাং মৎসংস্থামধিগচ্ছতি। (৬।১৫)

সংক্ষেপে—যোগারূঢ়ের পরমা শান্তি লাভ করেন। যাঁহারা বর্ত্তমান অধ্যায়ের সমাপ্তি শ্লোকে তাহাই ভগবদুক্তির তাৎপর্য্য বলিয়া গ্রহণ করিবেন, তাঁহারা এখানে শ্রুতি বর্ণিত—

তমীশানাং বরদং দেবমীড্যম্।
নিচায্যেমাং শান্তিমত্যন্তমেতি ॥ (১)

বা

বিশ্বস্যৈকং পরিবেষ্টিতারম্।
জ্ঞাত্বা শিবং শান্তিমত্যন্তমেতি ॥ (২)

প্রতিধ্বনিত হইয়াছে মনে করিবেন।

---

(১) শ্বেতাশ্বতর উপনিষৎ—৪।১১ শ্লোক। (২) ঐ ৪।১৪ শ্লোক।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ষষ্ঠ অধ্যায়

(ধ্যানযোগ)

পূর্ব্বাভাস

তৃতীয় হইতে পঞ্চম অধ্যায় পর্য্যন্ত শ্রীভগবান্ যে উপদেশ দিয়াছেন তাহার মূল কথার একপ্রকার পুনরাবৃত্তি করিয়া বর্ত্তমান অধ্যায়ের সূচনা করিয়াছেন।

অনাশ্রিতঃ কর্ম্মফলং কার্য্যং কর্ম্ম করোতি যঃ।
স সন্ন্যাসী চ যোগী চ ন নিরগ্নি র্ন চাক্রিয়ঃ॥ ১

কর্ম্মফলে উদাসীন থাকিয়া, কর্ম্মফলাকাঙ্খা না করিয়া, যিনি বিহিত বা কর্ত্তব্য কর্ম্ম সম্পাদন করেন তিনি সন্ন্যাসী ও যোগী উভয়ই বটে। 'নিরগ্নি' অর্থাৎ গৃহত্যাগী বা 'অক্রিয়' অর্থাৎ কর্ম্মত্যাগী না হইলেই যে প্রকৃত সন্ন্যাসী হইতে পারে না, সর্ব্বকর্ম্মত্যাগী না হইলেই যে যোগী হইতে পারে না এমন নহে। পক্ষান্তরে 'সর্ব্বসঙ্কল্পসন্ন্যাসী' না হইলে কখনই যোগীপদবাচ্য হইতে পারে না। আর 'যোগারূঢ়' হইতে যখন 'সর্ব্বসঙ্কল্পসন্ন্যাসী' হইতেই হইবে তখন 'সন্ন্যাস' ও 'যোগ' একার্থবাচক বটে (২)। সাধন অবস্থায় চিত্তশুদ্ধিলাভ করিতে হইলে কর্ম্মই কারণ ও কর্ত্তব্য, কিন্তু 'যোগারূঢ়' অবস্থায় বা ভূমিকায় 'শমঃ' অর্থাৎ সমস্ত সকাম কর্ম্ম হইতে বিরতিই সাধন বা অপরিহার্য্য অঙ্গ। সাধক যখন ইন্দ্রিয়-গ্রাহ্য যাবতীয় বিষয়ে, কামনামূলক যাবতীয় কর্ম্মে আসক্তিশূন্য, সর্ব্বসঙ্কল্পসন্ন্যাসী, হয় তখনই যোগারূঢ়পদবাচ্য হয় (৪)। কিরূপে এই যোগ লাভ করিতে হয়? আত্মপ্রচেষ্টায় বা মনোবলে। মানুষের আত্মশক্তির বা মনোবলের সদ্ভাব ও অভাব বন্ধু ও শত্রুরূপে কার্য্য করে (৫-৬)। যোগীর অর্থাৎ যোগারূঢ়ের লক্ষণ কি? জিতাত্মা, প্রশান্ত, পরমাত্মসমাহিত, জ্ঞানবিজ্ঞানতৃপ্তাত্মা, সমলোষ্ট্রাশ্ম-কাঞ্চন ইত্যাদি (৭-৯)। এই যোগী হইবার বিহিত, সাধনপ্রণালী কিরূপ? ১০ হইতে ১৪ শ্লোকে তাহা দেখা যাইবে। আর এই যোগসাধনার মহাফল—

যুঞ্জন্নেবং সদাত্মানং যোগী নিয়তমানসঃ।
শান্তিং নির্ব্বাণপরমাং মৎসংস্থামধিগচ্ছতি॥ (১৫)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বলিয়া শ্রীভগবান্ বর্ণনা করিবেন। এই যোগসাধনা কাহার পক্ষে সম্ভব নহে ষোড়শ শ্লোকে তাহা যেমন উল্লিখিত হইয়াছে, তেমনই কাহার পক্ষে 'দুঃখহা', সর্ব্বদুঃখবিনাশী হয় সপ্তদশ শ্লোকে তাহাও—

যুক্তাহারবিহারস্য যুক্তচেষ্টস্য কর্ম্মসু।
যুক্তস্বপ্নাববোধস্য যোগো ভবতি দুঃখহা॥ (১৭)

বলিয়া বর্ণিত হইয়াছে। তৎপরে শ্রীভগবান্ ১৮ হইতে ৩০ শ্লোকে যুক্ত বা যোগারূঢ় অবস্থার বর্ণনা করিয়া চিত্তবৃত্তির নিরোধসংস্কারের বা অভ্যাসের ফলে ধ্যানযোগসিদ্ধ সাধকের ব্রহ্মসংস্পর্শজনিত যে অত্যন্ত সুখ, সর্ব্বত্র সমদর্শন এবং ভগবৎসাক্ষাৎকার লাভ হয়, আর তিনি যে শ্রীভগবানের অতিসান্নিধ্য ও অবশেষে ভগবানে সম্পূর্ণ স্থিতিলাভ করেন এবং পরম যোগীপদবাচ্য হন, ৩১–৩২ শ্লোকে তাহাও জানাইয়া দিয়াছেন।

শ্রীভগবান্ ধ্যানযোগের উপদেশ এইরূপে সমাপ্ত করিতে চাহিলে অর্জ্জুন প্রশ্ন করিলেন মন ত নিতান্ত চঞ্চল অতএব চিত্তবৃত্তির নিরোধ, নির্ব্বিকল্প সমাধি, আত্মস্বরূপে অবস্থিতি, ভগবৎতত্ত্বে সমাসীন হওয়া কিরূপে সম্ভব?

উত্তরে শ্রীভগবান্ বলিতেছেন: 'মন দুর্নিগ্রহ' বটে কিন্তু অভ্যাস ও বৈরাগ্য দ্বারা নিয়ন্ত্রিত হয়। অসংযতাত্মার পক্ষে এই যোগ দুর্লভ, জিতাত্মাই বিহিত উপায় অবলম্বনে ইহা লাভ করিতে পারেন (৩৫-৩৬)। বিহিত উপায় ত দীর্ঘ-কালব্যাপী নিরবচ্ছিন্ন একাগ্র সাধনা। অতএব অর্জ্জুনের প্রশ্ন: যে শ্রদ্ধাপূর্ব্বক যোগসাধন আরম্ভ করে সে যোগভ্রষ্ট হইলে কি গতি লাভ করে? ছিন্ন মেঘের মত সে কি বিনষ্ট ও বিলীন হয়? (৩৭-৩৯)

শ্রীভগবানের প্রবোধবাক্য—না; কল্যাণকারী কখনও দুর্গতি প্রাপ্ত হয় না। শুচি শ্রীমানের গৃহে অথবা ধীমান যোগীর কুলে জন্মলাভ করিয়া পুনঃ পূর্ব্বজন্মের বুদ্ধিসংযোগলাভ করে এবং মোক্ষলাভে পুনঃ যত্নবান হয়—তেমন জিজ্ঞাসুর পক্ষে আর বেদোক্ত অর্থাৎ শাস্ত্রবিহিত কর্ম্মানুষ্ঠানের প্রয়োজন হয় না। সে পূর্ব্বাভ্যাসের বলেই ব্রহ্মনিষ্ঠ হয় এবং প্রযত্নসহকারে যোগনিষ্ঠ হইয়া অনেক জন্ম-সংস্কারোপচয়ে সিদ্ধি ও মোক্ষলাভ করে (৪০-৪৫)। তপস্বী, জ্ঞানী, কর্ম্মী (শ্রুতিস্মৃতিবিহিতসকামকর্ম্মপরায়ণ ব্যক্তি) অপেক্ষা যোগী শ্রেষ্ঠ। আর যোগীগণের মধ্যে শ্রদ্ধাবান্ অর্থাৎ ভক্তিপরায়ণ ও মদ্গতচিত্তই সর্ব্বশ্রেষ্ঠ। অতএব হে অর্জ্জুন! তুমি সেইরূপ যোগী হও (৪৬-৪৭)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ষষ্ঠোঽধ্যায়ঃ।

(ধ্যানযোগঃ)*

শ্রীভগবানুবাচ।

অনাশ্রিতঃ কর্ম্মফলং কার্য্যং কর্ম্ম করোতি যঃ।
স সন্ন্যাসী চ যোগী চ ন নিরগ্নি র্নচাক্রিয়ঃ ॥ ১।

অধ্যায়োক্ত বিষয় নির্দ্দেশ

অতীতানন্তরাধ্যায়ান্তে ধ্যানযোগস্য সম্যগ্‌দর্শনং প্রত্যন্তরঙ্গস্য সুত্রভূতাঃ শ্লোকাঃ 'স্পর্শান্ কৃত্বা বহি'রিত্যাদয়উপদিষ্টাঃতেষাংবৃত্তিস্থানীয়োঽয়ং ষষ্ঠোঽধ্যায় আরভ্যতে (শ)। চিত্তেশুদ্ধেঽপি ন ধ্যানং বিনা সন্ন্যাসমাত্রতঃ, মুক্তিঃ স্যাদিতি ষষ্ঠেঽস্মিন্ ধ্যানযোগোবিতন্যতে (শ্রী)।

"The sixth Chapter is a large comment on and a full devolopment of the idea of the closing verses of the fifth"—(A. E.—G. I. 301)

(১)

অন্বয়। শ্রীভগবান্ উবাচ,—যঃ কর্ম্মফলম্ অনাশ্রিতঃ কার্য্যং কর্ম্ম করোতি, সঃ সন্ন্যাসী চ যোগী চ (যদ্যপি) ন নিরগ্নিঃ ন চ অক্রিয়ঃ।

অনুবাদ। শ্রীভগবান্ কহিলেন—যিনি কর্ম্মফলকে আশ্রয় (অর্থাৎ আকাঙ্খা) না করিয়া কর্ত্তব্য কর্ম্ম করেন, তিনিই সন্ন্যাসী ও যোগী (যদিও তিনি) নিরগ্নি (অর্থাৎ অগ্নিসাধ্য শ্রৌত কর্ম্মত্যাগী) এবং অক্রিয় (অর্থাৎ অগ্নিরহিত স্মার্ত্তকর্ম্মত্যাগী) নহেন। (অর্থাৎ সমস্ত বিহিতকর্ম্ম করিয়াও কর্ম্মত্যাগ না করিয়াও কর্ম্মফল মাত্র ত্যাগ করিয়াই সন্ন্যাসী এবং যোগীপদবাচ্য)

---

* এই অধ্যায়ের নাম কেহ 'ধ্যানযোগ' কেহ 'অধ্যাত্মযোগ' কেহ বা 'অভ্যাসযোগ' বলিয়া উল্লেখ করিয়াছেন। শ্রুতির নির্দ্দেশ হইতেছে 'ধ্যাননির্ম্মথনাভ্যাসাদ্ এনং পশ্যেৎ' (শ্বেতাশ্বতর ১।১৪)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যং সন্ন্যাসমিতি প্রাহুর্যোগং তং বিদ্ধি পাণ্ডব।
ন হ্যসংন্যস্তসঙ্কল্পো যোগী ভবতি কশ্চন ॥ ২

(১ শ্লোকের টীকা)

টীকা। "সর্ব্বকর্ম্মাণি মনসা সংন্যস্যাস্তে" ইত্যাদিনা সর্ব্বকর্ম্মত্যাগেন সংন্যাসাখ্যজ্ঞানযোগবিধানাদ্ধীনত্বেন কর্ম্ম ত্যাজ্যমিতিশঙ্কাবারণায় কর্ম্মযোগস্য সংন্যাসরূপত্বেনোপাদেয়তামভিধাস্যন্ শ্রীভগবানুবাচ (ক)।

অনাশ্রিতঃ কর্ম্মফলং—কর্ম্মফলতৃষ্ণারহিতঃ (শ)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীভগবানুবাচ।

পার্থ! নৈবেহ নামুত্র বিনাশস্তস্য বিদ্যতে।
ন হি কল্যাণকৃৎ কশ্চিদ্ দুর্গতিং তাত! গচ্ছতি ॥ ৪০
প্রাপ্য পুণ্যকৃতাং লোকানুষিত্বা শাশ্বতীঃ সমাঃ।
শুচীনাং শ্রীমতাং গেহে যোগভ্রষ্টোঽভিজায়তে ॥ ৪১

(৪০)

অন্বয়। শ্রীভগবানুবাচ।—[হে] পার্থ! ন ইহ ন অমুত্র (এব) তস্য বিনাশঃ বিদ্যতে, হি [হে] তাত! কল্যাণকৃৎ কশ্চিৎ দুর্গতিং ন গচ্ছতি।

অনুবাদ। শ্রীভগবান কহিলেন—[হে] পার্থ! না ইহলোকে, না পরলোকেও তাঁহার বিনাশ আছে, যে হেতু, (হে) তাত! কল্যাণকারী কেহই দুর্গতি প্রাপ্ত হন না।

টীকা। **কল্যাণকৃৎ**—শুভকারী (শ্রী)।

তাত—পুত্রং শিষ্যং চ অতিকৃপয়া জ্যেষ্ঠস্তথা সম্বোধয়তি (ব)।

(৪১)

অন্বয়। যোগভ্রষ্টঃ পুণ্যকৃতাং লোকান্ প্রাপ্য (তত্র) শাশ্বতীঃ সমাঃ উষিত্বা শুচীনাং শ্রীমতাং গেহে অভিজায়তে।

অনুবাদ। যোগভ্রষ্ট ব্যক্তি পুণ্যানুষ্ঠাতৃগণের লোক সকল পাইয়া (তথায়) বহুবর্ষ বাস করিয়া সদাচার বিভূতিসম্পন্ন (বা ধনবান্) দিগের গৃহে জন্মগ্রহণ করেন।

টীকা। **উষিত্বা**—বাসসুখমনুভূয় (শ্রী)।

শাশ্বতীঃ সমাঃ—বহূন্ বৎসরান্ (শ্রী)।

শুচীনাং—সদাচারাণাম্ (শ্রী)। **শ্রীমতাং**—বিভূতিমতাম্ (শ)। ধনিনাম্ (শ্রী)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অথবা যোগিনামেব কুলে ভবতি ধীমতাম্।
এতদ্ধি দুর্ল্লভতরং লোকে জন্ম যদীদৃশম্ ॥ ৪২
তত্র তং বুদ্ধিসংযোগং লভতে পৌর্ব্বদেহিকম্।
যততে চ ততো ভূয়ঃ সংসিদ্ধৌ কুরুনন্দন! ৪৩
পূর্ব্বাভ্যাসেন তেনৈব হ্রিয়তে হ্যবশোঽপি সঃ।
জিজ্ঞাসুরপি যোগস্য শব্দব্রহ্মাতিবর্ত্ততে ॥ ৪৪

(৪২)

অন্বয়। অথবা ধীমতাং যোগিনাম্ এব কুলে [তস্য জন্ম] ভবতি ঈদৃশং বৎ জন্ম, এতৎ হি লোকে দুর্ল্লভতরম্।

অনুবাদ। অথবা ধীমান্ যোগিদিগের কুলে (তাঁহার জন্ম) হইয়া থাকে। এইরূপ যে জন্ম ইহা নিশ্চয় জগতে অপেক্ষাকৃত দুর্ল্লভ।

টীকা। যোগিনাং—যোগনিষ্ঠানাং দরিদ্রাণাম্ (শ)।

(৪৩)

অন্বয়। [হে] কুরুনন্দন! (সঃ) তত্র পৌর্ব্বদেহিকং তং বুদ্ধিসংযোগং লভতে ততঃ চ ভূয়ঃ সংসিদ্ধৌ যততে।

অনুবাদ। [হে] কুরুনন্দন! তথায় (যোগভ্রষ্ট ব্যক্তি) পূর্ব্বদেহের (অর্থাৎ পূর্ব্বজন্মের) বুদ্ধিসংযোগলাভ করেন এবং সেই (পূর্ব্বসংস্কার) হইতে পুনরায় সম্যক্ সিদ্ধিলাভের জন্য যত্নবান্ হইয়া থাকেন।

টীকা। তং বুদ্ধিসংযোগং—যোগবিষয়ম্ (রা)।
পৌর্ব্বদেহিকম্—পূর্ব্বদেহে ভবম্ (ব)। পূর্ব্বজন্মভবম্ (বি)।
ততঃ—তস্মাৎ পূর্ব্বকৃতাৎ সংস্কারাৎ (শ)। ভূয়ঃ—অধিকম্ (শ্রী)।
সংসিদ্ধৌ—মোক্ষলাভার্থং (নিমিত্তার্থে ৭মী)।

(৪৪)

অন্বয়। সঃ তেন পূর্ব্বাভ্যাসেন এব অবশঃ অপি হ্রিয়তে, হি যোগস্য জিজ্ঞাসুঃ অপি শব্দব্রহ্ম অতিবর্ত্ততে।

অনুবাদ। তিনি সেই পূর্ব্বাভ্যাস দ্বারাই বাধ্য হইয়াই যোগাকৃষ্ট হন। যেহেতু যোগের স্বরূপ জিজ্ঞাসু ব্যক্তিও (বেদ বা বেদোক্ত কর্ম্মানুষ্ঠানফলকে) অতিক্রম করেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রযত্নাদ্ যতমানস্তু যোগী সংশুদ্ধকিল্বিষঃ।
অনেকজন্মসংসিদ্ধস্ততো যাতি পরাং গতিম্॥ ৪৫

(৪৪ শ্লোকের টীকা)

টীকা। **পূর্ব্বাভ্যাসেন**—যঃ পূর্ব্বজন্মনি কৃতোঽভ্যাসঃ স পূর্ব্বাভ্যাসস্তেন (শ)। প্রাগর্জ্জিতজ্ঞানসংস্কারেণ (ম)। পূর্ব্বেণ যোগবিষয়েণাভ্যাসেন (রা)। যোগবিষয়কেণ পূর্ব্বাভ্যাসেন (ব)। **হ্রিয়তে**—বিষয়েভ্যঃ পরাবৃত্য ব্রহ্মনিষ্ঠঃ ক্রিয়তে (শ্রী)। যোগপ্রবণঃক্রিয়তে (নী)। আকৃষ্যতে (ব)।

অবশোঽপি—অনিচ্ছন্নপি (শ্রী)।

শব্দব্রহ্মাতিবর্ত্ততে—বেদোক্তকর্ম্মানুষ্ঠানফলং অতিক্রামতি (শ)। কর্ম্মাধিকারমপেক্ষ্য জ্ঞানাধিকারি এব নিষ্ঠাং করোতি (ক)।

তাৎপর্য্য

"শব্দব্রহ্মের অর্থ 'বৈদিক যজ্ঞ-যাগ প্রভৃতি কাম্যকর্ম্ম'।" "বেদের উপর শ্রদ্ধা রাখিয়াই ইহা করা যায় এবং বেদ অর্থে সৃষ্টির সর্ব্বপ্রথম শব্দ অর্থাৎ শব্দব্রহ্ম। প্রত্যেক মনুষ্য সর্ব্বপ্রথম সকল কর্ম্ম কাম্যবুদ্ধিতে করে; কিন্তু এই কর্ম্মের দ্বারা যেমন চিত্তশুদ্ধি হইতে থাকে তেমনই পরে নিষ্কাম বুদ্ধিতে কর্ম্ম করিবার ইচ্ছা হয়" "এবং তখন আবার এই নিষ্কাম কর্ম্মযোগের আচরণ হইতে থাকে"। "উপনিষদে এবং মহাভারতেও এই বর্ণনা আছে—

দ্বে ব্রহ্মণী বেদিতব্যে শব্দব্রহ্ম পরং চ যৎ।
শব্দব্রহ্মণি নিষ্ণাতঃ পরংব্রহ্মাধিগচ্ছতি॥"*

(পূর্ব্বগত ২।৪০ শ্লোকও স্মরণীয়)।

(৪৫)

অন্বয়। তু প্রযত্নাদ্যতমানঃ সংশুদ্ধকিল্বিষঃ যোগী অনেকজন্মসংসিদ্ধঃ (সন্) ততঃ পরাং গতিং যাতি।

অনুবাদ। অপিচ প্রযত্নপূর্ব্বক (অর্থাৎ অধিকতর যত্নপূর্ব্বক) সাধনসম্পন্ন পাপমুক্ত যোগী অনেক জন্মার্জ্জিত সিদ্ধি লাভ করিয়া শ্রেষ্ঠগতি লাভ করেন।

টীকা। অত্রামুত্রিকীং সুখসম্পত্তিমাহ প্রযত্নাদিতি (ব)। পরমাগতি লাভ শুধু জিজ্ঞাসু হইলে হইবে না। প্রযত্নপূর্ব্বক যোগসাধন প্রয়োজন।

* বালগঙ্গাধর তিলক প্রণীত 'গীতারহস্য' (জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর কৃত বঙ্গানুবাদ) ৭২৬ পৃষ্ঠা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তপস্বিভ্যোঽধিকো যোগী জ্ঞানিভ্যোঽপি মতোঽধিকঃ।
কর্ম্মিভ্যশ্চাধিকো যোগী তস্মাদ্‌যোগী ভবার্জ্জুন ! ॥ ৪৬
যোগিনামপি সর্ব্বেষাং মদ্‌গতেনান্তরাত্মনা।
শ্রদ্ধাবান্ ভজতে যো মাং স মে যুক্ততমো মতঃ ॥ ৪৭

ইতি শ্রীমদ্ভগবদ্গীতাসু উপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াম্ যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে ধ্যানযোগো নাম ষষ্ঠোঽধ্যায়ঃ।

(৪৫ শ্লোকের টীকা)

সংশুদ্ধকিল্বিষঃ—বিশুদ্ধপাপঃ (শ)। বিধূতপাপঃ (শ্রী)।

অনেকজন্মসংসিদ্ধঃ—অনেকেষু জন্মসু কিঞ্চিৎ কিঞ্চিৎ সংস্কারজাতমুপচিত্য তেন উপচিতেন অনেকজন্মকৃতেন সংসিদ্ধঃ ততো লব্ধসম্যগ্‌দর্শনঃ (শ)। অনেকৈঃ জন্মভিঃ সংসিদ্ধঃ প্রাপ্তযোগঃ (নী)।

(৪৬)

অন্বয়। যোগী তপস্বিভ্যঃ অধিকঃ জ্ঞানিভ্যঃ অপি অধিকঃ কর্ম্মিভ্যঃ চ যোগী অধিকঃ (ইতি মম) মতঃ তস্মাৎ (হে) অর্জ্জুন ! (ত্বম্) যোগী ভব।

অনুবাদ। যোগী তপস্বিগণ অপেক্ষা শ্রেষ্ঠ জ্ঞানীদিগের অপেক্ষাও শ্রেষ্ঠ, কর্ম্মিদের অপেক্ষাও যোগী শ্রেষ্ঠ (ইহা আমার) অভিমত অতএব (হে) অর্জ্জুন ! (তুমি) যোগী হও।

টীকা। অতিশয়িতপরমার্থনিষ্ঠতয়া যোগিনঃ সর্ব্বস্মাদাধিক্যমাহ তপস্বিভ্যঃ ইতি (রা)। ইদানীং যোগী স্তূয়তে (ম)। কর্ম্মজ্ঞানতপোযোগবতাং মধ্যে কঃ শ্রেষ্ঠ ইত্যপেক্ষায়ামাহ তপস্বিভ্য ইতি (বি)।

জ্ঞানিভ্যঃ—জ্ঞানমত্রশাস্ত্রার্থপাণ্ডিত্যম্।

কর্ম্মিভ্যঃ—বেদবিহিতযজ্ঞাদিসকামকর্ম্মিভ্যঃ।

(৪৭)

অন্বয়। মদ্‌গতেন অন্তরাত্মনা যঃ শ্রদ্ধাবান্ (সন্) মাং ভজতে, স সর্ব্বেষাং যোগিনামপি যুক্ততমঃ মে মতঃ।

অনুবাদ। আমাতে সমাহিত অন্তঃকরণ দ্বারা শ্রদ্ধাবান্ হইয়া যিনি আমার সেবা করেন তিনি যুক্ততম অর্থাৎ অতিশয়যুক্ত বা সর্ব্বশ্রেষ্ঠ যোগী ইহাই আমার অভিমত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

টীকা যোগিনামপি সর্ব্বেষাং রুদ্রাদিত্যাদিধ্যানপরাণাং মধ্যে মদ্গতেন ময়ি বাসুদেবে সমাহিতেনান্তরাত্মনা অন্তঃকরণেন শ্রদ্ধাবান্ শ্রদ্ধধানঃ সন্ ভজতে সেবতে যো মাং স মে মম যুক্ততমোঽতিশয়েন যুক্তো মতোঽভিপ্রেতঃ (শ)। তদেবং পরবিদ্যাঙ্গীভূতং প্রজাপতিবাক্যোদিতং প্রত্যগাত্মদর্শনমুক্তম্, অথ পরবিদ্যাং প্রস্তৌতি যোগিণামিতি (রা)। তপস্ব্যাদিভ্যো, যোগিনঃ শ্রৈষ্ঠ্যমুক্ত্বেদানীং সর্ব্বযোগ্যুৎকৃষ্টং যোগিনং বদন্নধ্যায়মুপসংহরতি (ক)।

যোগিনাম্—ধ্যানযোগিনাম্, সর্ব্বমার্গীয়যোগিনাম্।

মদ্গতেন—ময়ি বাসুদেবে সমাহিতেন (শ)।

ভজতে—সেবতে উপাস্ত ইত্যর্থঃ (রা)।

শ্রদ্ধাবান্……মতঃ—যতঃ সমাধিসিদ্ধিরীশ্বরপ্রণিধানাদ্ ভবতি। যতঃ 'ভক্ত্যা মামভিজানাতি যাবান্যশ্চাস্মি তত্ত্বতঃ'।

তাৎপর্য্য

এই শ্লোকে শ্রীভগবান্ যে উপদেশ দিলেন তাহার তাৎপর্য্য কি? এই শ্লোকে ধ্যানযোগাধ্যায়ের উপদেশ সমাপ্ত হইয়াছে। অতএব 'যোগিনামপি সর্ব্বেষাম্' সকল (অর্থাৎ জ্ঞান কর্ম্ম) ধ্যানযোগিদিগের মধ্যে, এইরূপ সরলার্থ গ্রহণ করা অসঙ্গত হইতে পারে না, যেহেতু ইতিপূর্ব্বে ধ্যানযোগে সমাধিলাভের কথা বলা হইয়াছে। এই সমাধিসিদ্ধির উপায় কি? পাতঞ্জল দর্শন মতে 'সমাধিসিদ্ধিরীশ্বরপ্রণিধানাৎ' (সাঃ ৪৫ যু)। ইহার অর্থ কি? 'ঈশ্বরার্পিতসর্ব্বভাবস্য ভক্ত্যৈব সিদ্ধির্ভবতি' (মণিপ্রভা) 'ঈশ্বরে অকামনয়া সকলকর্ম্মসমর্পণাৎ সমাধিসিদ্ধিঃ' (যোগসুধাকরঃ)। আগামী ভক্তিযোগাধ্যায়ে শ্রীভগবান্ও এইরূপ ভজন বা উপাসনার উপদেশ নিম্নোদ্ধৃত বাণীতে দিবেন—

> যে তু সর্ব্বাণি কর্ম্মাণি ময়ি সংন্যস্য মৎপরাঃ।
> অনন্যেনৈব যোগেন মাং ধ্যায়ন্ত উপাসতে॥
> তেষামহং সমুদ্ধর্তা মৃত্যুসংসারসাগরাৎ।
> ভবামি ন চিরাৎ পার্থ! ময্যাবেশিতচেতসাম্॥
>
> (১২।৬।৭)

আর যদি শ্রীমৎ রামানুচার্য্যপ্রমুখ ভাষ্যকারগণ যে বলিয়াছেন 'যোগিনামিতি পঞ্চম্যর্থে ষষ্ঠী, সর্ব্বভূতস্থমিত্যাদিনা চতুর্ব্বিধা যোগিনঃ প্রতিপাদিতাঃ', 'ন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নির্দ্ধারণে ষষ্ঠী সম্ভবতি' তাহা হইলেও এই শ্লোকোক্ত উপদেশ আগামী ভক্তি-যোগোপদেশপূর্ণ ছয় অধ্যায় বা ষট্‌কের প্রস্তুতি হিসাবে গ্রহণ করিতেও কোন বাধা থাকিতে পারে না। এ পর্য্যন্ত সাধনসম্পূর্ত্তির ক্ষেত্রে জ্ঞানকর্ম্ম সমুচ্চয়ের নির্দ্দেশই পাওয়া গিয়াছে। আগামী উপদেশে যদি ভগবদ্বীণার নূতন তন্ত্রীতে নূতন সুর ধ্বনিত হয় তাহা হইলে আমরা নূতন রসের সন্ধান পাইব সন্দেহ নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ষষ্ঠ অধ্যায়

(ধ্যানযোগ)

(পরিশিষ্ট)

'তত্রধ্যানজমনাশয়ম্'* ।

গীতার এই অধ্যায়ের নাম 'ধ্যানযোগ', কেহ কেহ ইহাকে 'অভ্যাসযোগ নামে' অভিহিত করিয়াছেন। ধ্যানের কাজ কি ? গীতার মতে :—

"ধ্যানেনাত্মনি পশ্যন্তি কেচিদাত্মানমাত্মনা।
অন্যে সাংখ্যেন যোগেন কর্ম্মযোগেন চাপরে" (১৩।২৫)

অতএব দেখা যাইতেছে সাংখ্যযোগ ও কর্ম্মযোগের ন্যায় ধ্যানযোগও গীতার মতে আত্মদর্শনের বা আত্মসাক্ষাৎকারের সাধন বা উপায় বিশেষ। এই ধ্যানযোগের স্বরূপ কি ?

যত্রোপরমতে চিত্তং নিরুদ্ধং যোগসেবয়া।
যত্রচৈবাত্মনাত্মানং পশ্যন্নাত্মনি তুষ্যতি ॥ ২০
সুখমাত্যন্তিকং যত্তদ্ বুদ্ধিগ্রাহ্যমতীন্দ্রিয়ম্।
বেত্তি যত্র ন চৈবায়ং স্থিতশ্চলতি তত্ত্বতঃ ॥ ২১
যং লব্ধা চাপরং লাভং মন্যতে নাধিকংততঃ।
যস্মিন্ স্থিতো ন দুঃখেন গুরুণাপি বিচাল্যতে ॥ ২২
তং বিদ্যাদ্দুঃখসংযোগবিয়োগং যোগসংজ্ঞিতম্। ২৩

এ যোগ কখন লাভ হয় ?

যদা হি নেন্দ্রিয়ার্থেষু ন কর্ম্মস্বনুষজ্জতে।
সর্ব্বসংকল্পসন্ন্যাসী যোগারূঢ় স্তদোচ্যতে ॥ (৪)

অথবা—

যদা বিনিয়তং চিত্তমাত্মন্যেবাবতিষ্ঠতে।
নিস্পৃহঃ সর্ব্বকামেভ্যো যুক্ত ইত্যুচ্যতে তদা ॥ (১৮)

---

* যোগ সূত্র কৈঃ পাঃ ৬ সূত্র—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাহার সহিত যোগ ?

'যোগী যুঞ্জীত সততমাত্মানম্' । ১০

অতএব কেহ যদি বলেন গীতার মতে "ঈশ্বরে চিত্তসংযোগই যোগ"—আর পাতঞ্জল দর্শনমতে দ্রষ্টার স্বরূপে অবস্থিতি যোগের লক্ষণ, অতএব গীতার সহিত পাতঞ্জলদর্শনের অত্যন্ত পার্থক্য আছে (১) আমরা তাঁহার সহিত একমত হইতে পারি না। আত্মস্থ হওয়া আত্মার স্বরূপে অবস্থিতি গীতাকার ও যোগশাস্ত্রকার উভয়েরই অভিপ্রেত। শুধু তাহাই নহে। ভাবগত ঐক্যের সহিত ভাষাগত ঐক্যেরও অভাব নাই। গীতা যেমন বলেন :—

'যদা বিনিয়তং চিত্তমাত্মন্যেবাবতিষ্ঠতে।
নিঃস্পৃহঃ সর্ব্বকামেভ্যো যুক্ত ইত্যুচ্যতে তদা' ॥ (১৮)
কূটস্থো বিজিতেন্দ্রিয়ঃ যোগী যুক্ত ইত্যুচতে (৮)

যোগশাস্ত্রও তদ্রূপ বলেন :—

তদা দ্রষ্টুঃ স্বরূপে অবস্থানম্। (১।৩ সূ)

আবার যোগের তটস্থ লক্ষণনির্দ্দেশকল্পে যোগশাস্ত্রকার যেমন বলেন—

"যোগশ্চিত্তবৃত্তিনিরোধঃ"। (১।২ সূ)

গীতাকারও তেমনই

"যত্রোপরমতে চিত্তং নিরুদ্ধং যোগসেবয়া"। (২০)

বলিয়া যোগের সংজ্ঞা নির্দ্দেশ করিয়াছেন দেখিতে পাই।

যোগের লক্ষণ নির্দ্দেশ এবং সংজ্ঞা নিরূপণ বিষয়ে গীতার ও পাতঞ্জল দর্শনের মধ্যে কতদূর ঐক্য আছে দেখা গেল। এক্ষণে দেখা যাক্ যোগের উপায় বা সাধন নির্দ্দেশে কতদূর ঐক্য বা পার্থক্য আছে। ধ্যানযোগের সাধন ও সাধ্য বিষয়ে এই অধ্যায়োক্ত উপদেশের পূর্ব্বাভাসরূপে—আচার্য্য যাহাকে বলিয়াছেন সূত্ররূপে—গীতা বিগত অধ্যায়ের উপসংহারে বলিয়াছেন—

স্পর্শান্ কৃত্বা বহির্ব্বাহ্যাংশ্চক্ষুশ্চৈবান্তরে ভ্রুবোঃ।
প্রাণাপানৌ সমৌ কৃত্বা নাসাভ্যন্তরচারিণৌ ॥ ৫।২৭
যতেন্দ্রিয়মনোবুদ্ধির্ম্মুনির্মোক্ষপরায়ণঃ।
বিগতেচ্ছাভয়ক্রোধো যঃ সদা মুক্ত এব সঃ ॥ ৫।২৮

(১) হীরেন্দ্রনাথ দত্ত প্রণীত—'গীতায় ঈশ্বরবাদ' দ্রষ্টব্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আর, এই অধ্যায়ের একরূপ প্রারম্ভেই বিধান করিয়াছেন—

যোগী যুঞ্জীত সততমাত্মানং রহসি স্থিতঃ।
একাকী যতচিত্তাত্মা—নিরাশীরপরিগ্রহঃ॥ ১০

শুচৌ দেশে প্রতিষ্ঠাপ্য স্থিরমাসনমাত্মনঃ।
নাত্যুচ্ছ্রিতং নাতিনীচং চেলাজিনকুশোত্তরম্॥ ১১

তত্রৈকাগ্রং মনঃ কৃত্বা যতচিত্তেন্দ্রিয়ক্রিয়ঃ।
উপবিশ্যাসনে যুঞ্জ্যাদ্ যোগমাত্মবিশুদ্ধয়ে॥ ১২

সমং কায়শিরোগ্রীবং ধারয়ন্নচলং স্থিরঃ।
সংপ্রেক্ষ্য নাসিকাগ্রং স্বং দিশশ্চানবলোকয়ন্॥ ১৩

প্রশান্তাত্মা বিগতভীর্ব্রহ্মচারিব্রতে স্থিতঃ।
মনঃ সংযম্য মচ্চিত্তো যুক্তআসীত মৎপরঃ॥ ১৪

পরে সাধন সম্বন্ধে আবার বলিতেছেন :—

সঙ্কল্পপ্রভবান্ কামাংস্ত্যক্ত্বা সর্ব্বানশেষতঃ।
মনসৈবেন্দ্রিয়গ্রামং বিনিয়ম্য সমন্ততঃ॥ ২৪

শনৈঃ শনৈরুপরমেদ্ বুদ্ধ্যা ধৃতিগৃহীতয়া।
আত্মসংস্থং মনঃ কৃত্বা ন কিঞ্চিদপি চিন্তয়েৎ॥ ২৫

যতো যতো নিশ্চরতি মনশ্চঞ্চলমস্থিরম্।
ততস্ততো নিয়ম্যৈতদাত্মন্যেব বশং নয়েৎ॥ ২৬

তেমনই, যোগ সাধনের অষ্টাঙ্গ নির্দ্দেশকল্পে যোগসূত্র বলেন :—

'যমনিয়মাসনপ্রাণায়ামপ্রত্যাহারধারণাধ্যানসমাধয়োঽষ্টাবঙ্গানি'। (২।২৯ সূ)

'যম' কাহাকে বলে?—

'অহিংসাসত্যাস্তেয়ব্রহ্মচর্য্যাপরিগ্রহা যমাঃ'॥ (২।৩০সূ)

'নিয়ম'?—'শৌচসন্তোষতপঃস্বাধ্যায়েশ্বরপ্রণিধানানি নিয়মাঃ'। (২।৩২ সূ)

'আসন' কি?—'স্থিরসুখমাসনম্'। (২।৪৬ সূ)
এই আসন প্রতিষ্ঠার ফল হইতেছে—'ততো দ্বন্দ্বানভিঘাতঃ'। (২।৪৮ সূ)
অর্থাৎ 'নির্দ্বন্দ্ব' হওয়া।

১৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

'তস্মিন্ সতি শ্বাসপ্রশ্বাসয়োর্গতিবিচ্ছেদঃ প্রাণায়ামঃ' ॥ (২।৪৯ সূ)
যাহার ফল—'ততঃ ক্ষীয়তে প্রকাশাবরণম্'। (২।৫২ সূ)
আর—'ধারণাসু চ যোগ্যতা মনসঃ'। (২।৫৩ সূ)

পঞ্চমাঙ্গ—'প্রত্যাহার' হইতেছে—
'স্ববিষয়াসম্প্রয়োগে চিত্তস্বরূপানুকার ইবেন্দ্রিয়াণাং প্রত্যাহারঃ'। (২।৫৪ সূ)
যাহার ফল হইতেছে—'ততঃ পরমা বশ্যতেন্দ্রিয়াণাম্'। (২।৫৫ সূ)

আর 'ধারণা' কাহাকে বলে?—'দেশবন্ধশ্চিত্তস্য ধারণা' ॥ (৩।১ সূ)
আর—'তত্র প্রত্যয়ৈকতানতা ধ্যানম্' ॥ (৩।২ সূ)

অষ্টমাঙ্গ 'সমাধি' হইতেছে—
'তদেবার্থমাত্রনির্ভাসং স্বরূপশূন্যমিব সমাধিঃ'। (৩।৩ সূ)

অতএব দেখা যাইতেছে যে উপরি উদ্ধৃত গীতার বর্ত্তমান অধ্যায়ের শ্লোক নিচয়ে উল্লিখিত যোগ প্রণালীর পাতঞ্জল দর্শনোক্ত অষ্টাঙ্গ যোগ সাধনের সহিত যে কোন মিল নাই তাহা নহে; বরং অবহিত হইয়া দেখিলে দেখা যাইবে অনেকটা মিলই আছে। 'ব্রহ্মচর্য্য', 'অপরিগ্রহ' প্রভৃতি যমাঙ্গ—ইন্দ্রিয় গ্রামের 'নিয়মন'—'আসন' প্রতিষ্ঠার ফল নির্দ্বন্দ্বতা লাভ—'প্রাণায়ামে'র প্রয়োজনীয়তা—বাহ্য বিষয়ের 'প্রত্যাহার', নাসিকাগ্রে দৃষ্টি স্থাপন করিয়া 'ধারণা'ভ্যাস,—চিত্তের একাগ্রতারূপ 'ধ্যান' এবং আত্মায় চিত্তস্থাপনপূর্ব্বক সমস্ত চিন্তা পরিহার অর্থাৎ 'সমাধির' উপদেশাবলী গীতায় স্পষ্টভাবেই প্রদত্ত হইয়াছে। সঙ্কল্পসম্ভূত যাবতীয় কামনাত্যাগ, 'আশা পরিত্যাগ' ইত্যাদি অবশ্য যোগশাস্ত্রের ভাষাতে নিয়মাঙ্গ নহে, কিন্তু তাহা যে যোগশাস্ত্রের 'প্রত্যাহার'-অঙ্গীভূত বিধান তাহাও অস্বীকার করিবার উপায় নাই। আর "শৌচ সন্তোষ তপঃ স্বাধ্যায়" গীতায় ঠিক যোগাঙ্গ বলিয়া উপদিষ্ট না হইলেও, দৈবী সম্পদ্ শ্রেণীভুক্ত বলিয়া ষোড়শ অধ্যায়ে কীর্ত্তিত হইবে। সর্ব্বোপরি সাধনক্ষেত্রে 'ঈশ্বর প্রণিধান' অর্থাৎ 'তস্মিন্ পরমগুরৌ সর্ব্বকর্ম্মসমর্পণম্' ইহা ত কর্ম্মযোগের ও রাজগুহ্যযোগের উপদেশ প্রসঙ্গে পূর্ব্বে ও পরে বহুস্থলে বহুরূপে বিহিত হইয়াছে।

তবুও নাকি সাধ্য ও সাধনের বিচারে গীতার সহিত পাতঞ্জল দর্শনের অত্যন্ত পার্থক্য আছে। "পাতঞ্জল শাস্ত্রে যোগশব্দে ঈশ্বরের সহিত জীবের সংযোগ বুঝায়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

না” (১)। “যোগসিদ্ধির জন্য পতঞ্জলি যে সকল উপায়ের উপদেশ করিয়াছেন ‘ঈশ্বর প্রণিধান’ তাহাদের অন্যতম” (২)। সেই “ঈশ্বরপ্রণিধান” আবার “অষ্টাঙ্গ যোগের বহিরঙ্গ পঞ্চবিধ নিয়মের অন্যতম” উপায় (৩)। এই উপায়ই যে “অদ্বিতীয় উপায় কিম্বা মুখ্য উপায় পতঞ্জলি তাহা স্বীকার করেন না” (৪)। পতঞ্জলির মতে “ঈশ্বর-প্রণিধান” অর্থে ঈশ্বরে চিত্তের আধান নহে—ঈশ্বরে কর্ম্মার্পণ মাত্র” (৫)।

পাতঞ্জল দর্শন আলোচনা করিলে আমরা কিন্তু দেখিতে পাই যোগশাস্ত্রকার ঋষি—ঈশ্বরকে ছাড়িয়া দেওয়া দূরের কথা—পুনঃ পুনঃ ঈশ্বর-প্রণিধানের অবতারণা করিয়াছেন, যথা—

“ঈশ্বরপ্রণিধানাদ্ বা”। (সঃ ২৩ সূ)
“তপঃস্বাধ্যায়েশ্বরপ্রণিধানানি ক্রিয়াযোগঃ”। (সাঃ ১ সূ)
“শৌচসন্তোষতপঃস্বাধ্যায়েশ্বরপ্রণিধানানি নিয়মাঃ”। (সাঃ ৩২ সূ)
“সমাধিসিদ্ধিরীশ্বরপ্রণিধানাৎ”। (সাঃ ৪৫ সূ)

প্রথমেই অর্থাৎ সমাধিপাদে ‘ঈশ্বর প্রণিধান’ অর্থাৎ পরমগুরু ঈশ্বরে ভক্তিবিশেষ বা সর্ব্বকর্ম্ম সমর্পণের প্রস্তাব করিয়া এবং দ্বিতীয় অর্থাৎ সাধনপাদের প্রথমেই ভগবানে সর্ব্বকর্ম্মসমর্পণকে ‘ক্রিয়াযোগ’ নামে অভিহিত ও বিহিত করিয়া ঋষি ক্ষান্ত হন নাই, পরন্তু তাহাকে অষ্টাঙ্গযোগের নিয়মাঙ্গীভূত করিয়াছেন। পঞ্চবিধ নিয়মের একাঙ্গ বলিয়া তাহার গৌণত্ব কল্পনা করিবারও অবকাশ দেন নাই। কারণ তৎপরেই যোগের চরমাঙ্গ যে ‘সমাধি—তাহার সিদ্ধিরূপ মহাফল যে ‘ঈশ্বরপ্রণিধান’ হইতেই লভ্য, ‘ঈশ্বরার্পিতসর্ব্বভাবস্য ভক্ত্যেব যোগসিদ্ধির্ভবতি’ (৫) তাহাও পরিষ্কারভাবে নির্দ্দেশ করিয়াছেন। ‘ঈশ্বর প্রণিধান’ যে যোগের ‘আসন্নতর’ উপায় সূত্রকার ঋষি প্রথম পাদেই তাহার উল্লেখ করিয়াছেন এবং সেক্ষেত্রে ‘ঈশ্বরপ্রণিধানে’র অর্থ যে ভগবানে ভক্তিবিশেষ বা আত্মসমর্পণ তাহাও একাধিক টীকা ভাষ্যকার কর্ত্তৃক স্বীকৃত। প্রথম অর্থাৎ সমাধিপাদের—২৩ সংখ্যক—

“ঈশ্বরপ্রণিধানাদ্ বা”।

সূত্রের ব্যাখ্যা ব্যাসভাষ্যে নিম্নলিখিতরূপ প্রদত্ত হইয়াছে—

“কিমেতস্মাদেবাসন্নতরঃ সমাধির্ভবতি। অথাস্য লাভে ভবত্যন্তোঽপি কশ্চি-

---

(১), (২), (৩), (৪), (৫) হীরেন্দ্রনাথ দত্ত প্রণীত ‘গীতায় ঈশ্বরবাদ’ ১২১—১২৩ পৃষ্ঠা।

(৫) যোগদর্শনের মণিপ্রভাবৃত্তিঃ ৭৬ পৃষ্ঠা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দুপায়ো ন নেত্বি, ঈশ্বরপ্রণিধানাদ্বা। প্রণিধানাদ্ভক্তিবিশেষাৎ....যোগিন আসন্নতরঃ সমাধিলাভঃ সমাধিফলঞ্চ ভবতীতি"। বিজ্ঞানভিক্ষুকৃত যোগবার্ত্তিকেও "প্রণিধানম্ অত্র ন দ্বিতীয়পাদবক্ষ্যমাণং কিন্তু অসম্প্রজ্ঞাতকারণীভূতসমাধির্ভাবনাবিশেষ এব" বলিয়া ব্যাখ্যাত হইয়াছে। অধিকন্তু 'সাধনসমরাশ্রম' প্রকাশিত 'যোগরহস্যম্' গ্রন্থে "বা" এখানে বিকল্পার্থে গ্রহণ না করিয়া 'এব' — অর্থাৎ নিশ্চয়ার্থে গৃহীত হইয়াছে এবং সমগ্র সূত্রটীর এইরূপ ব্যাখ্যা করা হইয়াছে—"ঈশ্বরে বক্ষ্যমাণলক্ষণে প্রণিধানাৎ প্রকর্ষেণ নিধীয়তে অনেনেতি নিধানং তস্মাৎ সম্যগাত্মসমর্পণাৎ বা এব নিশ্চিতঃ যোগোদয় ইতি শেষঃ"। অতএব 'ঈশ্বরপ্রণিধান' যে যোগশাস্ত্রে গৌণ উপায় বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে বা উক্ত পঞ্চবিধ নিয়মের অন্যতমরূপে অতি সঙ্কুচিত স্থানমাত্র অধিকার করিয়া আছে এইরূপ মনে করিবার কোনও কারণ দেখা যায় না। যোগশাস্ত্র মতেও ইহা সমাধিলাভের প্রকৃষ্ট উপায়—সমাধিসিদ্ধির অমোঘ সাধনা।

প্রথমপাদের 'ঈশ্বরপ্রণিধানাদ্ বা' সূত্রের 'বা' শব্দটি সকলে নিশ্চয়াত্মক 'এব' অর্থে গ্রহণ করেন না বটে, কিন্তু গীতাতে শ্রীভগবানই কি এমন কঠোর আদেশ করিয়াছেন যে 'ঈশ্বরপ্রণিধান'ই মোক্ষলাভের একমাত্র উপায়? 'কর্ম্মযোগো বিশিষ্যতে' ভগবদুপদেশ বটে, কিন্তু তাহা অপেক্ষাকৃত সহজসাধ্য উপায় কথিত হইলেও আত্মদর্শনের অন্যবিধ উপায় যে গীতা অস্বীকার করেন না এই পরিশিষ্টের মুখবন্ধে উদ্ধৃত ত্রয়োদশ অধ্যায়ের ২৫ শ্লোকে তাহা সুস্পষ্ট। এমন কি অব্যক্তাসক্তচিত্ত সাধকগণের অধিকতর ক্লেশ ভোগ করিতে হয় বলিয়া গীতা ইহাও বলেন :—

"যে ত্বক্ষরমনির্দ্দেশ্যমব্যক্তং পর্য্যুপাসতে।
সর্ব্বত্রগমচিন্ত্যঞ্চ কূটস্থমচলংধ্রুবম্॥
সংনিয়ম্যেন্দ্রিয়গ্রামং সর্ব্বত্র সমবুদ্ধয়ঃ।
তে প্রাপ্নুবন্তি মামেব সর্ব্বভূতহিতে রতাঃ"॥ (১২।৩, ৪)

অতএব উপাসনার বিকল্পবিধানেও যোগদর্শনের সহিত গীতার অত্যন্ত পার্থক্য কোথায়?

যোগের লক্ষণ ও সাধন নির্দ্দেশে বিশেষ পার্থক্য থাকুক আর নাই থাকুক যোগের ফল নির্দ্দেশে গীতা ও যোগদর্শন নাকি একমত নহেন। আমরা দেখিয়াছি, গীতা 'দুঃখসংযোগবিয়োগ'কে যোগসংজ্ঞা দিয়াছেন, যোগের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অবস্থাজ্ঞাপক বলিয়াছেন। যোগদর্শনে অবিদ্যাজনিত দ্রষ্টৃদৃশ্যের সংযোগকে 'হেয়হেতু' (দুঃখহেতু) বলিয়া 'অবিপ্লবা বিবেকখ্যাতি'জাত অবিদ্যাতিরোধান সেই সংযোগ নাশের উপায় (২।২৬ সূ) এবং যোগাঙ্গানুষ্ঠান তাহারই অনুকূল সাধন বলা হইয়াছে (২।২৭ সূ)। গীতারও এই ধ্যানযোগাধ্যায়ে যোগানুষ্ঠান-পূর্ব্বক আত্মস্বরূপে অবস্থিতির প্রয়োজন উপদিষ্ট হইয়াছে। অবশ্য ইহাও সুস্পষ্ট যে গীতোক্ত যুক্তাবস্থায় :—

সুখমাত্যন্তিকং যত্তদ্ বুদ্ধিগ্রাহ্যমতীন্দ্রিয়ম্।
বেত্তি যত্র ন চৈবায়ং স্থিতশ্চলতি তত্ত্বতঃ ॥ (২৬)

এবং যোগের পরিপাক অবস্থায় :—

প্রশান্তমনসং হ্যেনং যোগিনং সুখমুত্তমম্।
উপৈতি শান্তরজসং ব্রহ্মভূতমকল্মষম্ ॥ (২৭)
যুঞ্জন্নেবং সদাত্মানং যোগী বিগতকল্মষঃ।
সুখেন ব্রহ্মসংস্পর্শমত্যন্তং সুখমশ্নুতে ॥ (২৮)

বলা হইয়াছে। ২৭ শ্লোকে "ব্রহ্মভূত" ২৮ শ্লোকে 'ব্রহ্মসংস্পর্শে'র উল্লেখ আছে কিন্তু গীতোক্ত বিদেহ মুক্তি বা 'বিশতে'র প্রসঙ্গ নাই, 'ব্রহ্মনির্ব্বাণে'র ও উল্লেখ নাই। প্রত্যুত গীতোক্ত ধ্যানযোগের সিদ্ধি বা সার্থকতা ব্রহ্মভূত ও জীবন্মুক্ত হইবার যোগ্যতা অর্জ্জনে। বিগত অধ্যায়ান্তে 'সদামুক্ত' 'মুনি'র বর্ণনায় তাহা সুস্পষ্ট। অষ্টাদশ অধ্যায়েও আমরা তাহাই দেখিব—

'ধ্যানযোগপরো নিত্যং····ব্রহ্মভূয়ায় কল্পতে'।

সাধনার পথে বা সিদ্ধিতে সুখ বা আনন্দের খবর যে যোগদর্শনেও পাওয়া যায় না এমনও নহে। যোগের দ্বিতীয়াঙ্গ বা নিয়মাঙ্গের অন্তর্ভূত 'সন্তোষ' প্রতিষ্ঠার ফলে 'অনুত্তম সুখলাভ' হয় বলা হইয়াছে (২।৪২ সূ)। তৃতীয় 'অঙ্গ' 'আসনে'র বর্ণনা ত 'স্থিরসুখমাসনং' বলিয়া করা হইয়াছে। আর সম্প্রজ্ঞাত যোগ বর্ণনায়—

"বিতর্কবিচারানন্দাস্মিতানুগমাৎ সম্প্রজ্ঞাতঃ"। (১।১৭)

বলা হইয়াছে, যেমন বেদান্তমতানুসারেও—

"অখণ্ডৈকরসং বস্তু সচ্চিদানন্দলক্ষণম্
ইত্যবিচ্ছিন্নচিন্তেয়ং সমাধির্ম্মধ্যমো ভবেৎ ॥"

(দৃগ্‌দৃশ্যবিবেক, ১৮ শ্লোক)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যোগদর্শনে অসম্প্রজ্ঞাত সমাধিস্থলে "আনন্দে"র বেশী উল্লেখ দেখা যায় না বটে কিন্তু বেদান্তমতে যে নির্ব্বিকল্প সমাধি তাহাতেও চিত্তের অবস্থা

"স্তব্ধীভাবো রসাস্বাদাৎ"।

অর্থাৎ রসাস্বাদের ফলে চিত্তের স্তব্ধীভাব বা নিশ্চলতা নহে কি? (ঐ ১১ শ্লোক) কাজেই এখানেও অর্থাৎ যুক্তাবস্থার অনুভূতিবর্ণনেও যে ভাষাগত ব্যতীত ভাবগত অত্যন্ত বিভিন্নতা আছে এরূপ মনে করিবারও কোন হেতু নাই।

সে যাহা হউক, বৃহত্তর প্রশ্ন হইতেছে, গীতার যে এমন কর্ম্মপ্রধান উপদেশ-ধারা তাহার মধ্যে ধ্যানযোগের প্রাসঙ্গিকতা কোথায়? আত্মদর্শন বা আত্ম-সাক্ষাৎকারের জন্য যোগের আবশ্যকতা মাত্র বলিলে ত তাহা পরিস্ফুট হয় না; যেহেতু গীতা মোক্ষশাস্ত্র হইলেও মুক্তকর্ম্মতত্ত্বপ্রতিপাদন করা যে 'যোগঃ কর্ম্মসু কৌশলং' যাহার প্রভাবে বন্ধনহেতু ফলপ্রসূ কর্ম্মজাত হইতে মানুষ অবন্ধক নির্ব্বীজ কর্ম্মধারায় উপনীত হইতে পারে তাহার রহস্য উদ্ঘাটন করা, 'মুক্তস্যকর্ম্মের' রাজপথের সন্ধান দেওয়াই না তাহার বৈশিষ্ট্য? অতএব অবন্ধক কর্ম্ম সম্পাদনে, নির্ব্বীজ বা ভাগবত কর্ম্ম করিবার যোগ্যতা লাভে, ধ্যানযোগেরই বা সার্থকতা কোথায় তাহা বুঝিবার চেষ্টা করা যাক্।

বর্ত্তমান অধ্যায়ের একপ্রকার প্রারম্ভে সন্ন্যাস (জ্ঞান) যোগ বা কর্ম্মযোগ উভয় যোগ সাধনপক্ষে সঙ্কল্পত্যাগ অপরিহার্য্য বলিয়া শ্রীভগবান্ উল্লেখ করিয়াছেন—

'যং সন্ন্যাসমিতি প্রাহুর্যোগং তং বিদ্ধি পাণ্ডব!
ন হ্যসংন্যস্তসংকল্পো যোগী ভবতি কশ্চন॥' (২)

আর,

যদাহি নেন্দ্রিয়ার্থেষু ন কর্ম্মস্বনুষজ্জতে।
সর্ব্বসঙ্কল্পসন্ন্যাসী যোগারূঢ়স্তদোচ্যতে॥ ৪

সাধারণ মানুষ মানসিক ইচ্ছানুসারে সঙ্কল্পপূর্ব্বকই সমস্ত কাজ করিয়া থাকে মনের ধর্ম্মই ত সঙ্কল্প—'সঙ্কল্পাত্মকং মনঃ'। অতএব সাধারণ মন লইয়া মনোময় মানুষ 'সর্ব্বসঙ্কল্পসন্ন্যাস' করিবে কি প্রকারে, করিবার সম্ভাবনাই বা কতদূর, তাহা বুঝিয়া দেখা দরকার। হিন্দুদর্শনশাস্ত্রের সিদ্ধান্তই হইতেছে—অবিদ্যা প্রভাবে মানুষের বুদ্ধি দুইটী আকারে পরিণত হইয়া তাহার বন্ধনের হেতু,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মুক্তির পরিপন্থী হয়। সে দুইটি আকার কি? দৃগ্‌দৃশ্যবিবেক রচয়িতা বলেন :—

চিচ্ছায়াবশতো বুদ্ধৌ ভানং ধীস্তু দ্বিধা স্থিতা।
একাহঙ্কৃতিরন্যা স্যাদন্তঃকরণরূপিণী ॥ (৬ শ্লোক)

অর্থাৎ বুদ্ধিতে চিৎপ্রতিবিম্বের অনুপ্রবেশবশতঃ বুদ্ধি স্বয়ং প্রকাশ বলিয়া প্রতীয়মান হয়। বোধশক্তি কিন্তু দুইপ্রকারে প্রতীয়মান হয়। এক অহঙ্কৃতিরূপিণী অর্থাৎ কর্ত্তৃরূপা, অপর মন বা অন্তঃকরণরূপিণী অর্থাৎ বৃত্তিরূপা। তাই গীতা নানাভাবে একদিকে সংস্কাররূপা (Static) ধীশক্তি পরিমার্জ্জনার অর্থাৎ অহঙ্কার কর্ত্তৃত্বাভিমান, মমত্ব, অসমদর্শিতা ত্যাগের উপদেশ, অন্যদিকে বৃত্তিরূপা (Dynamic) ধীশক্তিশোধনের বা সঙ্কল্পাত্মক মনোনাশোত্তর ঐশ চিত্ত উদ্ভাবনের উপদেশ দিতে ধ্যানযোগাধ্যায়ের অবতারণা করিয়াছেন। ধ্যানযোগপ্রতিষ্ঠার ফলনির্দ্দেশ প্রসঙ্গে গীতা বলিতেছেন :—

সর্ব্বভূতস্থমাত্মানং সর্ব্বভূতানি চাত্মনি।
ঈক্ষতে যোগযুক্তাত্মা সর্ব্বত্র সমদর্শনঃ ॥ ২৯
যো মাং পশ্যতি সর্ব্বত্র সর্ব্বং চ ময়ি পশ্যতি।
তস্যাহং ন প্রণশ্যামি স চ মে ন প্রণশ্যতি ॥ ৩০
সর্ব্বভূতস্থিতং যো মাং ভজত্যেকত্বমাস্থিতঃ।
সর্ব্বথা বর্ত্তমানোঽপি স যোগী ময়ি বর্ত্ততে ॥ ৩১

ইহা গীতোক্ত ধ্যানজ চিত্তবিকাশের ফল।

পাতঞ্জল দর্শনেও আমরা দেখিতে পাই—

'নির্ম্মাণচিত্তান্যস্মিতামাত্রাৎ'। (৪।৪ সূ)

অর্থাৎ অস্মিতামাত্র হইতে নির্ম্মাণচিত্ত সমূহের আবির্ভাব হয়। 'নির্ম্মাণচিত্ত' শব্দের অর্থ অভিনব সংগঠিত চিত্ত। যে চিত্ত কেবল স্বজাতীয় বিজাতীয় ভেদজ্ঞান লইয়াই প্রকাশ পায় সেই জীবচিত্ত হইতে ইহা সম্পূর্ণ স্বতন্ত্র।* ইহা "অস্মিতার ব্যূহরূপে আত্মপ্রকাশ করে" "এই অস্মিতাক্ষেত্রে একোঽস্মিরূপ নিরবচ্ছিন্ন প্রত্যয়ধারা উদিত হইতে থাকে। এই 'একোঽহং' হইতে 'বহুস্যাম্' রূপ প্রত্যয় প্রকাশিত হয়।

* 'The mystic in moments of illumination seems to awaken from a sleep which has filled all his mundane life. The whole world of sense becomes phantasmal and he sees with clarity and convincingness that belongs to our morning realisation after dreams, a world utterly different from that of our daily cares". (Bertrand Russel : External World p. 95)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অর্থাৎ মাত্র স্বগতভেদ প্রতীতিই প্রকাশ পায়। এই যে এক 'আমি বহুরূপে বিরাজিত' রূপ প্রত্যয় বা প্রত্যক্ষ অনুভব ইহারই নাম 'অস্মিতা'"। "অস্মিতা ঈশ্বরক্ষেত্র"। "শুদ্ধ অস্মিতা হইতে অর্থাৎ ঐশচিত্ত হইতেই নির্ম্মাণ চিত্তসমূহ প্রকাশ পায়। সাধারণ চিত্ত, জীবভাবাপন্ন চিত্ত, কর্ম্মাশয় হইতে অর্থাৎ ধর্ম্মা-ধর্ম্মাদি নিমিত্তবশেই প্রাদুর্ভূত হয়, সুতরাং তাহাতে রাগদ্বেষপ্রভৃতি বিদ্যমান থাকে। কিন্তু নির্ম্মাণচিত্ত সেরূপ নহে, ইহা কোনরূপ নিমিত্তের বশীভূত নহে, ইহা ঈশ্বরচিত্ত স্বাধীন, স্বতন্ত্র। এই চিত্তে সর্ব্বত্র, স্বগতভেদ অর্থাৎ আত্মসত্তারই বহুত্ববিলাস পরিলক্ষিত হয়"। 'আত্মৌপম্যেন সর্ব্বত্র সমং পশ্যতি', ফলে "রাগদ্বেষশূন্য হইয়া জগতে বিচরণ করিবার সামর্থ্য এই নির্ম্মাণচিত্ত হইতেই আবির্ভূত হয়"।* নির্ম্মাণচিত্ত লাভে গীতায় ব্যবহৃত ভাষায় 'বিগতেচ্ছাভয়-ক্রোধো যঃ সদা মুক্ত এব সঃ' হয়। (গীতা ৫।২৮)।

আর সাম্প্রতিক ভগবদুক্তি অনুসারে 'সর্ব্বথা বর্ত্তমানোঽপি স যোগী ময়ি বর্ত্ততে', 'ময়ি বর্ত্ততে' কি না 'মদাধারো ভবতি' (বভা)। সে যোগীর সক্রিয় অক্রিয় সকল অবস্থাতেই ভগবানে স্থিতিলাভ হয় এবং এইরূপ সমদর্শী ও সম্যগ্‌দর্শী যোগীই হন মুক্তকর্ম্মের প্রকৃত অধিকারী, কারণ—

'তত্র ধ্যানজমনাশয়ম্'। (৪।৬ সূ)

'ধ্যানেন সমাধিনা সংস্কৃতমেব চিত্তমনাশয়ং নির্ব্বাসনং ভবতি' (নাগোজি-ভট্টবৃত্তি)—সে অবস্থায় যাবতীয় কর্ম্মসংস্কারের উচ্ছেদ হইয়া যায় আর কাম্য-কর্ম্মের সম্ভাবনা থাকে না। তাঁহার ন্যায় সর্ব্বসঙ্কল্পিতকর্ম্মত্যাগী বা 'সর্ব্বসঙ্কল্প-সন্ন্যাসী' কোন কর্ম্ম করিলেও তাহা পুণ্যপাপফলপ্রদ হয় না, যোগদর্শনের ভাষায় 'অশুক্ল, অকৃষ্ণ' হয়, অবন্ধক, অফলপ্রহ হয়, আর গীতার ভাষায় তাঁহার কৃতকর্ম্ম—

'অনিষ্টমিষ্টং মিশ্রঞ্চ ত্রিবিধং কর্ম্মণঃ ফলম্'।

উৎপাদক হয় না, পরন্তু ধ্যানজচিত্তবিকাশের ফলে তিনি 'কৃত্বাপি ন নিবধ্যতে' —মুক্তস্থ কর্ম্মের অধিকারী হন, কর্ম্ম করিয়াও বদ্ধ হন না, কর্ম্মফলমুক্ত থাকেন।

* সাধন সমর আশ্রম প্রকাশিত 'যোগরহস্যম্' গ্রন্থের ৪।৪, ৬।৭ পাতঞ্জল সূত্রের টীকা দ্রষ্টব্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সপ্তম অধ্যায়।

(জ্ঞানবিজ্ঞানযোগ)

পূর্ব্বাভাস।

গীতার প্রথম ছয় অধ্যায়ে আত্মতত্ত্ব এবং একাদিক্রমে মোক্ষমার্গগুলির বৈশিষ্ট্য এবং সকল পথের গন্তব্য যে একই অর্থাৎ আত্মসাক্ষাৎকার বা জীবন্মুক্তি তদ্বিষয়ে উপদেশ দেওয়া হইয়াছে। বুদ্ধি-কর্ম্ম-জ্ঞান-সন্ন্যাস-ধ্যান-যোগের উপদেশ দিয়া এক্ষণে দ্বিতীয় ছয় অধ্যায়ে ভগবৎতত্ত্বের ও ভক্তিযোগের বিস্তৃত আলোচনার জন্য এই সপ্তম অধ্যায়ে "সবিজ্ঞানজ্ঞানের" বিষয় অবতারণা করা হইতেছে। সূচনায়ই শ্রীভগবান্ ভগবৎতত্ত্বজ্ঞান যে কত দুর্লভ তাহার ইঙ্গিত করিয়া অষ্টধা 'অপরা' এবং 'জীবভূতা' 'পরা' এই দ্বিবিধপ্রকৃতির পরিচয় দিয়াছেন (৪-৫) এবং সর্ব্বভূত যে পরাপর দ্বিবিধ প্রকৃতিজাত এবং তিনিই যে সমগ্র জগতের বা বিশ্বসৃষ্টির উৎপত্তিস্থিতিপ্রলয়হেতু ও শ্রেষ্ঠতত্ত্ব (creative and destructive principle and ultimate reality), এই ভূতজগৎ যে মণিমালার ন্যায় তাঁহাতেই গ্রথিত, তিনি যে পঞ্চভূতের সার, প্রাণীজগতের জীবন, সর্ব্ববেদের সারভূত ওঙ্কার, বুদ্ধিমানের বুদ্ধি, তেজস্বীর তেজ, তপস্বীর তপঃশক্তি, তিনি কামরাগহীন বল ও ধর্ম্মাবিরুদ্ধ কাম—যাবতীয় সাত্ত্বিক, রাজসিক, তামসিক ভাব যে "মত্তঃ" অর্থাৎ তাঁহারই গুণময়ী মায়া হইতে উদ্ভূত এবং তিনি স্বয়ং ত্রিগুণাতীত তত্ত্ব হইলেও তাঁহার ত্রিগুণময় ভাবের দ্বারা যে জগৎ মোহিত এবং সেইজন্যই গুণমুগ্ধ কেহ যে গুণাতীত তাঁহাকে জানিতে পারে না এই সমস্ত বিশদভাবে বর্ণনা করিয়াছেন (৬-১৩)।

তবে তাঁহার এই 'দুরত্যয়া গুণময়ী মায়া' অতিক্রম করিবার, তাহা হইতে মুক্তি-লাভের, উপায় কি ? ভগবদ্‌বাণী—'মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে' —যাহারা আমার একান্ত শরণ লয়, অনন্যভাবে আমার আশ্রয় গ্রহণ করে তাহারা মায়াপ্রভাব অতিক্রম করে,—মুক্তি লাভ করে (১৪), কিন্তু আসুরভাবাশ্রিত দুষ্কৃতিকারী মূঢ় যাহারা তাহারা করে না। বস্তুতঃ চতুর্ব্বিধজন 'আমার ভজনা করে—আর্ত্ত, জিজ্ঞাসু, অর্থার্থী ও জ্ঞানী'। তাহারা সকলেই উদার অর্থাৎ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রশংসনীয় বটে, তবে তাহাদের মধ্যে 'নিত্যযুক্ত, একভক্তি, জ্ঞানী'ই 'বিশিষ্ট' অর্থাৎ প্রধান, যেহেতু 'আমিই যেমন তাঁহার অত্যন্ত প্রিয়, প্রিয়তম, তিনিও তেমনই আমার একান্ত প্রিয়'। আমি পরমাগতি এই ধারণায় তিনি আমার সহিত যোগযুক্ত, আমাতে 'অবস্থিতঃ' অর্থাৎ আমার সহিত একাত্মা, আমা হইতে অভিন্ন, আমিই তাঁহার সর্ব্বতোভাবে আশ্রয় স্থল হইয়া থাকি (১৮)। যে কেবল-মাত্র শাস্ত্রার্থজ্ঞানী সে বহুজন্মের পরে আমার শরণাগত হয়। প্রত্যুত সর্ব্বভূতে আত্মদৃষ্টি বা বাসুদেব বিরাজমান এমন দৃষ্টিসম্পন্ন মহাত্মা 'সুদুর্লভ' (১৯)। কামান্ধব্যক্তিরা স্ব স্ব প্রকৃতি অনুসারে অন্যান্য দেবতার ভজনা করে এবং বিভিন্ন দেবতাগণের ভজনপূজনে যে সকল ফললাভ করে তাহা আমারই বিধান অনুসারে করিয়া থাকে। তাহাদের তত্তৎফল অচিরস্থায়ী আর ফলদাতৃদেবতাগণকে তাহারা প্রাপ্ত হয়, কিন্তু 'মদ্ভক্তা যান্তি মামপি' যাঁহারা আমার ভক্ত তাঁহারা আমাকেই প্রাপ্ত হন (২০—২৩)। যাহারা অল্পবুদ্ধিসম্পন্ন তাহারা আমাকে ব্যক্তি বা ব্যষ্টি-ভাবাপন্ন বা পরিচ্ছিন্নসত্তাবিশিষ্ট মনে করে বলিয়া আমার শ্রেষ্ঠভাব তাহাদের অজ্ঞাত। 'যোগমায়াসমাবৃত' আমি ত সকলের নিকট প্রকাশমান হই না, কাজেই মায়ামূঢ় লোক 'অজমব্যয়ম্' আমাকে জানিতে পারে না (২৩—২৫)। তাহার কারণ কি? সৃষ্টিকালে বাসনাবিদ্বেষোৎপন্ন সংস্কারবশে সর্ব্বভূতই 'দ্বন্দ্বমোহ' প্রাপ্ত হয়। পুণ্যকর্ম্মফলে পাপক্ষয় হইলে তবে তাহারা নির্দ্বন্দ্ব ও মোহমুক্ত হইয়া আমাকে দৃঢ়ভাবে ভজনা করে (২৮)। জরামরণ হইতে মুক্তির জন্য আমাকে আশ্রয় করিয়া যাঁহারা আমাকে পাইবার জন্য প্রযত্ন করিতে থাকেন তাঁহারাই জ্ঞানবিজ্ঞানলভ্য পরব্রহ্ম, সমগ্র অধ্যাত্মতত্ত্ব ও অখিল কর্ম্মতত্ত্বের জ্ঞান লাভ করেন এবং 'সাধিভূতাধিদৈব' ও 'সাধিযজ্ঞ' আমাকে জানিয়া,—'প্রয়াণ কালেও যুক্তচিত্ত থাকিয়া আমার তত্ত্বজ্ঞান বা মুক্তি লাভ করেন (২৯—৩০)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সপ্তমোঽধ্যায়ঃ ।

(জ্ঞানবিজ্ঞানযোগঃ)

শ্রীভগবানুবাচ ।

ময্যাসক্তমনাঃ পার্থ! যোগং যুঞ্জন্মদাশ্রয়ঃ ।
অসংশয়ং সমগ্রং মাং যথা জ্ঞাস্যসি তচ্ছৃণু ॥ ১

আরব্ধ ষট্‌ক ও অধ্যায়োক্ত বিষয়নির্দ্দেশ ।

কর্ম্মসন্ন্যাসাত্মকসাধনপ্রধানং ত্বম্পদার্থপ্রধানং বা প্রথমষট্‌কং ব্যাখ্যায় মধ্যমষট্‌কং উপাস্যনিষ্ঠং তৎপদার্থনিষ্ঠং বা ব্যাখ্যাতুমারভমাণঃ সমনন্তরাধ্যায়মবতারয়তি যোগিনামিতি। অতীতাধ্যায়ান্তে মদ্‌গতেনান্তরাত্মনা যো ভজতে মামিতি প্রশ্নবীজং প্রদর্শ্য কীদৃশং ভগবতত্ত্বং কথং বা মদ্‌গতান্তরাত্মা স্যাৎ, ইত্যর্জ্জুনস্য প্রশ্নদ্বয়ে জাতে স্বয়মেব ভগবান্ অপৃষ্টমেব তদ্বক্তুং ইচ্ছন্নুক্তবানিত্যর্থঃ (আ)। প্রথমেনাধ্যায়ষট্‌কেন পরমপ্রাপ্যভূতস্য পরস্য ব্রহ্মণো নিরবদ্যস্য নিখিলজগদেককারণস্য সর্ব্বজ্ঞস্য সর্ব্বভূতস্য সত্যসঙ্কল্পস্য মহাবিভূতেঃ শ্রীমতো নারায়ণস্য প্রাপ্ত্যুপায়ভূতং তদুপাসনং বক্তুং তদঙ্গভূতমাত্মজ্ঞানপূর্ব্বককর্ম্মানুষ্ঠানসাধ্যং প্রাপ্তুং প্রত্যগাত্মনো যাথাত্ম্যদর্শনমুক্তম্, ইদানীং মধ্যমেন ষট্‌কেন পরব্রহ্মভূতং পরমপুরুষস্বরূপং তদুপাসনঞ্চ ভক্তিশব্দবাচ্যমুচ্যতে (রা)। বিজ্ঞেয়মাত্মনস্তত্ত্বং সযোগং সমুদাহৃতম্। ভজনীয়মথেদানীমৈশ্বরং রূপমীর্য্যতে॥ (শ্রী)। সাধনং প্রাধান্যেনোক্তমতীতৈরধ্যায়ৈঃ, উত্তরৈস্তু ষড়্‌ভির্ভগবন্মাহাত্ম্যং প্রাধান্যেনাহ (ম)। ইদানীং ভগবদ্‌ভক্তিযোগং ভজনীয়ং গুণশক্ত্যৈশ্বর্য্যাদিবিশিষ্টং তৎপদার্থং পরব্রহ্মভূতবাসুদেবস্বরূপং ভক্তভেদাংশ্চ তৎপ্রতিযোগ্যভক্তভেদাংশ্চ নিরূপয়িতুং সপ্তমাধ্যায়ারম্ভঃ (ক)।

(১)

শ্রীভগবান্ উবাচ

অন্বয়। (হে) পার্থ! ময়ি আসক্তমনাঃ মদাশ্রয়ঃ (সন্) যোগং যুঞ্জন্ সমগ্রং মাম্ যথা অসংশয়ং জ্ঞাস্যসি তৎ শৃণু।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জ্ঞানং তেঽহং সবিজ্ঞানমিদংবক্ষ্যাম্যশেষতঃ।
যজ্‌জ্ঞাত্বা নেহ ভূয়োঽন্যজ্‌জ্ঞাতব্যমবশিষ্যতে ॥ ২

শ্রীভগবান্ কহিলেন

অনুবাদ। হে পার্থ! আমাতে আসক্ত (সমর্পিত) চিত্ত অনন্যশরণ (হইয়া) যোগাভ্যাসপূর্ব্বক সমগ্র (অর্থাৎ সর্ব্বৈশ্বর্য্যসমন্বিত) আমাকে যেরূপে নিঃসংশয়ে জানিতে পারিবে তাহা শ্রবণ কর।

টীকা। কীদৃশং ভগবতোরূপং ভজনীয়ম্? কথং বা তদ্‌গতোঽন্তরাত্মা স্যাৎ? ইত্যেতৎ দ্বয়ং প্রষ্টব্যমর্জ্জুনেনাপৃষ্টমপি পরমকারুণিকতয়া স্বয়মেব বিবক্ষুঃ শ্রীভগবানুবাচ (ম)।

ময্যাসক্তমনাঃ—ময়ি আসক্তং অতিমাত্রনিরতং মনো যস্য সঃ (ব)।

মদাশ্রয়ঃ—অনন্যশরণঃ (শ্রী)। মদেকশরণঃ (ম)।

সমগ্রং—সমস্তং বিভূতিবলশক্ত্যৈশ্বর্য্যাদিগুণসম্পন্নং (শ)। সমগ্রমিতিক্রিয়া-বিশেষণম্ (ম)।

মাং—অক্ষরাদপিচোত্তমম্ পুরুষোত্তমম্ ত্রিকাণ্ডতাৎপর্য্যভূতম্।

(২)

অন্বয়। অহং তে সবিজ্ঞানম্ ইদং জ্ঞানম্ অশেষতঃ বক্ষ্যামি, যৎ জ্ঞাত্বা ইহ ভূয়ঃ অন্যৎ জ্ঞাতব্যং ন অবশিষ্যতে।

অনুবাদ। আমি তোমাকে বিজ্ঞানের সহিত এই জ্ঞান সম্পূর্ণরূপে বলিব, যাহা জানিয়া ইহলোকে পুনরায় অন্য জ্ঞাতব্য অবশিষ্ট থাকিবে না।

টীকা। বক্ষ্যমাণং জ্ঞানং স্তৌতি (ব)।

জ্ঞানং—অপরোক্ষং (আ)। শাস্ত্রীয়ং (শ্রী)। 'সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম' (নী)।

সবিজ্ঞানম্—স্বানুভবসংযুক্তং (শ)। বিজ্ঞানমনুভবস্তৎসহিতং (শ্রী)। বিবিক্তবিষয়জ্ঞানেনসহ (রা)। বিজ্ঞানং বিশেষজ্ঞানং (মা)। 'বিজ্ঞানমানন্দং ব্রহ্ম' (নী)।

অশেষতঃ—সাকল্যেন (শ্রী)। সাধনকলাপসহিতম্ (নী)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মনুষ্যাণাং সহস্রেষু কশ্চিদ্ যততি সিদ্ধয়ে।
যততামপি সিদ্ধানাং কশ্চিন্মাং বেত্তি তত্ত্বতঃ ॥ ৩
ভূমিরাপোঽনলো বায়ুঃ খং মনো বুদ্ধিরেব চ।
অহঙ্কার ইতীয়ং মে ভিন্না প্রকৃতিরষ্টধা ॥ ৪

(৩)

অন্বয়। মনুষ্যাণাং সহস্রেষু কশ্চিৎ সিদ্ধয়ে যততি, [তেষাং] যততাং সিদ্ধানাম্ অপি কশ্চিৎ মাং তত্ত্বতঃ বেত্তি।

অনুবাদ। সহস্র সহস্র মনুষ্যের মধ্যে কদাচিৎ কেহ সিদ্ধির জন্য যত্ন করেন [আর সেই] যত্নশীল সিদ্ধগণের মধ্যেও কদাচিৎ কেহ আমাকে তত্ত্বতঃ জানিতে পারেন।

টীকা। বক্ষ্যমাণস্য জ্ঞানস্য দুষ্প্রাপ্যতামাহ মনুষ্যাণামিতি (রা)।

যততি—প্রযত্নং করোতি (শ)।

সিদ্ধানাং—যে মোক্ষায় মোক্ষমার্গে যতন্তে তেষাম্ (শ)। সিদ্ধিপর্য্যন্তং যতমানানাং (রা)। আত্মজ্ঞানাম্ (শ্রী)।

তত্ত্বতঃ—যথাবৎ (শ)। প্রত্যগভেদেন (ম)। স্বরূপতঃ পরাভক্তিং বিনা তত্ত্বতো জ্ঞানাসম্ভবাৎ (১৮।৫৫) (ক)।

(৪)

অন্বয়। ভূমিঃ আপঃ অনলঃ বায়ুঃ খং মনঃ বুদ্ধিঃ অহঙ্কারঃ চ ইতি ইয়ং এব মে অষ্টধা ভিন্না প্রকৃতিঃ।

অনুবাদ। ভূমি, জল, অগ্নি, বায়ু, আকাশ, মন, বুদ্ধি ও অহঙ্কার ইহাই আমার অষ্ট প্রকারে বিভিন্ন প্রকৃতি।

টীকা। এবং শ্রোতারমভিমুখীকৃত্যেদানীং প্রকৃতিদ্বারা সৃষ্ট্যাদিকর্তৃত্বেনেশ্বর-তত্ত্বং প্রতিজ্ঞাতং নিরূপয়িষ্যন্ পরাপরভেদেন প্রকৃতিদ্বয়মাহ ভূমিরিতি দ্বাভ্যাম্। (শ্রী)। এবমেকবিজ্ঞানাৎ সর্ব্ববিজ্ঞানং প্রতিজ্ঞায় তদুপপত্তয়ে সর্ব্বস্য জড়াজড়-প্রপঞ্চস্য জ্ঞানাত্মকব্রহ্মপ্রভবত্বমাহ ত্রিভিঃ ভূমিরিতি (নী)।

ভূমি........অহঙ্কার ইতি—ভূমিরিতি পৃথিবীতন্মাত্রমুচ্যতে, ন স্থূলা, "ভিন্না প্রকৃতিরষ্টধা" ইতি বচনাৎ। তথাবাদয়োঽপি তন্মাত্রাণ্যেবোচ্যন্তে আপোঽনলো বায়ুঃ খং। মন ইতি মনসঃ কারণমহঙ্কারো গৃহ্যতে, বুদ্ধিরিত্যহঙ্কারকারণং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অপরেয়মিতস্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাম্।
জীবভূতাং মহাবাহো! যয়েদং ধার্য্যতে জগৎ ॥ ৫

(৪ শ্লোকের টীকা)

মহত্তত্ত্বম্, অহঙ্কার ইত্যবিদ্যাসংযুক্তমব্যক্তম্, যথা বিষসংযুক্তমন্নং বিষমুচ্যতে এবমহঙ্কারবাসনাবদব্যক্তং মূলকারণমহঙ্কার ইত্যুচ্যতে প্রবর্ত্তকত্বাদহঙ্কারস্য (শ)। ভূম্যাদীনি পঞ্চভূতসূক্ষ্মাণি, মনঃশব্দেন তৎকারণভূতোঽহঙ্কারঃ, বুদ্ধিশব্দেন তৎকারণং মহত্তত্ত্বম্, অহঙ্কারশব্দেন তৎকারণমবিদ্যা ইত্যেবমষ্টধা ভিন্না। যদ্বা ভূম্যাদিশব্দৈঃ পঞ্চমহাভূতানি সূক্ষ্মৈঃ সহৈকীকৃত্য গৃহ্যন্তে, অহঙ্কারশব্দেনৈবাহঙ্কারস্তেনৈব তৎকার্য্যাণীন্দ্রিয়াণ্যপি গৃহ্যন্তে। বুদ্ধিরিতি মহত্তত্ত্বম্, মনঃশব্দেন তু মনসৈবোন্নেয়-মব্যক্তস্বরূপম্ প্রধানং ইত্যনেন' 'চতুর্ব্বিংশতিভেদভিন্নাপ্যষ্টস্বেবান্তর্ভাব-বিবক্ষয়াষ্টধা ভিন্নেত্যুক্তম্' (শ্রী)। ভূম্যাদিরূপেণ পরিণতাষ্টবিধা তত্র পঞ্চধা স্থূলভাবমিতা, পঞ্চমহাভূতানি স্পষ্টান্যেব। মনোবুদ্ধিরহঙ্কারশ্চেত্যনিরুদ্ধপ্রদ্যুম্ন-সংকর্ষণাধিষ্ঠানভূতা সূক্ষ্মা, চিত্তং চ স্বাভেদাভিপ্রায়েণোক্তং দৃশ্যমানত্বাৎ, স্বস্য ভাগ-বতং বা তন্ন প্রাকৃতমিতি নোক্তম্ (বভ)।

মন্তব্য

সাংখ্য প্রবচন সূত্রে ও সাংখ্যকারিকায় মূল প্রকৃতিভিন্ন মহত্তত্ত্ব, অহঙ্কার, ও পঞ্চতন্মাত্র 'প্রকৃতি-বিকৃতয়ঃ' বলিয়া উল্লিখিত হইলেও সাংখ্যদর্শনশাস্ত্রের (ম্যাক্সমূলারের মতে প্রাচীনতম সূত্রাবলী) তত্ত্বসমাসের ২য় সূত্র হইতেছে 'অষ্টৌ প্রকৃতয়ঃ'। অতএব সাংখ্যদর্শনেও মূলপ্রকৃতি, মহত্তত্ত্ব, অহঙ্কার ও পঞ্চতন্মাত্র 'অষ্টপ্রকৃতি' আখ্যা পাইয়াছিল দেখা যায়।

(৫ শ্লোকের টীকা)

অন্বয়। [হে] মহাবাহো! ইয়ং তু অপরা, ইতঃ অন্যাং জীবভূতাং মে পরাং প্রকৃতিং বিদ্ধি, যয়া ইদং জগৎ ধার্য্যতে।

অনুবাদ। [হে] মহাবাহো! এই প্রকৃতি কিন্তু অপরা নিকৃষ্টা অশুদ্ধা ও অনর্থকরী; ইহা হইতে ভিন্না জীবরূপা আমার পরা প্রকৃতিকে জানিবে, যাহার দ্বারা এই জগৎ বিধৃত রহিয়াছে।

টীকা। ক্ষেত্রলক্ষণায়াঃ প্রকৃতেরপরত্বংবদন্ ক্ষেত্রজ্ঞলক্ষণাং পরাং প্রকৃতি-মাহ (ম)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এতদ্‌যোনীনি ভূতানি সর্ব্বাণীত্যুপধারয় ।
অহং কৃৎস্নস্য জগতঃ প্রভবঃ প্রলয়স্তথা ॥ ৬

(৫ শ্লোকের টীকা)

অপরা—নিকৃষ্টাশুদ্ধানর্থকরী সংসাররূপা বন্ধনাত্মিকা (শ)। নিকৃষ্টা জড়ত্বাৎ পরার্থত্বাচ্চ (শ্রী)। চিৎসম্বন্ধে সর্ব্বকার্য্যকরণক্ষমা নান্যথেত্যপরা (বভ)।

পরাং—প্রকৃষ্টাং ক্ষেত্রজ্ঞলক্ষণাং প্রাণধারণনিমিত্তভূতাম্ (শ)। বিশুদ্ধাং প্রকৃষ্টাম্ (ম)। চিৎস্বরূপাং....ভোক্তৃত্বেন প্রধানভূতাম্ (বভ)।

যয়া—জগদন্তঃপ্রবিষ্টয়া (শ)। ক্ষেত্রজ্ঞাখ্যয়াঽনাদিকর্ম্মবশাদন্তঃপ্রবিষ্টয়া (ক)। চেতনয়া (ব)।

ইদং জগৎ—জীবরহিতং জগৎ অচেতনজাতং (ম)। শরীরাদিরূপং ক্ষেত্র-সংজ্ঞকং জড়জাতং জগৎ (ক)।

ধার্য্যতে—ভোক্তৃত্বেন স্পষ্টয়তি (আ)। স্বকর্ম্মদ্বারেণ ধার্য্যতে (শ্রী)। ব্যামোহিকয়া ধারয়তি (বভ)। স্বভোগার্থং গৃহ্যতে (বি)। স্বতোবিশীর্য্য উত্তভ্যতে, "অনেন জীবেনাত্মনানুপ্রবিশ্য নামরূপে ব্যাকরবাণি" ইতি শ্রুতেঃ (ম)। নহি জীবরহিতং জগদ্ধারয়িতুং শক্যম্ (আ)। নহি জীবং বিনা দেহানাং স্থিতি-র্বৃদ্ধিশ্চ সম্ভবতি (ক)।

(৬)

অন্বয়। সর্ব্বাণি ভূতানি এতদ্‌যোনীনি ইতি উপধারয় (যতঃ)। অহং কৃৎস্নস্য জগতঃ প্রভবঃ তথা প্রলয়ঃ।

অনুবাদ। সর্ব্বভূত (ই) এই পরাপর যোনিদ্বয় হইতে উৎপন্ন ইহা জানিও। (যে হেতু) আমি নিখিল জগতের উৎপত্তি ও প্রলয়ের হেতু।

টীকা। প্রকৃতিদ্বয়দ্বারেণাহং সর্ব্বজ্ঞ ঈশ্বরো জগতঃ কারণম্ (শ)। 'এতচ্চেতনাচেতনসমষ্টিরূপমদীয়প্রকৃতিদ্বয়যোনীনি ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তানি' 'সর্ব্বাণি ভূতানি মদীয়ানি ইত্যুপধারয়' (রা)। অনয়োঃ প্রকৃতিত্বং দর্শয়ন্ স্বস্য তদ্দ্বারা সৃষ্ট্যাদি-কারণত্বমাহ (শ্রী)।

এতদ্‌যোনীনি—এতে (পরাপরে ক্ষেত্রক্ষেত্রজ্ঞস্বরূপে প্রকৃতী) যোনী (কারণভূতে) যেষাং তানি (শ্রী ও ব)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মত্তঃ পরতরং নান্যৎ কিঞ্চিদস্তি ধনঞ্জয় !।
ময়ি সর্ব্বমিদং প্রোতং সূত্রে মণিগণা ইব ॥ ৭
রসোঽহমপ্সু কৌন্তেয় ! প্রভাস্মি শশিসূর্য্যয়োঃ।
প্রণবঃ সর্ব্ববেদেষু শব্দঃ খে পৌরুষং নৃষু ॥ ৮

(৬ শ্লোকের টীকা)

উপধারয়—জানীহি (শ)। **কৃৎস্নস্য**—সমস্তস্য (শ)।
প্রভবঃ—উৎপত্তিঃ (শ)। **প্রলয়ঃ**—বিনাশঃ (শ)।

(৭)

অন্বয়। [হে] ধনঞ্জয় ! মত্তঃ পরতরম্ অন্যৎ কিঞ্চিৎ ন অস্তি, সূত্রে মণিগণাঃ ইব ইদং সর্ব্বং ময়ি প্রোতম্।

অনুবাদ। [হে] ধনঞ্জয় ! আমা হইতে শ্রেষ্ঠতর অন্য কিছুই নাই। সূত্রে মণিগণের ন্যায় এই সমস্ত জীব ও জগৎ আমাতে গ্রথিত।

টীকা। মত্তঃ পরমেশ্বরাৎ পরতরং অন্যৎ কারণান্তরং কিঞ্চিন্নাস্তি ন বিদ্যতে অহমেব জগৎকারণমিত্যর্থঃ (শ)। মত্তঃ পরতরং নান্যদিতি প্রাগুক্তং স্পষ্টয়তি (বড়)।

প্রোতং—অনুস্যূতমনুগতমনুবিদ্ধং গ্রথিতমিত্যর্থঃ (শ)। সর্ব্বমিদং চিজ্জড়-জাতং জগৎ সর্ব্বস্যাত্মতয়াবস্থিতে ময়ি প্রোতমাশ্রিতম্ (ক)।

সূত্রে মণিগণা ইব—ইতি দৃষ্টান্তস্তু গ্রথিতত্বমাত্রে নতু কারণত্বে, কনকে কুণ্ডলাদিবদিতি তু যোগ্যো দৃষ্টান্তঃ (ম)।

(৮)

অন্বয়। [হে] কৌন্তেয় ! অহম্ অপ্সু রসঃ, শশিসূর্য্যয়োঃ প্রভা, সর্ব্ব-বেদেষু প্রণবঃ, খে শব্দঃ, নৃষু পৌরুষম্ অস্মি।

অনুবাদ। [হে] কৌন্তেয় ! আমি জলে রস, চন্দ্রসূর্য্যে দীপ্তি, সমগ্র বেদে ওঙ্কার, আকাশে শব্দ, এবং মনুষ্যগণের মধ্যে পৌরুষ হই। (অর্থাৎ আমি সকলের সার)।

টীকা। এবং সর্ব্বাত্মত্বাদাত্মনঃ সর্ব্বরূপতাং দর্শয়িতুং সর্ব্ববস্তুসাররূপতামাহ (ক)।

প্রণবঃ—ওঙ্কারঃ (শ)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পুণ্যোগন্ধঃ পৃথিব্যাঞ্চ তেজশ্চাস্মি বিভাবসৌ।
জীবনং সর্ব্বভূতেষু তপশ্চাস্মি তপস্বিষু॥ ৯
বীজং মাং সর্ব্বভূতানাং বিদ্ধি পার্থ সনাতনম্।
বুদ্ধির্ব্বুদ্ধিমতামস্মি তেজস্তেজস্বিনামহম্॥ ১০
বলং বলবতাং চাহং কামরাগবিবর্জ্জিতম্।
ধর্ম্মাবিরুদ্ধো ভূতেষু কামোঽস্মি ভরতর্ষভ!॥ ১১

(৯)

অন্বয়। পৃথিব্যাং চ পুণ্যঃ গন্ধঃ, বিভাবসৌ তেজঃ চ অস্মি, সর্ব্বভূতেষু জীবনং, তপস্বিষু তপঃ চ অস্মি।

অনুবাদ। আর পৃথিবীতে পুণ্য গন্ধ, সূর্য্যে তেজঃ ও আমি, সকল প্রাণীতে জীবন এবং তপস্বিগণের মধ্যে তপস্যা (রূপে বিদ্যমান)।

টীকা। **বিভাবসৌ**—অগ্নৌ।

(১০)

অন্বয়। (হে) পার্থ! (ত্বং) মাং সর্ব্বভূতানাং সনাতনং বীজং বিদ্ধি, অহং বুদ্ধিমতাং বুদ্ধিঃ তেজস্বিনাং তেজঃ অস্মি।

অনুবাদ। (হে) পার্থ! (তুমি) আমাকে সর্ব্বভূতের সমাতন বীজ বলিয়া জানিও। আমি বুদ্ধিমান্‌গণের বুদ্ধি, তেজস্বিগণের তেজঃস্বরূপ।

টীকা। **সনাতনম্**—চিরন্তনম্ (শ)।

(১১)

অন্বয়। (হে) ভরতর্ষভ! অহং বলবতাং কামরাগবিবর্জ্জিতং বলং, ভূতেষু ধর্ম্মাবিরুদ্ধঃ কামঃ চ অস্মি।

অনুবাদ। (হে) ভরতকুলশ্রেষ্ঠ! আমি বলবান্‌গণের কামরাগবিবর্জ্জিত (অর্থাৎ সাত্ত্বিক) বল, এবং ভূতবর্গের মধ্যে ধর্ম্মাবিরুদ্ধ কাম।

টীকা। **কামরাগবিবর্জ্জিতং**—সাত্ত্বিকম্ (শ্রী)।

ধর্ম্মাবিরুদ্ধঃ কামঃ—দেহধারণমাত্রাদ্যর্থোঽশনপানাদিবিষয়ঃ কামঃ (শ)। স্বদারেষু পুত্রোৎপাদনমাত্রোপযোগী কামঃ (শ্রী)।

২০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে চৈব সত্ত্বিকা ভাবা রাজসাস্তামসাশ্চ যে।
মত্ত এবেতি তান্ বিদ্ধি ন ত্বহং তেষু তে ময়ি। ১২
ত্রিভির্গুণময়ৈর্ভাবৈরেভিঃ সর্ব্বমিদং জগৎ।
মোহিতং নাভিজানাতি মামেভ্যঃ পরমব্যয়ম্॥ ১৩

(১২)

অন্বয়। যে সাত্ত্বিকাঃ ভাবাঃ যে চ রাজসাঃ তামসাঃ এব চ তান্ মত্তঃ এব ইতি বিদ্ধি। তেষু অহং ন (বর্ত্তে) তে তু ময়ি (বর্ত্তন্তে)

অনুবাদ। যে সকল সাত্ত্বিক ভাব এবং যে সকল রাজসিক এবং তামসিক (ভাব) তাহাদিগকে আমা হইতেই (উৎপন্ন বা বিকাশপ্রাপ্ত) ইহা জানিও, সেইগুলির মধ্যে আমি নাই, তাহারা কিন্তু আমাতে (আশ্রিত যেহেতু আমার প্রকৃতিসম্ভূত)।

টীকা। **মত্ত এবেতি তান্**—মদীয়প্রকৃতিগুণকার্য্যত্বাৎ মত্ত এব জাতান্ (শ্রী)। প্রাণিনাং স্বানাদিকর্ম্মবশাজ্জায়ন্তে....তত্তৎকর্ম্মানুসারিমদনুভাবিতান্ (ক)। প্রাকৃতা অপ্যেতে মত্ত এব মৎপ্রকৃতিগুণকার্য্যত্বাৎ, মম চ প্রকৃত্যাদিকারণত্বেন মুখ্যকর্ত্তৃত্বম্ (বভ)।

ময়ি—মদধীনতয়া ময়ি (ক)। নশব্দোঽত্রাপি সংবধ্যতে তেঽপি ময়ি ন। কিন্তু মদুপাদেয়প্রকৃতাবেব তে বর্ত্তন্তেঽহংতু মুলরূপেণ তৎকর্ত্তৈবেত্যর্থঃ (বভ)।

মন্তব্য

গীতার ঈশ্বরবাদ যে Panentheism, Pantheism নহে এই শ্লোকে তাহা প্রতিপন্ন হইতেছে (আগামী ৯ম অধ্যায়ের ৪র্থ শ্লোক ও দ্রষ্টব্য)। অপিচ 'গুণাঃ প্রকৃতিসম্ভবাঃ' (১৩।২০, ১৪।৫) হইলেও, সাত্ত্বিকরাজসিকতামসিক—"ভাবাঃ"—ভাবসমূহ যে ভগবৎপ্রকৃতিসম্ভূত অতএব তিনিই যে তৎসমূহেরও হেতু এখানে তাহাই বলা হইয়াছে।

(১৩)

অন্বয়। এভিঃ ত্রিভিঃ গুণময়ৈঃ ভাবৈঃ ইদং সর্ব্বং জগৎ মোহিতম্ (অতঃ) এভ্যঃ পরং অব্যয়ং মাম্ ন অভিজানাতি।

অনুবাদ। এই তিন গুণময় ভাবদ্বারা এই সমগ্র জগৎ মোহিত, (অতএব) ইহা হইতে শ্রেষ্ঠ আমাকে জানে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া।
মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে॥ ১৪

(১৩ শ্লোকের টীকা)

টীকা। 'এবম্ভূতমপি পরমেশ্বরং নিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বভাবং' 'মাং নাভিজানাতি জগদিত্যনুক্রোশং দর্শয়তি ভগবান্। তচ্চ কিংনিমিত্তং জগতোঽজ্ঞানমিত্যুচ্যতে ত্রিভিরিতি' (শ)। এবংভূতমীশ্বরং ত্বাময়ং জনঃ কিমিতি ন জানাতি? ইত্যত আহ ত্রিভিঃ (শ্রী)। ৮-১২ শ্লোকে শ্রীভগবান্ বলিয়াছেন 'আমা হইতেই সমস্ত জগৎ উৎপন্ন', 'আমিই সমস্ত পদার্থের বৈশিষ্ট্য ও কারণ' তাহা হইলে প্রশ্ন উঠে, এমন ঈশ্বরকে লোকে জানিতে পারে না কেন? এই শ্লোকে তাহার উত্তর দেওয়া হইয়াছে এবং মোহের কারণ যে 'ত্রিগুণময়ী মায়া' তাহা কেমন করিয়া অতিক্রম করা যায় আগামী ১৪শ শ্লোকে তাহার নির্দ্দেশ করা হইবে।

এভিঃ—পূর্ব্বোক্তৈস্ত্রিবিধৈঃ (নী)।

এভ্যঃ—যথোক্তেভ্যো গুণেভ্যঃ (শ)। সাত্ত্বিকরাজসিকতামসেভ্যো ভাবেভ্যঃ (রা)। ত্রিগুণাত্মকেভ্যো ভাবেভ্যো মূর্তভূতগুণেভ্যো বা (বভ)।

পরম্—উৎকৃষ্টতমম্ (রা)।

(১৪)

অন্বয়। হি এষা দৈবী গুণময়ী মম মায়া দুরত্যয়া (তস্মাৎ) যে মাম্ এব প্রপদ্যন্তে তে এতাং মায়াং তরন্তি।

অনুবাদ। যেহেতু এই দৈবী গুণাত্মিকা আমার মায়া দুরতিক্রমণীয়া (সেই হেতু) যাঁহারা আমার একান্ত শরণ লন তাঁহারা এই মায়াকে অতিক্রম করেন।

টীকা। ননু তর্হি ত্রিগুণময়মোহাৎ কথং উত্তীর্ণা ভবন্তি তত্রাহ দৈবীতি (বি)।

হি—যস্মাৎ (শ)।

দৈবী—দেবস্য মমেশ্বরস্য বিষ্ণোঃ স্বভাবভূতা (শ)। অলোকিকী (শ্রী)। কথং দৈবী? মদীয়ত্বাৎ (মা)। ভগবতো নিয়ম্যভূতা (ক)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১৪ শ্লোকের টীকা)

গুণময়ী—সত্ত্বরজস্তমোময়ী (রা)। শ্লেষেণ ত্রিবেষ্টনমহাপাশরূপা (বি)।

মায়া—জগৎসৃষ্ট্যাদিনির্ব্বাহিকা মায়া তত্ত্বপ্রতিভাসপ্রতিবন্ধেনাতত্ত্বপ্রতিভাসহেতু রাবরণবিক্ষেপশক্তিদ্বয়বত্যবিদ্যা সর্ব্বপ্রপঞ্চপ্রকৃতিঃ (ম)। সর্ব্ব কার্যোৎপাদনশক্তির্মায়াশব্দবাচ্যা, 'মায়াং তু প্রকৃতিং বিদ্যান্মায়িনন্তু মহেশ্বরম্' ইতি শ্রুতেঃ (ব)।

দুরত্যয়া—যস্মাৎ দৈবী দেবেন ময়ৈব নির্ম্মিতা তস্মাৎ সর্ব্বৈঃ দুরত্যয়া দুরতিক্রমা (রা)। মমানুগ্রহমন্তরেণোপায়সহস্ত্রৈরপি দুস্তরা (ক)।

মামেব—মায়াবিনং (শ)। মায়ানিয়ন্তারম্ (ক)। পুরুষোত্তমম্ নান্যম্।

প্রপদ্যন্তে—সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য (প্রপদ্যন্তে) (শ)। ভজন্তি (শ্রী)। শরণং গচ্ছন্তি (রা)।

তরন্তি—অতিক্রামন্তি, সংসারবন্ধনাৎ মুচ্যন্তে ইত্যর্থঃ (শ)। 'তমেববিদিত্বাতিমৃত্যুমেতি' ইতি শ্রুতেঃ (ম)।

মন্তব্য

এই শ্লোকে শ্রীভগবান্ 'মম মায়ার' যে পরিচয় দিয়াছেন তাহার সহিত শ্রীশ্রীচণ্ডীর নিম্নোদ্ধৃত শ্লোকের বর্ণনা তুলনীয় :—

> ত্বং বৈষ্ণবী শক্তিরনন্তবীর্য্যা
> বিশ্বস্য বীজং পরমাসি মায়া।
> সম্মোহিতং দেবি! সমস্তমেতৎ
> ত্বং বৈ প্রসন্না ভুবি মুক্তিহেতুঃ॥

সেখানেও মায়াকে বৈষ্ণবী শক্তি আখ্যা দিয়া তাহার বিশ্বসংমোহন প্রভাব এবং দেবীর প্রসন্নতা জীবন্মুক্তির কারণ বলিয়া বর্ণনা করা হইয়াছে। পার্থক্য এই যে অদ্বৈতশক্তিবাদে 'শক্তিশক্তিমতোরভেদাৎ' বৈষ্ণবীশক্তির প্রসন্নতাই জীবন্মুক্তি লাভের উপায় বলা হইয়াছে, আর গীতার বাণীতে শক্তিমান্ মায়াধীশের একান্ত শরণলভ্য প্রসন্নতা বা কৃপাই মায়াতীত হইবার উপায় বলিয়া বর্ণনা করা হইয়াছে।

যাহা হউক, গীতার এই শ্লোকোক্ত মায়ার স্বরূপ কি? অদ্বৈতবাদিগণের মতে 'দেবস্য বিষ্ণোঃ স্বভাবভূতা' (শ) কিন্তু তাহা হইলেও 'অপ্রাকৃতা' (হ),

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন মাং দুষ্কৃতিনো মূঢ়াঃ প্রপদ্যন্তে নরাধমাঃ।
মায়য়াপহৃতজ্ঞানা আসুরং ভাবমাশ্রিতাঃ॥ ১৫
চতুর্ব্বিধা ভজন্তে মাং জনাঃ সুকৃতিনোঽর্জ্জুন!
আর্ত্তো জিজ্ঞাসুরর্থার্থী জ্ঞানী চ ভরতর্ষভ! ১৬

(১৪ শ্লোকের মন্তব্য)

কিন্তু বিশিষ্টাদ্বৈতবাদী এই মায়া অতিক্রমণীয় ও ইহার প্রভাব ত্যাজ্য স্বীকার করিলেও বলেন 'মায়াশব্দো ন মিথ্যার্থবাচী' পরন্তু 'পারমার্থিকী' 'অস্যাঃ কার্য্যং ভগবৎস্বরূপতিরোধানং স্বস্বরূপভোগ্যত্ববুদ্ধিশ্চ। অতো ভগবন্মায়য়া মোহিত সর্ব্বং জগদ্ভগবন্তমনবধিকাতিশয়ানন্দস্বরূপং নাভিজানাতি' (রা)।

(১৫)

অন্বয়। দুস্কৃতিনঃ (অতঃ) মায়য়া অপহৃতজ্ঞানাঃ মূঢ়াঃ নরাধমাঃ আসুরং ভাবম্ আশ্রিতাঃ (সন্তঃ) মাং ন প্রপদ্যন্তে।

অনুবাদ। পাপাচরণকারী (অতএব) মায়াপ্রভাবে লুপ্তজ্ঞান মূঢ় নরাধমগণ আসুরভাববিশিষ্ট হইয়া আমাকে আশ্রয় করে না।

টীকা। যদি ত্বাং প্রপন্নাঃ মায়ামেতাং তরন্তি কস্মাৎ ত্বামেব সর্ব্বে ন প্রপদ্যন্তে? (শ)।

আসুরং ভাবং—পরবর্ত্তী ষোড়শ অধ্যায়ে বিবৃত হইয়াছে।

(১৬)

অন্বয়। (হে) ভরতর্ষভ অর্জ্জুন! চতুর্ব্বিধাঃ সুকৃতিনঃ জনাঃ, আর্ত্তঃ, জিজ্ঞাসুঃ, অর্থার্থী ; জ্ঞানী চ, মাং ভজন্তে।

অনুবাদ। (হে) ভরতর্ষভ অর্জ্জুন! চতুর্ব্বিধ সুকৃতিসম্পন্ন ব্যক্তি আর্ত্ত, আত্মজ্ঞানার্থী, ঐশ্বর্য্যকামী ও জ্ঞানী আমাকে ভজনা করে।

টীকা। সুকৃতিনস্তু মাং ভজন্ত্যেব, তে চ সুকৃততারতম্যেন চতুর্ব্বিধা ইত্যাহ (শ্রী)।

আর্ত্তঃ—আর্ত্তিপরিগৃহীতঃ তস্করব্যাঘ্ররোগাদিনাঅভিভূতঃ (শ)। দুঃখী (হ)।
জিজ্ঞাসুঃ—ভগবত্তত্ত্বং জ্ঞাতুমিচ্ছুঃ (শ)। আত্মজ্ঞানেচ্ছুঃ (শ্রী)। মুমুক্ষুঃ (ম)।
অর্থার্থী—ধনকামঃ (শ)। ঐশ্বর্য্যকামঃ (হ)। রাজ্যাদিসম্পদিচ্ছুঃ (ব)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তেষাং জ্ঞানী নিত্যযুক্ত একভক্তির্বিশিষ্যতে।
প্রিয়োহি জ্ঞানিনোঽত্যর্থমহং স চ মম প্রিয়ঃ ॥ ১৭
উদারাঃ সর্ব্ব এবৈতে জ্ঞানী ত্বাত্মৈব মে মতম্।
আস্থিতঃ স হি যুক্তাত্মা মামেবানুত্তমাং গতিম্ ॥ ১৮

(১৬ শ্লোকের টীকা)

জ্ঞানী—বিষ্ণোস্তত্ত্ববিৎ (শ)। আত্মবিৎ (শ্রী)। চিৎপ্রকৃতিবিযুক্ত-কেবলাত্মস্বপর্য্যবসন্ন্ ভগবন্তমেব প্রেপ্সুঃ (রা)।

(১৭)

অন্বয়। তেষাং (মধ্যে) নিত্যযুক্তঃ একভক্তিঃ জ্ঞানী বিশিষ্যতে, হি অহং জ্ঞানিনঃ অত্যর্থং প্রিয়ঃ, স চ মম প্রিয়ঃ।

অনুবাদ। তাহাদের (মধ্যে) নিত্যযুক্ত একভক্তি জ্ঞানীই শ্রেষ্ঠ, যেহেতু, আমি জ্ঞানীর অত্যন্ত প্রিয়, তিনিও আমার প্রিয়।

টীকা। চতুর্ণাং ভক্ত্যধিকারিণাং মধ্যে কঃ শ্রেষ্ঠঃ? ইত্যপেক্ষায়ামাহ (বি)।

একভক্তিঃ—অন্যস্য ভজনীয়স্যাদর্শনাৎ (শ)। একস্মিন্ ময্যেব ভক্তির্যস্য সঃ (শ্রী)।

বিশিষ্যতে—নিত্যযুক্তত্বাৎ স উত্তমঃ (শ্রী)। সর্ব্বোৎকৃষ্ট ইত্যর্থঃ তস্যানুরক্তি-বিষয়ান্তরাভাবাৎ (ম)। আর্ত্তাদেস্তু স্বকামিতে তৎপ্রদাতৃত্বেন ময়ি চ (ভক্তিঃ) অতো জ্ঞানী ততঃ শ্রেষ্ঠঃ (ব)।

অত্যর্থং—অত্যন্তম্ (শ্রী)।

'জ্ঞানী বিশিষ্যতে যতো নিত্যযুক্তঃ, আর্ত্তাদয়োহি কামিনঃ কামপূর্ত্তৌ ন মদ্ভজনে যুক্তা ভবন্তি অয়ন্তু নিত্যযুক্ত একভক্তিশ্চ'। 'নিত্যযুক্তত্বে একভক্তিত্বে চ হেতুঃ, হি যতঃ জ্ঞানিনোঽহমত্যর্থং প্রিয়ঃ আত্মত্বাদেব,' "তদেতৎপ্রেয়ঃ পুত্রাৎ প্রেয়ো বিত্তাৎ প্রেয়োঽন্যস্মাৎ সর্ব্বস্মাদান্তরোঽয়মাত্মা" ইতি শ্রুতেশ্চ। 'স চ জ্ঞানী মম প্রিয়ঃ ভক্তানাং দুর্লভত্বাদিতিভাবঃ' ॥ (নী)।

(১৮)

অন্বয়। এতে সর্ব্বে এব উদারাঃ, জ্ঞানী তু আত্মা এব মে মতম্, হি সঃ যুক্তাত্মা অনুত্তমাং গতিং মাম্ এব আস্থিতঃ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বহূনাং জন্মনামন্তে জ্ঞানবান্ মাং প্রপদ্যতে।
বাসুদেবঃ সর্ব্বমিতি স মহাত্মা সুদুর্লভঃ॥ ১৯

(১৮ শ্লোকের টীকা)

অনুবাদ। ইহারা সকলেই উদার, কিন্তু আমার মত—জ্ঞানী আমিই অর্থাৎ আমার সহিত অভিন্ন; যেহেতু, সেই যুক্তাত্মা পরমা গতি একমাত্র আমাকেই আশ্রয় করে।

টীকা। **উদারাঃ**—উৎকৃষ্টাঃ (শ)। মম ভক্তাঃ সকামা অপি শ্রেষ্ঠাঃ (ক)। দেবান্তরোপাসকেভ্যো মহান্তো বদান্যাশ্চ (বভ)।

"The Gita distinguishes between four kinds of *bhaktas*" (but) "all are approved by the Gita." "All these movements without exception are high and good"—"we may say that these forms are successively the *bhakti* of the vital 'emotional and affective nature, that of the practical and dynamic nature, and that of the reasoning intellectual nature, and that of the highest intuitive being which takes up all the rest of the nature into unity with the divine. Practically however, the others may be regarded as *preparatory movements*".*

যুক্তাত্মা—অহমেব ভগবান্ বাসুদেবো নান্যোঽস্মি (শ) ইত্যভেদেন ময়ি সমাহিতচিত্তঃ (নী)। **অনুত্তমাং**—শ্রেষ্ঠাম্ (নী)।

(১৯)

অন্বয়। বহূনাং জন্মনাম্ অন্তে বাসুদেবঃ সর্ব্বমিতি জ্ঞানবান্ সন্ (যঃ)। মাং প্রপদ্যতে সঃ মহাত্মা সুদুর্লভঃ।

অনুবাদ। বহু জন্মের পরে সমগ্রবিশ্বই বাসুদেব এইরূপ জ্ঞানবান্ (ব্যক্তি) আমাকে প্রাপ্ত হন। সেরূপ মহাত্মা অত্যন্ত দুর্লভ।

টীকা। এবম্ভূতমদ্ভক্তোঽতিদুর্লভঃ ইত্যাহ বহূনামিতি (শ্রী)।

বহূনাম্ জন্মনামন্তে—কিঞ্চিৎ কিঞ্চিৎ পুণ্যোপচয়েন চরমে জন্মনি (শ্রী)।

প্রপদ্যতে—বাসুদেবং প্রত্যগাত্মানং প্রত্যক্ষতঃ প্রপদ্যতে (শ)। উপাস্তে (রা)। ভজতি (শ্রী)। সম্যগ্দর্শনেনাপরোক্ষীকরোতি (নী)।

মহাত্মা—মহামনাঃ (রা)। অপরিচ্ছিন্নদৃষ্টিঃ (শ্রী)। ব্রহ্মভূতঃ (নী)।

* Essays on the Gita (Second Series) by Shri Aurobindo Ghose, p. 24

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কামৈস্তৈস্তৈর্হৃতজ্ঞানাঃ প্রপদ্যন্তেঽন্যদেবতাঃ।
তং তং নিয়মমাস্থায় প্রকৃত্যা নিয়তাঃ স্বয়া ॥ ২০
যো যো যাং যাং তনুং ভক্তঃ শ্রদ্ধয়ার্চ্চিতুমিচ্ছতি।
তস্য তস্যাচলাং শ্রদ্ধাং তামেব বিদধাম্যহম্ ॥ ২১

(২০)

অন্বয়। তৈঃ তৈঃ কামৈঃ হৃতজ্ঞানাঃ (সন্তঃ) তং তং নিয়মম্ আস্থায় স্বয়া প্রকৃত্যা নিয়তাঃ (অন্যে) অন্যদেবতাঃ প্রপদ্যন্তে।

অনুবাদ। সেই সেই (পূর্ব্বোক্ত নানাবিধ) ফলকামনা দ্বারা বিমূঢ় (হইয়া) তত্তৎ (কামনাসিদ্ধি বিষয়ক) নিয়মে থাকিয়া নিজ নিজ প্রকৃতির দ্বারা বশীভূত (অন্যেরা) অপরাপর দেবতা ভজনা করে।

টীকা। অধুনা তু সকামত্বে ভেদদর্শিত্বে চ সত্যেঽপি দেবতান্তরভক্তাপেক্ষয়া-র্ত্তাদীনাং ত্রয়াণাং স্বভক্তানামুৎকর্ষঃ ভগবতা ব্যাখ্যায়তে যাবদধ্যায়সমাপ্তিম্ (ম)।

তৈঃ তৈঃ—পুত্রপশুস্বর্গাদিবিষয়ৈঃ (শ)। স্ববাসনানুরূপৈর্গুণময়ৈঃ (রা)। ক্ষুদ্রৈঃ (ম)। আর্ত্তিবিনাশাদিবিষয়কৈঃ (ব)। বহুবিধৈঃ (হ)।

প্রপদ্যন্তে—প্রাপ্নুবন্তি (শ)। আশ্রয়ন্তে (হ)। সেবন্তে (শ্রী)। ভজন্তে (ম)।

তং তং—তত্তদ্দেবারাধনে প্রসিদ্ধম্ (ম)।

আস্থায়—আশ্রিত্য (ম)। স্বীকৃত্য (শ্রী)।

প্রকৃত্যা—স্বভাবেন জন্মান্তরার্জ্জিতসংস্কারবিশেষেণ (শ)। পূর্ব্বাভ্যাস-বাসনয়া (শ্রী)। স্বভাবঃপ্রকৃতিশ্চৈব সংস্কারো বাসনেতিচেত্যভিধানাৎ (মা)। রাজসতামসস্বভাবেন (বভ)।

(২১)

অন্বয়। যঃ যঃ ভক্তঃ যাং যাং তনুং শ্রদ্ধয়া অর্চ্চিতুম্ ইচ্ছতি অহং তস্য তস্য (ভক্তস্য) তামেব অচলাং শ্রদ্ধাং বিদধামি।

অনুবাদ। যে যে ভক্ত, যেঁ যে মূর্ত্তি শ্রদ্ধাসহকারে অর্চ্চনা করিতে ইচ্ছা করে, আমি সেই সেই (ভক্তের) সেই সেই বিগ্রহে অচলা শ্রদ্ধার বিধান করি।

টীকা। তা অপি দেবতা মদীয়াস্তনবঃ (রা)। যো যো ভক্তো যাং যাং তনুং দেবতারূপাং মদীয়ামেব মূর্ত্তিং শ্রদ্ধয়া অর্চ্চিতুং ইচ্ছতি, তস্য তস্য ভক্তস্য তন্মূর্ত্তিবিষয়াং তামেব শ্রদ্ধামচলাং দৃঢ়াং অহমন্তর্য্যামী বিদধামি করোমি (শ্রী)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স তয়া শ্রদ্ধয়া যুক্তস্তস্যারাধনমীহতে।
লভতে চ ততঃ কামান্ ময়ৈব বিহিতান্ হি তান্ ॥ ২২

(২১ শ্লোকের টীকা)

তনুং—দেবতারূপাং (শ্রী)। ব্রহ্মাদিরূপাং (মা)। দেবমূর্ত্তিং (ম)। দেবাদিরূপাং যক্ষরক্ষোরূপাং বা মূর্ত্তিং (নী)। সূর্য্যাদিদেবরূপাম্ (বি)।

তাম্—তত্তন্মূর্ত্তিবিষয়াং (শ্রী)। বিদধামি—দৃঢ়াং করোমি (শ্রী)।

(২২)

অন্বয়। সঃ তয়া শ্রদ্ধয়া যুক্তঃ (সন্) তস্য আরাধনম্ ঈহতে, ততঃ চ ময়া এব বিহিতান্ তান্ কামান্ হি লভতে চ।

অনুবাদ। তিনি সেই শ্রদ্ধাযুক্ত (হইয়া) তাঁহার আরাধনা করেন ; এবং তাহা হইতে আমারই বিধান অনুসারে সেই কাম্যফল সকল নিশ্চয়ই লাভ করেন।

টীকা। যদ্যপ্যারাধনকালে ইন্দ্রাদয়ো মদীয়াঙ্গনবস্ততএব তদর্চ্চনঞ্চ মদারাধনমিতি ন জানন্তি তথাপি তস্য বস্তুতো মদারাধকাভিলষিতমহমেব বিদধামি (রা)।

ঈহতে—করোতি (শ্রী)।

ততঃ—মত্তনুভূতেন্দ্রাদিদেবতারাধনাৎ (রা)। মদঙ্গভূতাদুপাস্যদেবাৎ (বভ)।

ময়ৈব—তত্তদ্দেবান্তর্য্যামিণা (শ্রী)। সর্ব্বকর্ম্মফলদায়িনা (ম)।

বিহিতান্—পূর্ণীকৃতান্ (বি)।

"These forms are after all a certain kind of manifestation through which imperfect human intelligence can touch him, these desires are first means by which our souls turn towards him ; nor is any devotion worthless or ineffective whatever its limitations. It has the one grand necessity, faith"*

---

* Essays on the Gita (second series) by Shri Aurobindo Ghose p. 37.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্তবত্তু ফলং তেষাং তদ্ভবত্যল্পমেধসাম্।
দেবান্ দেবযজো যান্তি মদ্ভক্তা যান্তি মামপি ॥ ২৩
অব্যক্তং ব্যক্তিমাপন্নং মন্যন্তে মামবুদ্ধয়ঃ।
পরং ভাবমজানন্তো মমাব্যয়মনুত্তমম্ ॥ ২৪

(২৩)

অন্বয়। তেষাম্ অল্পমেধসাং তৎ ফলম্ অন্তবৎ ভবতি, দেবযজঃ দেবান্ যান্তি, মদ্ভক্তাঃ তু মাম্ অপি যান্তি।

অনুবাদ। কিন্তু সে অল্পবুদ্ধিগণের সেই (প্রাপ্ত) ফল অন্তযুক্ত (অচিরস্থায়ী) হয়; দেবযাজিগণ দেবগণকে প্রাপ্ত হন, মদ্ভক্তগণ কিন্তু আমাকেই পান।

টীকা। মদ্ভক্তানাং অন্যদেবতাভক্তানাঞ্চ মহদন্তরম্ (ম)।

অন্তবৎ—বিনাশি (শ)।

অল্পমেধসাং—পরিচ্ছিন্নদৃষ্টীনাং (শ্রী)। অল্পবুদ্ধীনাম্ (হ)।

তু—তু শব্দোঽভেদেনেশ্বরভক্তেভ্যো বিভেদার্থঃ (নী)। তু শব্দো মহদ্বিশেষং দর্শয়তি (ক)।

মামপি যান্তি—অপিশব্দপ্রয়োগাৎ ততো মদুপাসনাপরিপাকান্মামনন্তমানন্দঘনমীশ্বরমপি প্রাপ্নুবন্তি (ম)। অতস্তেঽনন্তফলভাজ ইত্যর্থঃ (নী)। ন চ পুনর্নিবর্ত্তন্তে (রা)। (৭ অ ১৪ শ্লোক ও ৮ অ ১৫।১৬ শ্লোক দ্রষ্টব্য)।

(২৪)

অন্বয়—অবুদ্ধয়ঃ মম অব্যয়ম্ অনুত্তমম্ পরম্ ভাবম্ অজানন্তঃ অব্যক্তং মাং ব্যক্তিম্ আপন্নং মন্যন্তে।

অনুবাদ—বুদ্ধিহীন ব্যক্তিগণ আমার অক্ষয় সর্ব্বশ্রেষ্ঠভাব না জানিয়া অব্যক্ত আমাকে ব্যক্তিভাবাপন্ন মনে করে।

টীকা। কিংনিমিত্তং ত্বামেব ন প্রপদ্যন্তে? ইত্যুচ্যতে অব্যক্তমিতি (শ)।

অব্যক্তং—অপ্রকাশম্ (শ)। প্রপঞ্চাতীতম্ (শ্রী)।

ব্যক্তিমাপন্নং—প্রকাশং গতম্ (শ)। কর্ম্মণা (কর্ম্মবশাৎ) জন্মবিশেষং প্রাপ্য ব্যক্তিমাপন্নম্ (রা)। কর্ম্মনির্ম্মিতভৌতিকদেহধারিণং কঞ্চিজ্জীববিশেষম্ (ক)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নাহং প্রকাশঃ সর্ব্বস্য যোগমায়াসমাবৃতঃ।
মূঢ়োঽয়ং নাভিজানাতি লোকো মামজমব্যয়ম্ ॥ ২৫
বেদাহং সমতীতানি বর্ত্তমানানি চার্জ্জুন!।
ভবিষ্যাণি চ ভূতানি মাস্তু বেদ ন কশ্চন ॥ ২৬

(২৪ শ্লোকের টীকা)

পরং ভাবং—পরমাত্মরূপং (শ)। মায়াতীতং স্বরূপজন্মকর্ম্মলীলাদিকম্ (বি) ভূতমহেশ্বরং পরং ভাবম্ (৯।১১ শ্লোক)।

অনুত্তমম্—সর্ব্বোৎকৃষ্টম্ (বি)। নিরতিশয়মথৈশ্বর্য্যরূপম্ (নী)। পরমনুত্তমমিতি বিশেষণদ্বয়ং সোপাধিকনিরুপাধিকভাবার্থম্ (আ)।

(২৫)

অন্বয়। যোগমায়াসমাবৃতঃ অহং সর্ব্বস্য প্রকাশঃ ন (ভবামি) (অতএব অয়ং মূঢ়ো লোকঃ অজম্ অব্যয়ং মাং ন অভিজানাতি।

অনুবাদ। যোগমায়াদ্বারা সমাবৃত আমি সকলের নিকট প্রকাশ পাই না, (অতএব) এই মূঢ় লোক, অজ ও অব্যয় আমাকে জানে না।

টীকা। তজ্‌জ্ঞানং কিংনিমিত্তং? ইত্যুচ্যতে নাহমিতি (শ)। কুতঃ এবং ন প্রকাশ্যতে ইত্যত্রাহ নাহমিতি (রা)।

প্রকাশঃ—অপ্রাকৃতেন স্বেন রূপেণ প্রকটঃ (ক)।

যোগমায়া—গুণানাং যুক্তির্ঘটনং যোগঃ সৈব মায়া যোগমায়া (শ)। যোগো যুক্তির্মদীয়ঃ কোঽপ্যচিন্ত্যঃ প্রজ্ঞাবিলাসঃ স এব মায়া অঘটমানঘটনাপটীয়স্ত্বাৎ (শ্রী)। যোগো মম সঙ্কল্পস্তদ্বশবর্ত্তিনী মায়া যোগমায়া (ম)। যোগেন সামর্থোপায়েন মায়য়া চ (মা)। (যোগ ইতি সম্বোধনে) হে যোগ! যোগিন্! অর্শআদ্যচ্‌প্রত্যয়ান্তোঽয়ং যোগশব্দঃ (নী)।

"The maya of his yoga, by which he is one with the world and yet beyond it, immanent but hidden, seated in all hearts but not revealed to any and every being."*

(২৬)

অন্বয়। [হে] অর্জ্জুন! অহং সমতীতানি বর্ত্তমানানি ভবিষ্যাণি চ ভূতানি চ বেদ, তু কশ্চন মাং ন বেদ।

* Essays on the Gita (Second Series) by Shri Aurobindo Ghose, P. 37

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইচ্ছাদ্বেষসমুত্থেন দ্বন্দ্বমোহেন ভারত !।
সর্ব্বভূতানি সম্মোহং সর্গে যান্তি পরন্তপ !॥ ২৭

যেষাং ত্বন্তগতং পাপং জনানাং পুণ্যকর্ম্মণাম্।
তে দ্বন্দ্বমোহনির্ম্মুক্তা ভজন্তে মাং দৃঢ়ব্রতাঃ ॥ ২৮

(২৬ শ্লোকের টীকা)

অনুবাদ [হে] অর্জ্জুন! আমি বহুকালাতীত এবং বর্ত্তমান ও ভবিষ্যৎ ভূতগ্রামকে জানি। কিন্তু কেহ আমাকে জানে না।

টীকা। নাসৌ যোগমায়া মদীয়া সতী মমেশ্বরস্য মায়াবিনো জ্ঞানং প্রতিবধ্নাতি (শ)।

সমতীতানি—বহুকালতো বিনষ্টানি (ক)। বিগতানি।

মান্তু বেদ ন কশ্চন—মন্মায়ামোহিতত্বাৎ ন বেত্তি (শ্রী)।

(২৭)

অন্বয়। [হে] পরন্তপ ভারত! সর্গে ইচ্ছাদ্বেষসমুত্থেন দ্বন্দ্বমোহেন সর্ব্বভূতানি সম্মোহং যান্তি।

অনুবাদ। [হে] শত্রুসন্তাপকর ভরতবংশোদ্ভব অর্জ্জুন! সৃষ্টিকালে রাগদ্বেষজনিত দ্বন্দ্বমোহের দ্বারা সর্ব্বভূত বা প্রাণীবর্গ সম্পূর্ণ মোহাবিষ্ট হয়।

টীকা। কেন পুনঃ তত্ত্ববেদনপ্রতিবন্ধেন প্রতিবদ্ধানি সন্তি জায়মানানি সর্ব্বভূতানি ত্বাং ন বিন্দন্তি? (শ)। ত্বন্মায়য়া জীবাঃ কদারভ্য মুহ্যন্তি? ইত্যপেক্ষায়ামাহ ইচ্ছেতি (বি)।

ইচ্ছাদ্বেষসমুত্থেন—ইন্দ্রিয়াণাং অনুকূলবিষয়ে ইচ্ছা অভিলাষঃ প্রতিকূলবিষয়ে দ্বেষঃ তাভ্যাং [পূর্ব্বপূর্ব্বজন্মস্বভ্যস্তাভ্যাং (ক)] সমুত্থঃ সমুদ্ভূতঃ তেন (বি)।

দ্বন্দ্বমোহেন—শীতোষ্ণসুখদুঃখাদিদ্বন্দ্বনিমিত্তো মোহো বিবেকভ্রংশ স্তেন (শ্রী)। বিপর্য্যয়জ্ঞানেন (ক। ২৮)। সম্মোহং—সংমূঢ়তাম্ (শ)।

সর্গে—জন্মনি উৎপত্তিকালে (শ)। স্থূলদেহোৎপত্তৌ (শ্রী)। জগৎস্রষ্ট্যারম্ভকালে (বি)। যান্তি—প্রাপ্নুবন্তি (শ্রী)।

(২৮)

অন্বয়। তু যেষাং পুণ্যকর্ম্মণাং জনানাং পাপম্ অন্তগতং তে দ্বন্দ্বমোহনির্ম্মুক্তাঃ দৃঢ়ব্রতাঃ [সন্তঃ] মাং ভজন্তে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জরামরণমোক্ষায় মামাশ্রিত্য যতন্তি যে।
তে ব্রহ্ম তদ্ বিদুঃ কৃৎস্নমধ্যাত্মং কর্ম্ম চাখিলম্ ॥ ২৯

(২৮ শ্লোকের টীকা)

অনুবাদ। কিন্তু যে সমস্ত পুণ্যকর্ম্মীদিগের পাপ ক্ষয়প্রাপ্ত হয়, সেই দ্বন্দ্বজনিতমোহমুক্তব্যক্তিগণ দৃঢ়ব্রত [হইয়া] আমাকে ভজনা করে।

টীকা। **দ্বন্দ্বমোহনির্ম্মুক্তাঃ**—'রাগদ্বেষাদিনিবন্ধন' 'সম্মোহশূন্যাঃ' (ম)।
দৃঢ়ব্রতাঃ—'মৎপ্রাপ্তয়ে দৃঢ়সঙ্কল্পাঃ' (রা)।

"The first necessity in our works is to get clear of the sin of the vital ego"—"which is the obscuration of *rajasic* desire and passion"—by the steadying *sattwic* impulse of the ethical being". 'P, 25' True, "by virtue alone man cannot attain to the highest but by virtue he can develop a first capacity for attaining to it *adhikar*" "For the crude *rajasic* or dull *tamasic* ego is difficult to shake off and put below us; the sattwic ego is less difficult and at least when it sufficiently subtilises and enlightens itself, becomes even easy to transcend, transmute or annahilate" "Man therefore has first off all to become ethical, *Sukriti* and then to rise to hights beyond any mere rule of ethical living to the light, largeness and power of spiritual nature where he gets beyond the grasp of the dualities and its delusions *dwanda moho*."* (P. 24)

(২৯)

অন্বয়। যে জরামরণমোক্ষায় মাম্ আশ্রিত্য যতন্তি, তে তৎ ব্রহ্ম কৃৎস্নম্ অধ্যাত্মম্ অখিলং কর্ম্ম চ বিদুঃ।

অনুবাদ। যাহারা জরা ও মৃত্যু হইতে মুক্তির জন্য আমাকে আশ্রয় করিয়া প্রযত্ন করে, তাহারা সেই ব্রহ্ম 'তৎ' শব্দ বাচ্য পরব্রহ্ম, সমুদায় অধ্যাত্ম বিষয় (অর্থাৎ আত্মাধিকৃত বস্তু) ও সমস্ত কর্ম্ম (অর্থাৎ কর্ম্মতত্ত্ব) জানে।

টীকা। **তৎব্রহ্ম**—যদ্ ব্রহ্ম পরং (শ)। শুদ্ধং পরং ব্রহ্ম নির্গুণং তৎপদলক্ষ্যম্ (ম)। **কৃৎস্নং**—সমস্তম্ (শ)।

* Essays on the Gita (Second Series) by Shri Aurobindo Ghose, pp. 25, 24.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাধিভূতাধিদৈবং মাং সাধিযজ্ঞঞ্চ যে বিদুঃ।
প্রয়াণকালেঽপি চ মাং তে বিদুর্যুক্তচেতসঃ ॥ ৩০

ইতি শ্রীমদ্ভগবদ্গীতাসু উপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন-সংবাদে জ্ঞানবিজ্ঞানযোগো নাম সপ্তমোঽধ্যায়ঃ।

(২৯ শ্লোকের টীকা)

অধ্যাত্মং—প্রত্যগাত্মবিষয়ং বস্তু (শ)। দেহাদিব্যতিরিক্তং শুদ্ধমাত্মানং (শ্রী)। শরীরমধিকৃত্য প্রকাশমানং কৃৎস্নং উপাধ্যপরিচ্ছিন্নং আত্মানম্ (ম)। দেহমধিকৃত্য ভোক্তৃতয়া বর্ত্তমানং অধ্যাত্মং জীবাত্মানং (বি)। আত্মাধিগত স্বভাবম্ (বভ)।

অখিলং কর্ম্ম—৪অঃ ১৭ শ্লোক সহ তুলনীয়।

(৩০)

অন্বয়। যে চ সাধিভূতাধিদৈবং সাধিযজ্ঞং চ মাং বিদুঃ, তে যুক্তচেতসঃ প্রয়াণকালে অপি মাং বিদুঃ।

অনুবাদ। আর যাঁহারা অধিভূত, অধিদৈব ও অধিযজ্ঞের সহিত আমাকে জানে, সেই সকল যুক্তচিত্তব্যক্তিগণ মৃত্যুকালেও আমাকে জানেন অর্থাৎ আমাকে বিস্মৃত বা যোগভ্রষ্ট হন না, (আমার মায়া উত্তীর্ণ হন)।

টীকা। **সাধিভুতাধিদৈবং সাধিযজ্ঞঞ্চ**—অধিভূতেনাধিদেবেনাধিযজ্ঞেন চ সহিতম্ (ব)।

(অধিভূত, অধিদৈব, অধিযজ্ঞ কি এই প্রশ্ন এবং তাহার উত্তরে আগামী অধ্যায়ের আরম্ভ হইবে)।

"Here we have certain expressions which give, as in their brief sum the chief essential truths of the manifestation of the supreme Divine in the cosmos". "First there is that Brahman, *tad brahma*, *adhyatma*, second, the principle of the *self in Nature*; *adhibhuta* and *adhidaiva* next the objective phenomenon and subjective phenomenon of being; *adhiyajna* last, the secret of the cosmic principle of works and sacrifice"*

* Essays on the Gita (Second Series) by Shri Aurobindo Ghose, p. 36.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সপ্তম অধ্যায়।

(জ্ঞানবিজ্ঞানযোগ)

পরিশিষ্ট।

(১)

জ্ঞান ও বিজ্ঞান

গীতার এই অধ্যায়ের নাম জ্ঞানবিজ্ঞানযোগ। অধ্যায়ের প্রারম্ভেই শ্রীভগবান্ বলিতেছেন—

"জ্ঞানং তেঽহং সবিজ্ঞানমিদং বক্ষ্যাম্যশেষতঃ।
যজ্‌জ্ঞাত্বা নেহ ভূয়োঽন্যজ্‌ জ্ঞাতব্যমবশিষ্যতে" ৭।২

কাজেই প্রশ্ন হইতেছে 'জ্ঞান' কাহাকে বলে আর 'বিজ্ঞান'ই বা কি? জ্ঞান-বিজ্ঞান শব্দ দুইটির একত্র উল্লেখ গীতায় পুনঃ পুনঃ দেখা যায়, যথা—

(১) জ্ঞানবিজ্ঞাননাশনম্ (৩।৪১)।
(২) জ্ঞানং তেঽহং সবিজ্ঞানমিদং বক্ষ্যাম্যশেষতঃ (৭।২)।
(৩) জ্ঞানং বিজ্ঞানসহিতং যজ্‌জ্ঞাত্বা মোক্ষ্যসেঽশুভাৎ (৯।১)।
(৪) জ্ঞানং বিজ্ঞানমাস্তিক্যং ব্রহ্মকর্ম্ম স্বভাবজম্ (১৮।৪২) ইত্যাদি।

(১) প্রথম স্থলে প্রায় সকল প্রাচীন টীকাকারই 'জ্ঞান' শব্দটির শাস্ত্র ও আচার্য্যের উপদেশজন্য জ্ঞান অর্থাৎ পরোক্ষজ্ঞান বা অনুশীলন জন্য জ্ঞান, আর 'বিজ্ঞান' শব্দটি স্বানুভবযুক্ত বা স্বানুভবজন্য জ্ঞান বা অপরোক্ষানুভূতি অর্থে গ্রহণ করিয়াছেন।

(২) দ্বিতীয়স্থলে আচার্য্য শঙ্কর, শ্রীধর স্বামী প্রভৃতি শব্দ দুইটি পুনরায় উক্ত অর্থেই গ্রহণ করিয়াছেন; কিন্তু বৈষ্ণবাচার্য্যগণের মধ্যে 'জ্ঞানং' শব্দার্থ বিষয়ে মতভেদ দেখা যায়, তাঁহারা 'জ্ঞানং' শব্দের মদ্বিষয়ং (রা), চিদচিচ্ছক্তিমৎস্বরূপ-বিষয়কং (ব), বাসুদেবস্য মাহাত্ম্যবিষয়কং (বভ), মে ঐশ্বর্য্যময়ং (বি), অর্থ গ্রহণ করিয়াছেন এবং 'বিজ্ঞানং'=বিবিক্তাকারবিষয়ং জ্ঞানম্ (রা), তচ্ছক্তিদ্বয়-বিবিক্তস্বরূপবিষয়কং (ব) বিবিধতয়া চিদচিদ্রূপতয়া চ তত্ত্ববিভূতিধর্ম্মরূপ-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তয়াঽবান্তরবিশেষৈশ্চ যথার্থজ্ঞানং (বভ), মাধুর্য্যানুভবময়ং (বি), প্রভৃতি অর্থে গ্রহণ করিয়াছেন দেখা যায়। অর্থাৎ তাঁহারা জ্ঞানোৎপত্তির প্রকারভেদাত্মক ব্যাখ্যা না করিয়া উভয়ের বিষয়ভেদাত্মক ব্যাখ্যাই করিয়াছেন।

(৩) তৃতীয়স্থলে জ্ঞানবাদী টীকাকারগণ 'জ্ঞানং' শব্দটির সম্যগ্‌জ্ঞানং সাক্ষান্মোক্ষপ্রাপ্তিসাধনং "বাসুদেবঃ সর্ব্বমিবাত্যাত্মৈবেদং সর্ব্বমেকমেবা দ্বিতীয়ম্" (শ), প্রমাণজ্ঞানং (আ), শব্দপ্রমাণকং ব্রহ্মতত্ত্ববিষয়কং (ম), জ্ঞপ্তিমাত্রস্বরূপং (নী), এবং বৈষ্ণবাচার্য্যগণ ভক্তিরূপমুপাসনাখ্যং (রা), মৎকীর্ত্তনাদিলক্ষণভক্তিরূপম্ (ব) 'কেবলশুদ্ধভক্তিলক্ষণং' 'গুণাতীতভক্তিরেব নতু জ্ঞানং' (বি), অর্থ গ্রহণ করিয়াছেন। আর 'বিজ্ঞানসহিতং' শব্দটির প্রথমোক্ত টীকাকারগণ অনুভব বা অপরোক্ষানুভূতি অর্থ, আর বৈষ্ণব টীকাকারগণ সাধারণতঃ বিশেষেণ জ্ঞায়তে অনেনেতি বিজ্ঞানমুপাসনং অর্থ গ্রহণ করিয়া সম্প্রদায়ভেদে ব্রহ্মসাক্ষাৎকার-সহিতম্ (আ), ব্রহ্মানুভবপর্য্যন্তম্ (ম), ব্রহ্মবিজ্ঞানেন অনুভবেন সহিতং (নী), আর উপাসনাগতবিশেষ জ্ঞানসহিতং (রা), উপাস্যোপাসনগতবিশেষজ্ঞান-সহিতং (ক), মদনুভবাবসানং (বল), মদপরোক্ষানুভবপর্য্যন্তং (বি) ইত্যাদি তাৎপর্য্য ব্যাখ্যা করিয়াছেন।

(৪) চতুর্থ স্থলে শ্রীমদানন্দগিরি, শ্রীধরস্বামী, নীলকণ্ঠসুরীপ্রমুখ সকলেই "জ্ঞানং" অর্থে 'শাস্ত্রীয়ং' বুঝিয়াছেন। তাহারই একপ্রকার ভাবান্তর করিয়া শ্রীমন্মধুসূদন 'সাঙ্গবেদতদর্থবিষয়ং' ও বল্লভাচার্য্য সম্প্রদায় শ্রৌতং' বলিয়া বুঝাইয়াছেন। আর শ্রীমদ্রামানুজাচার্য্য 'জ্ঞানং পরা-বরতত্ত্বযাথাত্ম্যজ্ঞানং' বলিয়া ব্যাখ্যা করিলেও শ্রীমদ্বলদেব 'শাস্ত্রাৎ' 'পরা-বরতত্ত্বাবগমঃ' বলিয়া দুইপ্রকার টীকাই মিলাইয়া দিয়াছেন। ফলে এখানে 'জ্ঞানং' শব্দের অর্থ সম্বন্ধে কতকটা মতের ঐক্য দেখা যায়। কিন্তু এখানেও 'বিজ্ঞানং' শব্দের অর্থ লইয়া নানা মতান্তর প্রকাশ পাইয়াছে যথা—শাস্ত্রার্থস্য স্বানুভবপর্য্যন্তত্বাপাদনং (আ), অনুভবঃ (শ্রী), পরতত্ত্বগতাসাধারণবিশেষবিষয়ং (রা), পরমাত্মজ্ঞানং (বভ) এবং পরাবরতত্ত্বা-বগমাদেব 'তদেকান্তধর্ম্মাধিগমঃ' (ব), বিরুদ্ধানাং বাক্যানামবিরোধেন মহা-বাক্যার্থাববোধঃ (ক), (কর্ম্মব্রহ্মণোঃ) অনুষ্ঠানানুভবাত্মকং (নী), বলিয়া ব্যাখ্যাত হইয়াছে; আর শ্রীমন্মধুসূদনকৃত ব্যাখ্যায় কর্ম্মকাণ্ডে যজ্ঞা-দিকর্ম্মকৌশলং, ব্রহ্মকাণ্ডে ব্রহ্মাত্মৈক্যানুভবঃ বলিয়া অপরোক্ষানুভূতির

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সহিত যজ্ঞার্থ কর্ম্ম বা অবন্ধক কর্ম্মকে এক সূত্রে বাঁধিয়া দিবার চেষ্টা করা হইয়াছে।

অতএব দেখা যাইতেছে প্রাচীন টীকা ভাষ্যকারগণের মধ্যে এ সকল স্থলে 'জ্ঞান' ও 'বিজ্ঞান' শব্দের অর্থ লইয়া যত মতান্তর থাকুক তবুও ইহা বৌদ্ধদর্শন শাস্ত্রের 'বিজ্ঞান' (sensation) বা আধুনিক কোন কোন টীকাকারের কৃত 'science' অর্থবাচক নহে। জ্ঞান শব্দের শাস্ত্রাচার্য্যের উপদেশজনিতজ্ঞান, পরোক্ষ বা প্রমাণজন্য জ্ঞান অর্থ গ্রহণ করিলে উপরি উক্ত সকল ক্ষেত্রেই তাহা প্রযোজ্য হইতে পারে। কিন্তু বিজ্ঞানশব্দের কোন্ অর্থ গ্রহণ করিলে উপরি-উক্ত সকল স্থানে তাহা প্রযোজ্য হইবে? 'বিজ্ঞান' এমন কি বিশেষজ্ঞান বা জ্ঞানের চরম অবস্থা যাহার ফলে 'যজ্ জ্ঞাত্বা নেহ ভূয়োঽন্যজ্ জ্ঞাতব্যমবশিষ্যতে'— যে 'বিজ্ঞানসহিতজ্ঞান' মানুষকে 'অশুভ' হইতে 'সংসার' হইতে মুক্তি দান করে, 'যজ্ জ্ঞাত্বা মোক্ষ্যসেঽশুভাৎ'? অধুনা বিজ্ঞান (science) বলিতে যাহা বুঝায় তাহা ত খণ্ডজ্ঞান, প্রত্যক্ষ ও অনুমানসিদ্ধ পরিচ্ছিন্ন জ্ঞান, জগতের একশ্রেণীর ঘটনাপরম্পরার দর্শন ও পরীক্ষণমূলে তৎসম্বন্ধীয় তত্ত্বোপলব্ধি; তাহা যত ব্যাপক ও সংগ্রথিতই হোক তবু, ব্যবহারিক জগতের বিভিন্ন বিবক্ত বা বিচ্ছিন্ন সত্তার জ্ঞান, যত গুণিত হোক তবু 'এহো বাহ্য', অসমগ্র। তাহা কেমন করিয়া সমস্ত 'অশুভ' হইতে, আংশিক দুঃখ মাত্র হইতে নহে, 'সংসার'কারণ হইতে, বন্ধন বিশেষ হইতে নহে, মুক্তিপ্রদ হইবে? কাজেই গীতায় উল্লিখিত 'বিজ্ঞান' শব্দের প্রকৃত তাৎপর্য্য কি, জ্ঞানবিজ্ঞানযোগের বৈশিষ্ট্য বা মাহাত্ম্য কোথায়, তাহা বুঝিবার চেষ্টা করা যাক্।

প্রাচীনতম উপনিষৎ বৃহদারণ্যকে দেখিতে পাই 'বিজ্ঞানমানন্দং ব্রহ্ম' বলিয়া ব্রহ্মের সংজ্ঞা বা স্বরূপনির্দ্দেশ করা হইয়াছে। তৎপরে তৈত্তিরীয় উপনিষদে বিজ্ঞানকে মনোময় সত্তার অতীত আনন্দময় ব্রহ্মসত্তার অত্যাসন্ন সত্তারূপে বর্ণনা করা হইয়াছে যথা—

তস্যৈষ এব শারীর আত্মা। যঃ পূর্ব্বস্য। তস্মাদ্বা
এতস্মান্মনোময়াৎ। অন্যোঽন্তর আত্মা বিজ্ঞানময়ঃ।
তেনৈষ পূর্ণঃ। সবা এব পুরুষবিধ এব।" (তৈঃ ২।৪)

অর্থাৎ ইনি পূর্ব্বোক্ত মনোময় আত্মার শরীরাভ্যন্তরে স্থিত আত্মা, মনোময় আত্মা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইতে পৃথক্ ও তদন্তরস্থিত। এই বিজ্ঞানময় আত্মার দ্বারা মনোময় আত্মা পূর্ণ তিনিও পুরুষাকার। বিজ্ঞানের কার্য্য কি? সার্থকতাই বা কি?

"বিজ্ঞানং যজ্ঞং তনুতে কর্ম্মাণি তনুতেঽপি চ।
বিজ্ঞানং দেবাঃ সর্ব্বে ব্রহ্ম জ্যেষ্ঠমুপাসতে।
বিজ্ঞানং ব্রহ্মচেদ্বেদ তস্মাচ্চেন্ন প্রমাদ্যতি।
শরীরে পাপ্মানো হিত্বা সর্ব্বান্ কামান্ সমশ্নুতে॥" ইতি
(তৈঃ ২।৫)

বিজ্ঞান যজ্ঞ বিস্তার করে, কর্ম্মসকলকে বিস্তার করে অর্থাৎ জগতের বা সর্ব্বভূতের-হিতার্থে প্রযুক্ত করে, বিজ্ঞানকে জ্যেষ্ঠজ্ঞানে অন্তরের অপর সমস্ত বৃত্তি তাহার উপাসনা করে অর্থাৎ তাহার প্রাধান্য স্বীকার করে; বিজ্ঞানকে কেহ ব্রহ্ম-স্বরূপে জানিলে সর্ব্বভ্রমপ্রমাদ মুক্ত হইয়া দেহাভিমান হইতে উৎপন্ন পাপসমূহ পরিত্যাগ করিয়া আপ্তকাম হন অর্থাৎ তাঁহার আর কিছু অপ্রাপ্ত থাকে না।

কেমন করিয়া মনোময় সত্ত্বা বা ভূমি, যাহাতে অধিষ্ঠিত থাকিয়া আমরা প্রত্যক্ষ ও অনুমানমূলক জ্ঞান লাভ করিয়া সাধারণতঃ সন্তুষ্ট থাকি তদূর্দ্ধে উঠিয়া বিজ্ঞানময় সত্তালাভ করা যায়? ছান্দোগ্য বলেন—

"বিজ্ঞানং বাব ধ্যানাদ্ভূয়ঃ"। (৭।৭।১)

ধ্যানপ্রক্রিয়া হইতে, ধ্যানপ্রতিষ্ঠার ফলে, বিজ্ঞান লাভ হয়। অতএব এক্ষণে আমরা বুঝিতে পারি, গীতায় ধ্যানযোগের উপদেশের পরে ব্যতীত পূর্ব্বে কেন বিজ্ঞানযোগের উপদেশের অবতারণা করা হয় নাই। তৈত্তিরীয় উপনিষদের তৃতীয়বল্লীতে দেখিতে পাই ভৃগু তাঁহার পিতা বরুণের উপদেশ অনুসারে প্রথম তপস্যার ফলে অন্নময়, দ্বিতীয় তপস্যার ফলে প্রাণময়, তৃতীয় তপস্যার ফলে মনোময়, চতুর্থ তপস্যার ফলে বিজ্ঞানময় এবং তদনন্তর আনন্দময় ব্রহ্ম-তত্ত্বের সাক্ষাৎলাভ করেন। একদিকে ইহাদিগকে আত্মার কোষ বলিয়া বর্ণনা করা হইয়াছে, অন্যদিকে ঊর্দ্ধগামী বিহঙ্গরূপে কল্পনা ও বর্ণনা। যথা বিজ্ঞানময় পুরুষের বর্ণনা :—

"তস্য শ্রদ্ধৈব শিরঃ। ঋতং দক্ষিণঃপক্ষ। সত্যমূত্তরঃ পক্ষঃ।
যোগ আত্মা। মহঃ পুচ্ছং প্রতিষ্ঠা॥" (তৈঃ ২।৪)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অর্থাৎ গভীর আস্তিক্যবুদ্ধি বা ভক্তি তাহার শির বা মস্তক, শাস্ত্রের যথার্থ জ্ঞান দক্ষিণ পক্ষ, সত্যভাষণ বা পালন তাহার বাম পক্ষ, যোগ বা সমাধি তাহার দেহমধ্যভাগ, এবং মহত্তত্ত্ব বা শুদ্ধ বুদ্ধি ঊর্দ্ধগতিতে স্থিতিসম্পাদক পুচ্ছবিশেষ।

এক্ষণে ইহা সহজেই বুঝা যাইতে পারে প্রাচীন বিজ্ঞানের সহিত যুক্তিতর্ক বিশ্লেষণমূলক জ্ঞান বা বুদ্ধিবৃত্তির কত না পার্থক্য। ইহাকে rational understanding বা intellectual function বলা যায় না বরং পাশ্চাত্ত্য দার্শনিকগণের মধ্যে কেহ কেহ intuition বলিতে যাহা বুঝেন তাহার সহিত ইহার কিছু সাদৃশ্য আছে।

পাশ্চাত্ত্য দর্শনে কিন্তু intuition শব্দটি নানা অর্থে ব্যবহৃত হইয়াছে দেখা যায়। Hoffding বলেন—

"In the history of philosophy various senses or forms have been given to intuition".

(1) "There is in sensation, memory and imagination an immediate perception. As soon as I open my eyes I perceive a sensible image which forms a certain totality. In memory arise anterior facts, as spontaneous images of totality and in imagination there in a new creation of such images". "Intuition considered in this sense (we may call it *concrete intuition*) has something individual and special and is in significant contrast to the attentive activity so rich in distinctions which we call analysis, as well as to abstraction, generalisation, and conclusion".

(2) "Intuition has also been taken to signify judgment, spontaneous decision. Here intuition" "does" "mean"......... "a certitude or a conviction produced by what is called 'natural suggestion' or 'natural magic'. This is the case when one is suddenly convinced of the reality of one's belief or one experiences a spontaneous confidence in an authority"......... "It may be called *practical intuition.*"

(3) "There is a third kind of intuition in the immediate comprehension of the difference or identity existing between two images of sensation, memory or imagination appearing simultaneously or successively.".........."Intuition here means

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

the immediate knowledge of a relation" "which I shall call *analytical intuition*". "It has been described by Descartes" "and by Henri Poincare",

(4) "A fourth kind of intuition is the immediate perception of a connection or a totality which may be recognised by going through a series of a group of members or parts, if one has a certain comprehension of their mutual relations". "This kind of intuition (the comprehensive glance of a thought totality) may be called *synthetic intuition.*" "It deffers at once from the observation of particular subjects and from the abstract knowledge of the laws which govern their appearance. It sees concrete existence in its individuality and at the same time as a whole, as a folding together of the general laws by which it has inner connection with the rest of existence. It is for Spinoza the consummation of knowledge."*

অতএব দেখা যাইতেছে Hoffdingএর উল্লিখিত প্রথম, দ্বিতীয় ও তৃতীয়বিধ intuitionএর অপেক্ষা উপনিষৎপ্রতিপাদিত বিজ্ঞান গভীরতর ও ব্যাপকতর সত্যানুভূতির পদ্ধতি বা উপায়, উহা বস্তুর images বা বাহ্যরূপ অতিক্রম করিয়া তাহার অন্তরতর অর্থাৎ অন্তরতম সত্তায় উপনীত হয়, যাহাতে উহার রূপাতীত অথচ রূপোদ্ভাবক সত্তার সাক্ষাৎ উপলব্ধি হয় এবং যে সত্যদৃষ্টির প্রভাবে বুদ্ধি ইন্দ্রিয়প্রভাব অতিক্রম করে—যোগশাস্ত্রের ভাষায় 'প্রজ্ঞা ঋতম্ভরা' হয়। এই অতীন্দ্রিয় অপরোক্ষ অনুভূতি বা সত্যদৃষ্টি, গীতা বা উপনিষদ্ যাহাকে 'বিজ্ঞান' বলিতে চাহেন তাহার সহিত বরং Spinozaর কথিত "intellectual intuition" যাহাকে তিনি জ্ঞানের পরাকাষ্ঠা 'consummation of knowledge' বলিয়া বর্ণনা করিয়াছেন এবং যাহা তাঁহার বর্ণিত 'intellectual love' এর নামান্তর (১) তাহার সাদৃশ্য আছে; আর Hoffdingএর প্রদত্ত 'synthetic intuition' আখ্যা অপেক্ষা Bergsonএর 'mataphysical intuition' সংজ্ঞা অধিকতর প্রযোজ্য মনে হয়, যেহেতু ইহা synthetic হইলেও

---

* Hoffding: Lectures on Modern Philosophers and on Bergson Pp. 255-258.

(১) "Intellectual love" "which is only another aspect of the Intuitive knowledge of god"—Caird: Spinoza p. 283.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিশ্লেষণাত্মক খণ্ডজ্ঞানের সমষ্টি বা সমাহার নহে (২) পরন্তু অন্তরতম ঋতের কারবারী, অখণ্ড সত্যের সাক্ষাৎকারী (৩)। ইহা কর্ম্মবিহীন নহে, কিন্তু কর্ম্মাত্মক (practical) হইলেও সংস্কারের (instinct) ন্যায় অন্ধ প্রেরণা হইতে উৎপন্ন নহে, ইহা সকাম কর্ম্মের বন্ধনমুক্ত—মুক্ত কর্ম্মের প্রবর্ত্তক (৪)। বুদ্ধি ও শ্রদ্ধা অর্থাৎ ভগবদ্‌ভক্তি উভয়ই ইহার অঙ্গীভূত এবং যেহেতু ব্রহ্মের (absolute realityর) সাক্ষাৎকারী সেই হেতু 'সর্ব্বসংশয়ের অতীত' 'অপ্রমত্ত' (৫)। আর বিষয়-গোচরেও ইহা metaphysical যেহেতু যে সকল তত্ত্ব চক্ষুরাদি ইন্দ্রিয়গ্রাহ্য নহে, এমন কি তর্কবুদ্ধিরও অতীত, 'প্রমাণ নিরপেক্ষ', সেই সকল তত্ত্বের ইহা পরিচায়ক—যথা ভগবত্তত্ত্ব, মূলপ্রকৃতিতত্ত্ব, মায়াতত্ত্ব, উপাসনাতত্ত্ব প্রভৃতি ইহার নিকট আত্মপ্রকাশ করে। Kant তাঁহার critique of Pure Reason,এ যুক্তিমূলে সুপ্রমাণ করিয়াছেন যে বাহ্য প্রেরণা সাপেক্ষ বুদ্ধিবৃত্তির (under-standingএর) দ্বারা ভুগবত্তত্ত্ব, আত্মতত্ত্ব, জগত্তত্ত্ব প্রভৃতি নিরূপণ করা অসম্ভব। পক্ষান্তরে যে আস্তিক্যবুদ্ধি (Practical Reason) অবশ্য কর্ত্তব্যতার বিধান, 'নিয়ত' কর্ম্মের নির্দ্দেশ, করে তাহার পক্ষেই ঐ সকল মূল তত্ত্বের সাক্ষাৎকার সম্ভব। তাঁহার সমসাময়িক ও পরবর্ত্তী পাশ্চাত্য দার্শনিকগণের মধ্যে অনেকেই আবার ইহাকে 'Reason' আখ্যা দিতে প্রস্তুত ছিলেন না। Hamman, Herder, Jacobi প্রভৃতি সহজশ্রদ্ধামার্গীয় জার্ম্মাণ দার্শনিকগণ ইহাকে 'শ্রদ্ধা' বা ঐকান্তিকভক্তিজন্য অপরোক্ষানুভব বলিতে চাহেন, যেমন আমাদের দেশের ভক্তিবাদিগণ বলেন। জার্ম্মাণ আধ্যাত্মবাদিগণের মধ্যে Fichte ও ইহাকে পরাচিন্তা বনাম ভক্তি বলিলেও এবং Schelling ইহাকে রসাত্মক অনুভূতি বলিলেও Hegel আবার ইহাকে জ্ঞান (Reason) আখ্যা

---

(২) "Metaphysical intuition" "Is quite other than mere summary or synthesis of that (material) knowledge"—(Bergson : Introduction to Meta-physics p 78).

(৩) "It is the vital type which corresponds to absolute reality at least when it is a question of the whole ; and only intultion has reaccess to it by soaring above synthetic dissociations" (Le Roy : A New Philosophy —Henri Bergson p. 222),

(৪) "In this highest and truest knowledge of the world lies the secret of complete emancipation from the bondage of passion and of the attain-ment of perfect freedom". (Caird : Spinoza p. 282)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দিয়াছেন। ফরাসী দার্শনিকগণ কিন্তু আবার ইহাকে অন্তরের অনুভূতি পর্য্যায়ে ফিরাইয়া আনিয়াছেন এবং Bergson তাঁহাদের অনুসরণপূর্ব্বক ইহার 'mataphysical intuition' নামকরণ করিয়াছেন। কিন্তু তাহাকে তিনি intellectual sympathy' (জ্ঞানাত্মক অনুভূতি) 'a process of intellectual auscultation' (সত্যের হৃৎপিণ্ড অনুভবকারিনী জ্ঞানাত্মিকা প্রক্রিয়া) বলিয়া বর্ণনা করিলেও তাঁহার মতে "Intelligence is not the whole of thought and its natural products do not completely exhaust or manifest our power of light." "In order to grasp the complex content of Reality the mind must do itself violence, must awaken its sleeping powers of revealing sympathy, must expand till it becomes adapted to what formerly shocked its habits so much as almost to seem contradictory to it."*

কেমন করিয়া অন্তরের এই সুপ্তশক্তিকে জাগ্রত করিতে হইবে Bergson কিন্তু আমাদের সে সাধনার কোন সন্ধান দেন নাই। ভারতীয় যোগশাস্ত্র ও গীতা তাহা দিয়াছেন এবং কেমন করিয়া 'মনোনাশোত্তর সংস্কারমুক্ত 'ধ্যানজ চিত্ত' লাভ করিয়া বিজ্ঞানময় কোষে প্রতিষ্ঠিত হইতে হয়—তাহার প্রকৃষ্ট সাধন পদ্ধতি প্রচার করিয়াছেন। সে যাহা হউক, গীতায় ও উপনিষদে উল্লিখিত 'বিজ্ঞান' যে অখণ্ড সত্যগ্রহণ শক্তি, ইহা অসংস্কৃত চিত্তের খণ্ডিতবৃত্তি নহে, ইহা যে সমগ্র 'নির্ব্বাণ চিত্তে'র অবাধিত অনুভূতি, 'সমাধিজাসিদ্ধি', তাহা আমাদের সর্ব্বথা স্মরণ রাখিতে হইবে। ইহা মনোময় সত্তার উর্দ্ধস্তরের অনুভূতি, তদপেক্ষা অন্তরতর উপলব্ধি, 'superconsciousness', 'super-intellectual intuition', 'integral experience' বটে, Spinoza এই supramental অবস্থার আভাস মাত্র দিয়া বলিয়াছেন :—

"The mind as eternal" (ঐশ চিত্ত) "has a knowledge of God which is necessarily adequate and is fitted to know all those things which follow from this knowledge" (Eth. V. 40). "He who knows things by *this kind of knowledge* passes to the highest human perfection and therefore is affected by the highest joy and that a joy which is accompanied by the idea of himself and of his own virtue" (Eth. V. 33).

* An Introduction to Mataphysics, by Henri Bergson p. 6.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমরা যদি বিস্মৃত না হই যে Spinozaর মতে কর্ম্মজ্ঞানেরই প্রকারভেদ (mode of thought) তাহা হইলে ইহাও সহজে অনুধাবন করিতে পারিব যে পরমজ্ঞান, পরাভক্তি, মুক্তকর্ম্ম অবিরোধী শুধু নহে পরন্তু জীবন্মুক্তই মুক্তকর্ম্মের অধিকারী।

(২)

পরা ও অপরা প্রকৃতি।

এই অধ্যায়ে আরও বর্ণিত হইয়াছে গীতার দ্বিবিধ প্রকৃতিতত্ত্ব। বেদান্তের 'মায়া' শব্দের ন্যায় সাংখ্যদর্শনশাস্ত্রের একটি পারিভাষিক শব্দ হইতেছে 'প্রকৃতি'। যে মূল কারণ হইতে দৃশ্যজগতের উৎপত্তি ও ক্রমবিকাশ, যে অব্যক্ত অনাদিতত্ত্ব হইতে এই বিচিত্র জগৎ অভিব্যক্ত সাংখ্যশাস্ত্রে তাহা প্রধান বা প্রকৃতি নামে অভিহিত।

'সা সত্ত্বরজস্তমসাং সাম্যাবস্থা প্রকৃতিঃ'

'প্রকৃতের্মহান্ মহতোঽহঙ্কারোঽহঙ্কারাৎ পঞ্চতন্মাত্রাণ্যুভয়মিন্দ্রিয়ং মনশ্চ তন্মাত্রেভ্যঃ স্থূলভূতানি পুরুষ ইতি পঞ্চবিংশতির্গণঃ (সাঃ ৎ ১।৩৬ সূত্র)।

'প্রকৃতের্ম্মহাংস্ততোঽহঙ্কারস্তস্মাদ্গণশ্চ ষোড়শকঃ, তস্মাদপি ষোড়শকাৎ, পঞ্চভ্যঃ পঞ্চভূতানি (সাং কাঃ ২২ সূ)।

অর্থাৎ সত্ত্বরজস্তমোগুণের সাম্যাবস্থা প্রকৃতি, প্রকৃতি হইতে মহতত্ত্ব, মহত্তত্ত্ব হইতে অহঙ্কার, তাহা হইতে ষোড়শকগণ অর্থাৎ একাদশ ইন্দ্রিয় ও পঞ্চতন্মাত্র আর শেষোক্ত পাঁচটি হইতে পঞ্চভূত উৎপন্ন—ইহাই সাংখ্যদর্শনে উল্লিখিত সৃষ্টিতত্ত্ব। আর এই পঞ্চবিংশতি তত্ত্বের মধ্যে চতুর্ব্বিংশতি তত্ত্ব প্রচলিত সাংখ্য-শাস্ত্রে তিন প্রকারের বলিয়া উল্লিখিত হইয়াছে—

মূলপ্রকৃতিরবিকৃতির্মহদাদ্যাঃ প্রকৃতিবিকৃতয়ঃ সপ্ত
ষোড়শকস্তু বিকারঃ। (সাং কা ৩ সূ)

(১) মূলপ্রকৃতি-অবিকৃতি (২) মহত্তত্ত্ব, অহঙ্কার ও পঞ্চতন্মাত্র প্রকৃতি ও বিকৃতি (৩) পাঁচটি জ্ঞানেন্দ্রিয়, পাঁচটি কর্ম্মেন্দ্রিয়, মনও পাঁচটি মূলভূত ষোলটি বিকার বলিয়া উল্লিখিত হইলেও, প্রাচীনতম সাংখ্যশাস্ত্রে প্রথম আটটিই

'অষ্টৌপ্রকৃতয়ঃ' (তত্ত্বসমাস। ২ সূ)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকৃতি বলিয়া উল্লিখিত হইয়াছে। গীতাও বলিয়াছেন ;

'ভূমিরাপোহনলোবায়ুঃ খং মনোবুদ্ধিরেবচ।
অহঙ্কার ইতীয়ং মে ভিন্না প্রকৃতিরষ্টধা' ॥

অতএব এ পর্য্যন্ত অর্থাৎ অষ্টধাপ্রকৃতি বর্ণনায় প্রাচীন সাংখ্যশাস্ত্রে ও গীতায় বিশেষ কোন পার্থক্য দেখা যায় না। কিন্তু তৎপরেই গীতা বলিতেছেন— 'অপরেয়ং'—এই অষ্টধা ভিন্না প্রকৃতি নিকৃষ্টা, আর

—'ইতস্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাম্।
জীবভূতাং মহাবাহো! যয়েদং ধার্য্যতে জগৎ' ॥

প্রকৃতির এই 'পরাপরা' প্রকারভেদ দেখাইয়া গীতা জীবকে যে পরা প্রকৃতিরূপে বর্ণনা করিতেছেন, এইখানেই সাংখ্যদর্শনশাস্ত্রের সহিত গীতার পার্থক্য এবং ভগবদ্বর্ণনার বৈশিষ্ট্য।

কারণ—প্রায় সকল টীকাকারেরই মতে গীতা এইখানে পরাপ্রকৃতিসংজ্ঞক 'ক্ষেত্রজ্ঞে'র, জীবশব্দবাচ্য পুরুষের, পরিচয় দিতেছেন ; অথচ সাংখ্যদর্শনশাস্ত্র স্পষ্টই বলেন—

'ন প্রকৃতির্ন বিকৃতিঃ পুরুষঃ'

(সাং কাঃ ৩ স্থ)

পুরুষ প্রকৃতি নহে, বিকৃতি (অর্থাৎ প্রকৃতিবিকার) ও নহে। অবশ্য সাংখ্যশাস্ত্রে 'তদ্বিপরীত' অর্থাৎ প্রকৃতির বিপরীত বলিয়াও আবার 'তথাচ পুমান্' বলিয়াছেন (১) সত্য, কিন্তু তাহা 'প্রধানের' বা মূল প্রকৃতির সহিত পুরুষের লক্ষণের সমতা বা বৈষম্য, সাধর্ম্ম্য বা বৈধর্ম্ম্য বিচারেই বলা হইয়াছে—নতুবা তত্ত্বগত ঐক্য বা পর্য্যায়ের সমতা নির্দ্দেশকল্পে বলা হয় নাই। পুরুষের অস্তিত্বই সাংখ্যদর্শন law of antithesis বা প্রকৃতির বিপরীতকোটির অত্যাবশ্যকতা উপলব্ধিমূলেই সাব্যস্ত করিয়াছেন এবং সাংখ্যকারিকা প্রণেতা—

সঙ্ঘাতপরার্থত্বাৎ ত্রিগুণাদিবিপর্য্যয়াদধিষ্ঠানাৎ।
পুরুষোঽস্তি ভোক্তৃভাবাৎ কৈবল্যার্থং প্রবৃত্তেশ্চ।

(সাং কাঃ ১৭ শ্লোক)

---

(১) সাংখ্যকারিকা ১১শ সূত্র।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বলিয়াছেন। গীতার মতেও 'পুরুষ' গুণাতীত জ্ঞাতা 'উপদ্রষ্টানুমন্তা চ ভর্ত্তা ভোক্তা' এবং 'সুখ দুঃখানাং ভোক্তৃত্বে হেতুঃ' (১৩।২৩); কিন্তু তবুও প্রশ্ন উঠে এই যে 'পুরুষ' ইহা উপাধিসংযুক্ত দেহাধিষ্ঠিত জীবশব্দবাচ্য হইলেও বা প্রকৃতিপর্য্যায়ভুক্ত হইতে পারে কেমন করিয়া? আর কেনই বা গীতা ইহাকে পরা প্রকৃতি বলিয়া বর্ণনা করিলেন? সাংখ্য-দর্শন মতে কোথায়—

'ত্রিগুণমবিবেকি বিষয়ঃ সমান্যমচেতনং প্রসবধর্ম্মি'

(সাং কা ১১ সূ)

'প্রকৃতি', আর কোথায় নির্গুণ বিবেকী, বিষয়ী (ক্ষেত্রজ্ঞ) অবিভক্ত চিদ্‌ঘন অবিকারী অক্রিয় পুরুষ, এমন পুরুষ—হোক সে 'জীবভূত' তাহাকে প্রকৃতি, পরা প্রকৃতি, বলিবার সার্থকতা কি? "এই অষ্টবিধ পদার্থ সম্বলিত সাংখ্যের প্রকৃতিকেই বা অপরা বলা হইতেছে কেন আর সাংখ্যের সেই যে পঞ্চবিংশতি-তত্ত্বজ্ঞ কিনা জীবাত্মা, যাহা কোন জন্মেই প্রকৃতি নহে, তাহাকেই বা পরাপ্রকৃতি বলা হইতেছে কেন?"

এই প্রশ্ন উত্থাপন করিয়া দ্বিজেন্দ্রনাথ ঠাকুর মহাশয় উত্তরে বলেন,—

"ত্রিগুণের নীচের দুইটি ধাপের প্রতি তুমি যদি একবার মনোযোগের সহিত ঠাহর করিয়া দেখ তাহা হইলে জিজ্ঞাসিত রহস্যবার্ত্তাটির অর্থ বুঝিতে তোমার ক্ষণমাত্রও বিলম্ব হইবে না, অতএব প্রণিধান কর—

"ত্রিগুণের নীচের ধাপে জীবাত্মা জ্ঞাতাপুরুষ আর (১) ভৌতিক প্রকৃতি কিনা পঞ্চভূত, (২) মানসিক প্রকৃতি কিনা সংকল্পবিকল্পাদি (৩) বৈজ্ঞানিক প্রকৃতি কিনা বুদ্ধি বা কর্ত্তৃত্বাভিমান বা অহঙ্কার এই তিন প্রকার প্রকৃতি জ্ঞের প্রকৃতি। পক্ষান্তরে ত্রিগুণের উপরের ধাপে পরমাত্মা জ্ঞাতা পুরুষ আর জীবাত্মা জ্ঞেয় প্রকৃতি"।*

ঠাকুর মহাশয়ের এই মন্তব্য গীতার পরাপ্রকৃতিতত্ত্ব বুঝিবার সহায় কিছুটা বটে, কিন্তু তিনি ত্রিগুণের মাত্র "নীচের দুইটি ধাপের প্রতি" লক্ষ্য করিতে কেন যে বলিয়াছেন তাহা ঠিক বুঝা যায় না। যোগশাস্ত্রের মতে সাত্ত্বিক ক্ষেত্রেও দ্রষ্টৃদৃশ্যের ভেদ থাকে। আর গীতার মতে ত 'সত্ত্বং রজস্তম ইতি গুণাঃ' 'নিবধ্নন্তি', ত্রিগুণাতীত হইয়া সত্ত্বগুণেরও উর্দ্ধে উঠিয়া, তবে জীবন্মুক্ত

* দ্বিজেন্দ্রনাথ ঠাকুর প্রণীত 'গীতাপাঠের ভূমিকা'।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হইতে হয়, ত্রিগুণের অতীত স্তরে নীচের ধাপের জ্ঞাতাজ্ঞেয় বিচার চলে কি না সে সম্বন্ধেও যথেষ্ট সন্দেহের বা মতভেদের অবকাশ আছে। তাহা হইলেও ইহা মনে করা যাইতে পারে যে, ভগবৎলীলার আশ্রয় হিসাবে পুরুষোত্তমের আনন্দময় স্বরূপোপলব্ধির সহায় বা অন্তরঙ্গ হিসাবে, আর জীবের 'being for the highest self, the soul of souls' এর প্রতি লক্ষ্য করিয়া, সে জগতের দ্রষ্টা হইলেও জগন্নাথের দৃশ্যরূপে, পুরুষ হইলেও ভাবান্তরিত করিয়া প্রকৃতি বলিয়া তাহার নির্দ্দেশ করা হইয়াছে। পাশ্চাত্য দেশেও অনুরূপ তত্ত্বপ্রতিপাদনের চেষ্টা কোন দার্শনিক যে করেন নাই তাহা নহে,* তবে আমাদের দেশের বৈষ্ণব দর্শনশাস্ত্রের ইহা মর্ম্মকথা—সাধনভজনের অমৃত মন্ত্র। 'যঃ আত্মানং বেদ যস্যাত্মা-শরীরম্' এই শ্রুতিবাক্য অনুসরণপূর্ব্বক রামানুজদর্শন যে জীবাত্মা সম্বন্ধে 'জীবাত্মা হি ব্রহ্মণঃ শরীরতয়া প্রকারত্বাৎ ব্রহ্মাত্মকঃ, নচ পর্য্যায়ত্বং দ্বারভেদ-সম্ভবাৎ' সিদ্ধান্তে উপনীত হইয়াছেন, তাহাতে জীবের শরীরের ন্যায় পরমাত্মার সম্বন্ধে জীবের শরীরত্ব, বেদ্যত্ব, দৃশ্যত্ব, অঙ্গীকৃত হইয়াছে। আর গৌড়ীয় বৈষ্ণব সম্প্রদায় ত অধিকতর অগ্রসর হইয়া জীবব্রহ্মের ভেদ স্বীকার করিয়া জীবকে ব্রহ্মের অন্তরঙ্গা শক্তি, তটস্থলক্ষণা প্রকৃতিই মানিয়া লইয়াছেন। গীতা কিন্তু শুধু পরা প্রকৃতি বলিয়া জীবের মান বাড়াইয়া ক্ষান্ত হন নাই, আরও অগ্রসর হইয়া বলিয়াছেন—"যয়েদং ধার্য্যতে জগৎ"—যাহার দ্বারা এই জগৎ বিধৃত। এইখানেই প্রশ্ন উঠিবে তাহা হইলে গীতার মতে জগৎ কি কেবল 'বিসৃষ্টি'—জীবের মনোজাত মায়ালোক? তাহা হইলে গীতার মত কি সেই উৎকট মায়াবাদ পাশ্চাত্য দর্শনে যাহা 'subjective idealism', 'mentalism', 'solipsism' নামে অভিহিত হয়?

গীতার মত সম্বন্ধে এরূপ আশঙ্কার অবকাশ নাই। জগতের বাস্তবতা বা

---

* "Without a world of objects in time and space, without other kindred intelligences, without society and history, without the ever-moving mirror of eternal world, consciouness could never exist" "and become aware of itself" "Now the principle with whose action in our own consciousness we are then conversant is one which is applicable, not simply to our own intelligence but to all intelligences and above all to that intelligence of which our own is the highest expression. It is essential characteristic of spirit as spirit to be object to itself, to go forth into objectivity and return upon itself" (Caird : Spinoza pp, 312, 313).

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

reality অঙ্গীকার না করিলে ঠিক পরবর্ত্তী শ্লোকেই ভগবান্ 'অহং কৃৎস্নস্য জগতঃ প্রভবঃ প্রলয়স্তথা'—বলিতেন না, বা তিনি আপনাকে—'বীজং মাং সর্ব্বভূতানাং' বলিয়াও পরিচয় দিতেন না। আমাদের মনে হয় ৫ম শ্লোকে 'ইদং' এবং ষষ্ঠ শ্লোকে 'কৃৎস্নস্য' শব্দ দুইটির প্রয়োগে বিভিন্ন তাৎপর্য্যের ইঙ্গিত রহিয়াছে। 'ইদং জগৎ' এই জগৎ দৃশ্য জগৎ, ব্যবহারিক জগৎ, 'world of appearance' বা Haldane যাহাকে "world as it seems" বলিয়াছেন বুঝিতে হয়—যাহা প্রতি দ্রষ্টার নিকট বিভিন্নভাবে ও মাত্রায় স্পষ্টীকৃত, যাহা প্রতি ভোক্তার নিকটে বিভিন্ন রসে ও রঙে রঞ্জিত, প্রতি কর্ম্মীর প্রতি যাহার পৃথক প্রেরণা ও আহ্বান; আর 'কৃৎস্নজগৎ' অর্থে 'সকল ভোক্তৃসাধারণ জগৎ (statutory nature) বুঝিতে হয়। যেমন যোগশাস্ত্রের মতে দ্রষ্টৃপুরুষের প্রয়োজনসিদ্ধি দৃশ্যধর্ম্ম 'তদর্থ এব দৃশ্যস্যাত্মা' (২ পাঃ ২২ সূ) হইলেও জগৎ দ্রষ্টার অধ্যাস বা কল্পনামাত্র নহে, কারণ যোগদর্শন পরবর্ত্তী সূত্রেই বলিতেছেন :—

'কৃতার্থং প্রতি নষ্টমপ্যনষ্টং তদন্যসাধারণত্বাৎ' (২ পাঃ ২৩ সূ)।

২।২২ সূত্রের ব্যাসভাষ্য হইতেছেঃ "দৃশিরূপস্য পুরুষস্য কর্ম্মরূপতামাপন্নম্ দৃশ্যমিতি তদর্থ এব দৃশ্যস্যাত্মা ভবতি, স্বরূপং ভবতীত্যর্থঃ। তৎস্বরূপং তু পররূপেণ প্রতিলব্ধাত্মকং ভোগাপবর্গার্থতায়াং কৃতায়াং পুরুষেণ ন দৃশ্যতে ইতি স্বরূপহানাদস্য নাশঃ প্রাপ্তো নতু বিনশ্যতি'।

অতএব যোগশাস্ত্রের সাহায্যে গীতার বাণী "যয়েদং ধার্য্যতে জগৎ" অর্থে এই বুঝিতে পারা যায় যে যাহার দ্বারা এই দৃশ্যমান জগৎ বিধৃত অর্থাৎ যাহার জড়তা-মূঢ়তা-ভ্রান্তি, তৃষ্ণা-কর্ম্ম-আর্ত্তি, জ্ঞান-ধর্ম্ম-শান্তিতে এই জগতের বৈচিত্র্য ও ব্যবহারিক বাস্তবতা। আর তত্ত্বজ্ঞান, মহাভাব, মুক্তকর্ম্মে উত্তীর্ণ হইবার ক্ষেত্র হিসাবে যাহার যাথার্থ্য ও সার্থকতা। এই নামরূপাত্মক জগৎ যে পরাপরাপ্রকৃতিজন্য, ক্ষেত্রজ্ঞক্ষেত্রসংযোগজাত অর্থাৎ জীবনির্ভর, 'নহি জীবরহিতং (জগৎ) ধারয়িতুং শক্যম্' ভগবদভিপ্রায়—ইহা প্রচার করিয়া গীতা একদিকে যেমন সকল অধ্যাত্মবাদের মূল কথা, 'Reality' যে 'correlative of thought and may be defined as the object affirmed by thought', প্রচার করিয়াছেন, অন্যদিকে তেমনই ভূতজগৎ একেবারেই জীবের অবিদ্যাপ্রসূত বলিবার উপায়ও রাখেন নাই। জীবের 'পরত্ব' সম্বন্ধে আধুনিক অধ্যাত্মবাদও অনুরূপ সিদ্ধান্তে পৌঁছিয়াছেন দেখা যায় যথা :—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"It is a prejudice that the world exists without the kingdom of spirits, readymade and completed in effective consistence of its own ; and that the life of mental representation which spirits had, is simply a kind of half-idea appendage, by means of which the contents of the world is not increased but only its readymade content once more copied in miniature. The opposite rather is the fact, that a world of ideas is awakened within these spirits by means of the influence of things upon them, in itself one of the most significant events in the entire course of the world,—an event, without which the content of the world would not simply be imperfect, but would straight away lack what is most essential to its completion."

"In brief the mental representation of spiritual beings is not designed to copy things, which, because they have no such power of representation are inferior to spirit ; but things" "exist besides, in order to produce by their influences that course of mental representation belonging to the spritual beings, which accordingly has its value in itself considered and in its own peculiar content and not in accord with an objective matter of fact".

পরাপরাপ্রকৃতির পরিচয় দিয়া শ্রীভগবান্ অতঃপর বলিতেছেন :—

এতদ্‌যোনীনি ভূতানি সর্ব্বাণীত্যুপধারয়।
অহং কৃৎস্নস্য জগতঃ প্রভবঃ প্রলয়স্তথা ॥ ৬

সর্ব্বভূত এই পরাপর ক্ষেত্রজ্ঞ ও ক্ষেত্র লক্ষণাক্রান্ত যোনিদ্বয়সম্ভূত, যেমন পরে ত্রয়োদশ অধ্যায়ের ২৭ শ্লোকে আবার বলিবেন :—

যাবৎ সঞ্জায়তে কিঞ্চিৎ সত্ত্বং স্থাবরজঙ্গমম্।
ক্ষেত্রক্ষেত্রজ্ঞসংযোগাৎ তদ্বিদ্ধি ভরতর্ষভ ॥

কিন্তু তাই বলিয়া ভুলিলে চলিবে না যে সমগ্র জগতের উৎপত্তি ও বিলয়-হেতু শ্রীভগবান্—

যো যোনিং যোনিমধিতিষ্ঠত্যেকো
যস্মিন্নিদং সংবিচৈতি সর্ব্বম্ ॥ (৪।১১)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এবং তিনিই "পরাৎপরং" (মু: ৩।২।৮) 'যস্মাৎপরং নাপরমস্তি কিঞ্চিৎ' (শ্বে ৩।১০)।

কিন্তু গীতা শুধু "বীজং মাং সর্ব্বভূতানাং বিদ্ধি" বলিয়া নহে,—

যে চৈব সাত্ত্বিকা ভাবা রাজসাস্তামসাশ্চ যে।
মত্ত এবেতি তান্ বিদ্ধি ন ত্বহং তেষু তে ময়ি॥ ১২
ত্রিভির্গুণময়ৈর্ভাবৈরেভিঃ সর্ব্বমিদং জগৎ।
মোহিতং নাভিজানাতি মামেভ্যঃ পরমব্যয়ম্॥ ১৩
দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া।
মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে॥ ১৪

বলিয়া একেবারে সৃষ্টিতত্ত্ব, বন্ধনকারণ এবং বন্ধনমুক্তির উপায় নির্দ্দেশ করিয়াছেন। প্রাণীগণের স্বকর্ম্মবশে যে সকল সাত্ত্বিক, রাজসিক, তামসিক ভাবরাজি উৎপন্ন হয় তাহা 'আমা' হইতে উৎপন্ন অর্থাৎ 'আমার প্রকৃতিজাত'; ভগবন্মায়াতীত বা ভগবদতীত তাহাদের সত্তা নাই। ফলতঃ ভগবান্ গুণমুগ্ধ নহেন। তিনি শ্রীশ্রীচণ্ডীর ভাষায় 'গুণাশ্রয়' কিন্তু 'গুণময়' নহেন 'অগুণময়', বরং শ্রুতির কথিত 'প্রধানক্ষেত্রজ্ঞপতির্গুণেশঃ', আর জীব এই সকল "প্রকৃতিসম্ভবাঃ" আবরণবিক্ষেপাত্মিকা শক্তি প্রভাবে মোহিত তাই ভগবান্‌কে জানিতে পারে না।

তবে কি এই গুণময়ী মায়া অতিক্রম করা যায় না? যায়—দুরতিক্রমণীয় হইলেও অতিক্রম করা যায়। শ্রুতির কথা—

'তস্যাভিধ্যানাদ্ যোজনাৎ তত্ত্বভাবাদ্ভূয়শ্চান্তে বিশ্বমায়ানিবৃত্তিঃ'।

আর গীতার বাণী—

'মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে'।

এই 'প্রপদ্যন্তে' শব্দের অর্থ কি? শ্রীমদ্রামানুজাচার্য্য ও বলদেব বিদ্যাভূষণ কেবলমাত্র 'শরণং প্রপদ্যন্তে' বলিয়াছেন, শ্রীধরস্বামী 'অব্যভিচারিণ্যা ভক্ত্যা যে প্রপদ্যন্তে ভজন্তি' অর্থ করিয়াছেন, আর মধুসূদন সরস্বতী 'তমেব বিদিত্বাতি-মৃত্যুমেতি' শ্রুতিবাক্য উদ্ধার করিয়া 'শ্রুতিষ্বিবেহাপি মামেবেত্যেবকারোঽপ্যনু-রক্তপ্রতিপত্ত্যর্থঃ' গ্রহণ করিয়াছেন, কিন্তু শ্রীমচ্ছঙ্করাচার্য্য—'সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেব মায়াবিনং স্বাত্মভূতং সর্ব্বাত্মনা যে প্রতিপদ্যন্তে' ব্যাখ্যা করিয়া গীতার চরমোপদেশের সহিত শ্রুতির একবাক্যতা প্রদর্শন করিয়াছেন অর্থাৎ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তিনি জ্ঞানভক্তিকর্ম্মমার্গকে বিচ্ছিন্ন করিয়া ব্যাখ্যা করিবার চেষ্টা করেন নাই; ভগবানের উপর সমস্ত চিত্তবৃত্তির ঐকান্তিক সমর্পণই ভগবদভিপ্রায় বলিয়া বুঝাইয়াছেন।

(৩)

গীতার মায়াবাদ।

এই অধ্যায়ে গীতার মায়াবাদে যে বিশেষত্ব পরিস্ফুট হইয়া উঠিয়াছে তাহাও লক্ষ্য করা প্রয়োজন। ভগবান্ জগৎকারণ—'বীজভূত'। তাঁহার মায়াকে, শ্রুতি যেমন 'দেবাত্মশক্তিং' বলিয়া বর্ণনা করিয়াছেন তদ্রূপ গীতা ও 'দৈবী' 'মম মায়া' বলিয়া প্রচার করিয়াছেন, অথচ দৈবী হইলেও 'গুণময়ী' বলিয়াছেন এবং প্রায় সকল টীকাভাষ্যকারই 'ত্রিগুণাত্মিকা' মায়া বলিয়াই বুঝিয়াছেন। অতএব একদিকে যেমন 'স্বরূপ ঐশ্বর্য্য তাঁর নাহি মায়াগন্ধ' বলিবার উপায় রাখেন নাই, তেমনই সত্ত্বগুণাত্মিকা, বিশুদ্ধসত্ত্বময়ী মায়া' বলিবারও উপায় রাখেন নাই। ভগবন্মায়াকে কেবল শুদ্ধ সত্ত্বময়ী বলিলে মায়া যে অংশে রাজসিক বা তামসিক তাহা ভগবৎতত্ত্বের বা সত্তার বহির্ভূত বস্তু হইয়া দাঁড়ায়। কিন্তু গীতা যে তাহা বলেন না, 'রাজসাস্তামসাশ্চ-যে মত্তঃ' (৭।১২), তাহা সুস্পষ্টভাবেই বলিয়াছেন। আর শ্রুতি যেমন বলিয়াছেন মায়াস্তু প্রকৃতিং বিদ্যাৎ' (১) গীতাও তেমনই উভয় শব্দকেই একার্থবাচক বলিয়া গ্রহণ করিয়াছেন। তবে সৃষ্টিতত্ত্ব বা ভূতজগতের উৎপত্তি বর্ণনায় প্রকৃতি শব্দ সাধারণতঃ সাংখ্যপরিভাষানুসারে ব্যবহৃত হইয়াছে দেখা যায় যথা—

প্রকৃতিং স্বামবষ্টভ্য বিসৃজামি পুনঃপুনঃ।
ভূতগ্রামমিমং কৃৎস্নমবশং প্রকৃতের্বশাৎ ॥ (৯।৮)
ময়াহধ্যক্ষেণ প্রকৃতিঃ সূয়তে সচরাচরম্।
হেতুনাহনেন কৌন্তেয়! জগদ্বিপরিবর্ত্ততে ॥ (৯।১০)

আর, জীবতত্ত্ব বা জীবের অজ্ঞান ব্যাখ্যায় মায়াশব্দ বেদান্তপরিভাষানুসারে ব্যবহৃত হইয়াছে দেখা যায় যথা—

দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া।
মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে ॥ ১৪

(১) শ্বেতাশ্বতর ৪।১০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন মাং দুষ্কৃতিনো মূঢ়াঃ প্রপদ্যন্তে নরাধমাঃ।
মায়য়াপহৃতজ্ঞানা আসুরং ভাবমাশ্রিতাঃ॥ ১৫

(৭।১৪.১৫)

ভগবৎসত্তার অন্তহীন জ্ঞানৈশ্বর্য্য আর জীবসত্তার পরিচ্ছিন্ন জ্ঞান বা অজ্ঞান মোহ এই উভয়ের ব্যবধানে ইহার অস্তিত্ব। গীতার মতে এই ব্যবধান বিলুপ্ত হয়, এই মায়া তিরোহিত হয়, মায়াধীনের অনন্যশরণতায় ও আত্মনিবেদনে, যাহাতে ক্রমশঃ তামসিক, রাজসিক বা সাত্ত্বিকভাবত্রয় অতিক্রম করিয়া জীবের ভগবদ্ভাব ('মদ্ভাব') প্রাপ্তি ঘটে। শরণ লইতে হইবে অবশ্য ভগবানের এবং 'সর্ব্বাত্মনা'—সাধিভূতাধিদৈব ও সাধিযজ্ঞ তাঁহার, যিনি—পুনরুক্তি করিলে দোষের হইবে না মনে করি—সাধনত্রিতয়ের পরমসাধ্য' এবং সকল পথের শেষেই অতন্দ্রিত যিনি জীবের পুনরাগমন প্রতীক্ষা করিয়া আছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অষ্টম অধ্যায়।

পূর্ব্বাভাস।

পূর্ব্ববর্ত্তী অধ্যায়ের শেষ দুই শ্লোকে শ্রীভগবান্ বলিয়াছেন,—

"জরামরণমোক্ষায় মামাশ্রিত্য যতন্তি যে।
তে ব্রহ্ম তদ্ বিদুঃ কৃৎস্নমধ্যাত্মং কর্ম্ম চাখিলম্ ॥ ২৯
সাধিভূতাধিদৈবং মাং সাধিযজ্ঞঞ্চ যে বিদুঃ।
প্রয়াণকালেঽপি চ মাং তে বিদুর্যুক্তচেতসঃ"। ৩০

বর্ত্তমান অষ্টম অধ্যায়ের সূচনায় অর্জ্জুন তাই সপ্ত প্রশ্ন উত্থাপন করিতেছেন; —(১) ব্রহ্ম কি? (২) অধ্যাত্ম কি? (৩) কর্ম্ম কি? (৪) অধিভূত কাহাকে বলে? (৫) অধিদৈবেরই বা অর্থ কি? (৬) এই দেহে অধিযজ্ঞই বা কে? এবং প্রয়াণকালে কিরূপেই বা ভগবান্কে জানা যায়? (১।২ শ্লোক)

শ্রীভগবান্ তদুত্তরে কহিলেন; —

পরব্রহ্মই = 'অক্ষর'।
স্বভাব = 'অধ্যাত্ম'।
কর্ম্ম = 'ভূতভাবোদ্ভবকর বিসর্গ'।
অধিভূত = 'ক্ষারভাব'।
পুরুষ = 'অধিদৈবত'।

দেহিগণের দেহে আমিই অধিযজ্ঞ, 'ভোক্তারং যজ্ঞতপসাম্'। আর মৃত্যুকালে আমাকে স্মরণ করিয়া যিনি দেহত্যাগ করেন তিনিই মদ্ভাব প্রাপ্ত হন। অতএব সর্ব্বকালে আমাকে স্মরণ করিবে ও যুদ্ধ করিবে (৩—৭)। অভ্যাসযোগযুক্ত অনন্যগামিচিত্ত প্রয়াণকালে ভক্তি ও যোগবলে কিরূপে পরমপুরুষ লাভ করে— পরমাগতি প্রাপ্ত হয়—৮ হইতে ১৩ শ্লোকে শ্রীভগবান্ তাহার উল্লেখ করিয়া অনন্যচিত্ত হইয়া যিনি চিরদিন ভগবৎস্মরণ করেন সেই নিত্যযুক্ত যোগীর পক্ষে তিনি যে সুলভ চতুর্দ্দশ শ্লোকে এই আশ্বাস বাণী শুনাইয়া পঞ্চদশ ও ষোড়শ শ্লোকে ভগবৎপ্রাপ্তির ফলে পুনর্জন্মসম্ভাবনা রহিত হয় বলিয়াছেন। নতুবা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভূতগ্রাম যে কিরূপে অব্যক্ত প্রকৃতি হইতে পুনঃ পুনঃ উদ্ভূত হইয়া ব্রহ্মার নিদ্রা-কালে পুনঃ পুনঃ লয়প্রাপ্ত হইতে থাকে তাহারও নির্দ্দেশ করিয়া (১৭—১৮) বর্ত্তমান অধ্যায়ের মূল প্রশ্নের উত্তরে ব্যক্ত ও অব্যক্ত প্রকৃতির অতীত অক্ষর-ব্রহ্মতত্ত্বের বিশদ বর্ণনান্তে (২০—২১) তিনি যে পরমপুরুষ বা পুরুষোত্তম হিসাবে অব্যভিচারিভক্তিলভ্য আর সর্ব্বভূত যে তাঁহার অন্তর্ভূক্ত এবং তাঁহার দ্বারা পরিব্যাপ্ত তাহা প্রচার করিয়াছেন (২২)।

অবশেষে শুক্লকৃষ্ণ দ্বিবিধ গতির অনাবৃত্তি ও পুনরাবৃত্তি ফল উল্লেখ করিয়া উভয়গতিতত্ত্বজ্ঞ যোগী যে কখনও মোহপ্রাপ্ত হন না তাহা জানাইয়া যোগী হইবার উপদেশ দিয়া ও যোগীর শ্রেষ্ঠত্ব প্রচার করিয়া বর্ত্তমান অধ্যায় সমাপ্ত করিয়াছেন

———

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অষ্টমোঽধ্যায়ঃ।

(অক্ষরব্রহ্মযোগঃ)

অর্জ্জুন উবাচ

কিং তদ্‌ব্রহ্ম কিমধ্যাত্মং কিং কর্ম্ম পুরুষোত্তম!।
অধিভূতং চ কিং প্রোক্ত মধিদৈবং কিমুচ্যতে ॥ ১
অধিযজ্ঞঃ কথং কোঽত্র দেহেঽস্মিন্ মধুসূদন!
প্রয়াণকালে চ কথং জ্ঞেয়োঽসি নিয়তাত্মভিঃ ॥ ২

অধ্যায়োক্ত বিষয়নির্দ্দেশ।

বলিয়া অনন্যচিত্তব্যক্তির নিত্য স্মরণ পথে তিনি যে অপেক্ষাকৃত সহজলভ্য, 'সুলভ', তাহাও জানাইয়া দিয়াছেন। পরে দ্বাদশ অধ্যায়েও আমরা ঠিক এই উপদেশের পুনরাবৃত্তি শুনিতে পাইব যথা—

যে ত্বক্ষরমনির্দ্দেশ্যমব্যক্তং পর্য্যুপাসতে
সর্ব্বত্রগমচিন্ত্যং চ কূটস্থমচলংধ্রুবম্॥ ১২।৩
সংনিয়ম্যেন্দ্রিয়গ্রামং সর্ব্বত্র সমবুদ্ধয়ঃ।
তে প্রাপ্নুবন্তি মামেব সর্ব্বভূতহিতে রতাঃ॥ ১২।৪

তবে কিনা—

ক্লেশোঽধিকতরস্তেষামব্যক্তাসক্তচেতসাম্!
অব্যক্তা হি গতির্দুঃখং দেহবদ্ভিরবাপ্যতে॥ ১২।৫

পক্ষান্তরে—

যে তু সর্ব্বাণি কর্ম্মাণি ময়ি সংন্যস্য মৎপরাঃ।
অনন্যেনৈব যোগেন মাং ধ্যায়ন্ত উপাসতে॥ ১২।৬

ভক্তের ভগবান্ বলেন—

তেষামহং সমুদ্ধর্ত্তা মৃত্যুসংসারসাগরাৎ।
ভবামি ন চিরাৎ পার্থ! ময্যাবেশিতচেতসাম্॥ ১২।৭
ময্যেব মন আধৎস্ব ময়ি বুদ্ধিং নিবেশয়।
নিবসিষ্যসি ময্যেব অত ঊর্দ্ধং ন সংশয়ঃ॥ ১২।৮

অতএব অক্ষরব্রহ্মোপাসনার সার্থকতা ও ভগবৎপ্রাপ্তিসম্বন্ধে গীতা কোন সন্দেহ উপস্থিত করা বা কোন ন্যূনতার ইঙ্গিত করা দূরে থাক, গীতা তাহাকেও ভগবৎপ্রাপ্তির প্রশস্ত উপায় স্বীকার করিয়া লইয়াছেন ; তবে উপনিষৎ যেমন—

'ক্ষুরস্য ধারা নিশিতা দুরত্যয়া
দুর্গংপথস্তৎ' (১৫)

বলিয়া উল্লেখ করিয়াছেন গীতা ও তেমনিই তাহা অধিকতর ক্লেশকর বলিয়া বর্ণনা করিয়া অপেক্ষাকৃত সুগমপথের সন্ধান দিতেই উদ্যোগী।

---

(১৫) কঠ ১।৩।১৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বর্ত্তমান অধ্যায়ের উপসংহার করিতে গিয়া গীতা শুক্লকৃষ্ণভেদে যোগীদিগের দ্বিবিধাগতির পরিচয় দিয়া তাহার একটি "অনাবৃত্তি" অর্থাৎ মুক্তি এবং অপরটি "আবৃত্তি" বা জন্মান্তর ফলপ্রদা বলিয়া বর্ণনা করিয়াছেন। এই বর্ণনা যে শ্রুত্যুক্ত দেবয়ান ও পিতৃযান মার্গের বর্ণনা অনেকাংশে অনুসরণ করিয়াছে তাহা ছান্দোগ্য উপনিষদের পঞ্চম প্রপাঠকের দশমখণ্ডের নিম্নলিখিত শ্লোকগুলির সহিত তুলনা করিলেই বুঝা যায়। শ্বেতকেতুকে প্রবাহন ঋষি নবমখণ্ডে পঞ্চাগ্নিবিদ্যার উপদেশ দিয়া দশমখণ্ডে তাঁহারই পূর্ব্বোত্থাপিত 'বেথ যদিতোঽধি প্রজাঃ প্রয়ান্তীতি' প্রশ্ন সম্বন্ধে শ্বেতকেতুর অজ্ঞতা দূর করিবার জন্য বলিতেছেন :—

'তদ্ য ইত্থং বিদুঃ যে চেমেঽরণ্যে শ্রদ্ধা তপ ইত্যুপাসতে,
তেঽর্চ্চিষমভিসম্ভবন্ত্যর্চ্চিষোঽহরহ্ন আপূর্য্যমাণপক্ষ-
মাপূর্য্যমাণপক্ষাদ্ যান্ ষড়ুদঙ্ঙেতিমাসাংস্তান্ ॥ ৪০০ ॥
মাসেভ্যঃ সংবৎসরং সংবৎসরাদাদিত্যমাদিত্যাচ্চন্দ্রমসং
চন্দ্রমসো বিদ্যুতং তৎপুরুষোঽমানবঃ স এতান্
ব্রহ্ম গময়ত্যেষ দেবযানঃ পন্থা ইতি ॥ ৪০১ ॥
অথ য ইমে গ্রামে ইষ্টাপূর্ত্তে দত্তমিত্যুপাসতে তে ধূমমভি-
সম্ভবন্তি ধূমাদ্রাত্রিং রাত্রেরপরপক্ষমপরপক্ষাদ্ যান্
ষড়্দক্ষিণৈতি মাসাংস্তান্নৈতে সংবৎসরমভিপ্রাপ্নুবন্তি ॥ ৪০২
মাসেভ্যঃ পিতৃলোকং পিতৃলোকাদাকাশমাকাশাচ্চন্দ্রমস-
মেষ সোমো রাজা তদ্দেবানামন্নং তং দেবা ভক্ষয়ন্তি ॥ ৪০৩
তস্মিন্ যাবৎ সম্পাতমুষিত্বাথৈতমেবাধ্বানং পুনর্নিবর্ত্তন্তে,
যথেতমাকাশমাকাশাদ্ বায়ুং বায়ুর্ভূত্বা ধূমো ভবতি
ধূমো ভূত্বাভ্রং ভবতি ॥ ৪০৪ ॥
অভ্রং ভূত্বা মেঘো ভবতি মেঘো ভূত্বা প্রবর্ষতি,
ত ইহ ব্রীহিযবা ওষধিবনস্পতয়স্তিলমাষা ইতি জায়ন্তে ;
অতো বৈ খলু দুর্নিষ্প্রপতরম্, যো যো হ্যন্নমত্তি যো রেতঃ সিঞ্চতি
তদ্ভূয় এব ভবতি ॥ ৪০৫ ॥

অতএব দেখা যাইতেছে, গীতা সংক্ষেপে শ্রুতিবর্ণিত মার্গদ্বয়ের উল্লেখ করিয়াছেন। কিন্তু শ্রুতিবর্ণিত দেবযানমার্গের এবং গীতাবর্ণিত শুক্লগতির কি এক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গন্তব্য? আচার্য্য ছান্দোগ্যভাষ্যে "সগুণব্রহ্মোপাসকস্য সাপেক্ষমেব চামৃতত্বম্ ন সাক্ষান্মোক্ষ ইতি গম্যতে। তেষামেবৈষ ব্রহ্মলোক ইতিবিশেষণাৎ" বলিয়া "এষ দেবযানঃ পন্থা ব্যাখ্যাতঃ সত্যলোকাবসানো নাণ্ডাদ্ বহিঃ" সিদ্ধান্ত করিয়াছেন এবং গীতাভাষ্যেও সেই সিদ্ধান্ত বলবৎ রাখিয়াছেন, কিন্তু এখানে গীতা স্পষ্টই বলিয়াছেন 'গচ্ছন্তি ব্রহ্ম ব্রহ্মবিদো জনাঃ', 'একয়া যাত্যনাবৃত্তিম্' অর্থাৎ অমানব পুরুষের সাহায্যে ব্রহ্মলোক প্রাপ্তি নয়, পরন্তু ব্রহ্মবিৎ হইয়া ব্রহ্মপ্রাপ্ত হন এবং সুস্পষ্টভাবে 'অনাবৃত্তি' লাভ করেন বলিয়াছেন। গীতার মতে 'আব্রহ্মভুবনাল্লোকাঃ' যখন 'পুনরাবর্ত্তিনঃ' (১৬শ শ্লোক) এবং গীতা 'আভূতসংপ্লবং স্থানমমৃতত্বং' অর্থাৎ প্রলয়কালপর্য্যন্ত অবস্থিতিরূপ পৌরাণিক বা আপেক্ষিক অমৃতত্বকে অমৃতত্ব বলিয়া উপদেশ দেন নাই, পক্ষান্তরে 'তস্মাৎপরঃ' কি না 'অণ্ডাৎবহিঃ' সনাতন অব্যক্তকে 'তদ্ধাম পরমং মম' বলিয়া উল্লেখ করিয়াছেন (২০।২১ শ্লোক), তখন অধ্যায়সমাপ্তিশ্লোকে 'যোগী পরং স্থানমুপৈতি চাদ্যম্' বলিয়া যোগীর আত্যন্তিকমুক্তি নির্দ্দেশ করিয়াছেন বুঝিতে হয় এবং সে যোগী যে—

অনাশ্রিতঃ কর্ম্মফলং কার্য্যং কর্ম্ম করোতি যঃ।
স সন্ন্যাসী চ যোগী চ ন নিরগ্নির্নচাক্রিয়ঃ ॥

তাহাও বুঝিতে হইবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নবম অধ্যায়

(রাজবিদ্যারাজগুহ্যযোগ)

পূর্ব্বাভাস।

বর্ত্তমান অধ্যায় গীতার উপদেশমালার মধ্যমণি। যে উত্তমরহস্য গীতার প্রতিপাদ্য, যে 'গুহ্যতমং জ্ঞানম্' গীতার প্রবচনীয়, যে 'বিজ্ঞানসহিতং জ্ঞানং' লাভ হইলে 'অশুভাৎ' অর্থাৎ সংসার বা অবিদ্যাপ্রসূত মায়াজগৎ হইতে মুক্তিলাভ করা যায়, শ্রীভগবান্ সেই রাজবিদ্যা ও রাজগুহ্য সম্বন্ধে উপদেশ দিবার অভিপ্রায়ে এই অধ্যায়ের অবতারণা করিতেছেন। প্রথমেই অভয় দিয়া বলিতেছেন যে ইহা 'গুহ্যতমম্' হইলেও 'প্রত্যক্ষাবগমম্' অপরোক্ষানুভূতি-গোচর এবং 'সুসুখং কর্ত্তুমব্যয়ম্'। (১-২)

অশুভ হইতে, সংসারকারণ, ও ভূতজগতের বন্ধন হইতে মুক্তি এই রাজবিদ্যার সাধ্য বা আয়ত্তাধীন হইলেও ভগবান্ যদি ভূতজগতে আপনাকে নিঃশেষে বিলাইয়া দিয়া থাকেন, যদি এই জগতের অতীত (transcendent) সত্তা তাঁহার না থাকে, সৃষ্টির অতীত স্রষ্টা না থাকেন, সৃষ্টিকালে যদি সৃষ্টির মধ্যে সম্পূর্ণরূপে অনুপ্রবিষ্ট (immanent) হইয়া থাকেন, তাহা হইলে বাস্তবিক ত বলিতে হয়—

'মুক্তি ওরে মুক্তি কোথা পাবি
মুক্তি কোথায় আছে' ?

তাই একপ্রকার সূচনাতেই শ্রীভগবান্ তাঁহার সহিত ভূতজগতের সম্বন্ধ সুস্পষ্টভাবে প্রকাশ করিয়া বলিতেছেন যে সমস্তই আমার দ্বারা ব্যাপ্ত হইলেও

'মৎস্থানি সর্ব্বভূতানি ন চাহং তেষ্ববস্থিতঃ'। (৩)

অপিচ 'ভূতভৃন্ন চ ভূতস্থো মমাত্মা ভূতভাবনঃ' (৪-৫)।

আবার 'সর্ব্বভূতানি মৎস্থানি' হইলেও আকাশ যেমন মহান্ বায়ুর অসংশ্লিষ্ট আধার, তিনিও তদ্রূপ সর্ব্বভূতের নির্লিপ্ত নিবাস। ভগবৎপ্রকৃতিতে সর্ব্বভূতের কল্পে কল্পে উৎপত্তি স্থিতি ও বিলয় ঘটে। তাঁহার নিজ প্রকৃতিকে অবলম্বন করিয়া, স্বীয় প্রকৃতিতে অধিষ্ঠানপূর্ব্বক তিনি যেমন প্রতিকল্পারম্ভে ভূতগ্রামের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সৃষ্টি করেন, তেমনই প্রতিকল্পক্ষয়ে ভূতজগৎ তাঁহার প্রকৃতিতে বিলয় পায় (৬—৮)। আর, যদিও তাঁহার অধ্যক্ষতায় প্রকৃতি চরাচর প্রসব করেন তবুও তিনি উদাসীন থাকিয়া এই সৃষ্টি কার্য্য নির্ব্বাহ করেন (৯-১০)। ইহাই ভগবৎ-সত্তার বা ভগবৎসৃষ্টিকার্য্যের (Divine working-এর) বিশেষত্ব। যে মূঢ়জনেরা তাঁহার অব্যয়তত্ত্ব, 'ভূতমহেশ্বর' স্বরূপ, না জানিয়া তাঁহাকে মানব-দেহাশ্রিত দেখিয়া, সাধারণ মানুষ মনে করিয়া, অবজ্ঞা করে, তাহাদের রাক্ষসী আসুরী প্রকৃতি-প্রভাবে আশা-আকাঙ্ক্ষা কর্ম্ম জ্ঞান সমস্তই ব্যর্থ হয়। পক্ষান্তরে দৈবীপ্রকৃতিসম্পন্ন মহাত্মাগণ তাঁহাকে 'ভূতাদিমব্যয়ম্' জানিয়া একমনে ভজনা করেন—কেহ বা ভক্তিমার্গে সতত কীর্ত্তন করিয়া, প্রণতি জানাইয়া, নিত্যযুক্ত থাকিয়া, কেহ বা জ্ঞানমার্গে অদ্বৈততত্ত্ব বা দ্বৈততত্ত্ব সাধনে বা বহুদেবতাপূজনে বা তাঁহার বিশ্বরূপ প্রণিধানপূর্ব্বক (১২—১৫)। ফল, শ্রীভগবান্ বলিতেছেন: যে যে ভাবেই উপাসনা করুক না কেন, সকল উপাসনাই আমার উপাসনা, যেহেতু আমি সর্ব্বাত্মক, আমি শ্রৌত স্মার্ত্ত সর্ব্ববিধ যজ্ঞ, আমি শ্রাদ্ধাদিকার্য্যের মন্ত্রস্বরূপ, আমি ঔষধ, হোমাগ্নি ও হোমক্রিয়ার যাবতীয় উপকরণ, জগতের পিতা, মাতা, ধাতা, সর্ব্ববেদ এবং সর্ব্ববেদের সারভূত পবিত্র ওঙ্কার (১৬-১৭); আর,

গতির্ভর্ত্তা প্রভুঃ সাক্ষী নিবাসঃ শরণং সুহৃৎ।
প্রভবঃ প্রলয়ঃস্থানং নিধানং বীজমব্যয়ম্॥ ১৮
তপাম্যহমহং বর্ষং নিগৃহ্ণাম্যুৎসৃজামি চ।
অমৃতঞ্চৈব মৃত্যুশ্চ সদসচ্চাহমর্জ্জুন!॥ ১৯

কিন্তু আমি সর্ব্বাত্মক হইলেও, যাহারা 'কামকামাঃ' কামনামূলে সর্ব্বকার্য্য করে, এমন কি বৈদিক যাগযজ্ঞ সম্পাদন করিয়া 'স্বর্গতিং প্রার্থয়ন্তে' তাহারা পুণ্যফলে স্বর্গলাভ করিলেও, পুণ্যক্ষয়ে পুনরায় মর্ত্ত্যলোকে ফিরিয়া আসে—মুক্তিলাভ করে না। পক্ষান্তরে কামনাশূন্য ও অনন্যচিত্ত হইয়া যাঁহারা আমার উপাসনা করেন—

তেষাং নিত্যাভিযুক্তানাং যোগক্ষেমং বহাম্যহম্। ২২

তাহা হইলে নিম্নাধিকারী কামার্থী জনগণ যে বিভিন্ন দেবতার পূজা-আরাধনা করে তৎসমস্তই কি ব্যর্থ হয়? শ্রীভগবান্ বলেন—যে সকল ভক্ত শ্রদ্ধাসহকারে বিভিন্ন দেবতার উদ্দেশ্যে যাগযজ্ঞ ভজন পূজন করে তাহারা 'অবিধিপূর্ব্বক' আমারই পূজা করে, কারণ—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অহং হি সর্ব্বযজ্ঞানাং ভোক্তা চ প্রভুরেব চ'। ২৪

কিন্তু তাহাতে আমার তত্ত্বজ্ঞানলাভ হয় না বলিয়া তাহারা মর্ত্ত্যজগতে পুনরায় ফিরিয়া আসে। শ্রীভগবান্ বলিতেছেন আমার পূজা খুবই সহজসাধ্য তাহার প্রধান উপকরণ ভক্তি।

পত্রং পুষ্পং ফলং তোয়ং যো মে ভক্ত্যা প্রযচ্ছতি।
তদহং ভক্ত্যুপহৃতমশ্নামি প্রযতাত্মনঃ॥ ২৬

পত্র পুষ্প ফল জল যাহা কিছু সুসংযত ব্যক্তি সভক্তি নিবেদন করিলে তাহাই আমি গ্রহণ করি। আর, সমস্ত কর্ম্মবন্ধন হইতে যদি মুক্তিলাভ করিতে চাও তবে—

যৎ করোষি যদশ্নাসি যজ্জুহোষি দদাসি যৎ।
যত্তপস্যসি কৌন্তেয়! তৎ কুরুষ্ব মদর্পণম্॥২৭
শুভাশুভফলৈরেবং মোক্ষ্যসে কর্ম্মবন্ধনৈঃ।
সন্ন্যাসযোগযুক্তাত্মা বিমুক্তো মামুপৈষ্যসি॥২৮

যাহা কিছু কর না কেন—আহারাদি যাগযজ্ঞ, দান তপস্যা—সমস্তই আমাকে নিবেদন কর, তাহা করিলে কর্ম্মবন্ধন হইতে মুক্তিলাভ করিবে (এবং পঞ্চম অধ্যায়ের উপদেশ অনুসারে) 'সন্ন্যাসযোগের' ফলে সংসার বন্ধন হইতেও মুক্তি লাভ করিয়া, জীবন্মুক্ত হইয়া, অবশেষে বিদেহমুক্তিলাভ করিবে অর্থাৎ আমাকেই প্রাপ্ত হইবে।

আর, ভক্তির এমনই মাহাত্ম্য যে—

কৌন্তেয়! প্রতিজানীহি ন মে ভক্তঃ প্রণশ্যতি। ৩১

হে কুন্তীনন্দন! প্রতিজ্ঞা করিয়া বল,—আমার ভক্তের বিনাশ নাই।

পরন্তু পূর্ব্বেই বলিয়াছি—

যে ভজন্তি তু মাং ভক্ত্যা ময়ি তে তেষু চাপ্যহম্। ২৯

যে ভক্তিসহকারে আমার ভজনা করে সে ভক্তিমার্গে অদ্বৈতসিদ্ধি লাভ করে, আমার সহিত একাত্মা হইয়া যায়। অতএব—

মন্মনা ভব মদ্‌ভক্তো মদ্‌যাজী মাং নমস্কুরু।
মামেবৈষ্যসি যুক্ত্বৈবমাত্মানং মৎপরায়ণঃ॥ ৩৪

তোমার চিন্তা, ভক্তি, আরাধনা বা যজ্ঞাদি ও নমস্কার যেন একমাত্র আমাতেই নিবদ্ধ থাকে, তাহা হইলে মৎপরায়ণ হইয়া ও আমার সহিত যোগযুক্ত থাকিয়া আমাকেই প্রাপ্ত হইবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নবমোঽধ্যায়ঃ।

(রাজবিদ্যারাজগুহ্যযোগঃ)

শ্রীভগবানুবাচ

ইদন্তু তে গুহ্যতমং প্রবক্ষ্যাম্যনসূয়বে।
জ্ঞানং বিজ্ঞানসহিতং যজ্‌জ্ঞাত্বা মোক্ষ্যসেঽশুভাৎ॥ ১

অধ্যায়োক্তবিষয়নির্দ্দেশ।

অষ্টমে নাড়ীদ্বারেণ ধারণাযোগঃ সগুণ উক্তস্তস্য চ ফলমগ্ন্যর্চ্চিরাদিক্রমেণ কালান্তরে ব্রহ্মপ্রাপ্তিলক্ষণমেবানাবৃত্তিরূপং নির্দ্দিষ্টম্, তত্রানেনৈব প্রকারেণ মোক্ষপ্রাপ্তিফলমধিগম্যতে নান্যথেতি তদাশঙ্কাব্যাবিবৃৎসয়া ভগবানুবাচ ইদমিতি (শ)। উপাসকভেদনিবন্ধনা বিশেযাঃ প্রতিপাদিতাঃ ইদানীমুপাস্যস্য পরমপুরুষস্য মাহাত্ম্যং জ্ঞানিনাঞ্চ বিশেষং বিশোধ্য ভক্তিরূপস্যোপাসনস্য স্বরূপমুচ্যতে ইদমিতি (রা)। পরেশঃ প্রাপ্যতে শুদ্ধভক্ত্যেতিস্থিতমষ্টমে। নবমে তু তদৈশ্বর্য্যমত্যাশ্চর্য্যং প্রপঞ্চ্যতে। ইদানীং স্বকীয়মৈশ্বর্য্যং ভক্তেশ্চাসাধারণং প্রভাব প্রপঞ্চয়িষ্যন্ শ্রীভগবানুবাচ (শ্রী)। ইদানীং ভগবত্তত্ত্বজ্ঞানস্য স্বরূপং নিরূপয়িতুং ভক্তেশ্চাসাধারণপ্রভাবং দ্যোতয়িতুং নবমাধ্যায় আরভ্যতে (ক)। "এক্ষণে ভগবান্ 'রাজমার্গ' বলিতেছেন যাহা অবলম্বনে সকল লোকের পক্ষে পরমেশ্বরের জ্ঞান সুলভ হইবে। ইহাকেই ভক্তিমার্গ বলে।" (তি)*।

শ্রীভগবানুবাচ

(১)

অন্বয়। অনসূয়বে তে ইদং গুহ্যতমং বিজ্ঞানসহিতং জ্ঞানং তু প্রবক্ষ্যামি যৎ জ্ঞাত্বা অশুভাৎ মোক্ষ্যসে।

শ্রীভগবান্ কহিলেন

(১ শ্লোক)

অনুবাদ। (হে অর্জ্জুন) অসূয়াশূন্য তোমাকে এই গুহ্যতম সবিজ্ঞান

---

* বালগঙ্গাধর তিলক প্রণীত 'গীতারহস্য' (জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর কৃত বঙ্গানুবাদ) ৭৩ পৃষ্ঠা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(১ শ্লোকের টীকা)

জ্ঞান (বিষয়ে) বিশদভাবে বলিব যাহা জানিয়া তুমি অশুভ (সংসার বন্ধন) হইতে মুক্ত হইবে।

টীকা। ইদং—ব্রহ্মজ্ঞানং বক্ষ্যমাণমুক্তঞ্চ পূর্ব্বেষধ্যায়েষু তদ্‌বুদ্ধৌ সন্নিধী-কৃত্যেদমিত্যাহ (শ)। বক্ষ্যমাণম্ (হ)।

তু—বিশেষনির্দ্ধারণার্থঃ (শ)। জ্ঞানস্য বৈশিষ্ট্যাবদ্যোতী তু শব্দঃ (আ)। তুকারঃ পূর্ব্ববাবৃত্ত্যর্থঃ (বভ)।

গুহ্যতমং—গোপনীয়তমম্, অতিরহস্যাৎ (ম)। গুহ্যং ধর্ম্মজ্ঞানং ততো দেহাদিব্যতিরিক্তাত্মজ্ঞানং গুহ্যতরং ততোঽপি পরমাত্মজ্ঞানমতিরহস্যত্বাদ্ গুহ্য-তমম্ (শ্রী)। দ্বিতীয়াদাবুপদিষ্টং দেহাদিবিবিক্তাত্মজ্ঞানং গুহ্যং, সপ্তমাদা-বুপদিষ্টং মদৈশ্বর্য্যজ্ঞানং গুহ্যতরং, নবমাদাবুপদেক্ষ্যং তু কেবলভক্তিলক্ষণমিদং জ্ঞানং গুহ্যতমম্ (ব)। অত্রতু কেবলশুদ্ধ-ভক্তি-লক্ষণং জ্ঞানং গুহ্যতমং .... নতু প্রথমষট্‌কোক্তং প্রসিদ্ধং জ্ঞানম্ (নি)। ভজনীয়ভক্তিমাহাত্ম্যনিবন্ধ-নরূপম্ (বভ)। "Ineffable supracosmic Mystery" (A : E-G II P 62)

অনসূয়বে—অসূয়ারহিতায় (শ)। ময়ি দোষারোপণমকুর্ব্বতে (ক)। গুণেষু দোষদৃষ্টিরহিতায় (ম)।

জ্ঞানং—জ্ঞানং ব্রহ্মচৈতন্যং তদ্বিষয়ং বা প্রমাণজ্ঞানং বিজ্ঞানমনুভবঃ সাক্ষাৎকারস্তেন সহিতম্ (আ)। অধুনোচ্যমানং জ্ঞানং শব্দপ্রমাণকং ব্রহ্মতত্ত্ব-বিষয়কং সাক্ষান্মোক্ষপ্রাপ্তিসাধনং ন তু ধ্যানং তস্যাজ্ঞানানিবর্ত্তকত্বাৎ তত্ত্বন্তঃ-করণশুদ্ধিদ্বারেণ ইদমেব জ্ঞানং সংপাদ্য ক্রমেণ মোক্ষং জনয়তীত্যুক্তম্ (ম)। ভক্তিরূপমুপাসনাখ্যং জ্ঞানং বিজ্ঞানসহিতং উপাসনাগতবিশেষজ্ঞানসহিতম্ (রা)।

বিজ্ঞানসহিতং—সবিজ্ঞানম্ (পূর্ব্বগত ৭।২ শ্লোক দ্রষ্টব্য)। বিজ্ঞানমনুভবঃ সাক্ষাৎকার স্তেন সহিতমিত্যর্থঃ (আ)। ব্রহ্মানুভবপর্য্যন্তম্ (ম)। মদনু-ভবাবসানম্ (ব)। উপাস্যোপাসনগতবিশেষজ্ঞানসহিতম্ (ক)।

অশুভাৎ—সংসারবন্ধনাৎ (শ)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাজবিদ্যারাজগুহ্যং পবিত্রমিদমুত্তমম্।
প্রত্যক্ষাবগমং ধর্ম্ম্যং সুসুখং কর্ত্তুমব্যয়ম্ ॥ ২
অশ্রদ্দধানাঃ পুরুষা ধর্ম্মস্যাস্য পরন্তপ !
অপ্রাপ্য মাং নিবর্ত্তন্তে মৃত্যুসংসারবর্ত্মনি ॥ ৩

(২)

অন্বয়। ইদং রাজগুহ্যং রাজবিদ্যা উত্তমং পবিত্রং প্রত্যক্ষাবগমং ধর্ম্ম্যং, কর্ত্তুং সুসুখম্ অব্যয়ম্ (চ)।

অনুবাদ। ইহা গুহ্যশ্রেষ্ঠ, বিদ্যাশ্রেষ্ঠ, উত্তম, পবিত্র, প্রত্যক্ষলভ্য, ধর্ম্ম-সঙ্গত, অত্যন্ত সুখসাধ্য (ও) অক্ষয়।

টীকা। **রাজবিদ্যা**—বিদ্যানাং রাজা ব্রহ্মবিদ্যা (শ)। রাজদন্তাদিত্বাৎ পরনিপাতঃ (ক)। প্রধানবিদ্যা (মা)।

রাজগুহ্যং—গুহ্যানাং রাজা (শ)। পরমংগুহ্যং (১৮।৩৮)। উত্তমং রহস্যং রাজ্ঞাং বিদ্যা রাজ্ঞাং গুহ্যমিতিবা (শ্রী)।

প্রত্যক্ষাবগমং—প্রত্যক্ষেণ সুখাদেরিবাগমো যস্য তৎ (শ)। প্রত্যক্ষং ব্রহ্মাবগম্যতে যেন তৎ (মা)। প্রত্যক্ষঃ স্পষ্টঃ অবগমঃ অববোধঃ যস্য তৎ প্রত্যক্ষাবগমং দৃষ্টফলং ইত্যর্থঃ (শ্রী)। "Which one can verify by direct spiritual experience" (A. E-G II 71)

কর্ত্তুং সুসুখং—সুখেন কর্ত্তুং শক্যমিত্যর্থঃ (শ্রী)। ন দেশকালাদিব্যবধান-মপেক্ষতে (ম)।

অব্যয়ং—কর্ম্মকাণ্ডবৎ কিঞ্চিদঙ্গবৈগুণ্যে সতি প্রত্যবায়াপাদকতয়া স্বরূপতঃ ফলতো বা বিনাশি ন ভবতীত্যব্যয়মক্ষয়ং মৎপ্রাপ্তিরূপং ফলং সাধয়িত্বাঽপি ন ক্ষীয়ত ইত্যব্যয়মিতি বাঽর্থঃ (ক)।

(৩)

অন্বয়। (হে) পরন্তপ ! অস্য ধর্ম্মস্য অশ্রদ্ধধানাঃ পুরুষাঃ মাম্ অপ্রাপ্য মৃত্যুসংসারবর্ত্মনি নিবর্ত্তন্তে।

অনুবাদ। (হে) শত্রুতাপন ! এই ধর্ম্মের (প্রতি) শ্রদ্ধাহীন পুরুষগণ আমাকে না পাইয়া মৃত্যুময় সংসারপথে প্রত্যাগমন (পরিভ্রমণ) করে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মন্না ততমিদং সর্ব্বং জগদব্যক্তমূর্ত্তিনা।
মৎস্থানি সর্ব্বভূতানি ন চাহং তেষ্ববস্থিতঃ॥ ৪

(৩ শ্লোকের টীকা)

টীকা। নম্বেবমস্য ধর্ম্মস্যাতিসুকরত্বে সতি কো নাম সংসারী স্যাৎ? তত্রাহ অশ্রদ্দধানা ইতি (বি)।

অস্য ধর্ম্মস্য—আত্মজ্ঞানস্য ধর্ম্মস্য (শ)। উপাসনাখ্যস্য ধর্ম্মস্য (রা)। ভক্তিসহিতজ্ঞানলক্ষণস্য ধর্ম্মস্য (কর্ম্মণি ষষ্ঠী) (শ্রী)।

নিবর্ত্তন্তে—নিশ্চয়েন আবর্ত্তন্তে (শ)। প্রত্যাগচ্ছন্তি (হ)। নিতরাং বর্ত্তন্তে (রা)। পরিভ্রমন্তি (শ্রী)।

মৃত্যুসংসারবর্ত্মনি—মৃত্যুযুক্তঃ সংসারো মৃত্যুসংসার স্তস্য বর্ত্ম তস্মিন্ (শ)। মৃত্যুব্যাপ্তে সংসারমার্গে (শ্রী)।

"The soul that fails to get faith in the higher truth and law", that "trusts to the critical intelligence which goes by outward facts", "must return into the path of ordinary mortal living subject to death and error and evil ; it cannot grow into the Godhead which it denies."*

(৪)

অন্বয়। অব্যক্তমূর্ত্তিনা ময়া ইদং সর্ব্বং জগৎ ততম্ ; সর্ব্বভূতানি মৎস্থানি অহং চ তেষু ন অবস্থিতঃ।

অনুবাদ। অব্যক্তমূর্ত্তি আমার দ্বারা এই নিখিল জগৎ ব্যাপ্ত ; সর্ব্বভূত আমাতে স্থিত কিন্তু আমি তৎসমূহে অবস্থিত নহি।

টীকা। স্তুত্বার্জ্জুনমভিমুখীকৃত্যাহ ময়েতি (শ)। স্তুতিনিন্দাভ্যাং জ্ঞাননিষ্ঠাং মহীকৃত্য জ্ঞানং ব্যাখ্যাতুমারভতে স্তত্বেতি। সোপাধিকস্য ব্যাপ্ত্যসম্ভবমভিপ্রেত্য বিশিনষ্টি ময়েতি (আ)। এবং বক্তব্যতয়া প্রতিজ্ঞাতং জ্ঞানং নির্দ্দিশ্য শ্রেয়োঽনুবন্ধিতয়া অন্বয়ব্যতিরেকাভ্যাং তৎ নিরূপয়তি (ক)।

ময়া—মম যঃ পরোভাবস্তেন (শ)। পরোভাবঃ পরমানন্দ এব তেন—আনন্দাদ্ধ্যেবেত্যাদিশ্রুতেস্তস্যৈব জগদুপাদানত্বেন তদীয়সত্তাস্ফূর্ত্তিভ্যাম্ (নী)।

* Essays on the Gita by Shri Aurobindo Ghose, II. Series p. 59

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন চ মৎস্থানি ভূতানি পশ্য মে যোগমৈশ্বরম্ ।
ভূতভৃন্ন চ ভূতস্থো মমাত্মা ভূতভাবনঃ ॥৫

(৪ শ্লোকের টীকা)

ততং—ব্যাপ্তম্ (শ)। "সদ্রূপেণ স্ফুরণরূপেণ চ ততং ব্যাপ্তং রজ্জুখণ্ডেনেব তদজ্ঞানকল্পিতং সর্পাদি" "দৃশ্যজাতম্" (ম)।

অব্যক্তমূর্ত্তিনা—করণাগোচরস্বরূপেণ (শ)। অপ্রকাশিতস্বরূপেণ ময়া অন্তর্য্যামিণা (রা)। অব্যক্তা অতীন্দ্রিয়া মূর্ত্তিঃ স্বরূপং যস্য তাদৃশেন ময়া কারণভূতেন (শ্রী)। মায়াশবলং হি কারণং বুদ্ধিগ্রাহ্যত্বাৎ করণগোচরঃ, শুদ্ধং হি বুদ্ধেঃ পরত্বাৎ করণাগোচরঃ (নী)।

মৎস্থানি—ময়াত্মনাত্মবত্ত্বেন স্থিতানি (শ)।

ন চাহম্ তেষ্ববস্থিতঃ—আকাশবদসঙ্গত্বাৎ (শ্রী)। পরমার্থতস্তু ন চৈবাহং তেষু কল্পিতেষু ভূতেষ্ববস্থিতঃ কল্পিতাকল্পিতয়োঃ সম্বন্ধাযোগাৎ (ম)। অপরিণামিত্বাদেব (নী)। মম স্থিতিস্তদধীনা নেত্যর্থঃ (ব)। "God is not the Becoming." "It is they" "the mass of becoming" "are in him." "It is they that are in him, it is they that live and move in him and draw their truth from him" * "বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগৎ" (১০।৪২) (Panentheism—Krause).

(৫)

অন্বয়। ভূতানি মৎস্থানি ন চ, মে ঐশ্বরং যোগং পশ্য মম আত্মা ভূতভৃৎ ভূতভাবনঃ চ, ন ভূতস্থঃ।

অনুবাদ। আবার ভূতসকল আমাতে অবস্থিত নহে ; আমার ঐশ্বর যোগ দেখ, আমার আত্মা ভূতপোষক ও ভূতোৎপাদক (তথাপি) ভূতে অবস্থিত নহে।

টীকা। নির্লেপতয়া বিরুদ্ধধর্ম্মাশ্রয়ত্বমাহ (বভ)।

ন চ……ভূতানি—নহ্যসংসর্গি বস্তু কচিদাধেয়ভাবেনাবস্থিতং ভবতি (শ)। পরমার্থতো ময়ি ন সন্তি (ম)। ভূতানি ময়ি সংশ্লিয়ন্তি ইতি ন বোধ্যব্যং ( )। পাত্রে ঘৃতাদিবন্ময়ি সংসক্তানি ন ভবন্তি মমাসঙ্গত্বাৎ (ক)।

* Essays on the Gita by Shri Aurobindo Ghose, II Series p. 62

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যথাকাশস্থিতো নিত্যং বায়ুঃ সর্ব্বত্রগো মহান্।
তথা সর্ব্বাণি ভূতানি মৎস্থানীত্যুপধারয় ॥ ৬

(৫ শ্লোকের টীকা)

চ—চকারোঽবধারণার্থঃ (আ)।

ঐশ্বরং—অসাধারণম্ (শ্রী)। আশ্চর্য্যম্ (রা)।

যোগং—যুক্তিং অঘটনঘটনাচাতুর্য্যম্ (শ্রী)। অচিন্ত্যশক্তিপ্রভাবম্ (ক)।

ভূতভৃৎ—ভূতানাং ধারকঃ পালকশ্চ (ব)।

ভূতভাবনঃ—ভূতানি ভাবয়তি উৎপাদয়তি বর্দ্ধয়তি বা (শ)। ভূতানাং ভাবয়িতা ধারয়িতা নিয়ন্তা চ (রা)। চ—চকারোঽপ্যর্থো ভিন্নক্রমশ্চ (নী)।

ন ভূতস্থঃ—ভূতসংপৃক্তো নৈব (ব)। পরমার্থতঃ ন ভূতসম্বন্ধী (ম)।

অয়ং ভাবঃ—যথা দেহং বিভ্রৎ পালয়ংশ্চ জীবোঽহঙ্কারেণ তৎসংশ্লিষ্টস্তিষ্ঠতি, এবমহং ভূতানি ধারয়ন্ পালয়ন্নপি তেষু ন তিষ্ঠামি নিরহঙ্কারত্বাদিতি (শ্রী)।

তাৎপর্য্য

অতঃপর আমরা দেখিতে পাইব শ্রীভগবান্ 'অহমাত্মা গুড়াকেশ, সর্ব্বভূতাশয়স্থিতঃ' বলিবেন (১০।২০) অথচ এখানে বলা হইতেছে 'ভূতভাবনঃ মমাত্মা ন ভূতস্থঃ' ইহার তাৎপর্য্য কি ? প্রথমোক্ত স্থানে প্রত্যগাত্মরূপে ভূতস্থ কিন্তু শেষোক্তস্থানে অর্থাৎ এখানে 'ভূতভাবন' পরমেশ্বররূপে তিনি ভূতস্থ নহেন ইহাই বক্তব্য। শ্রীধর স্বামী 'মমাত্মা পরং স্বরূপং' অর্থে গ্রহণ করিয়াছেন। ভগবান্ যে তৎস্বরূপে ভূতস্থ নহেন ইহাই বক্তব্য।

শ্রীঅরবিন্দ ইহার তাৎপর্য্য এইভাবে ব্যাখ্যা করিয়াছেন : "There is a luminous uninvolved presence of the self-being of God *mama atma*, which is in constant relation with the becoming and brings all its existences into manifestation—by his simple presence."*

(৬)

অন্বয়। যথা সর্ব্বত্রগঃ মহান্ বায়ুঃ নিত্যম্ আকাশস্থিতঃ, তথা সর্ব্বাণি ভূতানি মৎস্থানি ইতি উপধারয়।

* Essays on the Gita by Shri Aurobindo Ghose, II, Series p 63

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সর্ব্বভূতানি কৌন্তেয় ! প্রকৃতিং যান্তি মামিকাম্‌ ।
কল্পক্ষয়ে পুনস্তানি কল্পাদৌ বিসৃজাম্যহম্‌ ॥ ৭

(৬ শ্লোকের টীকা)

অনুবাদ। যেমন সর্ব্বত্র বিচরণশীল মহান্‌ বায়ু সর্ব্বদা (অসংশ্লিষ্টভাবে) আকাশে থাকে, সেইরূপ সর্ব্বভূত আমাতে থাকে ইহা বুঝিও।

টীকা। যথোক্তেন শ্লোকদ্বয়েনোক্তমর্থং দৃষ্টান্তেনোপপাদয়ন্নাহ (শ)। অসংশ্লিষ্টয়োরপি আধারাধেয়ভাবং দৃষ্টান্তেনাহ (শ্রী) (ম)।

যথাকাশস্থিতঃ—যথা আকাশস্থ অসঙ্গত্বাৎ তত্র স্থিতোঽপি ন স্থিতঃ (নী)।

মহান্‌—সর্ব্বত্রগামিত্বাৎ পরিমাণতোমহান্‌ (আ)। অপরিসীমঃ।

তথা—অসঙ্গস্বভাবে ময়ি সংশ্লেষং বিনৈব (ক)।

মৎস্থানি—ময়ি অসংশ্লেষেণৈব স্থিতানি (নী)। মদায়ত্তস্থিতিপ্রবৃত্তিকানি (ক)।

উপধারয়—জানীহি। মম সর্ব্বাধারত্বমসঙ্গত্বং চ বিজানীহি ইত্যর্থঃ (ক)।

(৭)

অন্বয়। (হে) কৌন্তেয় ! সর্ব্বভূতানি কল্পক্ষয়ে মামিকাং প্রকৃতিং যান্তি, পুনঃ কল্পাদৌ অহং তানি বিসৃজামি।

অনুবাদ।—(হে) কৌন্তেয় ! সর্ব্বভূত কল্পক্ষয়ে (প্রলয়কালে) আমার প্রকৃতিতে লীন হয়, পুনরায় কল্পারম্ভে (সৃষ্টিকালে) আমি তাহাদিগকে বিবিধরূপে সৃজন করি।

টীকা—তদেবমসঙ্গস্যৈব যোগমায়য়া স্থিতিহেতুত্বমুক্তম্‌, তয়ৈব সৃষ্টিপ্রলয়হেতুত্বঞ্চাহ সর্ব্বেতি (শ্রী)। নন্বেবং উপাধিরহিতস্যৈব ব্রহ্মণি লয়শ্চেদুপাধেঃ কা গতিঃ ? ইত্যাশঙ্ক্যাহ সর্ব্বেতি (নী)।

কল্পক্ষয়ে—প্রলয়কালে (শ)। চতুর্ম্মুখাবসানকালে (ব)।

মামিকাং প্রকৃতিং—মদীয়াং ত্রিগুণাত্মিকামপরাং নিকৃষ্টাম্‌ (শ)। মচ্ছরীরভূতাং তমঃশব্দবাচ্যাং নামরূপবিভাগানর্হাম্‌ (রা)। মদীয়াং ত্রিগুণাত্মিকাং বৈষ্ণবীং মায়াম্‌ (শ্রী)। মচ্ছক্তিত্বেন কল্পিতাং প্রকৃতিং ত্রিগুণাত্মিকাং মায়াং স্বকারণভূতাম্‌ (ম)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকৃতিং স্বামবষ্টভ্য বিসৃজামি পুনঃ পুনঃ।
ভূতগ্রামমিমং কৃৎস্নমবশং প্রকৃতের্বশাৎ॥ ৮

(৭ শ্লোকের টীকা)

যান্তি—লীয়ন্তে (শ্রী)। **কল্পাদৌ**—সৃষ্টিকালে (শ্রী)।

বিসৃজামি—উৎপাদয়ামি (শ)। বিশেষেণ সৃজামি, বিবিধং সৃজামি বা (৮ম শ্লোকের টীকা) 'বহু স্যাম্' ইতি সংকল্পমাত্রেণ বৈবিধ্যেন সৃজামি (ব)। বিভাগেন ব্যনজ্মি (ম)।

(৮)

অন্বয়। (অহং) স্বাং প্রকৃতিম্ অবষ্টভ্য, প্রকৃতেঃ বশাৎ অবশং ইমং কৃৎস্নং ভূতগ্রামং পুনঃ পুনঃ বিসৃজামি।

অনুবাদ। (আমি) স্বকীয় প্রকৃতিতে অধিষ্ঠানপূর্ব্বক প্রকৃতিবশে বাধ্য হইয়া এই নিখিল ভূতগ্রামকে পুনঃ পুনঃ বিবিধরূপে সৃজন করি।

টীকা। **প্রকৃতিং**—অবিদ্যালক্ষণাং (শ)। মায়াখ্যামনির্ব্বচনীয়াং (ম) 'মায়াস্তু প্রকৃতিং বিদ্যাৎ' (শ্বেতাশ্বতর ৪।১০)।

স্বাং—স্বীয়াম্ (শ)। স্বাধীনাম্ (শ্রী)। স্বস্মিন্ কল্পিতাম্ (ম)। স্বকীয়াম্ (ক) (শ্বেতাশ্বতর উপনিষদের ১।৩ মন্ত্রে বলা হইয়াছে 'দেবাত্মশক্তিং স্বগুণৈর্নিগূঢ়াম্' এবং আচার্য্য শঙ্কর তাহার ব্যাখ্যা করিয়াছেন 'দেবস্য মায়িনোমহেশ্বরস্য পরমাত্মন আত্মভূতাং অস্বতন্ত্রাং ন সাংখ্যপরিকল্পিতপ্রধানাদিবৎ পৃথগ্ভূতাম্'।)

অবষ্টভ্য—বশীকৃত্য (শ)। অধিষ্ঠায় (শ্রী)। (৪।৬ শ্লোক দ্রষ্টব্য) সত্তাস্ফূর্ত্তিভ্যাং দৃঢ়ীকৃত্য (ম)।

বিসৃজামি—বিবিধং সৃজামি বিশেষেণ সৃজামীতি বা (শ্রী)। কল্পনামাত্রেণ স্বপ্নদৃগিব সৃজামি (ম)।

পুনঃ পুনঃ—সংসারস্যানাদিত্বদ্যোতনার্থং পুনঃপুনরিত্যুক্তম্ (আ)।

অবশং—অস্বতন্ত্রমবিদ্যাদোষৈঃ পরবশীকৃতম্ (শ)।

প্রকৃতের্বশাৎ—'ভূতসমুদয়স্যাবিদ্যাস্মিতাদি'নিমিত্ত 'স্বভাববশাৎ' (আ)। প্রাচীনকর্ম্মনিমিত্ততত্তৎস্বভাববশাৎ (শ্রী)।

(শ্বেতাশ্বতরের ৪।৯ মন্ত্র "মায়ী সৃজতে বিশ্বমেতৎ তস্মিংশ্চান্যো মায়য়া সন্নিরুদ্ধঃ" স্মরণীয়।)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন চ মাং তানি কর্ম্মাণি নিবধ্নন্তি ধনঞ্জয় !।
উদাসীনবদাসীনমসক্তং তেষু কর্ম্মসু ॥ ৯
ময়াধ্যক্ষেণ প্রকৃতিঃ সূয়তে সচরাচরম্।
হেতুনানেন কৌন্তেয় ! জগদ্বিপরিবর্ত্ততে ॥ ১০

(৯)

অন্বয়। ধনঞ্জয়! তেষু কর্ম্মসু উদাসীনবৎ আসীনং অসক্তং মাং তানি কর্ম্মাণি ন চ নিবধ্নন্তি।

অনুবাদ। ধনঞ্জয়! সেই সমস্ত কার্য্যে উদাসীনের ন্যায় অবস্থিত ও অনাসক্ত আমাকে সেই সকল কর্ম্মও আবদ্ধ করে না।

টীকা। নন্থ বিষমাং সৃষ্টিং কুর্ব্বতস্তব বৈষম্যনৈঘৃণ্যে স্যাতামত আহ ন চেতি (নী) (পূর্ব্বগত ৪।১৪ শ্লোক দ্রষ্টব্য।)

তানি কর্ম্মাণি—ভূতগ্রামস্য বিষমবিসর্গনিমিত্তানি কর্ম্মাণি (শ)। বিশ্বসৃষ্ট্যাদীনি কর্ম্মাণি (শ্রী)।

উদাসীনবদাসীনং—উদাসীনবৎ নতু উদাসীনঃ (মা)। কর্ম্মফলে নিস্পৃহম্ (৪।১৪)।

তাৎপর্য্য।

নির্ব্বিকারত্বাত্তেষু সৃষ্ট্যাদিকর্ম্মস্বসক্তং অহং করোমীত্যভিমানলক্ষণেন সঙ্গেন রহিতং মাং ন নিবধ্নন্তি কর্ম্মাণীতি যুক্তমেব, অন্যস্যাপি হি কর্ত্তৃত্বাভাবে ফলসঙ্গাভাবে চ কর্ম্মাণি ন বন্ধকারণানীত্যুক্তমনেন (ম)।

(১০)

অন্বয়। অধ্যক্ষেণ ময়া প্রকৃতিঃ সচরাচরং জগৎ সূয়তে, (হে) কৌন্তেয়! অনেন হেতুনা (ইদং জগৎ) বিপরিবর্ত্ততে।

অনুবাদ। আমার অধ্যক্ষতায় (অধিষ্ঠাতৃত্বে) প্রকৃতি সচরাচর (বিশ্ব) প্রসব করেন, হে কৌন্তেয়! এই কারণে এই জগৎ পুনঃ পুনঃ পরিবর্ত্তিত হইতেছে।

টীকা। তত্র ভূতগ্রামমিমং বিসৃজাম্যুদাসীনবদাসীনমিতি চ বিরুদ্ধমুচ্যতে তৎপরিহারার্থমাহ ময়েতি (শ)। উদাসীনবদিতি চেৎ স্বয়মেব প্রকৃতিঃ সূয়তে ইত্যত আহ (মা)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অবজানন্তি মাং মূঢ়া মানুষীং তনুমাশ্রিতম্ ।
পরং ভাবমজানন্তো মম ভূতমহেশ্বরম্ ॥ ১১
মোঘাশা মোঘকর্ম্মাণো মোঘজ্ঞানা বিচেতসঃ ।
রাক্ষসীমাসুরীঞ্চৈব প্রকৃতিং মোহিনীং শ্রিতাঃ ॥ ১২

(১০ শ্লোকের টীকা)

অধ্যক্ষেণ—অধিষ্ঠাত্রা নিমিত্তভূতেন (শ্রী)। নিয়ন্ত্রাচ (ক)। কূটস্থেন অয়স্কান্তকল্পেন প্রবর্ত্তকেন (নী)। পুরুষেণ তু সহিতা সা চেদ্-গর্ভীকৃতা (বভ)।

(১১)

অন্বয়। মূঢ়াঃ মম ভূতমহেশ্বরং পরং ভাবম্ অজানন্তঃ মানুষীং তনুং আশ্রিতম্ মাং অবজানন্তি।

অনুবাদ। মোহাবিষ্টজনগণ আমার সর্ব্বভূতের ঈশ্বরস্বরূপ শ্রেষ্ঠভাব না জানিয়া মনুষ্যদেহধারী আমাকে অবজ্ঞা করে।

টীকা। সর্ব্বাধ্যক্ষঃ সর্ব্বভূতাধিবাসো নিত্যমুক্তশ্চেত্ত্বং তর্হি কিমিতি ত্বামেবাত্মত্বেন ভেদেন বা সর্ব্বে ন ভজন্তে? তত্রাহ (আ)।

ভূতমহেশ্বরম্—সর্ব্বভূতানাং মহান্তমীশ্বরম্ (শ)। 'সর্ব্বজগজ্জন্মাদিকারণং' 'পরমেশ্বরম্' (ক)।

পরং ভাবম্—সর্ব্বজ্ঞং সত্যসঙ্কল্পং নিখিলজগদেককারণং পরমকারুণিকতয়া সর্ব্বেষামাশ্রয়ণীয়ম্ (রা)। নিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বভাবম্ (ম)।

মানুষীং তনুমাশ্রিতম্—মনুষ্যতয়া প্রতীয়মানম্ (ম)।

অবজানন্তি—অবমন্যন্তে (শ্রী)। সজাতীয়ং মত্বা তিরস্কুর্ব্বন্তি (রা)। নাশ্রয়ন্তি (ক)।

(১২)

অন্বয়। মোঘাশাঃ মোঘকর্ম্মাণঃ মোঘজ্ঞানাঃ বিচেতসঃ (তে) মোহিনীং রাক্ষসীম্ আসুরীং চ প্রকৃতিম্ এব শ্রিতাঃ।

অনুবাদ। অলীক আশাবিশিষ্ট, নিষ্ফলকর্ম্মা মিথ্যাজ্ঞানসম্পন্ন, বিবেকবিহীন, (ব্যক্তিগণ) মোহকরী রাক্ষসী ও আসুরী প্রকৃতিকে আশ্রয় করে।

টীকা। কথংভূতাস্তে অবজানন্তি? ইত্যত্রাহ মোঘাশা ইতি (হ)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মহাত্মানস্তু মাং পার্থ ! দৈবীং প্রকৃতিমাশ্রিতাঃ ।
ভজন্ত্যনন্যমনসো জ্ঞাত্বা ভূতাদিমব্যয়ম্ ॥ ১৩

(১২ শ্লোকের টীকা)

মোঘাশাঃ—মোঘা বৃথা আশা যেষাং তে (শ)। মত্তোঽন্যদ্দেবতান্তরং ক্ষিপ্রং ফলং দাস্যতীত্যেবংভূতা মোঘা নিষ্ফলৈবাশা যেষাং তে (শ্রী)। নিষ্ফলমোক্ষ-বাঞ্ছাঃ (ম)।

মোঘকর্ম্মাণঃ—মোঘানি নিষ্ফলানি কর্ম্মাণি যেষাং তে (শ)।

মোঘজ্ঞানাঃ—মোঘং নিষ্ফলং জ্ঞানং যেষাং তে (শ)।

বিচেতসঃ—বিগতবিবেকাঃ (শ)।

রাক্ষসীং—রক্ষসাম্ (শ)। তামসীং (শ্রী)।

আসুরীং—অসুরাণাম্ (শ)। রাজসীং (শ্রী)। (১৬শ অধ্যায় দ্রষ্টব্য)।

মোহিনীং-মোহকরীং (শ)। শ্রিতাঃ—আশ্রিতাঃ (শ)।

(১৩)

অন্বয়। (হে) পার্থ ! মহাত্মানঃ তু দৈবীং প্রকৃতিম্ আশ্রিতাঃ অনন্য-মনসঃ [সন্তঃ] মাম্ ভূতাদিং অব্যয়ং জ্ঞাত্বা ভজন্তি।

অনুবাদ। (হে) পার্থ ! মহাত্মাগণ কিন্তু দৈবী প্রকৃতিকে আশ্রয় করিয়া অনন্যচিত্ত (হইয়া) আমাকে সর্ব্বভূতের আদি ও অব্যয় জানিয়া ভজনা করেন।

টীকা। কে পুনঃ শ্রদ্দধানাঃ ভগবদ্ভক্তিলক্ষণে মোক্ষমার্গে প্রবৃত্তাঃ ? মহাত্মান-ইতি (শ)। তর্হি কে ত্বামাদ্রিয়ন্তে ? তত্রাহ (ব)।

মহাত্মানঃ—অক্ষুদ্রচিত্তাঃ (শ)। কামাদ্যনভিভূতচিত্তাঃ (শ্রী)। বাসুদেবঃ সর্ব্বমিতি জ্ঞানবন্তঃ (৭।১৯ শ্লোক দ্রষ্টব্য)।

দৈবীং—দেবানাং (শ) 'অভয়ং সত্ত্বসংশুদ্ধিঃ' ইত্যাদিনা বক্ষ্যমাণাং দৈবীং (শ্রী)। (১৬।১,।২,।৩ শ্লোক দ্রষ্টব্য)।

ভূতাদিং—ভূতানাং আদিকারণম্ (শ)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সততং কীর্ত্তয়ন্তো মাং যতন্তশ্চ দৃঢ়ব্রতাঃ।
নমস্যন্তশ্চ মাং ভক্ত্যা নিত্যযুক্তা উপাসতে ॥ ১৪
জ্ঞানযজ্ঞেন চাপ্যন্যে যজন্তো মামুপাসতে।
একত্বেন পৃথক্ত্বেন বহুধা বিশ্বতোমুখম্ ॥ ১৫

শ্রীউমাশঙ্কর সরকার

(১৪)

অন্বয়। সততং কীর্ত্তয়ন্তঃ, দৃঢ়ব্রতাঃ (সন্তঃ) যতন্তঃ চ, ভক্ত্যা মাং নমস্যন্তঃ চ, নিত্যযুক্তাঃ (সন্তঃ) মাম্ উপাসতে।

অনুবাদ। সতত আমার কীর্ত্তন করিয়া দৃঢ়নিষ্ঠাপূর্ব্বক প্রযত্ন করিয়া, ভক্তিপূর্ব্বক প্রণাম করিয়া, নিত্যযুক্ত হইয়া আমার উপাসনা করেন।

টীকা। মহাত্মনঃ ভজনপ্রকারং পৃচ্ছতি (আ)। ভজন্তীত্যুক্তং তদ্ভজনমেব কিম্? (বি)।

কীর্ত্তয়ন্তঃ—কীর্ত্তনং বেদান্তশ্রবণং প্রণবজপশ্চ (আ)। স্তোত্রমন্ত্রাদিভিঃ (শ্রী)।

মাং—ভগবন্তং ব্রহ্মস্বরূপম্ (শ)।

যতন্তশ্চ—ইন্দ্রিয়োপসংহারশমদমদয়াহিংসাদিলক্ষণৈঃ ধর্ম্মৈঃ প্রযতন্তশ্চ (শ)। ঐশ্বর্য্যজ্ঞানাদিষু প্রযত্নং কুর্ব্বন্তঃ (শ্রী)। শ্রবণনির্দ্ধারিতার্থবাধশঙ্কাপনোদ-কুতর্কানুসন্ধানরূপমননপরায়ণাঃ (ম)।

দৃঢ়ব্রতাঃ—দৃঢ়সংকল্পাঃ (হ)। দৃঢ়ানি ব্রতানি একাদশ্যাদিব্রতানি, নিয়মাঃ (বি) অহিংসাসত্যাস্তেয়ব্রহ্মচর্য্যাপরিগ্রহাদীনি ব্রতানি যেষাং তে (ম)।

নমস্যন্তশ্চ—প্রণমন্তঃ চ (শ্রী)। চকারাৎ "শ্রবণং কীর্ত্তনং বিষ্ণোঃ স্মরণং পাদসেবনং। অর্চ্চনং বন্দনং দাস্যং সখ্যমাত্মনিবেদনম্" ইতি বন্দনসহচরিতং শ্রবণাদ্যপি বোদ্ধব্যম্ (ম)।

মাং—হৃদয়েশমাত্মানং (শ)। অত্র মামিতিপুনর্ব্বচনং সগুণরূপপরামর্শার্থম্ অন্যথা বৈয়র্থ্যপ্রসঙ্গাৎ (ম)। প্রতিমাদিরূপং বা (নী)।

(১৫)

অন্বয়। অপি চ অন্যে জ্ঞানযজ্ঞেন যজন্তঃ মাং উপাসতে (কেচিৎ) একত্বেন, (কেচিৎ) পৃথক্ত্বেন, (কেচিৎ) বহুধা (অবস্থিতং) বিশ্বতোমুখং (মাং উপাসতে)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অহং ক্রতুরহং যজ্ঞঃ স্বধাহমহমৌষধম্ ।
মন্ত্রোঽহমহমেবাজ্যমহমগ্নিরহং হুতম্ ॥ ১৬

(১৫ শ্লোকের টীকা)

অনুবাদ। আরও অপরে জ্ঞানযজ্ঞদ্বারা আমার পূজা করে তন্মধ্যে কেহ এক (অদ্বৈতরূপে) (কেহ বা) বিভিন্ন আকারে (আদিত্যাদিরূপে) (কেহ বা) নানারূপে অবস্থিত সর্ব্বতোমুখ বিশ্বরূপাত্মক (আমাকে উপাসনা করে)।

টীকা। 'উপাসন' 'প্রকারভেদোদীরণার্থং শ্লোকমবতারয়তি' (আ)।

জ্ঞানযজ্ঞেন—জ্ঞানমেব ভগবদ্বিষয়ং যজ্ঞস্তেন (শ)। বাসুদেবঃ সর্ব্বমিত্যেবংসর্ব্বাত্মদর্শনং জ্ঞানং স এব যজ্ঞস্তেন (শ্রী)। নির্ব্বিকল্পসমাধিনা (পাতঞ্জলাঃ) (নী)।

একত্বেন—একমেব পরং ব্রহ্মেতিপরমার্থদর্শনেন (শ)। অভেদভাবনয়া (শ্রী)। ইত্যভেদেনোপনিষদাঃ। (নী)।

পৃথক্ত্বেন—আদিত্যচন্দ্রাদিভেদেন স এব ভগবান্ বিষ্ণুরাদিত্যাদিরূপেণ অবস্থিত ইত্যুপাসতে (শ)। পৃথগ্‌ভাবনয়া দাসোঽহমিতি (শ্রী)। অয়মীশ্বরো-মম স্বামীতিবুদ্ধ্যা প্রাকৃতাঃ (নী)।

বহুধা—বহুপ্রকারেণ (শ)। ব্রহ্মরুদ্রাদিরূপেণ (শ্রী)।

বিশ্বতোমুখং—সর্ব্বতোমুখম্ (শ)। সর্ব্বাত্মকম্ (শ্রী)। বিশ্বরূপধরম্ (হ)। বিশ্বান্তর্য্যামিণম্ (ক)।

(১৬)

অন্বয়। অহং ক্রতুঃ, অহং যজ্ঞঃ, অহং স্বধা, অহম্ ঔষধম্, অহং মন্ত্রঃ, অহং এব আজ্যম্, অহং অগ্নিঃ, অহং (চ) হুতম্।

অনুবাদ। আমি শ্রৌত যজ্ঞ, আমি স্মার্ত্ত যজ্ঞ, আমি স্বধা (পিতৃগণের উদ্দেশে প্রদত্ত শ্রাদ্ধীয় অন্ন), আমি ঔষধ, আমি মন্ত্র, আমিই ঘৃত, আমি অগ্নি, (এবং) আমিই হোম।

টীকা। সর্ব্বাত্মতাং প্রপঞ্চয়তি অহং ক্রতুরিতি চতুর্ভিঃ (শ্রী)।

ক্রতুঃ—শ্রৌতোঽগ্নিষ্টোমাদিঃ (ক)।

যজ্ঞঃ—স্মার্ত্তোমহাযজ্ঞাখ্যঃ (ক)। দেবতামুদ্দিশ্য দ্রব্যপরিত্যাগঃ, "উদ্দিশ্য দেবান্ দ্রব্যাণাং ত্যাগো যজ্ঞ ইতীরিত" ইত্যভিধানাৎ (মা)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পিতাহমস্য জগতো মাতা ধাতা পিতামহঃ।
বেদ্যং পবিত্রমোঙ্কার ঋক্ সাম যজুরেব চ ॥ ১৭
গতির্ভর্ত্তা প্রভুঃ সাক্ষী নিবাসঃ শরণং সুহৃৎ।
প্রভবঃ প্রলয়ঃ স্থানং নিধানং বীজমব্যয়ম্ ॥ ১৮

(১৭—১৮)

অন্বয়। অহম্ এব অস্য জগতঃ পিতা, মাতা, ধাতা, পিতামহঃ, পবিত্রম্ বেদ্যং, ওঙ্কারঃ, চ ঋক্, সাম, যজুঃ (কিঞ্চ) গতিঃ, ভর্ত্তা, প্রভুঃ, সাক্ষী, নিবাসঃ শরণং সুহৃৎ প্রভবঃ, প্রলয়ঃ, স্থানং নিধানং, অব্যয়ম্ বীজম্।

অনুবাদ। আমিই এই জগতের পিতা, মাতা, বিধাতা, পিতামহ, পবিত্র জ্ঞেয়তত্ত্ব, প্রণব ও ঋক্, সাম ও যজুঃ (এবং) গতি, ভর্ত্তা (পোষণকর্ত্তা), প্রভু (নিয়ন্তা), সাক্ষী, নিবাস (ভোগস্থান), শরণ (আর্ত্তিহর), সুহৃৎ, স্রষ্টা, সংহর্ত্তা, আধার, নিধান (লয়স্থান), এবং অব্যয় কারণস্বরূপ।

টীকা। **পিতা**—ব্যষ্টিসমষ্টিসর্ব্বজগদুৎপাদনাৎ (বি)।

মাতা—জগতোঽস্য স্বকুক্ষিমধ্য এব ধারণাৎ (বি)।

ধাতা—কর্ম্মফলস্য বিধাতা (শ)। জগতোঽস্য পোষণাৎ (বি)।

পিতামহঃ—জগৎস্রষ্টুর্ব্রহ্মণোঽপি জনকত্বাৎ (বি)।

বেদ্যং—বেদিতব্যং (শ)। জ্ঞেয়ম্ (১৩।১৩ শ্লোক দ্রষ্টব্য)।

চ—চকারাৎ অথর্ব্বাঙ্গিরসোঽপি গৃহ্যতে (আ, ম)।

গতিঃ—কর্ম্মফলম্ (শ)। প্রকৃতিবিলয়পর্য্যন্তং কর্ম্মফলম্ (আ)। মুক্তপ্রাপ্যস্থানম্ (নী)।

ভর্ত্তা—পোষণকর্ত্তা (শ্রী)। পোষ্টা কর্ম্মফলস্যৈব প্রদাতা (আ)।

প্রভুঃ—স্বামী (শ)। নিয়ন্তা (শ্রী)। শাসিতা (রা)।

সাক্ষী—প্রাণিনাং কৃতাকৃতস্য (শ)। সাক্ষাচ্ছুভাশুভকর্ম্মদ্রষ্টা (ক)।

নিবাসঃ—যস্মিন্ প্রাণিনো নিবসন্তি (শ)। ভোগস্থানং (শ্রী)। আশ্রয়ঃ (নী)।

শরণং—প্রাণিনাং আর্ত্তিহরঃ (হ)। শীর্য্যতে দুঃখমস্মিন্ ইতি শরণম্ (ম)।

সুহৃৎ—প্রত্যুপকারানপেক্ষ উপকারী (শ)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তপাম্যহমহং বর্ষং নিগৃহ্ণাম্যুৎসৃজামি চ।
অমৃতঞ্চৈব মৃত্যুশ্চ সদসচ্চাহমর্জ্জুন ! ॥ ১৯

(১৭—১৮)

প্রভবঃ—উৎপত্তির্জগতঃ (শ)। স্রষ্টা (শ্রী)।

প্রলয়ঃ—প্রলীয়তে যস্মিন্ স ইতি (শ) প্রলীয়তে অনেনেতি প্রলয়ঃ সংহর্ত্তা (শ্রী)।

স্থানং—আধারঃ (শ্রী)। স্থিতিস্থানম্ (নী)।

নিধানম্—নিক্ষেপঃ (শ)। কর্ম্মফলসমর্পণস্থানম্ (নী)। সূক্ষ্মরূপসর্ব্ববস্ত্বধিকরণং প্রলয়স্থানম্, শঙ্খপদ্মাদিনিধির্ব্বা (ম)।

বীজং—প্ররোহকারণম্ (শ)।

অব্যয়ং—যাবৎ সংসারভাবিত্বাৎ অব্যয়ম্ (শ)। অবিনাশি ন তু ব্রীহ্যাদিবদ্বিনশ্বরম্ (শ্রী)। সনাতনম্, জগতঃ প্রলয়কালেঽপি যৎ ন বিনশ্যতি এবম্ভূতম্।

(১৯)

অন্বয়। অর্জ্জুন ! অহং তপামি, অহং বর্ষম্ উৎসৃজামি, নিগৃহ্ণামি চ, অহম্ অমৃতং, মৃত্যুঃ চ এব, সৎ অসৎ চ।

অনুবাদ। অর্জ্জুন ! আমিই তপ্ত করি, আমিই জলবর্ষণ করি, উৎসর্গ করি, গ্রহণ করি, আমি অমৃত, মৃত্যুও বটে, সৎ এবং অসৎ।

টীকা। ইতশ্চ সর্ব্বাত্মত্বে ভগবতো ন বিবদিতব্যমিত্যাহ (আ)।

নিগৃহ্ণামি—পৃথিব্যা রসং আকর্ষয়ামি (রা, ম)।

উৎসৃজামি—প্রাবৃষি (শ)। বিমুঞ্চামি (শ্রী), বৃষ্টিরূপেণ প্রক্ষিপামি (ম)।

অমৃতং—অমৃতং চ দেবানাং, সর্ব্বপ্রাণিনাং জীবনং বা (ম)। মোক্ষঃ (ব)।

মৃত্যুঃ—মরণম্ (নী)। সংসারঃ (ব) (১০।৩৪ শ্লোক)।

সদসৎ—সৎ যৎসম্বন্ধিতয়া যদ্ বিদ্যতে তৎ তত্র সৎ, অসচ্চ যৎসম্বন্ধিতয়া যন্ন বিদ্যতে তৎ তত্রাসৎ, এতৎ সর্ব্বমহমেব (শ, ম) নপুনরত্যন্তমেবাসদ্ভগবান্ (শ)। সদ্ যদ্বর্ত্ততে, অসদ্ যদতীতমনাগতঞ্চ (রা)। সৎ কার্য্যং অসৎ কারণম্ (শ্রী)। স্থূলসূক্ষ্মং (বি)। সৎ সাধু অসৎ অসাধু (নী)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ত্রৈবিদ্যা মাং সোমপাঃ পূতপাপা,
যজ্ঞৈরিষ্ট্বা স্বর্গতিং প্রার্থয়ন্তে।
তে পুণ্যমাসাদ্য সুরেন্দ্রলোক-
মশ্নন্তি দিব্যান্ দিবি দেবভোগান্ ॥ ২০
তে তং ভুক্ত্বা স্বর্গলোকং বিশালং,
ক্ষীণে পুণ্যে মর্ত্ত্যলোকং বিশন্তি।
এবং ত্রয়ীধর্ম্মমনুপ্রপন্না,
গতাগতং কামকামা লভন্তে ॥ ২১

(২০)

অন্বয়। ত্রৈবিদ্যাঃ সোমপাঃ যজ্ঞৈঃ মাম্ ইষ্ট্বা পূতপাপাঃ [সন্তঃ] স্বর্গতিং প্রার্থয়ন্তে, তে পুণ্যং সুরেন্দ্রলোকম্ আসাদ্য দিবি দিব্যান্ দেবভোগান্ অশ্নন্তি।

অনুবাদ। ত্রিবেদপরায়ণ, সোমপায়িগণ যজ্ঞদ্বারা আমাকে পূজা করিয়া, পাপমুক্ত [হইয়া] স্বর্গলাভের প্রার্থনা করেন ; তাঁহারা পুণ্যময় ইন্দ্রলোক লাভ করিয়া স্বর্গে দিব্য দেবভোগ্যসকল উপভোগ করেন।

টীকা। ভগবদ্ভক্তানামপি নিষ্কামাণামেব মুক্তিরিতি দর্শয়িতুং সকামানাং পুংসাং সংসারমবতারয়তি (আ)।

ত্রৈবিদ্যাঃ—বেদত্রয়োক্তকর্ম্মপরাঃ (শ্রী)। ঋগ্‌যজুঃসামবিদঃ যাজ্ঞিকাঃ (শ)।
মাং—বসুরুদ্রাদিত্যরূপং মাম্ (ম)। **ইষ্ট্বা**—সংপূজ্য (শ্রী)।
আসাদ্য—সংপ্রাপ্য (শ)। **সুরেন্দ্রলোকং**—স্বর্গম্ (শ্রী)।
দিব্যান্—অনুত্তমান্ (শ্রী)। মনুষ্যৈরলভ্যান্ (ম)।

(২১)

অন্বয়। তে তং বিশালং স্বর্গলোকং ভুক্ত্বা পুণ্যে ক্ষীণে (সতি) মর্ত্ত্যলোকং বিশন্তি; এবং ত্রয়ীধর্ম্মম্ অনুপ্রপন্নাঃ কামকামাঃ গতাগতং লভন্তে।

অনুবাদ। তাঁহারা সেই বিশাল স্বর্গলোক ভোগ করিয়া পুণ্যক্ষয়ে মর্ত্ত্যলোকে প্রবেশ করেন। এইরূপে বৈদিকধর্ম্মনিষ্ঠ স্বর্গাদিকামনাপরায়ণ ব্যক্তিগণ সংসারে গমনাগমন (পুনঃপুনঃ মৃত্যু ও জন্মলাভ) করেন।

টীকা। **ত্রয়ীধর্ম্মমনুপ্রপন্নাঃ**—বেদত্রয়বিহিতং ধর্ম্মং (কাম্যং কর্ম্ম) অনুগতাঃ (শ্রী)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনন্যাশ্চিন্তয়ন্তো মাং যে জনাঃ পর্য্যুপাসতে।
তেষাং নিত্যাভিযুক্তানাং যোগক্ষেমং বহাম্যহম্ ॥ ২২

(২১)

কামকামাঃ—কামং কাময়ন্ত ইতি কামকামাঃ (শ)। কাম্যস্বর্গাদিকামাঃ (রা)। বিষয়কামুকাঃ (নী)।

গতাগতং—যাতায়াতং (শ্রী)। পুনঃপুনর্মৃত্যুজন্মনী (বি)।

(২২)

অন্বয়। যে জনাঃ অনন্যাঃ (সন্তঃ) মাং চিন্তয়ন্তঃ পর্য্যুপাসতে অহং নিত্যাভিযুক্তানাং তেষাম্ যোগক্ষেমং বহামি।

অনুবাদ। যে মদেকনিষ্ঠ (একাত্মা) ব্যক্তিগণ আমাকে ধ্যানপূর্ব্বক সম্যক্ (অর্থাৎ সর্ব্বতোভাবে) উপাসনা করে, নিত্য অভিযুক্ত তাহাদের যোগ ও ক্ষেম আমিই বহন করিয়া আনি।

টীকা। মদ্ভক্তাস্ত মৎপ্রসাদেন কৃতার্থা ভবন্তীত্যাহ অনন্যা ইতি (শ্রী)।

অনন্যাঃ—অপৃথগ্‌ভূতাঃ, পরং দেবং নারায়ণং আত্মত্বেন গতাঃ (শ)। মদেক-প্রয়োজনাঃ (ব)।

পর্য্যুপাসতে—পরিতঃ সর্ব্বতোঽনবচ্ছিন্নতয়া পশ্যন্তীতি (আ)।

নিত্যাভিযুক্তানাং—সর্ব্বথা মদেকনিষ্ঠানাম্ (শ্রী)।

যোগক্ষেমং—যোগোঽপ্রাপ্তস্য প্রাপণং, ক্ষেমস্তদ্রক্ষণং (শ)। মৎপ্রাপ্তিলক্ষণং যোগং অপুনরাবৃত্তিরূপং ক্ষেমঞ্চ (রা) (৮।১৪,১৫ ও ১৬ শ্লোক দ্রষ্টব্য)।

বহামি—প্রাপয়ামি (শ্রী)। অনন্যদর্শিনস্তু নাত্মার্থং যোগক্ষেমমীহন্তে 'কেবলমেব ভগবচ্ছরণাস্তে অতো ভগবানেব তেষাং যোগক্ষেমং বহতীতি (শ)। যদ্যপি সর্ব্বেষামেব যোগক্ষেমং বহতি ভগবান্, তথাপি অন্যেষাং প্রযত্নমুৎপাদ্য তদ্দ্বারা বহতি, জ্ঞানিনাস্তু তদর্থং প্রযত্নমনুৎপাদ্য বহতীতিবিশেষঃ (ম)। অত্র করোমীত্যনুক্ত্বা বহামীত্যুক্তিস্তু তৎপোষণভারো ময়ৈব বোঢ়ব্যো গৃহস্থস্যেব কুটুম্বপোষণভার ইতি ব্যনক্তি, এবমেবাভিধাস্যতি দ্বাদশে "যেতু সর্ব্বাণি কর্ম্মাণি" ইত্যাদিদ্বয়েন (ব)। ভক্তজনাসক্তস্য মম স্বভোগ্যকান্তাভারবহনমিব তদীয়-যোগক্ষেমবহনমতিসুখপ্রদমিতি, ন চ সঙ্কল্পমাত্রেণ বিশ্বসৃষ্ট্যাদিকর্ত্তুর্মমায়ং ভারো জ্ঞেয়ঃ (বি)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যেঽপ্যন্যদেবতাভক্তা যজন্তে শ্রদ্ধয়ান্বিতাঃ।
তেঽপি মামেব কৌন্তেয় ! যজন্ত্যবিধিপূর্ব্বকম্ ॥ ২৩
অহং হি সর্ব্বযজ্ঞানাং ভোক্তা চ প্রভুরেব চ।
নতু মামভিজানন্তি তত্ত্বেনাতশ্চ্যবন্তি তে ॥ ২৪

(২৩)

অন্বয়। কৌন্তেয় ! যে অপি অন্যদেবতাভক্তাঃ শ্রদ্ধয়া অন্বিতাঃ (সন্তঃ) যজন্তে, তে অপি মাম্ এব যজন্তি (কিন্তু) অবিধিপূর্ব্বকম্।

অনুবাদ। কৌন্তেয় ! যে অন্যদেবতাভক্তগণ শ্রদ্ধাযুক্ত (হইয়া) পূজা করে, তাহারাও অবিধিপূর্ব্বক আমাকেই ভজনা করে। (অর্থাৎ শ্রদ্ধাভক্তিযুক্ত সকল পূজাই আমার পূজা)।

টীকা। দেবতান্তরযাজিনাং ভগবদ্‌যাজিভ্যো বিশেষমাহ (আ)।

যজন্তি—পূজয়ন্তি (শ)। যজ্ঞৈরর্চ্চয়ন্তি (ব)।

মামেব যজন্তি—ইন্দ্রাদিশব্দানাঞ্চ মদ্বাচ্যত্বাদ্বস্তুতো মামেব যজন্তি (রা) তদ্ব্যতিরেকেণ বস্তুতো দেবতান্তরস্যাভাবাদিন্দ্রাদিসেবিনোঽপি তদ্ভক্তাঃ (শ্রী)।

অবিধিপূর্ব্বকম্—অজ্ঞানপূর্ব্বকম্ (শ)। মোক্ষজ্ঞাপকং বিধিং বিনা (শ্রী)। বিধিরভেদবুদ্ধিস্তদ্রাহিত্যাদবিধিপূর্ব্বকত্বং (নী)। ফলকামনাসহিতত্বাৎ। সর্ব্বাত্মত্বেন মামজ্ঞাত্বা মদ্ভিন্নত্বেন বস্বাদীন্ কল্পয়িত্বা যজন্তীত্যর্থঃ (ম)। (পূর্ব্বগত ৭।২৩ শ্লোক দ্রষ্টব্য)।

(২৪)

অন্বয়। সর্ব্বযজ্ঞানাম্ অহম্ এব হি ভোক্তা চ প্রভুঃ চ, তে তু মাং তত্ত্বেন ন অভিজানন্তি অতঃ চ্যবন্তি।

অনুবাদ। যেহেতু সর্ব্বযজ্ঞের আমিই ভোক্তা ও প্রভু। কিন্তু তাহারা (অন্যদেবতাভক্তগণ) তত্ত্বতঃ আমাকে জানে না এই হেতু পুনরাগমন করিয়া থাকে।

টীকা। কস্মাত্তেঽবিধিপূর্ব্বকং যজন্তে ? ইত্যুচ্যতে যস্মাৎ অহমিতি (শ্রী)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যান্তি দেবব্রতা দেবান্ পিতৄন্ যান্তি পিতৃব্রতাঃ।
ভূতানি যান্তি ভূতেজ্যা যান্তি মদ্‌যাজিনোঽপি মাম্ ॥ ২৫

(২৪ শ্লোকের টীকা)

সর্ব্বযজ্ঞানাং ভোক্তা চ প্রভুঃ চ—শ্রৌতানাং স্মার্ত্তানাং চ সর্ব্বেষাং যজ্ঞানাং দেবাত্মত্বেন ভোক্তা চ প্রভুরেব চ, মৎস্বামিকো হি যজ্ঞোঽধিযজ্ঞোঽহমেবাত্রেতি চোক্তম্ (শ)। (৫।২৯ শ্লোক দ্রষ্টব্য)।

ভোক্তা—তত্তদ্দেবতারূপেণ (শ্রী)।

প্রভুঃ চ—স্বামী ফলদাতাপ্যহম্ (শ্রী)।

তত্ত্বেন—ভোক্তৃত্বেন প্রভুত্বেন চ ভগবান্ বাসুদেব এব বস্বাদিরূপেণ যজ্ঞানাং ভোক্তা, স্বেন রূপেণ চ ফলদাতা, ন তু তদন্যোঽস্তি কশ্চিদারাধ্য ইত্যেবংরূপেণ (ম)। হি শব্দঃ প্রসিদ্ধার্থদ্যোতী (আ)।

অতঃ—মৎস্বরূপাপরিজ্ঞানাৎ (ম)। ভোক্তৃত্বাদিনা মমাজ্ঞানান্ময়ি অনর্পিতকর্ম্মাণঃ (আ)।

চ্যবন্তি—প্রচ্যবন্তে, কর্ম্মফলাদাবর্ত্তন্তে (আ)। পুনরাবর্ত্তন্তে (শ্রী)। সংসারগর্ত্তে পতন্তি (নী)।

(২৫)

অন্বয়। দেবব্রতাঃ দেবান্ যান্তি, পিতৃব্রতাঃ পিতৄন্ যান্তি, ভূতেজ্যাঃ ভূতানি যান্তি, মদ্‌যাজিনঃ মাং অপি যান্তি।

অনুবাদ। দেবোপাসকগণ দেবগণকে প্রাপ্ত হয়, পিতৃব্রতগণ পিতৃগণকে প্রাপ্ত হয়, ভূতপূজকগণ ভূতগণকে প্রাপ্ত হয়, আর আমার পূজকগণ আমাকে পায়।

টীকা। দেবতান্তরযাজিনামনাবৃত্তিফলাভাবেঽপি তত্তদ্দেবতাযাগানুরূপক্ষুদ্রফলাবাপ্তিঃ ধ্রুবেত্যভিদধন্ ভগবদ্‌যাজিনাং তেভ্যো বৈলক্ষণ্যমাহ যান্তীতি ॥ (ম)। (পূর্ব্বগত ৭ অ ২৩ শ্লোক দ্রষ্টব্য)।

দেবব্রতাঃ—দেবপূজকাঃ (ব)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পত্রং পুষ্পং ফলং তোয়ং যো মে ভক্ত্যা প্রযচ্ছতি।
তদহং ভক্ত্যুপহৃতমশ্নামি প্রযতাত্মনঃ ॥ ২৬
যৎ করোষি যদশ্নাসি যজ্জুহোষি দদাসি যৎ।
যত্তপস্যসি কৌন্তেয় ! তৎ কুরুষ্ব মদর্পণম্ ॥ ২৭

(২৫ শ্লোকের টীকা)

পিতৃব্রতাঃ—শ্রাদ্ধাদিক্রিয়াপরাঃ পিতৃভক্তাঃ (শ)।

ভূতেজ্যাঃ—ভূতানাং পূজকাঃ (শ)।

ভূতানি বিনায়কমাতৃগণচতুর্ভগিন্যাদীনি (শ)। যক্ষপিশাচাদীনি (রা)।

(২৬)

অন্বয়। যঃ মে ভক্ত্যা পত্রং পুষ্পং ফলং তোয়ং প্রযচ্ছতি, প্রযতাত্মনঃ (তস্য) ভক্ত্যুপহৃতং তৎ অহং অশ্নামি।

অনুবাদ। যে ব্যক্তি আমাকে ভক্তিসহকারে পত্র, পুষ্প, ফল ও জল প্রদান করে, শুদ্ধান্তঃকরণ (সেই) ব্যক্তির সেই ভক্ত্যুপহার আমি গ্রহণ করিয়া থাকি। (অর্থাৎ ভক্তির কোন নিবেদনই ব্যর্থ নয়)।

টীকা। তদেবং স্বভক্তানামক্ষয়ফলমুক্ত্বা অনায়াসত্বঞ্চ স্বভক্তের্দর্শয়তি পত্রমিতি (শ্রী)।

প্রযতাত্মনঃ—শুদ্ধচিত্তস্য নিষ্কামভক্তস্য (শ্রী)।

অশ্নামি—গৃহ্ণামি (শ)।

ভক্ত্যেত্যুক্ত্বাপি পুনর্ভক্ত্যুপহৃতমিত্যুক্তির্ভক্তিরেব মত্তোষিকা ন তু দ্বিজত্বতপস্বিত্বাদিরিতি সূচয়তি (ব)।

(২৭)

অন্বয়। কৌন্তেয়! যৎ করোষি, যৎ অশ্নাসি, যৎ জুহোষি, যৎ দদাসি, যৎ তপস্যসি, তৎ মদর্পণং কুরুষ্ব।

অনুবাদ। কৌন্তেয় যাহা কর, যে কিছু আহার কর, যে হোম কর, যে দান কর, যে তপস্যা কর, তৎসমস্ত আমাকে অর্পণ কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শুভাশুভফলৈরেবং মোক্ষ্যসে কর্ম্মবন্ধনৈঃ।
সংন্যাসযোগযুক্তাত্মা বিমুক্তো মামুপৈষ্যসি ॥ ২৮

(২৭ শ্লোকের টীকা)

টীকা। 'কীদৃশং তে ভজনং তদাহ যৎ করোষীতি।' 'অবশ্যংভাবিনাং কর্ম্মণাং ময়ি পরমগুরৌ সমর্পণমেব মদ্ভজনং ন তু তদর্থং পৃথগ্ব্যাপারঃ কশ্চিৎ কর্ত্তব্য ইত্যভিপ্রায়ঃ' (ম)। অতঃ সর্ব্বং মদর্পণং কুর্ব্বিত্যাহ যদিতি (নী)।

জুহোষি—বৈদিকমগ্নিহোত্রাদিহোমমনুতিষ্ঠসি (ব)। উপলক্ষণমেতৎ সর্ব্বেষাং নিত্যনৈমিত্তিককর্ম্মণাম্ (ক)।

(২৮)

অন্বয়। এবং শুভাশুভফলৈঃ কর্ম্মবন্ধনৈঃ মোক্ষ্যসে সন্ন্যাসযোগযুক্তাত্মা বিমুক্তঃ (চ সন্) মাম্ উপৈষ্যসি।

অনুবাদ। এই প্রকারে যাবতীয় শুভাশুভফলপ্রসূ কর্ম্মবন্ধন হইতে মুক্ত হইবে (এবং) সন্ন্যাসযোগযুক্তাত্মা ও বিমুক্ত (হইয়া) আমাকে পাইবে।

টীকা। এতাদৃশস্য ভজনস্য ফলমাহ (ম)। এবং মদর্পণানুষ্ঠানে সতি পাপপুণ্য-ফলৈঃ মোক্ষ্যসে (হ)।

শুভাশুভফলৈঃ—কর্ম্মনিমিত্তৈরিষ্টানিষ্টফলৈঃ (শ্রী)। পুণ্যপাপফলৈঃ (হ)।

কর্ম্মবন্ধনৈঃ—বন্ধনরূপৈঃ কর্ম্মভিঃ (ম)। কর্ম্মরূপৈঃ বন্ধনৈঃ (নী)।

সন্ন্যাসযোগযুক্তাত্মা—সন্ন্যাসঃ ময়ি সর্ব্বকর্ম্মকর্তৃত্বাদিসমর্পণং স এব যোগঃ [যোগ ইব চিত্তশোধকত্বাৎ (ম)] তেন যুক্তঃ [শোধিতঃ (ম)] আত্মা চিত্তং যস্য তথাভূতঃ সন্ (ক)।

বিমুক্তঃ—কর্ম্মবন্ধনৈর্জীবন্নেব (শ)। সম্যগ্দর্শনেনাজ্ঞানাবরণনিবৃত্ত্যা (বিমুক্তঃ) (ম)। মুক্তেষু বিশিষ্টঃ সন্ (ব)।

মাম্—বিদেহকৈবল্যরূপং মাম্ (ম)। পুরুষোত্তমম্ (বভ)

উপৈষ্যসি—পতিতে চাস্মিন্ শরীরে মামুপৈষ্যস্যাগমিষ্যসি (শ)। প্রাপ্স্যসি (হ)। সাক্ষাৎ সেবিতুং মদন্তিকং প্রাপ্স্যসি (ব)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সমোঽহং সর্ব্বভূতেষু ন মে দ্বেষ্যোঽস্তি ন প্রিয়ঃ।
যে ভজন্তি তু মাং ভক্ত্যা ময়ি তে তেষু চাপ্যহম্ ॥ ২৯

(২৮ শ্লোকের টীকা)

মন্তব্য

(পূর্ব্বগত ৩।৩০,৩১ শ্লোক, ৫।১০ শ্লোক এবং ৬।১,২,৪ শ্লোক দ্রষ্টব্য। তথায় গীতা সন্ন্যাস বলিতে, সন্ন্যাসী বলিতে, সন্ন্যাসযোগ বলিতে কি বুঝিতে হইবে তাহা বলিয়াছেন। শ্রীভগবান্ দ্বিতীয় অধ্যায়ে যোগের একটি এই সংজ্ঞা জানাইয়াছিলেন যে 'যোগঃ কর্ম্মসু কৌশলং' অর্থাৎ যোগ হইতেছে এমনভাবে কর্ম্ম করা যাহাতে বন্ধনহেতু কর্ম্ম অবন্ধক বা নির্ব্বীজ হয়, কর্ম্ম করিয়াও কর্ম্মফল-মুক্ত থাকা যায়। এখানে রাজগুহ্যরূপে তাঁহাকে সর্ব্বকর্ম্মসমর্পণের উপদেশ দিয়া সেই কৌশল জানাইয়া দিলেন। আর উপনিষৎ যে বলিয়াছেন 'বিমুক্তশ্চ বিমুচ্যতে' এখানে 'বিমুক্তো মামুপৈষ্যসি' বলায় তাহাই প্রতিধ্বনিত হইয়াছে।

(২৯)

অন্বয়। অহং সর্ব্বভূতেষু সমঃ, মে দ্বেষ্যঃ ন অস্তি প্রিয়ঃ ন, যে তু মাং ভক্ত্যা ভজন্তি, তে ময়ি বর্ত্তন্তে, অহং চ অপি তেষু বর্ত্তে।

অনুবাদ। আমি সর্ব্বভূতে সমান, আমার দ্বেষ্য নাই প্রিয়ও (নাই)। যাঁহারা কিন্তু আমাকে ভক্তি সহকারে উপাসনা করেন, তাঁহারা আমাতে থাকেন, আমিও তাঁহাদের মধ্যে থাকি।

টীকা। রাগদ্বেষবান্ তর্হি ভগবান্, যতো ভক্তাননুগৃহ্ণাতি নেতরানিতি; তন্ন সমোঽহমিতি। সমঃ তুল্যোঽহং সর্ব্বভূতেষু, ন মে দ্বেষ্যোঽস্তি ন প্রিয়ঃ, অগ্নিবদহং দূরস্থানাং, যথাগ্নিঃ শীতং নাপনয়তি সমীপমুপসর্পতামপনয়তি, তথাহং ভক্তাননুগৃহ্ণামি নেতরান্। যে ভজন্তি তু মামীশ্বরং ভক্ত্যা, ময়ি তে স্বভাবত এব, ন মম রাগনিমিত্তং ময়ি বর্ত্তন্তে, তেষু চাপ্যহং স্বভাবত এব বর্ত্তে নেতরেষু, নৈতাবতা তেষু দ্বেষো মম (শ)। যথা কল্পবৃক্ষঃ স্বাশ্রিতস্যৈব মনোরথং পূরয়তি ....ন তেন তস্য কিঞ্চিদ্বৈষম্যং তথা মমাপি (ক)।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অপি চেৎ সুদুরাচারো ভজতে মামনন্যভাক্ ।
সাধুরেব স মন্তব্যঃ সম্যগ্ব্যবসিতো হি সঃ ॥ ৩০

(২৯ শ্লোকের টীকা)

সমোঽহং—ভজনীয়তয়াঽন্তর্য্যামিতয়া চ (ক)। সমস্তলোঽহং সদ্রূপেণ স্ফুরণরূপেণানন্দরূপেণ চ (ম)।

যে—মদর্পিতৈর্নিষ্কামৈঃ কর্ম্মভিঃ শোধিতান্তঃকরণাঃ (ম)।

তু—ভক্তানামভক্তেভ্যো বিশেষং বোধয়িতুমিহ তু।

ভক্ত্যা—সর্ব্বকর্ম্মসমর্পণরূপয়া ভক্ত্যা (ম)।

ময়ি—ময়ি বর্ত্তন্তে। **তেষু**—অহং বর্ত্তে।

তাৎপর্য্য ।

চ—চকারোঽবধারণার্থঃ এব (ম)। নিরস্তসমস্তরজস্তমোমলস্য সত্ত্বোদ্রেকেণাতিস্বচ্ছস্যান্তঃকরণস্য সদা মদাকারাং বৃত্তিমুপনিবন্মানেনোৎপাদয়ন্তো ময়ি বর্ত্তন্তে, অহমপ্যতিস্বচ্ছায়াং তদীয়চিত্তবৃত্তৌ প্রতিবিম্বিতস্তেষু বর্ত্তে (ম)। "যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম্" ইতি ন্যায়েন ময়ি তে আসক্তা ভক্তা বর্ত্তন্তে যথা তথাহমপি তেষ্বাসক্ত ইতি ব্যাখ্যেয়ম্। * * * ভগবতো ভক্তবাৎসল্যমেব প্রসিদ্ধং নতু জ্ঞানিবাৎসল্যং যোগিবাৎসল্যং বা। (বি)। চক্রবর্ত্তী মহাশয়ের এই ব্যাখ্যা কি সমীচীন? এইরূপ ব্যাখ্যায় প্রথম চরণের উক্তি এবং দ্বিতীয় চরণের উক্তি কি পরস্পর বিরোধী হয় না? শ্রীভগবান্ কি ইতিপূর্ব্বে বলেন নাই "জ্ঞানী ত্বাত্মৈব মে মতম্"?

(৩০)

অন্বয়। সুদুরাচারঃ অপি চেৎ অনন্যভাক্ মাং ভজতে, সঃ সাধুঃ এব মন্তব্যঃ হি সঃ সম্যক্ ব্যবসিতঃ।

অনুবাদ। অত্যন্ত দুরাচার ব্যক্তিও যদি অনন্যভক্তির সহিত আমার উপাসনা করে, সে ব্যক্তিকে সাধু বলিয়াই মনে করা উচিত। যেহেতু সে ব্যক্তি সুদৃঢ়নিশ্চয় (শোভন অধ্যবসায়) সম্পন্ন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ক্ষিপ্রং ভবতি ধর্ম্মাত্মা শশ্বচ্ছান্তিং নিগচ্ছতি।
কৌন্তেয়! প্রতিজানীহি ন মে ভক্তঃ প্রণশ্যতি ॥ ৩১

(৩০ শ্লোকের টীকা)

টীকা। শৃণু মদ্ভক্তের্মাহাত্ম্যং অপি চেদিতি (শ)। পাপীয়সামপি তত্রাধিকারোঽস্তি (আ)।

অনন্যভাক্—নান্যভক্তিঃ (শ)। দেবতান্তরভক্তিমকুর্ব্বন্ (শ্রী)।

সম্যগ্ব্যবসিতঃ—সাধুনিশ্চয়বান্ (ম)। শোভনমধ্যবসায়ং কৃতবান্ (শ্রী)।

(৩১)

অন্বয়। (মাং ভজন্) ক্ষিপ্রং ধর্ম্মাত্মা ভবতি, (ততঃ চ) শশ্বৎ শান্তিং নিগচ্ছতি কৌন্তেয়! প্রতিজানীহি মে ভক্তঃ ন প্রণশ্যতি।

অনুবাদ। (আমার ভক্ত আরাধনা করিয়া) অবিলম্বে ধর্ম্মাত্মা হয়, চিরশান্তি লাভ করে। কৌন্তেয়! তুমি প্রতিজ্ঞা করিয়া (সর্ব্বসমক্ষে) বলিতে পার আমার ভক্ত নাশ পায় না।

টীকা। উৎসৃজ্য চ বাহ্যাং দুরাচারতামন্তঃ সম্যগ্ব্যবসায়সামর্থ্যাৎ ক্ষিপ্রমিতি (শ)।

ক্ষিপ্রং ভবতি ধর্ম্মাত্মা—অস্মাদেব সম্যগ্ব্যবসায়াৎ স হিত্বা দুরাচারতাং চিরকালমধর্ম্মাত্মাপি মদ্ভজনমহিম্না ক্ষিপ্রং শীঘ্রমেব ভবতি ধর্ম্মানুগতচিত্তঃ। (ম)।

শশ্বচ্ছান্তিং—নিত্যশান্তিং (হ)। নিগচ্ছতি—প্রাপ্নোতি (শ)।

